সহজ ভাষায়

# ENGLISH GRAMMAR

ইংলিশ গ্রামার শেখার ফুল কোর্স

SAIFUL ISLAM

**সাইফুল ইসলাম**
Founder & Chief Instructor
English Therapy Language Institute.


পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় লেখকের জন্ম। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি তিনি Skill & Leadership Development এর উপরে SBTTC, TalentHut, Sabit International, British Council, CADD Centre, Trust TTC, Bangladesh Scouts সহ অনেক জাতীয় ও আর্ন্তজাতিক প্রতিষ্ঠান থেকে অর্ধশতাধিক কোর্স সম্পন্ন করেছেন।

কর্মজীবনে তিনি Bashundhara Training & Testing Center, IMB Professional Institute, Ignight Public School & College এ ইন্সট্রাক্টর হিসেবে সফলতার সাথে দীর্ঘদিন ইংরেজি ভাষার প্রশিক্ষণ দিয়েছেন।

এছাড়াও তিনি জাতীয় ও আর্ন্তজাতিক বহু স্বেচ্ছাসেবী সংগঠন যেমনঃ- Rotaract International, Rover Scout, Red Crescent Society, Habitat for Humanity, The Hunger Project, DYDF, Youth Parliament, Leo Club, National Children Organization, Mojar School, BD Clean সহ অন্যান্য সংগঠনেও দীর্ঘদিন কাজ করেছেন। তিনি 'শিশুবন্ধু ফাউন্ডেশন'-এর প্রতিষ্ঠাতা ও 'শিশু সংবাদ'-এর নির্বাহী সম্পাদক।

## Awards & Achievements:

Best Newbie Rising Teacher Award, Best in Rotary-Rotaract Relationship Award, DRR Appreciation Award, TalentHut Best Student Award, 'শিশুবন্ধু এ্যাওয়ার্ড' ও একাধিকবার মজার স্কুল ইভেন্ট সেরা স্বেচ্ছাসেবী Award পেয়েছেন।তার স্বপ্ন ইংরেজি ভাষাকে সহজ ও সাবলীলভাবে মানুষের কাছে উপস্থাপন করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

| Date of Publication | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 0 | 0 | 0 | 0 | 2 | 0 | 2 | 2 |
| Copyright Registration No. | | | | | | | |
| CRL-26508 | | | | | | | |

| Date of Registration | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 7 | 0 | 5 | 2 | 0 | 2 | 2 |
| Validity of Registration | | | | | | | |
| Life + 60 Years | | | | | | | |

## বাংলাদেশ কপিরাইট অফিস

## Bangladesh Copyright Office

## কপিরাইট রেজিস্ট্রেশন সনদ

## Certificate of Copyright Registration

**সৃজনশীল মেধাকর্মের শিরোনাম**

**Title of Creative Intellectual Work**

সহজ ভাষায় *English Grammar*

**সৃজনশীল কর্মের প্রণেতা (প্রণেতার ধরণ ও অনুপাত)**

**Author of the Creative Work (Type of Author & Proportion)**

*Md. Saiful Islam (Creation)*

**সৃজনশীল কর্মের স্বত্বাধিকারী (স্বত্বের অনুপাত)**

**Owner of the Creative Work ( Proportion)**

*Md. Saiful Islam*

| স্বত্ব প্রাপ্তির মাধ্যম<br>Mode of Ownership Gain | সৃজনশীল কর্মের ক্ষেত্র<br>Field of the Creative Work |
|---|---|
| *Creation* | *Literary (Educational Guide)* |

The Registrar of Copyrights, Bangladesh Copyright Office is honored to issue this Intellectual Property Right Certificate under the Bangladesh Copyright Act.

২৭/৫/২২

Registrar of Copyrights

www.copyrightoffice.gov.bd

সহজ ভাষায়

# `English Grammar`

সাইফুল ইসলাম

ENGLISH THERAPY

House-30, Road-06, Block-H, Mirpur-02, Dhaka-1216
Email: englishtherapy18@gmail.com, FB/englishtherapy18
Contact Number: +88 01750853198, +8801610853198

(আমাদের প্রকাশিত বই পেতে এসএমএস অথবা কল করুন)

# সহজ ভাষায়
# "English Grammar"
সাইফুল ইসলাম

**গ্রন্থস্বত্ব:** লেখক

**লেখক ও প্রকাশক:** সাইফুল ইসলাম
**ইংলিশ থেরাপি**
হাউজ-৩০, রোড-০৬, ব্লক-এইচ
মিরপুর-০২, ঢাকা-১২১৬।
**মোবাইল: ০১৬১০-৮৫৩১৯৮**
(আমাদের প্রকাশিত বই পেতে এসএমএস অথবা কল করুন)

**প্রথম প্রকাশ:** ফেব্রুয়ারি, ২০২২

**প্রচ্ছদ:** রাকিব খান

**কম্পোজ:** মোঃ আতিকুর রহমান ও চম্পা আক্তার

**মুদ্রণ:** আনিকা প্রিন্টিং প্রেস, ঢাকা [01714-338947 For Design & Print]

**নির্ধারিত মূল্য:** ৪৯৯.০০ টাকা মাত্র (ফিক্সড প্রাইস)



---

**Shohoj Bhashay**
**"English Grammar"**
--By Saiful Islam

**First Published:** February, 2022 by Saiful Islam, English Therapy, House-30, Road-06, Block-H, Mirpur-02 Dhaka-1216

**Fixed Price:** 499.00 Taka only
**ISBN: 978-984-35-2009-8**

## Expert Editors` Panel

| | |
|---|---|
| **Chand Sultana**<br>BA (Hons)<br>MA (English Literature)<br>University of Dhaka<br>Senior Assistant Teacher (English)<br>Viqarunnisa Noon School & College | **Shofiqul Islam Shohel**<br>**BCS** (General Education)<br>BA (Hons) in English<br>MA in Applied Linguistics & ELT<br>Jahangirnagar University,<br>Lecturer, Department of English,<br>Sheikh Hasina Govt. Girls College, Gopalgonj |
| **Md. Shakhawat Hossain**<br>BA (Hons), MA (English)<br>MBA (Marketing)<br>(IELTS & ESL Master Trainer)<br>Founder & Chairman,<br>Talent Hut Language Institute. | **Md. Mizanur Rahman**<br>BA (Hons), MA (English)<br>Assistant Professor (English),<br>Gulshan Commerce College &<br>Examiner, Dhaka Board. |
| **AKM Jahidul Haque**<br>MA (English), Jagannath University<br>Senior Teacher, English<br>National Bangla High School<br>Ex. Examiner, Dhaka Board | **Md. Ashraful Islam**<br>BA (Hons), MA (English)<br>Stamford University.<br>Assistant Teacher (English)<br>Gojmohol Tannery High School, Dhaka. |
| **Mohammad Mir Jalal Sumon**<br>BA(Hons) MA in English, Literature<br>MA in Applied Linguistic & ELT<br>Jagannath University<br>YouTuber@Unlock English with Sumon | **Nazrul Islam (NI)**<br>BA (Hons) MA in English<br>Ex. Lecturer in English<br>Future Commerce College<br>Ex. Chief Instructor of S@ifur's |
| **Abdur Rouf**<br>CSE, BUET<br>Software Engineer, REVE Chat | **Chumpa Akter**<br>BBA, MBA (Management), DU<br>Certified Archery Coach at (BKSP) |
| **Anik Howlader**<br>BBA (Marketing)<br>Govt. Bangla College | **Imam Hossain**<br>BA (Hons) in English<br>Founder of IMPEL Academy |

**Co-operation with:**

Israt Jahan, Shamin Akter, Khadiza Akter, Saikat Jaman, Umma Kulsum, Asik Sikder, Sadia Chowdhury Diya, Afraan Abir, Al Jayed Nirob, K.M.Sahriyar Habib, Musjfiqur Rahman Tandid, Safaet Shahriar, Jobayer Hossain

## উৎসর্গ:-

**প্রিয় বাবা মু. মকবুল হোসাইন ও মা মোসা: আছিয়া নাছরিন**

এবং

যাদের কাছ থেকে ইংরেজি গ্রামারের হাতেখড়ি হয়েছে-

জাকিয়া ম্যাম, লুৎফর রহমান স্যার, আবদুল মান্নান স্যার, মনোজ কান্তি স্যার ও শাখাওয়াত স্যারকে।


## কৃতজ্ঞতা যাদের প্রতি:-

মেজর (অবঃ) সাইয়্যেদ শাখাওয়াত হোসাইন, চেয়ারম্যান, ইংলিশ থেরাপি।

এইচ এম আজিমুল হক, ডিসি (ডিবি), রমনা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

ড. মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

মোহাম্মদ কামরুল ইসলাম শামীম, জয়েন্ট ডিরেক্টর, বাংলাদেশ ব্যাংক।

ডা. মো. আসাদুজ্জামান সরোয়ার, গবেষণা সহকারী (ডেন্টাল অনুষদ), বিএসএমএমইউ।

হাসান মো: কামরুজ্জামান খান, প্রাক্তণ অধ্যক্ষ, পপই ও উপদেষ্টা ইংলিশ থেরাপি।

মো: ইয়ারুল হক খান (চিফ ইন্সট্রাক্টর, সিভিল), পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট।

এমদাদুল হক খান, শিক্ষক, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট।

নূর মোহাম্মদ
পুলিশ কর্মকর্তা, বাংলাদেশ পুলিশ।

ফাইজুর রহমান রাজু
কর্মকর্তা, পরিকল্পণা মন্ত্রণালয়।

সাবিত রায়হান
ফাউন্ডার, সাবিত ইন্টারন্যাশনাল।

মোঃ হাসান ইমাম খান
ডিরেক্টর, আইএমবি, প্রফেশনাল ইনস্টিটিউট

মুহিবুল্লাহ মুহিব, সিনিয়র রিপোর্টার, বাংলাভিশন।
ফাউন্ডার, পায়রা মডেল স্কুল ও উষা শিক্ষা নিকেতন।

মোঃ রিপন সিকদার, উপদেষ্টা, ইংলিশ থেরাপি।

আরিয়ান আরিফ, উদ্যোক্তা, মজার ইশকুল।

ইমরান আলী, উপদেষ্টা, ইংলিশ থেরাপি।

এছাড়াও যাদের পরামর্শ, অনুপ্রেরণা ও সরাসরি সহযোগিতা আমাকে দুর্দ্ধান্ত গতিতে এগিয়ে যেতে উৎসাহিত করছে, তাদের প্রতি অসমাপ্ত কৃতজ্ঞতা ও ভালোবাসা।

# ভূমিকা

আলহামদুলিল্লাহ! সেজদাবনত চিত্তে শুকরিয়া আদায় করছি মহান সৃষ্টিকর্তার, যার অশেষ কৃপায় আমার লেখা প্রথম বই " ইংলিশে দুর্বলদের জন্য English Therapy" বইটি হাজার হাজার পাঠকের আস্থা অর্জন করেছে এবং তাদের ইংলিশের মজবুত ভিত্তি তৈরিতে কার্যকরী ভুমিকা পালন করেছে (আলহামদুলিল্লাহ)। আমি নিজেও ইংলিশে দুর্বল ছিলাম। নিজের দুর্বলতা কাটিয়ে উঠতে গিয়ে অনেকগুলো কোর্স করেছি, অনেক লেখকদের বই পড়েছি এবং শত শত ভিডিও লেসন দেখেছি। এসব থেকে যতটুকু আয়ত্ব করতে পেরেছি তাই পাঁচ বছর ধরে আমার শিক্ষার্থীদের শেখানোর চেষ্টা করেছি, এখনও করছি। শিখতে গিয়ে ও শেখাতে গিয়ে যতটুকু আয়ত্ব করার সৌভাগ্য হয়েছে ঠিক ততটুকুই আমার দুটি বইয়ে উপস্থাপন করার চেষ্টা করেছি।

**'শুধু বই পড়ে ইংলিশে দক্ষ হওয়া যায় না'** কোনো একটি ভাষা এবং ঐ ভাষার ব্যাকরণ আয়ত্ব করার জন্য প্রয়োজন নিয়মিত ও পরিকল্পিত চর্চা। সহজ ভাষায় লেখা এই বই এবং লেসনভিত্তিক ইউটিউবে ভিডিও ক্লাস ও প্রবলেম সলভিং লাইভ ক্লাসই হলো সেই পরিকল্পিত চর্চার সঠিক গাইডলাইন। আমি নিশ্চিতভাবে বলতে পারি, ইংলিশ গ্রামারে অভিজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে রচিত এই বই ও বইভিত্তিক ইউটিউবে ভিডিও লেসন যে কোনো পর্যায়ের একজন শিক্ষার্থীর ইংলিশ গ্রামারের ভয় দূর করবে এবং বাস্তব জীবনে গ্রামারের প্রয়োগ শিখতে কার্যকরী ভূমিকা পালন করবে ইন্‌শাআল্লাহ। আমার দীর্ঘদিন পড়ানোর অভিজ্ঞতা ও গ্রামার এক্সপার্টদের পরামর্শের আলোকে বইটিকে এমনভাবে স্টেপ বাই স্টেপ সাজানো হয়েছে যাতে একজন দুর্বল শিক্ষার্থীও বইটি পড়ে উপকৃত হতে পারে। বইটিতে রয়েছে প্রতিটি কঠিন বিষয়ের সহজ সংজ্ঞা, উদাহরণসহ সাবলীল ব্যাখ্যা, প্রকারভেদ এবং এক্সারসাইজ, যা সত্যিই সহজে আয়ত্ব করার মত। আমাদের অনেকের মধ্যেই গ্রামারের ভীতি রয়েছে, সে বিষয়টিকে মাথায় রেখেই বইটি লেখা হয়েছে এবং পর্যাপ্ত বাংলা অর্থসহ উদাহরণ সংযুক্ত করা হয়েছে। যিনি কেবল ইংলিশ দেখে পড়তে পারেন তিনিও এই বইটি পড়ে এবং ভিডিওগুলো দেখে উপকৃত হবেন বলেই আমার বিশ্বাস।

বিশেষ করে যারা স্কুল-কলেজে পড়াশুনা করছেন বা ভার্সিটি ভর্তি পরীক্ষা দিতে চাচ্ছেন, বিসিএস বা জব ইন্টারভিউর জন্য প্রস্তুতি নিচ্ছেন তারা যদি গ্রামার মুখস্ত করার পরিবর্তে এর মৌলিক বিষয়গুলো ভালোভাবে বুঝে-শুনে আয়ত্ব করতে চান তাহলে প্রত্যেকের কাছে এই বইটি থাকা উচিত। বাস্তব জীবনে ও বিভিন্ন পরিক্ষায় প্রয়োজন এমন সবগুলো টপিকসহ সহজভাবে উপস্থাপন করার চেষ্টা করেছি এই বইয়ে। আমি ইংলিশ বিভাগের শিক্ষার্থী নই, নিজে নিজে বই পড়ে, ভিডিও দেখে ও স্যারদের কাছ থেকে যতটুকু শিখেছি তাই এই বইয়ে উপস্থাপন করেছি।

বইয়ের মধ্যে ভুল-ত্রুটি কিংবা টাইপিং মিসটেক আপনাদের নজরে আসলে আমাদেরকে ই-মেইল বা ম্যাসেজ করে জানালে আমরা পরবর্তী সংস্করণে অবশ্যই সংশোধনী আনবো, ইন্‌শাআল্লাহ। বইটি পড়ে শিক্ষার্থীরা যদি সামান্যতমও উপকৃত হন তবেই আমার ও আমাদের টিমের দিন-রাত প্রচেষ্টা স্বার্থক হবে।

আপনাদের জীবন সুখময়, নিরাপদ ও সফল হোক।

**সাইফুল ইসলাম**
+8801750853198; fb/engr.saiful198
engrsaiful198@gmail.com

# Index

| Contents | Page No. |
|---|---|

# Chapter # 1: Grammar

প্রতিটি ভাষার নিজস্ব কিছু নিয়ম, শব্দ, উচ্চারণরীতি, বাক্য গঠন প্রক্রিয়া রয়েছে। একসাথে এগুলোর সমষ্টিই হচ্ছে Grammar। এগুলো একটি ভাষাকে শুদ্ধভাবে বুঝতে, পড়তে, বলতে ও লিখতে শেখায়।

এভাবেই ইংরেজি ভাষা শুদ্ধভাবে বুঝতে, পড়তে, বলতে ও লিখতে এই ভাষার যে সব নিয়মরীতি অনুসরণ করতে হয় তাই হচ্ছে English Grammar.

কেন, ভাষা বলতে জানা এবং নিয়মনীতি মেনে ভাষা জানা একই বিষয় নয়। ভাষাজ্ঞান একজন মানুষ জন্মসূত্রে লাভ করে থাকে। যেমন, আমরা বাংলা ভাষা জন্মসূত্রেই শিখতে পারি কারণ এটি আমাদের মাতৃভাষা। কিন্তু বাংলা ভাষা শিখতে, পড়তে বা জানতে হলে এর নিয়মকানুন যেমন প্রয়োজনীয়, তেমনি $2^{nd}$ language হিসেবে (যেমনঃ আমাদের কাছে ইংরেজি দ্বিতীয় ভাষা) শিখতে হলে আমাদের অবশ্যই এর Grammar জানতে হবে।

ইংরেজী ব্যাকরণের পাঁচটি মৌলিক উপাদান হলো-

1. Phonology
2. Morphology
3. Syntax
4. Semantics
5. Pragmatics

## The importance of learning English Grammar:

(1) ইংরেজি ভাষার স্বতন্ত্র বৈশিষ্ট্য জানার জন্য।

(2) সঠিক বানান, গঠন, ও উচ্চারণ শেখার জন্য।

(3) ইংরেজি শব্দের গঠন, শব্দের অর্থ এবং ব্যবহার শেখার জন্য।

(4) বাক্যের গঠন ও মূলভাব বোঝার জন্য।

# Chapter # 2: Letter & Alphabet

ইংরেজি ভাষাকে লিখে প্রকাশ করার জন্য কতকগুলি চিহ্ন বা সংকেত এর প্রয়োজন হয়। সাংকেতিক এই চিহ্নগুলিকে এক একটি Letter বা বর্ণ বা অক্ষর বলে।

ইংরেজি ভাষায় মোট ২৬ টি Letter বা বর্ণ আছে। এদের সমষ্টিকে Alphabet বা বর্ণমালা বলে।

প্রতিটি বর্ণ বা অক্ষরকে আলাদাভাবে 'Letter' বলা হয়। আর সবগুলো Letter কে একত্রে 'Alphabet' বলা হয়।

এই Letter বা বর্ণসমূহকে Case বা কাঠামো অনুসারে দুই ভাগে ভাগ করা যায়। যথা:

1. Capital Letter বা Upper Case (বড় হাতের অক্ষর)
2. Small Letter বা Lower Case (ছোট হাতের অক্ষর)

## Capital Letter

A, B, C, D, E, F, G, H, I, J, K, L, M, N, O, P, Q, R, S, T, U, V,

W, X, Y, Z.

## Small Letter

a, b, c, d, e, f, g, h, i, j, k, l, m, n, o, p, q, r, s, t, u, v, w, x, y, z.

➡ Letter গুলো' আবার তিনটি অংশে বিভক্ত। যথা:

1. Vowel (স্বরবর্ণ)
2. Semi-Vowel (অর্ধ-স্বরবর্ণ)
3. Consonant (ব্যঞ্জনবর্ণ)

## 1. Vowel:

ইংরেজী বর্ণমালার ২৬ টি বর্ণের মধ্যে a, e, i, o, u এই পাঁচটিকে Vowel বলে। Vowel হচ্ছে এমন কিছু ধ্বনি যা অন্যের সাহায্য ছাড়াই নিজে নিজে বা অন্য Vowel এর সাহায্য নিয়ে উচ্চারিত হয়। Vowel কোন Consonant এর সাহায্য ছাড়াই উচ্চারিত হয়। Vowel বা Semi-Vowel ছাড়া কোনো Word গঠিত হয় না।

## 2. Semi-Vowel:

যে Letter এর উচ্চারণ প্রায়ই Vowel এর কাছাকাছি তাকে Semi-Vowel বলে। এই বর্ণ ২ টি হলো- w, y. কোন ইংরেজি শব্দের মাঝে বা শেষে বসে এটি Vowel এর কাজ করে। আবার যখন শব্দের শুরুতে বা সামনে বসে তখন এটি Consonant এর কাজ করে।

## 3. Consonant:

ইংরেজী বর্ণমালার ২৬ টি বর্ণের মধ্যে ৫ টি Vowel ব্যতীত বাকী ২১ (একুশ) টি বর্ণকে Consonant বা ব্যঞ্জনবর্ণ বলে। w,y কে Semi-Vowel বলা হয় তাদের উচ্চারণের জন্য, তবে এরা মূলত Consonant এর অন্তর্ভুক্ত।

[বি:দ্র: বাংলায় যেমন স্বরবর্ণ ছাড়া কোন ব্যঞ্জনবর্ণ সাধারণত উচ্চারিত হয়না, ইংরেজিতেও তেমনি Vowel ছাড়া কোন Consonant উচ্চারিত হয় না।]

# Chapter # 3: Word

এক বা একাধিক **Letter** বা বর্ণ বা অক্ষর একত্রিত হয়ে যখন সম্পূর্ণ অর্থ প্রকাশ করে, তখন তাকে **Word** বা শব্দ বলে। যেমনঃ Apple, Mango, Pen, Book ইত্যাদি। যদি অর্থ প্রকাশ করে তাহলে একটি Letter বা বর্ণ ও একটি Word হতে পারে।

এই হিসেবে 'A' ও 'I' হলো এক একটি word কিন্তু B, C কোন word নয়। কেননা, B, C দ্বারা কোন অর্থ প্রকাশ পায় না। তবে A দ্বারা অর্থ প্রকাশ পায়। কারণ আমরা জানি A অর্থ একটি এবং I অর্থ আমি।

"[A word is the smallest unit of grammar that can stand alone as a complete utterance, separated by spaces in written language]" —— David Crystal

**মনে রাখতে হবে,**

একাধিক Letter পাশাপাশি বসে যদি কোন অর্থ প্রকাশ না করে তাহলে তা word বলে বিবেচিত হবে না। যেমন- Drow, Nep, Eplpa ইত্যাদি। এগুলো দেখতে word এর মত হলেও এর কোন অর্থ নেই। তাই এরা word নয়। কিন্তু এই অগোছালো Letter গুলোকে সাজালে যদি কোন অর্থ হয় তবে এরা word হবে। যেমন-

Drow- word (শব্দ), Nep- pen (কলম), Eplpa- Apple (আপেল)।

## শব্দ হওয়ার যোগ্যতাঃ

একটা পরিপূর্ণ অর্থবোধক শব্দ হওয়ার জন্য কিছু নিয়ম অনুসরণ করতে হয়। সেগুলো হচ্ছেঃ

০১. অধিকাংশ (I, you, he হবে না) এখানে "halalization' শব্দটির কোন অর্থ নেই ইংরেজী ভাষায়। তাই এটি শব্দের আওতাভূক্ত হবে না।

০২. প্রত্যেকটা শব্দেরই একটা root বা মূল শব্দ থাকে যা থেকে আরও অনেক নতুন শব্দ তৈরী হয়। যদি কোন কারণে ঐ root শব্দটি ভেঙে ফেলা হয় তাহলে সেটি কোনভাবেই আর একটি অর্থবোধক শব্দ থাকেনা। যেমন, এখানে দেখানো হয়েছে যে, happy একটি ইংরেজী শব্দ। এর আগে un যুক্ত হয়ে unhappy শব্দটি তৈরি করা যায়। অর্থাৎ, happy একটি root শব্দ এবং তাকে ভাঙ্গলে আর কোন অর্থবোধক শব্দ থাকে না।

০৩. দুটি শব্দ একত্রে উচ্চারণ করার জন্যে শব্দ দুটির মাঝে একটু থামতে হয় এবং লেখার সময় সঠিক জায়গায় সঠিকভাবে space দিতে হয়। ধরা যাক, sky এবং blue দুটি ইংরেজি শব্দ। আমরা যদি তাদেরকে উচ্চারণ করতে চাই তাহলে প্রত্যেকটা শব্দ বলার পর একটু থামতে হবে। লিখতে গেলে দুইটা শব্দের মাঝখানে একটা space দিতে হবে। Skyblue এভাবে লিখলে হবে না।

# Chapter # 4: Syllable এবং ইংরেজি বানান

একটি Word এর যতটুকু অংশ একবারে উচ্চারণ করা যায়, ততটুকু অংশকে এক একটি Syllable বা শব্দাংশ বলে। সহজে বলতে গেলে উচ্চারণ অনুসারে শব্দের ক্ষুদ্রতম অংশকেই Syllable বলে। প্রতিটি Syllable এ অবশ্যই একটি Vowel থাকবে আবার শুধুমাত্র এক বা একাধিক Vowel দিয়েও একটি Syllable হতে পারে। যেমন:

Pen
Door
Tongue
School
Sister = Sis+ter
Grammar = Gra+mmar
Therapy =The+ra+py
Impossible = Im+po+ssi+ble
Pronunciation = Pro+nun+ci+a +tion

**Syllable ৪ প্রকার। যথা:**

1. Mono Syllable (একস্বরা-শব্দাংশ)
2. Di Syllable (যুগল-শব্দাংশ)
3. Tri Syllable (ত্রি-শব্দাংশ)
4. Poly Syllable (বহু-শব্দাংশ)

1. **Mono Syllable:**

যে Word এ একটিমাত্র syllable থাকে তাকে Monosyllable বলে।
যেমন: Pot, Mat, Rat, Cat, Bat, Cup, Top, Dog ইত্যাদি।

2. **Di Syllable:** যে Word এ দুইটি Syllable থাকে তাকে Di Syllable বলে। Di অর্থ দুই বা যুগল। যেমন:

Mother = Mo+ther
Brother = Bro+ther
Baby = Ba+by
Doctor = Doc+tor
Teacher = Tea+cher
Pencil = Pen+cil
Basket = Bas+ket
Friday = Fri+day

3. **Tri Syllable:** যে Word এ তিনটি Syllable থাকে তাকে Tri Syllable বলে। Tri অর্থ তিনটি । যেমন:

September = Sep+tem+ber
Yesterday = Yes+ter+day
Beautiful = Beau+ti+ful
Umbrella = Um+bre+lla
Company = Com+pa+ny
Memory = Me+mo+ry
Medicine = Me+di+cine
Newspaper= News+pa+per
Therapy = The+ra+py

4. **Polysyllable:** যে Word এ তিনটির বেশী Syllable থাকে তাকে Poly Syllable বলে। Poly অর্থ বহু। যেমন:

Examination = Exa+mi+na+tion
Reciprocal = Re+cip+ro+cal
Comparative = Com+pa+ra+tive
University = U+ni+ver+sity
Satisfaction = Sa+tis+fac+tion
Television = Te+le+vi+sion
Helicopter = He+li+cop+ter
Congratulation = Con+gra+tu+la+tion
Responsibility = Res + pon + si + bi + lity

## Syllable এর মাধ্যমে ইংরেজি বানান:

**Rule-1**: 'L' (এল) দ্বারা গঠিত এক syllable বিশিষ্ট শব্দে যদি 'l' এর পূর্বে একটিমাত্র vowel থাকে, তাহলে এ শব্দের শেষে 'll' ব্যবহার করতে হয়। যেমন: Well, tell, fill till.

**Rule-2**: 'L' (এল) দ্বারা সমাপ্ত এক syllable বিশিষ্ট শব্দে যদি 'l' এর পূর্বে দুইটি vowel থাকে, তাহলে ঐ শব্দের শেষে একটি 'l' ব্যবহার করতে হয়। যেমন: Feel, weal, meal, goal.

**Rule-3**: Consonant যুক্ত কোনো suffix (ness ব্যতীত) যদি 'll' দ্বারা সমাপ্ত হয়ে এক syllable বিশিষ্ট কোনো শব্দের শেষে যুক্ত হয়, তাহলে শেষের 'l' বাদ যাবে।

যেমন: Well+come=Welcome; Well+fare=Welfare; Full+fil=Fulfil.

কিন্তু vowel যুক্ত Suffix হলে 'll' ই ব্যবহার করতে হবে। যেমন: Ill+ness=Illness.

**বি:দ্র: Suffix সম্পর্কে জানতে Suffix অধ্যায়টি পড়ুন।**

**Rule-4**: 'll' দ্বারা সমাপ্ত এক syllable বিশিষ্ট শব্দ যদি suffix হিসেবে ব্যবহৃত হয়, তাহলে শেষের 'l' বাদ দিতে হবে।

যেমন: roll-enrol, fill-fulfil, full-doubtful etc.

**Rule-5**: কোনো শব্দের শেষে যদি একটি consonant থাকে এবং consonant টির পূর্বে যদি একটি vowel থাকে এবং এরপর যদি vowel বিশিষ্ট কোনো suffix (প্রত্যয়) যুক্ত হয়, তাহলে শেষের consonant টি দ্বিত্ব (double) হবে।

যেমন: cancel+ed=cancelled, travel+er=traveller.

ব্যতিক্রম: Benefited, Credited, Differed, Galloped, Paralleled

**Rule-6**: যে সমস্ত word এর শেষে 'y' থাকে এবং সেই 'y' এর পূর্বে যদি consonant থাকে তাহলে 'i' বিশিষ্ট প্রত্যয় (ing+ist) বাদে অন্যান্য প্রত্যয় যুক্ত করার সময় 'y' এর স্থানে 'i' হয়। যেমন:

Accompany=Accompaniment, Busy=Business.

**Rule-7:** দুই বা তিন Syllable যুক্ত word এর শেষে যদি একটি consonant এবং তার আগে যদি একটি vowel থাকে এবং উচ্চারণের সময় যদি শেষ syllable এ 'stress' পড়ে তাহলে সেক্ষেত্রে কোনো suffix যোগ করতে হলে শেষ Consonant টি double (দ্বিত্ব) করতে হয়।
যেমন: Begin+er=Beginner, Swim+ing=Swimming.

কিন্তু stress যদি প্রথম syllable এর উপর দেওয়া হয়, তাহলে Consonant টি double হয় না।

যেমন: Murmur+ed=Murmured, Orbit+ing=Orbiting.

**Rule-8:** কোনো শব্দের শেষে যদি 'y' থাকে এবং তার পূর্বে যদি কোনো vowel থাকে, তাহলে সেই শব্দের সাথে কোনো suffix যোগ করার সময় সাধারণত 'y' এর কোনো পরিবর্তন হয় না।

যেমন: Buy=Buyer, Boy=Boyish, Journey=Journeyed ইত্যাদি।

ব্যতিক্রম: Say=Said, Day=Daily ইত্যাদি।

**Rule-9:** শব্দের শেষে যদি 'y' থাকে এবং সেই 'y' এর পূর্বে যদি 't' থাকে এবং তারপর যদি 'ous' যোগ করতে হয় তাহলে 'y' এর স্থলে 'e' হয়।

যেমন: Beauty=Beauteous, Pity=Piteous ইত্যাদি।

**Rule-10:** যদি কোনো word এর শেষে 'e' থাকে এবং সে word এর প্রথমে যদি vowel বিশিষ্ট কোনো প্রত্যয় যুক্ত করতে হয়, তাহলে শব্দের শেষের 'e' সাধারণত বাদ দিতে হয়।

যেমন: Come=Coming, Write=Writing. কিন্তু word এর শেষে 'e' এবং word টির পূর্বে যদি 'g' বা 'c' থাকে তাহলে সে word এর শেষে 'ous' এবং 'abl' যুক্ত করার সময় word এর শেষের 'e' বাদ যায় না। যেমন: Courage= Courageous, Charge=Chargeable.

ব্যতিক্রম: **Practice = Practicable.**

**Rule-11:** কোনো word এর শেষে যদি oe, ev, ye থাকে তাহলে সে word এর শেষে ed বাদে প্রথমে যদি vowel বিশিষ্ট অন্য কোনো প্রত্যয় যুক্ত হয়, তাহলে শব্দের শেষের 'e' বাদ যায় না। যেমন: Agree=Agreeable, Free=Freeing, See=Seeing ইত্যাদি।

**Rule-12:** যদি কোনো word এর শেষে 'ie' থাকে, তবে সে word এর শেষে ing যোগ করতে হলে 'ie' -এর স্থানে 'y' হয়।
যেমন: Die=Dying, Tie=Tying ইত্যাদি।

**Rule-13:** যদি কোনো word এর শেষে 'e' থাকে এবং সে word এর শেষে যদি consonant বিশিষ্ট কোনো প্রত্যয় যোগ করতে হয়, তাহলে 'e' বাদ যাবে। যেমন: Argue = Argument, Simple = Simple, Awe = Awful.

ব্যতিক্রম: Achieve = Achievement. আবার কিছু কিছু word আছে যেগুলোতে 'e' বাদ দিলেও চলে, না দিলেও চলে। যেমন: Abridge = Abridgment/Abridgement.

**Rule-14:** কোনো word এ ব্যবহৃত 'i' এবং 'e' একত্রে থেকে যদি দীর্ঘ-ঈ (বা Double) এর মত উচ্চারিত হয়, তাহলে সাধারণত প্রথমে 'i' ব্যবহৃত হয় এবং পরে 'e' ব্যবহৃত হয়।

যেমন: Achieve, Belief, Brief, Chief, Friend.
ব্যতিক্রম: Conceive, Ceiling.

**Rule-15:** কোনো word-এ ব্যবহৃত 'i' এবং 'e' যদি একত্রে থেকে দীর্ঘ-ঈ এর মতো উচ্চারিত না হয়, তাহলে সাধারণত প্রথমে 'e' এবং পরে 'i' ব্যবহৃত হয়। যেমন: Heir, Height.

**Rule-16:** ইংরেজি ভাষায় কিছু শব্দ আছে যেগুলোকে পৃথক করে লেখা যায় না। যেমন: Anybody, Everybody, Elsewhere, Cannot, Instead, Nothing, Nowhere, Welcome, Sometimes, Nobody.

**H.W: প্রতিটি রুল দিয়ে ১০টি করে word লিখুন। আর বারবার চর্চা করুন।**

# Chapter # 5: Number

Number শব্দের অর্থ হলো বচন বা সংখ্যার ধারণা। সাধারণ ভাষায়, Number হলো। যে Countable Noun দিয়ে কোনকিছুর সংখ্যা নির্ধারণ করা যায়।

Number দুই প্রকার। যেমনঃ

01. Singular Number (এক বচন।)
02. Plural Number (বহু বচন।)

## ❑ Singular Number (এক বচন):

যে Noun দ্বারা কেবল একজন ব্যক্তি, একটি বস্তু কিংবা একটি প্রাণীকে বোঝায় তাকে Singular Number বলে।

যেমনঃ Key, Book ইত্যাদি।

I have a key. (আমার একটি চাবি আছে)

They gave me a book. (তারা আমাকে একটি বই দিয়েছিলো)

I had a Phone. (আমার একটি ফোন ছিল)

## ❑ Plural Number (বহু বচন):

যে Noun দ্বারা একের অধিক ব্যক্তি, বস্তু কিংবা প্রাণীকে বোঝায় তাকে Plural Number বলে। যেমনঃ Pens, Books ইত্যাদি।

I have many pens. (আমার অনেকগুলো কলম আছে)

They have many books. (তাদের অনেক বই আছে)

There are some tables in the room. (রুমে কিছু টেবিল আছে)

## Singular কে Plural করার কিছু নিয়ম:

**1. সাধারণত Singular Noun এর শেষে s যোগ করে Plural করতে হয়। যেমনঃ**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Girl | Girls | Desk | Desks |

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Boy | Boys | Eye | Eyes |
| Book | Books | Cat | Cats |
| Pen | Pens | Pot | Pots |
| Cow | Cows | Lion | Lions |
| Dog | Dogs | Chair | Chairs |
| King | Kings | | |

2. **Singular Noun** এর শেষে **s/ss/sh/x/z** থাকলে ঐসব **Noun** এর শেষে **'es'** যোগ করে **Plural Number** গঠন করতে হয়। কিন্তু **ch** যদি (ক) এর মত উচ্চারণ হয় তাহলে **'s'** এবং (চ) এর মত উচ্চারণ হলে **'es'** যোগ করে **Plural Number** করতে হয়। যেমন:

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Bus | Buses | Brush | Brushes |
| Match | Matches | Watch | Watches |
| Batch | Batches | Fox | Foxes |
| Class | Classes | Glass | Glasses |
| Ass | Asses | Church | Churches |
| Box | Boxes | Monarch | Monarches |

3. **Singular Noun** এর শেষ বর্ণটি **'o'** হলে এবং তার আগের বর্ণটি **Consonant** হলে **Noun** এর শেষে **'es'** যোগ করে **Plural Number** গঠন করতে হয়। যেমন:

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Mango | Mangoes | Hero | Heroes |
| Potato | Potatoes | Volcano | Volcanoes |
| Cargo | Cargoes | Tomato | Tomatoes |
| Zero | Zeroes | Echo | Echoes |

কিন্তু নিম্নোক্ত শব্দগুলো ব্যতিক্রম। তবে এমন কিছু Singular noun আছে যাদের শেষে 'o' আছে এবং 'o' এর পূর্বে বর্ণটি Consonant হওয়া সত্ত্বেও তাদের শেষে শুধু 's' যুক্ত করে Plural Number করা হয়।

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Photo | Photos | Piano | Pianos |
| Memo | Memos | Cello | Cellos |
| Canto | Cantos | Solo | Solos |
| Halo | Halos | Quarto | Quartos |

* **Noun এর শেষে O থাকলে এ পূর্বে একটি Vowel থাকলে Noun টিকে Plural করার সময় 's' যোগ করতে হয়। যেমন-**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Bamboo | Bamboos | Cuckoo | Cukoos |
| Radio | Radios | Studio | Studios |
| Folio | Foilios | | |

4. **যদি Singular Noun এর শেষের বর্ণ y হয় এবং y এর পূর্বে Consonant থাকে তবে 'y' এর পরিবর্তে 'i' এবং এর পরে 'es' যোগ করে Plural করতে হয়। যেমনঃ**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| City | Cities | Body | Bodies |
| Baby | Babies | Lady | Ladies |
| Army | Armies | Hobby | Hobbies |
| Fly | Flies | Story | Stories |
| Country | Countries | Duty | Duties |

**কিন্তু 'y' এর আগে Vowel হলে শেষে s যোগ করে Plural করতে হয়। যেমন:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Key | Keys | Toy | Toys |
| Joy | Joys | Monkey | Monkeys |
| Day | Days | Donkey | Donkeys |
| Boy | Boys | Play | Plays |
| Ray | Rays | | |

**5. f, fe, ef যুক্ত Singular Noun কে f, fe, ef উঠিয়ে v বসিয়ে এবং এরপর es যোগ করে Plural করতে হয়। যেমন:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Leaf | Leaves | Calf | Calves |
| Wife | Wives | Life | Lives |
| Knife | Knives | Beef | Beeves |
| Thief | Thieves | Self | Selves |
| Half | Halves | Wolf | Wolves |
| Loaf | Loaves | Sheaf | Sheaves |

**কিছু ব্যতিক্রম Noun রয়েছে যার শেষে 'f' থাকে কিন্তু Plural করার সময় 'es' যুক্ত না হয়ে শুধু 's' যুক্ত হয়। যেমন-**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Chief | Chiefs | Cliff | Cliffs |
| Brief | Briefs | Belief | Beliefs |
| Gulf | Gulfs | Proof | Proofs |
| Roof | Roofs | | |

**6. কিছু Noun এর মধ্যস্থিত Vowel বা Consonant পরিবর্তন করে Plural হয়। যেমন:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Man | Men | Woman | Women |
| Goose | Geese | Tooth | Teeth |
| Foot | Feet | Mouse | Mice |
| Louse | Lice | | |

**7. বেশ কয়েকটি শব্দ আছে যেগুলোর শেষে eef, fe, ff, ief, ife, if, oof এবং rf আছে এবং এগুলোর শেষে শুধু s যোগ করে Plural করা হয়। যেমন:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Look | Looks | Peel | Peels |
| Cliff | Cliffs | Belief | Beliefs |
| Grief | Griefs | Roof | Roofs |
| Feel | Feels | Dwarf | Dwarfs |
| Scoff | Scoffs | Gulf | Gulfs |
| Hoof | Hoofs | | |

**8. Compound Noun গুলোর মূল Noun টির শেষে 's' যোগ করে বা মাঝের Vowel পরিবর্তন করে Plural Number গঠন করতে হয়। যেমন:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Maid-servant | Maid-servants | Brother-in-law | Brothers-in-law |
| Woman-servant | Women-servants | Book-self | Book-selves |
| Passer-by | Passers-by | Major-general | Major-generals |
| Son-in-law | Sons-in-law | Step-son | Step-sons |

9. কতগুলো বিদেশী শব্দ আছে যাদের **Singular** এবং **Plural** বিশেষ নিয়মে সাধিত হয়। **Singular Noun** এর শেষে **'u'** থাকলে এর পরিবর্তে **'a'** বসিয়ে **Plural** করতে হয়। যেমন:

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Agendum | Agenda | Datum | Data |
| Medium | Media | Ultimatum | Ultimata |
| Forum | Fora | Gymnasium | Gymnasia |
| Symposium | Symposia | Hypothesis | Hypotheses |
| Focus | Foci/Focuses | Erratum | Errata |
| Analysis | Analyses | | |

10. কিছু **singular noun** এর শেষে **ren, en** যোগ করে **Plural** করা হয়। যেমন:

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Child | Children | Ox | Oxen |
| Policeman | Policemen | Woman | Women |

11. কতগুলো **Noun** আছে যাদের **Singular** এবং **Plural** সব সময় একই রকম থাকে। যেমন: **I saw two deer in the forest or. I saw a deer in the forest.** সঙ্গতিপূর্ণ আরো কিছু word,

| | |
|---|---|
| Corps (সৈন্যদল) | Apparatus (যন্ত্রপাতি) |
| Score (কুড়ি) | Gross (১২ডজন) |
| Stone (পাথর) | Cannon (কামান) |
| Species (জাতি) | Pice (পয়সা) |
| Sheep (ভেড়া) | Swine (শুকুরনী) |

12. বর্ণ, সংখ্যা এবং কোন কিছুর সংক্ষিপ্ত রূপকে **Plural** করতে **(apostrophe)' s** ব্যবহার করা হয়। যেমন:

We went to angel's house last night. MA's will go there.

**13. কতগুলো Noun আছে যাদের Singular এ একরকম অর্থ এবং Plural এ অন্যরকম অর্থ হয়। যেমনঃ**

| Singular | Plural |
|---|---|
| Machinery (যন্ত্রপাতি) | Machineries (যন্ত্রাংশ) |
| Air (বাতাস) | Airs (গর্বিতভাব) |
| Good (ভালো) | Goods (মালপত্র) |
| Circumstance (ঘটনা) | Circumtances (ঘটনাসমূহ) |
| Custom (রীতিনীতি) | Customs (রীতিনীতিসমূহ/শুল্কসমূহ) |
| Letter (চিঠি) | Letters (চিঠিগুলো) |
| Practice (অভ্যাস) | Practices (অভ্যাসসমূহ) |
| Wood (বন/কাঠ) | Woods (বনসমূহ) |
| Arm (বাহু) | Arms (বাহুসমূহ/অস্ত্রশস্ত্র) |

**14. বিভিন্ন রকম singular pronoun-এর plural রূপ বিভিন্ন।**

[Different singular pronouns have different pronoun forms.] They are stated below:

**Subjective pronoun forms:**

| Singular | Plural |
|---|---|
| I | We |
| You | You |
| She/he | They |
| It | Its |
| This | These |
| That | Those |

* বর্ণ সংখ্যা এবং প্রতীকগুলো **Plural** করতে হলে এর পরে **apostrophe (s)** যুক্ত করতে হয়। যেমন-

| Singular | Plural |
|---|---|
| I | I`s |
| Z | Z`s |
| MBA | MBA`s |
| BBA | BBA`s |
| LO | Lo`s |

**Possessive pronoun forms:**

| Singular | Plural |
|---|---|
| My | Our |
| Your | Your |
| Mine | Mine |
| His/her | Their |
| Its | Their |

**Objective pronoun forms:**

| Singular | Plural |
|---|---|
| Me | Us |
| You | You |
| Her/him | them |
| His/her | Their |
| Its | Their |

**15. সাধারণত: Material Noun-এর Plural হয় না।**

Generally, material nouns don't have a plural form. Such as: gold, silver, copper, salt, water, sugar, etc.

**16. Abstract noun-এর Plural হয় না।**

Abstract nouns don't have a plural form. Such as: honesty, charity, hope, kindness, love, etc.

**17. বিদেশী ভাষা থেকে এসেছে এমন কিছু উল্লেখযোগ্য শব্দের Plural রূপ:**

Some mentionable words (which are derived from foreign language) plural form:

| Singular | Plural |
|---|---|
| Radius | Radii |
| Oasis | Oases |
| Genus | Genera |
| Forum | Forums |
| Focus | Focuses |
| Crisis | Crises |
| Medium | Media |
| Agendum | Agenda |
| Analysis | Analyses |
| Axis | Axes |
| Basis | Bases |

**18.** যদি **Singular Noun** এর শেষে **'is'** থাকে তাহলে **Noun** টিকে **Plural** করার সময় **'is'** এর পরিবর্তে **'es'** যোগ করতে হবে। যেমন-

| Singular | Plural |
|---|---|
| Axis | Axes |
| Oasis | Oases |
| Analysis | Analyses |
| Thesis | Theses |
| Hypothesis | Hypotheses |
| Crisis | Crises |
| Parethesis | Parentheses |

**19.** কোন **Singular Noun** এর শেষে যদি **'ix/es'** থাকে তাহলে এর পরিবর্তে **'ices'** যোগ করে **Plural** করতে হবে। যেমন-

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Appendix | Appendices | Appex | Apices |
| Index | Indices | Radix | Radices |

**20.** যদি **Singular Noun** এর শেষে **'us'** থাকে তাহলে **Plural** করার সময় **'us'** এর পরিবর্তে **'I'** যুক্ত করতে হবে, কিন্তু কিছু ক্ষেত্রে **'es'** ও যুক্ত করা যায়। যেমন-

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Alumnus | Alumni | Radius | Radii |
| Stimulus | Stimuli | Locus | Loci |
| ব্যতিক্রমঃ | | Genus | Genera |

**21. News, Baggage, Luggage, Deer, Sheep, Money, Alms, Scissors, Spectackles, Advice, Moose, Clothing, Barracks, Cattle, Pants (All are Plural).**

# Chapter # 6: Gender

Gender শব্দের অর্থ 'লিঙ্গ' যে Noun বা Pronoun দ্বারা নারী, পুরুষ, অথবা উভয় লিঙ্গ চেতন বা অবচেতন পদার্থকে বুঝায় তাকে Gender বা লিঙ্গ বলে।

যেমন:

a. Tania is a girl. (তানিয়া একজন মেয়ে।)
b. This is a pen. (এই হয় একটি কলম।)
c. Rana is a good boy. (রানা একজন ভালো ছেলে।)
d. The baby is laughing. (বাচ্চাটি হাসছে।)

উপরোক্ত, বাক্যগুলোর মধ্যে প্রথম Sentence টিতে **girl** noun দ্বারা মেয়ে/স্ত্রী কে বোঝানো হয়েছে, দ্বিতীয় Sentence টিতে **pen** দ্বারা জড় পদার্থকে বুঝিয়েছে, তৃতীয় Sentence টিতে **boy** noun দ্বারা পুরুষ কে বোঝানো হয়েছে, চতুর্থ Sentence টিতে **baby** দ্বারা উভয় লিঙ্গকে বুঝানো হয়েছে। Gender এর প্রকারভেদ-

**Gender চার প্রকার। যথা:**

1. Masculine Gender (পুং লিঙ্গ)
2. Feminine Gender (স্ত্রী লিঙ্গ)
3. Neuter Gender (ক্লীব লিঙ্গ)
4. Common Gender (উভয় লিঙ্গ)

**Masculine Gender:** যে Noun বা Pronoun দ্বারা পুরুষ জাতিকে বোঝায় তাকে Masculine gender বা পুং লিঙ্গ বলে। যেমন: Rahim, Karim, He, Actor, Father, Husband, Boy, Brother ইত্যাদি।

**Feminine Gender:** যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী জাতিকে বোঝায় তাকে Feminine gender বলে। যেমন: Mother, Sister, Actress, Girl, Daughter, She, Heroine, Wife, Aunt ইত্যাদি।

**Neuter Gender:** যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী, পুরুষ জাতিকে না বুঝিয়ে জড় বা অবচেতন পদার্থকে বোঝায় তাকে Neuter gender বলে। যেমনঃ It, Spoon, Book, Pen, Shoes, Gold, Silver, Furniture, Computer ইত্যাদি।

**Common Gender:** যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী, পুরুষ বা উভয় লিঙ্গকে বোঝায় তাকে Common gender বলে। যেমনঃ Baby, Friend, Orphan, Parents, Teacher, They, Sibling, Child, Student ইত্যাদি।

## Gender পরিবর্তন:

1. **Rule:** Noun এর ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ বসিয়ে Masculine gender থেকে Feminine gender করতে হয়।

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Father | Mother | Bachelor | Maid |
| Brother | Sister | Bullock | Heifer |
| Husband | Wife | Boar | Sow |
| Dog | Bitch | Hero | Heroine |
| Tailor | Seamstress | Don | Dona/Donna |
| Uncle | Aunt | Drake | Duck |
| Boy | Girl | Emperor | Empress |
| Wizard | Witch | Gander | Goose |
| Male | Female | Gentleman | Lady |
| Papa | Mamma | Jackass | She-ass |
| Stallion | Mare | Executor | Executrix |
| Heir | Heiress | Count | Countess |
| Hart | Roe | Jew | Jewess |
| Abbot | Abbess | Lad | Lass |
| Actor | Actress | Doctor | Lady Doctress |
| Cock | Hen | Colt | Filly |

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Drone | Bee | Czar | Czarina |
| Director | Directress | Comedian | Comedienne |
| Sir | Madam | Enchanter | Enchantress |
| King | Queen | Giant | Giantess |
| Fox | Vixen | God | Goddess |
| Bull | Cow | Ox | Cow |
| Lord | Lady | Nephew | Niece |
| Man | Woman | Poet | Poetess |
| Monk | Nun | Priest | Priestess |
| Shepherd | Shepherdess | Giant | Ginatess |

**2. Masculine gender এর শেষে 'ess' করে Feminine করার নিয়ম:**

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Lion | Lioness | Poet | Poetess |
| Host | Hostess | Priest | Priestess |
| Manager | Manageress | Baron | Baroness |
| Steward | Stewardess | Author | Authoress |
| Peer | Peeress | Prophet | Prophetess |
| Count | Countess | Prince | Princess |
| Baron | Baroness | | |

**3. Compound noun-এর পুরুষবোধক অংশকে Feminine করে এর gender পরিবর্তন করা হয়।**

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Son-in-law | Daughter-in-law | Brother-in-law | Sister-in-law |
| Mankind | Womankind | Man | Servant |

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Boy-baby | Girl-baby | Maid | Servant |
| Male-Child | Female-child | Boy-friend | Girl-Friend |
| Billy-goat | Nanny-goat | He goes | She goes |
| Bull-calf | Cow-calf | Beggarman | Beggarwoman |
| Milkman | Milkmaid | Pea-cock | Pea-hen |

4. **Masculine noun এর শেষের vowel তুলে দেওয়ার পর তাদের শেষে 'ess' যোগ করে feminine করা হয়।**

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Actor | Actress | Conductor | Conductress |
| Hunter | Huntress | Instructor | Instructress |
| Songster | Songstress | Tiger | Tigress |
| Emperor | Empress | Master | Mistress |
| Abbot | Abbess | Duck | Duckess |

5. প্রাকৃতিক কিছু সত্ত্বাকে শক্তির প্রতীক হিসেবে বিবেচনা করে তাদেরকে Masculine হিসেবে ধরা হয়। যেমনঃ Thunder, Sun, Summer, Winter, Auger, Death, Day, Revenge, War, Fear ইত্যাদি।

6. প্রাকৃতিক কিছু সত্ত্বাকে সৌন্দর্য্য বা কোমলতার প্রতীক হিসেবে বিবেচনা করে Feminine করা হয়। যেমনঃ Moon, Hope, Peace, Night, Truth, Mercy, Earth, Nature, Spring প্রভৃতি।

7. জাহাজ. দেশ, রেলগাড়ী প্রভৃতিকে সবসময় Feminine ধরা হয়। যেমনঃ Ship, Country, Train ইত্যাদি।

8. কিছু Noun সবসময় Masculine হয়। যেমনঃ Judge, Chairman, Person, Captain, Knight, Squire, Coward ইত্যাদি।

**9.** কিছু Masculine noun এর শেষে a, ine, ix যুক্ত করে Feminine করতে হয়। যেমন:

| **Masculine** | **Feminine** | **Masculine** | **Feminine** |
|---|---|---|---|
| Don | Dona | Sultan | Sultana |
| Signor | Signora | Executor | Executrix |
| Hero | Heroine | Prosecutor | Prosecutrix |
| Testator | Testatrix | Administrator | Administratrix |
| Czar | Czarina | Comedian | Comedienne |

**10.** সব সময় Feminine হয় এমন কিছু Word Laundress, Blonde, Amazon, Shrew, Virgin, Nurse, Flirt, Prude ইত্যাদি।

**11.** কিছু Common Noun হলো Friend, Cousin, Neighbour, People, Thief, They, Orphan, Enemy, Infant, Student ইত্যাদি।

**12.** Noun এর Gender অনুসারে তার পরিবর্তে ব্যবহৃত Pronoun এর Gender হয়ে থাকে। যেমন:

The son respects his parents very much.
noun pronoun

The ant noted for its industry.

**13.** বস্তুর নাম Abstract, Collective এবং Material Noun হচ্ছে Neuter Gender যেমন: Chair, Table, Family, Water, Rice, Honest, Pen ইত্যাদি।

## Pronoun এর Gender

| **Masculine** | **Feminine** | **Neuter** |
|---|---|---|
| He | She | It |
| Him | her | It |
| His | Her, hers | Its |
| Himself | Herself | Itself |

# Chapter # 7: Subject & Predicate

**Subject:** আমরা জানি, Sentence এ যে ব্যক্তি বা বস্তু সম্পর্কে যা কিছু বলা বা লেখা হয় তাকে Subject বলে। একটু অন্যভাবেও বলা যায় যে, প্রতিটি বাক্যেই একটি করে Verb থাকে এবং যার উপরে নির্ভর করে verb এর চাপের আগমন বা পরিবর্তন ঘটে তাকে Subject বলে।

Subject সাধারণত বাক্যের শুরুতে বসে। ক্ষেত্র বিশেষে বাক্যের শেষেও থাকতে পারে। তবে উভয় ক্ষেত্রেই মনে রাখতে হবে, যার দ্বারা বাক্যে উল্লেখিত Verb সম্পন্ন হয় সেটিই হবে Subject। মূলত Who বা What দিয়ে প্রশ্ন করে Subject বের করা যায়।

এখন আমরা উদাহরণ অনুসারে তা দেখবো-

My mother bakes the best cakes. (আমার মা সেরা কেক বেক করেন)
subject verb extension

এই বাক্যে যদি প্রশ্ন করি কে কেক বেক করেন? উত্তর: My mother.
বাক্যের verb bakes এবং এটি সম্পন্ন করে **my mother**. কাজেই my mother হচ্ছে Subject. এখানে Subject শুরুতে বসেছে। আবার,

The best cakes are baked by my mother.
verb subject

Passive বাক্যে By whom দ্বারা প্রশ্ন করে Subject বের করা হয়। কার দ্বারা সেরা কেক বেক করা হয়? উত্তর: My mother.

(সেরা কেক আমার মায়ের দ্বারা বেক করা হয়।)

বাক্যের verb হলো are baked এবং এটি সম্পন্ন করা হয়েছে পূর্বের মতই **my mother** দ্বারা। কিন্তু লক্ষণীয়, এখানে Subject বাক্যের শেষে আছে।

**Predicate:** Subject সম্পর্কে যা বলা বা লেখা হয় তাই হলো Predicate। এটিই হলো Predicate এর সংজ্ঞা। আর একটু সহজভাবে চিনতে হলে আমরা বলতে পারি যে, বাক্যের Subject বাদে Verb সহ বাকি অংশকে বলা হয় Predicate। অর্থাৎ Predicate এ অবশ্যই Verb থাকবে। উদাহরণস্বরূপ:

My mother (**bakes)** the best cakes.
subject (verb) predicate

Or,
The best cakes are baked by my mother.
Predicate Subject

❖ **Rule-1: মূল Verb টি যদি Have Verb হয় তাহলে Verb কে Whose (কার) দ্বারা প্রশ্ন করলে Subject পাওয়া যায়।**

**Example:**

1. He has an i-Phone. (তার একটি আঁইফোন আছে।)
2. I have a desktop. (আমার একটি ডেস্কটপ আছে।)

চলুন এবার তাহলে Verb, (has) এবং (have) কে প্রশ্ন করা যাক। (কার আছে?)। উত্তর আসে, He has (তার আছে) এবং I have (আমার আছে)। সুতরাং এখানে Subject হচ্ছে **He** এবং **I**। তাহলে বাক্যগুলোতে Predicate হবে Subject ব্যতীত অবশিষ্ট অংশ, has an i-phone. এবং have a desktop.

❖ **Rule-2: যে Sentence দ্বারা আদেশ, অনুরোধ, উপদেশ, অনুমতি, প্রস্তাব ইত্যাদি বুঝানো হয় তাকে Imperative Sentence বলে।**

**Example:**

1. Keep silent, please. (You উহ্য আছে)
2. Do the work. (You উহ্য আছে)
3. Thank you. (I উহ্য আছে)

❖ **Rule-3: Optative ও Exclamatory Sentence এ predicate শুরুতে এবং Subject শেষের দিকে বসে।**

**Example:**

Long live **Bangladesh.**
predicate sub

How beautiful **the girl** is!
sub

What a nice baby **it** is!
sub

**জেনে রাখা প্রয়োজন:**

i) একটি Sentence এর major part হিসেবে Subject ও Predicate কে ভাবা হয়।

ii) 'Predicate' Grammar এর বৃহত্তম আলোচ্য বিষয়। যার মধ্যে Verb, Object, Complement etc থাকে।

iii) Adverb বা Adverbial Phrase, কখনো "Predicate" হতে পারেনা। কেননা, Native Speaker বা American/ British Grammar concept অনুযায়ী "Adverb" কে "Predicate" এর অন্তর্ভূক্ত করা হয়না।

**Example:**

The boy is playing in the playground.
sub predicate adverbial phrase

The boy is reading in the class room.
sub predicate adverbial phrase

উপরের বাক্যটি লক্ষ্য করি, আমরা সাধারণত Subject ব্যতীত বাকি সব অংশকে Predicate বলে মনে করি। তবে শেষের বাক্যটিতে "in the playground এবং in the class room" এই অংশটুকু কে Predicate বলা যাবে না। কারণ এটা adverbial phrase.

## More example of Subject & Predicate

**Shorif** didn't wear school dress yesterday.
sub predicate

(শরীফ গতকাল স্কুল ড্রেস পড়েনি)

**The cats** ran at a high speed. (বিড়ালগুলো দ্রুত গতিতে দৌড়েছিলো)

**My cousin** works at hospital. (আমার চাচাতো বোন হাসপাতালে কাজ করে)

**Bangladesh** is a beautiful country. (বাংলাদেশ একটি সুন্দর দেশ)
predicate

**The weather** is so cold today. (আজ আবহাওয়া খুবই ঠাণ্ডা)
predicate

**It** would be better for you. (এটা তোমার জন্য খুবই ভালো হবে)
predicate

**I** had a red cow. (আমার একটি লাল গরু ছিলো)
predicate

[এখানে বোল্ড করা অংশগুলো Subject এবং আন্ডারলাইন করা অংশ গুলো Predicate]

## বড় বাক্যে Subject-এর উদাহরণঃ

- The wallet on the bed is mine.
- The king of Hearts is the only king without a moustache.
- My brother and Abir's brother went to the stadium.
- Mr. Rashed who lived at Mirpur has managed a job for me.
- The new boy from London and the tall girl with the long hair came to our restaurant.

[এখানে Underline করা অংশটুকু হচ্ছে Subject.]

# Exercise

## Identify Subject and Predicate:

1. *He has a vast experience.*
2. *They will be playing.*
3. *We should obey our parents.*
4. *She prepares her lessons.*
5. *He has eaten rice.*
6. *She was making a cake.*
7. *They killed the bird.*
8. *We must help the poor.*
9. *They ought to fight for liberty.*
10. *Everybody decided to go for a walk.*

# Chapter # 8: Object

যে কোন Sentence এর ২টি অংশ থাকে।

(a) Subject
(b) Predicate বা Object

আগের Lesson এ আমরা জেনেছি Subject এবং Predicate সম্পর্কে। নীচের বাক্যটি দিয়ে আমরা পুরনো পড়া একটু দেখে নেই।

Students (go) to school to learn.
Subject (verb) predicate

উপরের বাক্যে Subject এর পরে verb থেকে বাকি অংশকে বলা হয় Predicate. এখন দেখবো Object ও Predicate এর মাঝে পার্থক্য কি? নীচের বাক্যটি দেখুন।

Shamim loves cricket.
Subject verb noun (object)

এই বাক্যে Subjcet ও Verb এর পরে একটি Noun আছে যাকে Object বলা হয়। এটি কেন Object? এই বাক্যের Verb টিকে What দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যাবে তাই হচ্ছে Object. প্রশ্নটি এমন হতে পারে যে, What does Shamim love? এর উত্তর হলো 'Cricket'।

আবার,

We should respect our teachers.
subject verb object

এই বাক্যের Verb 'should respect' কে Whom দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যাবে তাই হচ্ছে Object. প্রশ্নটি এমন যে, Whom should we respect? এর উত্তর হলো 'Our teachers'।

কাজেই বোঝা গেলো বাক্যে অবস্থিত Verb কে What এবং Whom দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যাবে তাই হবে Object.

**তাহলে Object ও Predicate এর পার্থক্য কি দাড়ালো?**

| Object | Predicate |
|---|---|
| বাক্যে verb এর পরে অবস্থিত যে কোন ব্যক্তি বা বস্তু যা What এবং Whom এর answer করে তা হলো Object. | বাক্যে Subject এর পরে verb সহ বাকি অংশ হলো Predicate. |
| Object শুধুমাত্র verb এর পরে অবস্থিত noun কে নির্দেশ করে। এখানে verb এর কোন উপস্থিতি নেই। | Predicate এর মূল অংশই হচ্ছে verb. |

## Kinds of object

Object **দুই প্রকার। যথাঃ**

(i) Indirect Object [যার দ্বারা ব্যক্তি বোঝায়]
(ii) Direct Object [যার দ্বারা বিষয়/ বস্তু বোঝায়]

**For Example:**
They gave me a flower vase.
এখানে 'me' হচ্ছে Indirect Object. যার দ্বারা ব্যক্তি বোঝায়। এবং 'a flower vase' হচ্ছে Direct Object. যার দ্বারা একটি বস্তু বোঝায়।

**লক্ষণীয়:**

১. শুধুমাত্র 'কি' দ্বারা প্রশ্ন করলে যদি উত্তর পাওয়া যায়, তাহলে বুঝা যাবে যে বাক্যে Direct Object আছে। যেমন:
I drink mango juice.
এখন যদি Verb, drink কে প্রশ্ন করি, What I drink? (আমি কি পান করি?)
উত্তর আসে, mango juice. সুতরাং এখানে Direct Object হচ্ছে mango juice.

২. শুধুমাত্র 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যদি উত্তর পাওয়া যায়, তাহলে বুঝা যাবে যে বাক্যে Indirect Object আছে। যেমন:
We can help the poor.
Whom can we help? (আমরা কাকে/কাদেরকে সাহায্য করতে পারি?)
উত্তর আসে, the poor. সুতরাং এখানে Indirect Object হচ্ছে the poor.

৩. 'কি' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যদি পৃথক ২টি উত্তর পাওয়া যায় তাহলে বাক্যে Double Object থাকে। যেমনঃ

Etu gave 500tk to Siam.
sub verb direct obj Ind. obj

Whom did Etu give? (ইতু কাকে দিয়েছিলো?) উত্তর আসে Siam কে। আবার, What did Etu give (ইতু কি দিয়েছিলো?) উত্তর আসে 500tk. সুতরাং এখানে Object হচ্ছে ২টি। Siam এবং 500tk.

৪. বাক্যে Double Object- ২ ভাবে লেখা যায়। যথা:
(i) Sub+ transitive verb+ indirect obj+ direct obj.
অথবা
(ii) Sub+ transitive verb+ direct obj+ for/to/with+ indirect obj

৫. যদি 'কি' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে একটিরও উত্তর না পাওয়া যায় তাহলে বুঝতে হবে বাক্যে কোন Object নাই। যেমন:
Angel is a student. (অ্যাঞ্জেল একজন ছাত্রী)

উপরোক্ত, বাক্যটিতে 'কি' বা 'কাকে' বা 'কোথায়' দ্বারা প্রশ্ন করলে কোন উত্তর পাওয়া যায়না। সুতরাং এখানে কোন Object নেই। এখানে আছে Complement.

**[Complement নিয়ে আমরা পরবর্তী লেসনে আলোচনা করবো।]**

## Some more example of Indirect/ Direct Object

I sing a song. (আমি একটি গান গাই)
'a song' একটি Direct Object.
She speaks English. (সে ইংরেজী বলে)
'English' একটি Direct Object.
Rasel helped us. (রাসেল আমাদের সাহায্য করেছিলেন)
বাক্যে ১টি মাত্র obj. থাকলে তা Direct object হয়।

[এখানে 'us' ব্যক্তিবাচক হওয়ায় এটি একটি 'Direct Object'.]

## More example of Object

a) This book is mine.
b) I went to meet the Chairman yesterday.
c) Don't beat me.
d) I have no bank account.
e) Never tell people how to do things.
f) I saw a nice horse in the field.
g) Tomorrow, I will buy a t-shirt.
h) He received an award.
i) She picks the ripe plums.
j) I lost my cell phone.

## বড় Sentence এ Object এর উদাহরণ

- They beat the man who lives in our village.
- I knew that he is honest.
- Every people know where Rakib lives.
- Everybody understands that he is throughly dishonest.
- We saw who called you yesterday.

[উপরিউক্ত আন্ডারলাইন করা অংশগুলো হলো **Object.**]

# Complement (পরিপূরক)

Subject ও Main verb এর পরের Adjective/Noun এর মধ্যে যদি equal সম্পর্ক বজায় থাকে তবে ঐ Adjective/Noun কে 'Complement' বলে। অনুরূপভাবে, Sentence এ Subject এর পূর্ণতার জন্য Verb এর পরে যে word/ phrase টি বসে তাকে Complement বলে।

Ratul is a student. (রাতুল একজন ছাত্র)

যে Ratul, সেই student. সুতরাং, এখানে **student** হচ্ছে Complement. Complement হলো Subject ও Object এর ই আরেকটি ভিন্ন পরিচয়।

Ratul plays badminton. এখানে badminton কি Complement? উত্তর: না। কারণ Ratul এবং badminton ২টি আলাদা জিনিস। এখানে badminton নিয়ে Subject- Ratul কাজ করেছে। আর কাজটি হলো Verb- plays আমাদের বুঝতে হবে Object এর সাথে Verb এর এবং Complement এর সাথে Subject ও Object এর সম্পর্ক। সুতরাং এখানে, badminton হচ্ছে Object.

**Kinds of Complement:**

Complement মূলত ২ প্রকার। যথাঃ

(i) Subjective Complement
(ii) Objective Complement

❖ **Subjective Complement আবার ২ ধরণের। যথাঃ**

a) Noun Complement (বাক্যে Noun এর কাজ করে)
b) Adjective Complement (বাক্যে Adjective এর কাজ করে)

**Noun Complement:**

She is a doctor. (সে একজন ডাক্তার)

'a doctor' noun phrase. যা অন্য কথায় Noun.

**Note:** It is I / It is me এইগুলো Pronoun দিয়ে গঠিত Complement.

**Adjective Complement:**

Mitu is happy. (মিতু খুশি)

এখানে, 'happy' শব্দটি Adjective Complement.

❖ Objective Complement: যা মূলত Objective এর পরিপূরক।

My husband had made me happy.

এখানে, Object 'me' এর Complement 'happy'.

**লক্ষণীয়:**

1. Complement চেনার সহজ উপায় হলো, be verb (am, is, are, was, were) যখন main verb হিসেবে কাজ করে তখন Sentence এ Object এর পরিবর্তে Complement থাকে।

2. Verb কে 'কি' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যদি কোন উত্তর না আসে তাহলে বাক্যটিতে Object এর পরিবর্তে Complement থাকে। যেমন:
   He is an engineer. (সে একজন ইঞ্জিনিয়ার)

**More example for complement.**

- Nashmi is a pretty girl. (নাশমি খুবই সুন্দর একটি মেয়ে)
- Rafiq is a good boy. (রফিক একজন ভাল ছেলে)
- We made him captain. (আমরা তাকে অধিনায়ক বানিয়েছিলাম)
- They selected me as a chairman. (তারা আমাকে চেয়ারম্যান বানিয়েছিলো)

## Differences between Object and Complement:

| S.L No | Object | Complement |
|---|---|---|
| 1. | Subject (কর্তা) যাকে অবলম্বন করে Verb বা ক্রিয়ার কাজ সম্পূর্ণ করে তাকে Object বলে। | যে Subject সেই যদি Object এর জায়গা নেয় তাহলে সেটি Object নয়, সেটি হবে Complement. |
| 2. | Object এর সাথে Verb এর সম্পর্ক | Complement এর সাথে Subject ও Object এর সম্পর্ক। |
| 3. | Verb কে What (কি) বা Whom (কাকে, কাদের) দ্বারা প্রশ্ন করলে উত্তরে যা পাওয়া যায় সেটা Object. | Verb কে What (কি) বা Whom (কাকে, কাদের) দ্বারা প্রশ্ন করলে উত্তরে যদি কিছু না পাওয়া যায় তাহলে Sentence এ Complement আছে। |
| 4. | Sentence এ Action Verb (go, do, eat) যদি main verb হয় তাহলে ঐ বাক্যে Object থাকে। | Be verb (am, is, are, was, were) যদি main verb হয় তাহলে ঐ বাক্যে Complement থাকে। |
| 5. | Subject ও Object এর সম্পর্ক equal নয়। | Subject ও Object এর সম্পর্ক equal. |
| 6. | Object হতে পারে Noun ও Pronoun. | Complement হতে পারে Noun ও Adjective. |
| 7. | Transitive verb এর পরে Object বসে। | Linking Verb এর পর Complement বসে। |

**জানা প্রয়োজন:**

Subject ও Complement যেহেতু একে অপরের পরিপূরক সেক্ষেত্রে Complement নির্ণয়ে Subject ও Complement এর মাঝখানে is equal to (=) চিহ্ন বসিয়ে Complement বের করা যেতে পারে।

# Chapter # 9: Sentence

নিচের বাক্যটি পড়ি-

I rice eat.

এটা পড়ে কি মনে হচ্ছেনা যে বাক্যটি সঠিক নয়? হ্যাঁ ঠিক ভেবেছেন। বাক্যটি সঠিক নয়। এখন চলুন আমরা Sentence এর সংজ্ঞায় দেখি কি কি বলা আছে। একটি সঠিক Sentence লিখতে কি কি প্রয়োজন।

i. Complete Sense (পূর্ণ অর্থ)
ii. Combination of Word (শব্দের মিলন)
iii. Correct Order (সঠিক নিয়ম)

সুতরাং বলা যায়, যখন কতগুলো শব্দ সঠিক নিয়মে বসে পূর্ণ অর্থ প্রকাশ করে তখন তাকে বাক্য বলে।

উপরের বাক্যটি খেয়াল করুন। এখানে শব্দের সমষ্টি আছে তবে তা অর্থপূর্ণ নয়। Sentence এর Structure হচ্ছে **Subject + verb+ object/ extension**. এই Structure অনুযায়ী বাক্যটি হওয়া উচিত ছিলো 'I eat rice'. কিন্তু তা না হয়ে 'I rice eat' হওয়ায় বাক্যটি সঠিক বা অর্থপূর্ণ হয়নি।

তাহলে Sentence এর সংজ্ঞা কি দাঁড়ালো?

**যেমনঃ**

Rita is an intelligent girl.

এই বাক্যটি-

- কয়েকটি word (শব্দ) এর সমষ্টি।
- শব্দগুলো ক্রমানুসারে বসেছে।
- সব মিলে একটি অর্থপূর্ণ বাক্যে পরিণত হয়েছে।

কাজেই সব মিলে Rita is an intelligent girl একটি সঠিক ও অর্থপূর্ণ বাক্য।

## লক্ষণীয়

**লক্ষণীয় (১):** আমরা কথা বলার সময় কখনো একটি শব্দ ব্যবহার করি কিংবা একাধিক শব্দের সমষ্টি (Group of words) ব্যবহার করে মনের ভাব প্রকাশ করি। যেমন:

Tamim: Do you like tea? (তুমি কি চা পছন্দ করো?)
Soyeb : Yes. (হ্যা)

প্রথম বাক্যটিতে যেমন একাধিক শব্দের সমষ্টি মনের ভাব প্রকাশ করেছে। তেমনি দ্বিতীয় বাক্যটিতে শুধুমাত্র একটি শব্দের ব্যবহারে মনের ভাব প্রকাশ পেয়েছে। সুতরাং বলা যায়, একটি sentence বা বাক্য হতে হলে যে একাধিক শব্দের প্রয়োগ থাকতে হবে কথাটি পুরোপুরি সত্য নয়।

**লক্ষণীয় (২):** আবার-

'He goes to Dhaka on Friday'. (সে শুক্রবার ঢাকা যায়)

এর পরিবর্তে যদি 'He goes' (সে যায়) বলে থেমে যাই, তাহলে কি Sentence বা বাক্য হবে? উত্তর- 'হ্যা'।

বাক্যটি ভালোভাবে খেয়াল করলে দেখা যায় যে, বাক্যটি দ্বারা মনের ভাব যথাযথ প্রকাশ পেয়েছে। তাই এটি একটি Sentence বা বাক্য।

**লক্ষণীয় (৩):** চলুন, ব্যাপারটি আরো ভালোভাবে পরিষ্কার হওয়া যাক-
আমরা প্রশ্ন করি,
'What does Rahim do?' (রহিম কি করে?)

উত্তরটা অনেক সময় সংক্ষিপ্তভাবে বলে থাকি, 'Rahim plays.' (রহিম খেলে)। যা দ্বারা বক্তার মনের ভাব যথাযথ প্রকাশ পায়। তাই বলা হয় এটি একটি Sentence বা বাক্য।

## More Examples of Sentence:

Leon is a student of English Therapy. (লিওন ইংলিশ থেরাপির একজন ছাত্র)
Mahi wants to be a doctor. (মাহি একজন ডাক্তার হতে চায়)
The sky is blue. (আকাশ নীল)
I never tell a lie. (আমি কখনো মিথ্যা বলিনা)
Do you like tea? (তুমি কি চা পছন্দ কর?)
Switch off the light (বাতিটি বন্ধ কর)
May you prosper in life! (তুমি জীবনে উন্নতি করো!)
Wow! What a scenery! (আহ! কি সুন্দর দৃশ্য)

## Topic: Sentences According to meaning

**অর্থ অনুসারে Sentence ৫ প্রকার। যথাঃ**

(1) Assertive Sentence (বিবৃতিমূলক বাক্য)
(2) Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য)
(3) Imperative Sentence (অনুজ্ঞাসূচক বাক্য)
(4) Optative Sentence (প্রার্থনা সূচক বাক্য)
(5) Exclamatory Sentence (বিস্ময়সূচক বাক্য)

### 1. Assertive Sentence:

যে Sentence দ্বারা কোন বিবৃতি প্রদান করা হয় বা কোন কিছুর বর্ণনা দেয়া হয় তাকে Assertive Sentence বলে। (The sentence that gives statement is called an Assertive Sentence)। যেমন:

Tandid goes to Dhaka. (তানদিদ ঢাকায় যায়)
I love English Therapy. (আমি ইংলিশ থেরাপি ভালবাসি)

**Assertive Sentence কে আবার ২ ভাগে ভাগ করা হয়েছে। যথা:**

(i) Affirmative Sentence.
(ii) Negative Sentence.

বি:দ্র: শুধু Assertive sentence -ই নয় সকল প্রকার sentence -ই দুই প্রকার।

(i) **Affirmative Sentence:** যে Sentence দ্বারা হ্যা বোধক উত্তর কিংবা কোন কিছু স্বীকার করা হয় তাকে Affirmative Sentence বলে। (The sentence that gives a positive statement is called affirmative sentence).

**Structure: subject+verb+object/complement**
Siam wants to be an Army. (সিয়াম আর্মি হতে চায়)
Rakib is a freelancer. (রাকিব একজন ফ্রিল্যান্সার)
Mannita is a govt. job holder. (মান্নিতা একজন সরকারী চাকুরিজীবি)
She is a teacher (সে একজন শিক্ষীকা)
Rabeya wants to go for a tour (রাবেয়া ভ্রমণে যেতে চায়)
Rita drives a car (রিতা একটি গাড়ি চালায়)

(ii) **Negative Sentence:** যে Sentence দ্বারা না বোধক কোন বিবৃতি প্রদান করা হয় বা কোন কিছু অস্বীকার করা হয় অথবা না বোধক উত্তর দেওয়া হয় তাকে Negative Sentence বলে। (The sentence that gives a negative statement is called a negative sentence).

**Structure: Sub + Auxiliary verb + not + verb + object/ext.**

**Example:**
They do not play well. (তারা ভালো খেলে না)
Ratul does not like tea. (রাতুল চা পছন্দ করে না)
Nashmi does not play Ludu. (নাশমি লুডু খেলেনা)
Rita does not drive a car. (রিতা একটি গাড়ি চালায় না)
She is not a teacher. (সে একজন শিক্ষিকা না)
I have not done it. (আমি এটা করিনি)

[**(N.B):** Present Indefinite tense এ Sub 3rd person singular number হলে does এবং বাকী সবক্ষেত্রে do বসে।]

2. **Interrogative Sentence**: যে sentence দ্বারা কোন প্রশ্ন করা হয় বা কোন কিছু জানতে চাওয়া হয় তাকে Interrogative Sentence বা প্রশ্নবোধক বাক্য বলে। Interrogative Sentence ও দুই প্রকার।
   i) Affirmative
   ii) Negative

**Affirmative:** Do you like tea?
**Negative:** Don't you like tea?

(The sentence with which a question is asked is called an interrogative sentence).

**<u>Structure-01</u>**: Auxiliary verb+sub+main verb+obj+ ext+? (Question mark)

**<u>Example</u>:**
Do you read newspaper? (তুমি কি সংবাদপত্র পড়?)
Do you want to be teacher? (তুমি কি শিক্ষক হতে চাও?)
Are they players? (তারা কি খেলোয়াড়?)
Does he play football? (সে কি ফুটবল খেলে?)
Is she a student? (সে কি একজন ছাত্রী?)

**[(N.B):** Present Indefinite tense এ Sub 3rd person singular number হলে does এবং বাকী সবক্ষেত্রে do বসে। এবং বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) থাকবে।]

**Negative: Aux + not + sub + verb + ex + ?**

**Example:**
Isn't he playing?
Why isn't he playing?

**Structure-02**: WH-word + auxiliary verb + sub + main verb + obj + ext + ?

**Example:**

Where are you from? (তুমি কোথায় থেকে এসেছো/থাকো?)
What is your name? (তোমার নাম কি?)
Why do you want to go abroad? (তুমি কেন বিদেশ যেতে চাও?)
Whom did he marry? (সে কাকে বিয়ে করেছিলো?)
How many pens do you have? (তোমার কতগুলো কলম আছে?)

## 3. Imperative Sentence:

যে Sentence দ্বারা আদেশ, উপদেশ, অনুরোধ, নিষেধ, অনুমতি, প্রস্তাব ইত্যাদি বুঝায় তাকে Imperative sentence বলে। (The sentence that expresses order, advice, request, forbid etc is called an imperative sentence).

**Structure-01:** v1+ extension. [Order বুঝাতে]

Do the work. (কাজটি কর)
Go to the market. (বাজারে যাও)
Open the door. (দরজা খোলো)
Hurry up. (তাড়াতাড়ি কর)

**[N.B: উপরিউক্ত বাক্যগুলোতে Subject- You উহ্য আছে]**

**Structure-02:** Please/Kindly+ verb+ extension. [Request বুঝাতে]

Please, help my parents. (দয়া করে আমার বাবা-মাকে সাহায্য করুন)
Please, give me your pen. (দয়া করে, আপনার কলমটি আমাকে দিন)
Please, give me a glass of water. (দয়া করে আমাকে এক গ্লাস পানি দিন)
Kindly, give me some money. (দয়া করে আমাকে কিছু টাকা দিন)

**Structure-03:** Don't/Never+ v1+ extension. [Forbid বা নিষেধ বুঝাতে]
Don't do that. (ঐটা করোনা)। Don't make mistake again. (পুনরায় ভুল করোনা)
Never cheat with anyone. (কখনো কারো সাথে বিশ্বাসঘাতকতা করোনা)
Never forget me. (কখনো আমাকে ভুলে যেওনা)

**Structure-04:** Let+object (ব্যক্তিবাচক/ us ছাড়া)+verb+extension.

Let me cook. (আমাকে রান্না করতে দাও)
Let him sit. (তাকে বসতে দাও)
Let her do the work. (তাকে কাজটি করতে দাও)
Let her see (তাকে দেখতে দাও)
Let me see (আমাকে দেখতে দাও)

**Structure-05:** Let's/Let us+ v1+ extension. যেমন:
Let's swim. (চলো সাঁতার কাটি)
Let's do the work. (চলো কাজটি করি)
Let's help the poor man. (চলো গরীব মানুষটিকে সাহায্য করি)

[**N.B:** Let us এর সংক্ষিপ্ত রূপ Let's]

## 4. Optative Sentence:

যে Sentence দ্বারা মনের ইচ্ছা, প্রার্থনা বা অভিশাপ প্রকাশ পায় তাকে Optative Sentence বলে। (The sentence that expresses wish, prayer, blessing that's called optative sentence)

**Structure-1:** May+ subject+ verb এর base form + object+ extension.
May Bangladesh prosper day by day. (বাংলাদেশ দিন দিন সমৃদ্ধ হোক)
May Allah give her Jannah. (আল্লাহ তাকে জান্নাত দান করুন)

May you be happy. (তুমি সুখী হও)
May your parents live long. (তোমার পিতা-মাতা দীর্ঘজীবি হোক)
May you succeed. (তুমি সফল হও)
God bless you. (সৃষ্টিকর্তা তোমার মঙ্গল করুক) [এখানে May উহ্য আছে]

**Structure-2:** Have/+Extension
Have a sound sleep. (তোমার নিদ্রা ভালো হোক)
Have a nice trip. (তোমার ভ্রমণ শুভ হোক)
Have a good day. (তোমার দিনটি ভালো কাটুক)
Have a safe journey. (তোমার ভ্রমণ শুভ হোক)

**Structure-3:** Long live+ noun.
Long live Bangladesh. Long live your father.

## 5. Exclamatory Sentence:

**যে Sentence দ্বারা মনের আবেগ, আনন্দ, দুঃখ, বিস্ময় ইত্যাদি প্রকাশ পায় তাকে Exclamatory Sentence বলে।**

(The sentence that expresses the feeling, joy, sorrow, surprise etc called exclamatory sentence)

**Structure-01:** What a/an+ adjective + noun+ subject+ verb+ ! যেমনঃ What a nice car it is! (কি সুন্দর গাড়ি!)
What a beautiful bird it is ! (কি সুন্দর পাখি!)
What a splendid scenery it is! (কি সুন্দর দৃশ্য !)
What a big leader he is! (কত বড় নেতা সে!)

**Structure-02:** How+ adjective+ subject+ verb+ !
যেমনঃ How hot the day is! (দিনটি এত গরম!)
How tired you are! (কতটা ক্লান্ত তুমি! )

**Structure-03:** Exclamatory word+!+ subject+ verb+ extension.

**For example:**
Hurrah! Bangladesh won the match. (হুররে! বাংলাদেশ ম্যাচ জিতেছে)
Alas! I failed the exam. (হায়! আমি পরীক্ষায় ফেল করেছি)
Oh! I lost my wallet. (ওহ! আমার মানি ব্যাগ হারিয়ে ফেলেছি)
Hush! Baby is sleeping. (চুপ! বাচ্চা ঘুমাচ্ছে)
Wow! The food is very delicious. (উমমম! খাবারটি খুবই সুস্বাদু)

[লক্ষণীয়:] Hurrah!, Alas!, Oh!, Ah! Eureka! Amazing! What! How! Wow! Awesome! Bravo! Ouch! Unbelievable! ইত্যাদি শব্দগুলো বাক্যের শুরুতে Exclamatory word হিসেবে ব্যবহৃত হয়।

**Structure-04:** Had+ Assertive Sentence+!. যেমন:
Had I been a cricketer! (যদি আমি ক্রিকেটার হতাম!)
Had I had a motorcycle! (আমার যদি একটি মোটরগাড়ি থাকতো!)
Had my father had lot of money! (যদি আমার বাবার অনেক টাকা থাকতো!)

**Structure-05:** Would that+ Assertive Sentence+!.
Would that I were a singer! (যদি আমি একজন গায়ক হতাম!)
Would that you were a dancer! (যদি তুমি একজন নৃত্যশিল্পী হতে!)

**Structure-06:** If+Assertive Sentence+!.
If I were a prime minister! (যদি আমি প্রধানমন্ত্রী হতাম!)
If he were a teacher! (যদি সে একজন শিক্ষক হতো!)
If they were hard workers! (যদি তারা কঠোর পরিশ্রমী হতো!)
If you were honest! (যদি তুমি সৎ হতে!)

[**Homework:** Sentence তৈরীর প্রত্যেকটি structure দিয়ে কমপক্ষে ১০ টি বাক্য বানাতে হবে এবং বারবার চর্চা করতে হবে।

## Now it's your turn

Identify the different kinds of sentences from the given text.

1. How beautiful a street is in winter!
2. What are you doing?
3. Please wait for me till I return.
4. Hurrah! I have won the prize.
5. Be attentive and listen to her lecture.
6. Does she mind taking coffee?
7. The hero does not like wine.
8. I could not catch the bus.
9. How sweetly the singer sings!
10. We saw him go to Cinema hall.
11. Always obey your parents.
12. Why are you crying?
13. I want to eat the fish fry.
14. Always speak the truth.
15. What a beautiful bird it is!
16. Please wait for me.
17. We saw him go there.
18. May I help you?
19. May you live long?
20. I could not catch the train.
21. Hurrah! I have passed.
22. If I were a king.
23. Long live Bangladesh.

# Chapter # 10: Sentence According to structure

গঠন অনুসারে **Sentence** চার প্রকার। যথা:

1. Simple Sentence.
2. Complex Sentence.
3. Compound Sentence.
4. Compound – Complex Sentence.

❑ **Simple Sentence**: যে sentence-এ একটি মাত্র subject ও একটি মাত্র সমাপিকা ক্রিয়া (Finite verb) থাকে তাকে simple sentence (সরল বাক্য) বলে। (The sentence which has one subject and one finite verb is called simple sentence).

**[লক্ষণীয়: Finite verb চিনতে এই বইয়ের verb lesson টি দেখুন]**

Simple sentence চেনার উপায়:

(১) একটি মাত্র subject থাকবে।

(২) একটি মাত্র finite verb থাকবে।

*She **is** listening song. (সে গান শুনছে)।

উপরিউক্ত বাক্যটিতে একটি মাত্র subject She এবং একটি মাত্র finite verb- is listening আছে। তাই এটি একটি Simple Sentence.

**Example:**

Rabbi has no concentration in studies.
(রাব্বির পড়াশোনায় কোন মনোযোগ নাই)

They have done the work. (তারা কাজটি করেছে)

She went to school. (সে স্কুলে গিয়েছিলো)

Maruf goes to market with his father. (মারুফ তার বাবার সাথে বাজারে যায়)

I have completed graduation from Dhaka University.
(আমি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্পন্ন করেছি)

You and I are close friends. (তুমি এবং আমি দুজন ঘনিষ্ঠ বন্ধু)

লক্ষণীয়ঃ

**(1)** Because of, In spite of, despite, owing to, too---to, enough----to, এবং present participle form এর being, having, without+$v_1$+ing, by+$v_1$+ing, verb+ing ইত্যাদি যুক্ত বাক্যগুলোও simple sentence হয়। ]

**Example:**

They never made much money, in spite of having their success
(তাদের সাফল্য থাকা সত্ত্বেও, তারা কখনই বেশি উপার্জন করে নাই)
Despite having a headache, I had a great birthday
(মাথাব্যাথা থাকা সত্ত্বেও আমার জন্মদিন দারুণ ছিল)

**(2)** By/without/besides+(verb+ing) বাক্যও simple sentence হতে পারে।

**Example:**

Besides studying, he is involving in freelancing.
(পড়াশোনা ছাড়াও উনি ফ্রিল্যান্সিং এর সাথে যুক্ত).
He has a business besides job. (চাকুরী ছাড়াও তার একটা ব্যবসা আছে)

❑ **Complex Sentence:** যে sentence এ একটি প্রধান/পূর্ণাঙ্গ principal clause থাকে এবং এক বা একাধিক নির্ভরশীল sub-ordinate clause থাকে তাকে complex sentence (জটিল বাক্য) বলে। (The sentence which has one principal clause and one or more sub-ordinate clause is called Complex sentence)

**[বি.দ্রঃ clause চিনতে phrase & clause লেসনটি টি পড়ুন]**

**Complex Sentence চেনার উপায়ঃ**

১) একটি principal clause থাকবে।

২) এক বা একাধিক sub-ordinate clause থাকবে।

**Example:**

I saw a beautiful bird **which** was flying on the sky.
principle clause subordinate clause

(আমি একটি সুন্দর পাখি দেখেছিলাম যেটি আকাশে উড়ছিলো)

এখানে I saw a beautiful bird একটি পূর্ণাঙ্গ বাক্য (principal clause) এবং which was flying on the sky একটি অপূর্ণাঙ্গ বাক্য যেটি principal clause এর উপর নির্ভরশীল বা sub-ordinate clause. সুতরাং শর্তানুযায়ী এটি একটি complex sentence.

What, which, whose, whom, who, that, before, after, although, though, as, as if, since, for, because, when, while, where, how, so that, till, until, that, so that, in order, lest, unless, in case ইত্যাদি দ্বারা একাধিক clause যুক্ত থাকে। যেমনঃ

I didn't lend him money as his exchange was not so good.
(আমি তাকে টাকা ধার দেই নাই যেহেতু তার লেনদেন বেশি ভাল না)

I will go to meet him after he took lunch.
(আমি দুপুরের খাবারের পর তার সাথে দেখা করতে যাবো).

I saw a splendid horse which was running on the road.
(আমি একটি চমৎকার ঘোড়া দেখছিলাম যেটি রাস্তা দিয়ে দৌড়াচ্ছিলো)

I had arrived the college before the exam started.
(পরীক্ষা শুরু হবার আগেই আমি কলেজে পৌঁছেছিলাম)

He is good at English better than I. (সে আমার চেয়ে ইংলিশে অনেক ভালো)

Sami wouldn't attend get together unless you come.
(সামি গেট টু গ্যাদারে আসবেনা যদিনা তুমি আসো)

My brother brought a t-shirt for me when he came home.
(আমার ভাইয়া বাড়ি আসার সময় আমার জন্য একটি টি-শার্ট এনেছিলো)

When I was walking on the road, he was talking with his friend. (আমি যখন রাস্তা দিয়ে হাটছিলাম তখন সে তার বন্ধুর সাথে কথা বলছিলো)

❑ **<u>Compound Sentence:</u>** যে sentence এ একাধিক principal clause থাকে যাকে co-ordinate clause ও বলা হয়, সেরূপ sentence কে Compound sentence বলে।
(The sentence which has two or more co-ordinate clause is called compound sentence)

<u>সহজে চেনার উপায়:</u>
(i) একাধিক principal clause থাকে।

**Structure:**
(ii) But, and, or, therefore, so, yet, or else, otherwise, hence, not only---but also, either…or, neither…nor, both---and, either----or, neither---nor ইত্যাদি দ্বারা সাধারণত একাধিক clause যুক্ত থাকে।

**<u>Example:</u>**
I forbade him <u>but</u> he didn't care me.
(আমি তাকে নিষেধ করেছিলাম কিন্তু সে আমার কথা কানেই তোলে নি)
I am sick <u>so</u>, I cannot talk loudly.
(আমি অসুস্থ তাই জোরে কথা বলতে পারছিনা)
I was ill <u>so</u> I could not go to school.
(আমি অসুস্থ ছিলাম তাই স্কুলে যেতে পারি নাই)
She was very busy, <u>yet</u> she didn't miss any single live class.
(সে খুবই ব্যস্ত ছিলো তারপরও একটি লাইভ ক্লাস মিস করে নাই)
Do or die. (কর অথবা মর)
I went there and found them fighting.
(আমি সেখানে গিয়েছিলাম এবং তাদের মারামারি অবস্থায় পাই)
You can either come with me now <u>or</u> walk home.
(আপনি/তুমি হয় এখন আমার সাথে আসতে পারেন/পারো অথবা হেঁটে বাড়িতে আসতে পারেন/পারো)
Neither Rana nor his wife is very happy. (রানা বা তার স্ত্রী কেউই খুব খুশি নয়)

- **Compound-Complex:** যখন একটি Complex Sentence এর সাথে and/but/or ইত্যাদি Coordinate Conjunction দ্বারা একটি Independent Clause যুক্ত থাকে তখন উক্ত বাক্যটিকে Compound – Complex Sentence বলে।

**Example:**

a) If she came, I would go and we might chat them.
b) When she phoned me, I received instantly but we could not talk.

## Exercises

**Identify the different kinds of sentences from the given text.**

1. *If you read more, you can learn.*
2. *She worked hard so that she could prosper in life.*
3. *The door was opened and he stepped in.*
4. *Walk fast lest you should miss the train.*
5. *I do not know his name.*
6. *Work hard to prosper in life.*
7. *We read in order to learn.*
8. *When he found me, he acted crazy.*
9. *The sun having set, we return home.*
10. *He is poor but honest.*

# Chapter # 11: Parts of Speech

Parts শব্দের অর্থ অংশসমূহ এবং Speech শব্দের অর্থ বাক্য অর্থাৎ Parts of Speech শব্দের অর্থ হলো বাক্যের অংশ। বাক্যের অন্তর্গত প্রতিটি অর্থপূর্ণ শব্দকে Parts of Speech বলে।

ইংরেজী ভাষায় একটি Sentence এ ব্যবহৃত প্রতিটি word ই ভিন্ন ভিন্ন কাজ সম্পন্ন করে থাকে। এ কাজের ধরণ অনুযায়ী Sentence এ ব্যবহৃত word গুলোকে ভিন্ন ভিন্ন শ্রেণীতে ভাগ করা হয়।

চলুন, একটি উদাহরণের মাধ্যমে বিভিন্ন প্রকার Parts of Speech নেওয়া যাক-

Hurrah! The boy ran swiftly to the stage and he received the prize from the honourable principal.

এখানে, Hurrah, boy, ran, swiftly, to, stage, and, he, honourable- এ শব্দগুলো ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করে। যেমন-
এখানে, the হচ্ছে Adj. তাই এটি Noun এর পূর্বে বসেছে। Principal এবং Prize হচ্ছে Noun।

a) 'Boy' দ্বারা সকল বালকের সাধারণ নাম এবং stage দ্বারা বস্তু বুঝানো হয়েছে। তাই এইগুলো Noun.
b) Boy এর পরিবর্তে 'he' বসানো হয়েছে। তাই এটি Pronoun.
c) 'Honourable' শব্দটি গুণ অর্থে ব্যবহৃত হয়েছে। তাই এটি Adjective.
d) 'Ran' দ্বারা কাজ বুঝায়। তাই এটি Verb.
e) 'Swiftly' শব্দটি, কাজটি কিভাবে করা হয়েছে তা বুঝায়। তাই তা Adverb.
f) 'To' শব্দটি একটি Preposition. কেননা তা 'stage' Noun এর পূর্বে বসে Sentence এর অন্যান্য শব্দের সাথে সম্পর্ক স্থাপন করেছে।
g) 'And' হচ্ছে Conjunction. কারণ এটি Sentence এর দুইটি অংশকে সংযোগ করেছে।
h) 'Hurrah' শব্দটি দ্বারা মনের আকস্মিক আবেগ প্রকাশ পেয়েছে। তাই তা একটি Interjection.

ইংরেজীতে **Parts of Speech** আট প্রকার। যথাঃ

01. Noun (বিশেষ্য) [naming word]
02. Pronoun (সর্বনাম) [Substituting Word]

03. Adjective (বিশেষণ) [Qualifying Word]
04. Verb (ক্রিয়া) [Doing Word]
05. Adverb (ক্রিয়া বিশেষণ) [Modifying Word]
06. Preposition (পদান্বয়ী অব্যয়) [Showing how thing relate to each other]
07. Conjunction (সংযোজক অব্যয়) [Joining Word]
08. Interjection (আবেগসূচক অব্যয়) [Express Strong, Emotion and Feeling]

## Identification: At a glance

❖ **Noun:** কোন word এর শেষে সাধারণত ce, cy, th, tion, ance,ty, th, ry, ence, sion, ment, ness, hood, dom, ship, age, cide, or/er থাকলে Noun হয়। যেমন: Advice, Agency, Growth, Poverty, Kindness, Freedom, Brotherhood, Marriage, Anxiety, Slavery, Attendance ইত্যাদি।

❖ **Adjective:** কোন word এর শেষে সাধারণ ous, sive, tive, ful, ish, like, less, some, ic, ant, ent, ible, able, ing, al, ary, ed, nounthy, noun+al, noun+y থাকলে Adjective হয়। যেমন: Continuous, Explosive, Creative, Beautiful, Childish, Childlike, Motionless ইত্যাদি।

❖ **Verb:** সাধারণত কিছু Word এর শেষে ify, se, ze, ise, ize এবং কিছু word এর প্রথমে em, en, de, re থাকলে Verb হয়। যেমনঃ Glorify, Realize, Empower, Embody, Enable, Ensure, Renew, Deform.

❖ **Adverb:** সাধারণত Adverb এর শেষে ly থাকে। আবার, Adjective+ ly হলে Adverb হয়। যেমন: Slowly, Randomly, Perfectly, Freely.

## Exercises: Identify the Parts of Speech

*Advice, Beautiful, Propitious, Verify, Quickly, Homely, Frequency, Poverty, Diplomatic, Quite, Differentiate, Empower, Neutral, Freedom, Careless, Growth, Believable, Very, Idolize, Wisely.*

# Chapter # 12: Noun (বিশেষ্য)

যে Word দ্বারা কোন ব্যক্তি, জাতি, কাল, ভাব, সমষ্টি, স্থান বা বস্তু, কর্মের নাম বোঝায় তাকে Noun বলে। যেমনঃ- Dhaka (একটি স্থানের নাম), Honesty (একটি গুণের নাম), Rana (একজন ব্যক্তির নাম) Man, Coin, Butter, Flute, Simulation, Undertaken, Jealousy, Mobile, Bank, Management ইত্যাদি। The short description of noun is naming word।

Ratul wants to be a doctor. (রাতুল একজন ডাক্তার হতে চায়)
Dhaka is a crowded city. (ঢাকা একটি জনাকীর্ণ শহর)
Honesty is the best policy. (সততাই সর্বোৎকৃষ্ট পন্থা)
The poor always honour the rich. (দরিদ্ররা সবসময় ধনীদের সম্মান করে)

**ইংরেজি বাক্যে Noun এর ব্যবহার-**

1. Noun- verb এর subject হিসেবে বসে।
2. Noun- verb এর object হিসেবে বসে।
3. Noun- preposition এর পরে বসে।
4. Noun- complement হিসেবে বসে।
5. Noun- determiner এর পরে বসে।
6. Noun- Apposition হিসেবে বসে।
7. দুটি Preposition এর মাঝে - in order to, by dint of.

## 1. Verb এর পূর্বে Subject হিসেবে Noun বসে :

Structure: sub+verb-----
**Raju** goes to school. (রাজু স্কুলে যায়)
**Corruption** obstructs our development.
(দূর্নীতি আমাদের উন্নয়নকে বাধাগ্রস্থ করে)
**Swimming** is very interesting. (সাঁতার খুই আকর্ষণীয়)
**Rony** always speaks the truth. (রাজু সবসময় সত্যি বলে)
**Dhaka** is a big city. (ঢাকা বড় শহর)

উপরোক্ত, Sentence তিনটিতে Raju, Corruption, Swimming, Rony, Dhaka Noun পাঁচটি যথাক্রমে goes, obstructs, is- verb পাঁচটির subject হিসেবে বসেছে।

## 2. Verb এর পরে object হিসেবে Noun বসেঃ

subject+verb+object (noun)
I study Art. (আমি আর্টস নিয়ে পড়াশোনা করি)
I helped **Feroz**. (আমি ফিরোজকে সাহায্য করেছিলাম)
We love **Rubel** for his behavior.
(আমরা রুবেলকে তার আচরণের জন্য ভালবাসি)
I have Akash clean the floor.

উপরোক্ত, Sentence- চারটিতে Laptop, Feroz, Rubel, Akash - noun চারটি যথাক্রমে bought, helped, এবং love, have- verb চারটির object হিসেবে বসেছে।

## 3. Preposition এর পরে Noun বসেঃ

I am talking to **Siam**. (আমি সিয়ামের সাথে কথা বলছি)
He has completed graduation in **English**.
(সে ইংরেজিতে স্নাতক সম্পন্ন করেছে)
It needs to be done with **care**. (এটা যত্নের সাথে করা প্রয়োজন)
Sumona was fond of **Chicken**.(সুমনা চিকেনের ভক্ত ছিল)
উপরোক্ত, sentence চারটিতে Siam, English, Chicken, Care- noun চারটি যথাক্রমে with, in, of এবং with- Prepositon চারটির পরে বসেছে।

**[N.B:** Preposition এর পরে একটি মাত্র Word থাকলে সেটি Noun হয়।

## 4. Complement হিসেবে Noun এর ব্যবহারঃ

Boss selected me **Manager**. (বস আমাকে ম্যানেজার নির্বাচিত করেছিল)
We called him **Joker**. (আমরা তাকে জোকার ডাকতাম)
They called Saikot **Captain**. (তারা সৈকতকে অধিনায়ক ডাকতো)

উপরোক্ত, Manager, Joker, Captain- Noun ৩টি যথাক্রমে Me, Him, Captain এর Complement হিসেবে বসেছে। এদেরকে double object ও বলা হয়।

### 5. Determiners এর পরে Noun বসেঃ

This is my **pen**. (এটা আমার কলম)
Both My **brother** and **sister** are married.
(আমার ভাই এবং বোন উভয়ই বিবাহিত)
This is our **restaurant** where we spent many moments.

(এটা আমাদের রেস্টুরেন্ট যেখানে আমরা অনেক সময় কাটিয়েছি)
I walked for a **while**. (আমি কিছুক্ষণ হেঁটেছিলাম)
We had some **Books**. (আমাদের কিছু বই ছিল)

উপরোক্ত, sentence ছয়টিতে pen, brother, sister, restaurant, while এবং books -noun ছয়টি যথাক্রমে my, a, some এবং our- determiners এর পরে বসেছে।

**[N.B: determiner চিনতে এই বইয়ের determiner লেসনটি পড়ুন। Article ও এ প্রকার determiner ।]**

### 6. Apposition হিসেবেঃ

Our English teacher, Mr. Mahmub, is very skillful.
(আমাদের ইংরেজি শিক্ষক জনাব মাহবুব খুবই দক্ষ)
Gateway to North Bengal, Sirajganj, is my home district.
(উত্তরবঙ্গের প্রবেশদ্বার সিরাজগঞ্জ আমার জন্মস্থান)

উপরোক্ত, Mr. Mahbub ও Sirajganj- Noun দুটি Appostion হিসেবে বসেছে।

### ❖ Noun এর প্রকারভেদঃ ইংরেজিতে Noun প্রধানত ২ প্রকার।

1. Concrete Noun
2. Abstract Noun

### 1. Concrete Noun:

যে noun এর বাহ্যিক আকার-আকৃতি আছে, যাকে ধরা-ছোঁয়া যায় এবং উপলব্ধি করা যায় তাকে concrete noun **বলে। যেমনঃ**
Mina, Boy, Girl, Book, Meghna, Cow, Flower, Vegetable, Bank, Man ইত্যাদি।

Concrete Noun কে আবার চার ভাগে ভাগ করা হয়। যথা-

**Concrete Noun**

Proper Noun | Common Noun | Collective Noun | Material Noun

(a) **<u>Proper Noun:</u>** যে Noun দ্বারা কোন ব্যক্তি, বস্তু, স্থান, নদী প্রভৃতির নির্দিষ্ট নাম বুঝায় তাকে Proper Noun বলে।

<u>Nashmi</u> goes to school regularly. (নাশমি নিয়মিত স্কুলে যায়)

<u>Dhaka</u> is the capital of Bangladesh. (ঢাকা বাংলাদেশের রাজধানী)

Saiful wrote English Therapy Book. (সাইফুল ইংলিশ থেরাপি বই লিখেছেন)

I study at Dhaka University. (আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ি)

উপরোক্ত, বাক্য দুটিতে Nashmi একটি নির্দিষ্ট ব্যক্তির নাম এবং Dhaka একটি নির্দিষ্ট জায়গার নাম, Saiful ব্যক্তির নাম, English Therapy বইয়ের নাম, Dhaka University বিশ্ববিদ্যালয়ের নাম তাই এইগুলো Proper Noun.

<u>মনে রাখিঃ</u>

(i) Proper Noun Singular এবং কিছু কিছু ক্ষেত্রে Plural হয়।

(ii) Proper Noun এর আগে Article বসে না।(কিন্তু কিছু কিছু ক্ষেত্রে The বসে) যেমনঃ নদী, সাগর, পর্বতমালা, সংবাদপত্র, ধর্মগ্রন্থ, জাহাজ, দ্বীপপুঞ্জ বিখ্যাত ব্যক্তি, দেশের নাম, স্থানের নাম, থিয়েটারের, ক্লাব, পত্রিকা, সিনেমা ইত্যাদি। যেমনঃ The Netherlands, The Indian Ocean, The Padma, The English Channel, The Quran, The Central Library etc । ব্যতিক্রমঃ Mount Everest, Long Island ।

(iii) Proper Noun সর্বদা Capital letter এর হয়।

## Examples

Lalmonirhat is a border district of Bangladesh.
(লালমনিরহাট বাংলাদেশের একটি সীমান্তবর্তী জেলা)

Selim is a poor boy. (সেলিম একজন গরীব ছেলে)

Bangladesh is the most populous country.
(বাংলাদেশ একটি জনবহুল দেশ)

The Jamuna is a big river. (যমুনা একটি বড় নদী)

Friday is our holiday. (শুক্রবার আমাদের ছুটির দিন)

(b) **Common Noun:** একই জাতীয় ব্যক্তি বা বস্তুর সাধারণ নামকে Common Noun বলে। Pupil, Mouth, Infant, River, City, Girl, Boy, Elephant, Woman, Man.

Salman Shah is our immortal hero. (সালমান শাহ আমাদের অমর নায়ক)

No one loves child as like as mother.
(মায়ের মত কেউই সন্তানকে ভালবাসে না)

I recognized your voice at once. (আমি সঙ্গে সঙ্গেই আপনার কণ্ঠস্বর চিনতে পেরেছিলাম)

The elephant has great strength. (হাতির অনেক শক্তি আছে)

উপরোক্ত, প্রথম বাক্যটিতে Salman Shah একজন ব্যক্তির নাম যেটি proper noun কিন্তু 'hero' শব্দটি পৃথিবীর সমস্ত নায়কের সাধারণ নাম, তাই hero শব্দটি Common। অনুরূপভাবে 'mother' শব্দটি পৃথিবীর সমস্ত মায়ের সাধারণ নাম হিসেবে ব্যবহৃত হয়। Elephant দিয়ে সকল হাতির নামকে বুঝায়, Voice কে Plural করা যায় এবং এর পূর্বে Your রয়েছে তাই এইগুলো Common Noun.

**মনে রাখিঃ**

(i) Common Noun- Singular ও Plural উভয়ই হতে পারে।

(ii) Common Noun Singular হলে সর্বদা determiner সহ বসে।
অনির্দিষ্ট বুঝালে A / An বসে (Any) এর অর্থে নির্দিষ্ট বুঝালে The বসে।

## Examples

The rose is a beautiful flower. (গোলাপ একটি সুন্দর ফুল)

The Meghna is the biggest river of Bangladesh.
(মেঘনা বাংলাদেশের বৃহত্তম নদী)

Kazi Nazrul Islam is our national poet.
(কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি)

The cow is a useful animal. (গরু একটি উপকারী প্রাণী)

উপরোক্ত, Flower, River, Poet এবং Cow Common noun এর উদাহরণ।

**Proper Noun এবং Common Noun এর কিছু উদাহরণ:**

| **Proper noun** | **Common Noun** |
|---|---|
| Kazi Nazrul Islam | Poet (কবি) |
| Rose, Lotus | Flower (ফুল) |
| Earth, Moon, Sun | Planet (গ্রহ) |
| Shirt, Sharee, Lungi | Dress (পোশাক) |
| Rahim, Karim, Rafiq | Man (মানুষ) |

** Man দ্বারা মানবজাতি এবং Woman দ্বারা নারী জাতিকে বুঝালে এদের পূর্বে Article বসে না। যেমন:
Woman is fond of sweet. (নারী / মেয়ে মিষ্টি পছন্দ করেন)

** Common Noun Plural হলে Article বসে না যদি এটি অনির্দিষ্ট করে বলে, আর নির্দিষ্ট করে বললে The বসে। যেমন:
Tigers are dangerous animals. (বাঘ বিপদজ্জনক প্রাণী)
The students of the class are brilliant. (ক্লাসের শিক্ষার্থীরা মেধাবী)

** একটি Common Noun যদি ২ বার ১টি dialogue এ ব্যবহার করা হয় তাহলে দ্বিতীয়টির জন্য The বসে। যেমন: I met a boy, The boy was talking to Mina.

** Adj. এর পূর্বে The বসলে সেটি Plural Common Noun হবে। যেমন:
The poor are always happy.
Noun Plural তাই Verb Plural হয়েছে।

(c) **<u>Collective Noun:</u>** একই জাতীয় কোন ব্যক্তি বা বস্তুকে আলাদাভাবে না বুঝিয়ে যখন সমষ্টি আকারে বুঝায় তখন তাকে Collective Noun বলে। যেমন:

Tamim Iqbal plays in the Bangladesh cricket <u>team</u>.
(তামিম ইকবাল বাংলাদেশ ক্রিকেট দলে খেলে)
I live in a nuclear <u>family</u>. (আমি একক পরিবারে বাস করি)
Rakib Joined the <u>army</u>. (রাকিব সেনাবাহিনীতে যোগ দেন)

উপরোক্ত, বাক্য দুটি লক্ষ্য করি, আমরা জানি কয়েকজন খেলোয়াড়ের সমন্বয়ে একটি team গঠিত হয়। তেমনি একের অধিক সদস্য নিয়ে একটি family গঠিত হয়। তাই এইগুলো collective noun.

**<u>List of some Collective Nouns:</u>** Army (সৈন্যদল), audience (শ্রোতামণ্ডলী) , band (দল), brood (পশুর পাল), bunch (গুচ্ছ, তোড়া, আঁটি), class (শ্রেণী), committee (সমিতি, সভা, পরিষদ), crew (একত্রে কোন কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ), crowd (মানুষের ভিড়), flock (পাখির ঝাঁক), gang (শ্রমিক, নাবিক বা ডাকাতের দল), group (দল, ঝাঁক, পাল), heap (গাদা), horde (দল), team (দল), Mass (সাধারণ লোক), Cluster (গুচ্ছ), Gang (দল), Peasantry (কৃষককুল), Majority (অধিকাংশ), Audience (শ্রোতামন্ডলী), Party (দল), Navy (নৌবাহিনী), Board (সংঘ), Infantry (পদাতিক সৈনিক)ইত্যাদি।

**<u>মনে রাখি:</u>**

(i) Collective Noun বাক্যের Subject হলে verb সাধারণত singular / plural হতে পারে (British English)।
(ii) Collective Noun সর্বদা Neuter Gender হয়।
(iii) Collective Noun এর সাথে s/es যোগ করে plural করা যায়না।
(iv) Collective Noun মানেই 'অবিভক্ত সমষ্টি' কে বুঝায়।

**<u>More Examples</u>**

<u>The caste</u> **is** practicing its lines.
(সম্প্রদায়/গোত্রটি তাদের ধর্মীয় অনুষ্ঠান পালন করছে)

The class **has** met and come to its decisions.
(শ্রেণীকক্ষের মেম্বারগুলো একত্রে মিলিত হয়েছে এবং একটা সিদ্ধান্তে আসছে)
The government **has** taken a decision in this matter.
(সরকার এই বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে)
The jury is at one in its opinion. (জুড়ি তার মতামতে এক হয়)
The family are loving. (পরিবারটি প্রেমময়)
A flock of birds **is** flying. (এক ঝাঁক পাখি উড়ছে)
A gang of robbers **has** come here. (একদল ডাকাত এখানে এসেছে)

---

**আরো একটি Noun সম্পর্কে আমাদের জানা প্রয়োজন। তাহলো 'Noun of Multitude'**

---

- **Noun of Multitude:** Collective Noun যখন single unit (অর্থাৎ একইমত, একই ধারণা বা একই কাজ) না বুঝিয়ে, divided unit (অর্থাৎ ভিন্নমত, ভিন্ন ধারণা বা ভিন্ন কাজ) বুঝায় তখন উক্ত Noun টিকে Collective Noun না বলে Noun of Multitude বলা হয়।

**এক্ষেত্রে Noun of Multitude এর পরিবর্তে ব্যবহৃত Pronoun টি এবং Verb টি Plural হয়।**

**Example:**
The committee are divided in their decisions.
(কমিটি তাদের সিদ্ধান্তে বিভক্ত)
The class are divided into two sections.
(ক্লাসটি দুইভাগে বিভক্ত)
The army are scattered in the battle field.
(সেনাবাহিনী যুদ্ধক্ষেত্রে ছড়িয়ে ছিটিয়ে আছে)

➢ তবে Modern English এ অনেক ক্ষেত্রে বাক্যের অর্থ বেশি Natural বুঝাতে Noun of Multitude এর সাথে 'members/ the members of' অংশটি যুক্ত করে দেওয়া হয়। যেমন:
The caste members **have** been practicing their lines.
The staff members **disagree** on the proposal.

**(d) Material Noun:** যে noun কে গণনা করা যায় না কিন্তু ওজন বা পরিমাপ করা যায় তাকে material noun বলে। যেমন: Paper, Ink, Gold, Mutton, Milk, Salt, Diamond, Tea, Oil, Butter.
This neckless is made of gold. (এই কণ্ঠহারটি সোনার তৈরী)
Water has no color. (পানির কোন রং নাই)
Bengali can't live without taking rice.
(বাঙ্গালি ভাত ছাড়া থাকতে পারেনা)
Sugar is sweet. (চিনি মিষ্টি)

উপরোক্ত, বাক্য চারটি লক্ষ্য করি, এখানে gold, water এবং rice এবং sugar গণনা করা যায় না। যা পরিমাপ করতে হয়। তাই এই noun চারটি কে material noun বলে।

** Material Noun থেকে যে Noun তৈরি করা হয় তাকে Common Noun বলে। যেমন: Neckless

## 2. Abstract Noun:

যে Noun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ, অবস্থা বা কার্যের নাম প্রকাশ করে তাকে Abstract Noun বলে। যা দেখা বা স্পর্শ করা যায়না, শুধু উপলব্ধি বা অনুমান করা যায় পঞ্চইন্দ্রিয় এর মাধ্যমে। যেমন: Beauty, Confidence, Time, Information, Arabic, English, Grammar, Dew, Fog, Study, History, Chess.
Honesty is the best policy. (সততাই সর্বোৎকৃষ্ট পন্থা)
Kindness is a great virtue. (দয়া একটি মহৎ গুণ)

উপরোক্ত, বাক্য দুটিতে Honesty এবং Kindness এই noun দুটি লক্ষ্য করি। আমরা জানি, Honesty এবং Kindness, noun দুটি কোন ব্যক্তি বা

বস্তুর গুণকে বুঝায়। যার কোন আকার আকৃতি বা যাকে স্পর্শ বা ছোঁয়া যায় না। শুধু উপলব্ধি করতে হয়। তাই এই noun দুটি Abstract noun.

**More Example**

Charity begins at home.

He always shows heroism before us.

---

[N.B: Abstract noun এর শেষে সাধারণত ment, ness, hood, tion, ship, dom, ism, ty, th, cy, ce, ry ইত্যাদি থাকে। এইগুলো এই Noun চেনারও একটি কৌশল। যেমনঃ development, friendship, childhood, agency, heroism, slavery, robbery, importance ইত্যাদি।]

---

**বোঝার সুবিধার্থে নিম্নে** Common Noun, Adjective, Verb **থেকে** Abstract Noun **গঠন করার কিছু উদাহরণ দেওয়া হলোঃ**

## Formation of Abstract Nouns

| Common Noun | অর্থ | Abstract Noun | অর্থ |
|---|---|---|---|
| Friend | বন্ধু | Friendship | বন্ধুত্ব |
| Hero | বীর | Heroism | বীরত্ব |
| Child | শিশু | Childhood | শৈশব |
| Father | পিতা | Fatherhood | পিতৃত্ব |
| Robber | ডাকাত | Robbery | ডাকাতি |
| Slave | ক্রীতদাস | Slavery | দাসত্ব |
| Boy | বালক | Boyhood | বাল্যকাল |
| Man | মানুষ | Manhood | পুরুষত্ব |
| Mother | মা | Motherhood | মাতৃত্ব |
| Agent | প্রতিনিধি | Agency | সংস্থা |
| Owner | মালিক | Ownership | মালিকানা |

| Adjective | | Abstract Noun | |
|---|---|---|---|
| Dark | অন্ধকার | Darkness | অন্ধকার |
| Cold | ঠান্ডা | Coldness | ঠান্ডাভাব |
| Bitter | তিক্ত | Bitterness | তিক্ততা |
| Honest | সৎ | Honesty | সততা |
| Humble | নম্র | Humility | নম্রতা |
| Long | দীর্ঘ | Length | লম্বা |
| Deep | গভীর | Depth | গভীরতা |
| True | সত্য | Truth | সত্যতা |
| Young | তরুণ | Youth | যৌবন |
| Just | মাত্র | Justice | বিচার |
| Hot | গরম | Heat | তাপ |
| High | উচুঁ | Height | উচ্চতা |
| Poor | দরিদ্র | Poorness/ poverty | দরিদ্রতা |
| Free | স্বাধীন | Freedom | স্বাধীনতা |
| Boy | ছেলে | Boyhood | ছেলেবেলা |
| Wise | জ্ঞানী | Wisdom | জ্ঞান |
| Curious | কৌতুহলী | Curiosity | কৌতুহল |
| Civil | বেসামরিক | Civility | ভদ্রতা |
| Clear | পরিষ্কার | Clarity | স্বচ্ছতা |
| Familiar | পরিচিত | Familiarity | পরিচিতি |
| Pure | বিশুদ্ধ | Purity | বিশুদ্ধতা |
| Sure | নিশ্চিত | Surety | নিশ্চিয়তা |
| Private | ব্যক্তিগত | Privately | ব্যক্তিগতভাবে |
| Brave | সাহসী | Bravery | সাহসিকতা |
| Short | সংক্ষিপ্ত | Shortness | সংক্ষিপ্ততা |

| Happy | খুশি | Happiness | সুখ |
|---|---|---|---|
| Able | সক্ষম | Ability | ক্ষমতা |
| Aware | সচেতন | Awareness | সচেতনতা |
| Simple | সরল | Simplicity | সরলতা |
| Adult | প্রাপ্তবয়স্ক | Adulthood | প্রাপ্তবয়স্কতা |

| Verb | | Abstract Noun | |
|---|---|---|---|
| Advise | পরামর্শ দেয়া | Advice | পরামর্শ |
| Sit | বসা | Seat | আসন |
| Think | চিন্তা করা | Thought | চিন্তা |
| See | দেখা | Sight | দৃশ্য |
| Defend | রক্ষা করা | Defense | প্রতিরক্ষা |
| Hate | ঘৃণা করা | Hatred | ঘৃণা |
| Choose | পছন্দ করা | Choice | পছন্দ |
| Live | বেঁচে থাকা | Life | জীবন |
| Move | চলাচল করা | Motion | গতি |
| Obey | মেনে চলা | Obedience | আনুগত্য |
| Protect | রক্ষা করা | Protection | সুরক্ষা |
| Please | আনন্দদান করা | Pleasure | আনন্দ |
| Succeed | সফল হওয়া | Success | সাফল্য |
| Believe | বিশ্বাস করা | Belief | বিশ্বাস |
| Die | মরা | Death | মৃত্যু |
| Expect | আশা করা | Expectation/ expectancy | প্রত্যাশা |
| Act | অভিনয় করা | Action | কাজ |

| Know | জানা | Knowledge | জ্ঞান |
|---|---|---|---|
| Discover | আবিষ্কার করা | Discovery | আবিষ্কার |
| Do | করা | Deed | দলিল |
| Exist | বিদ্যমান | Existence | অস্তিত্ব |
| Fail | ব্যর্থ | Failure | ব্যর্থতা |
| Know | জানা | Knowledge | জ্ঞান |
| Laugh | হাসা | Laughter | হাসি |
| Speak | কথা বলা | Speech | বক্তৃতা |
| Think | চিন্তা করা | Thought | চিন্তা |
| Vary | পরিবর্তন | Various | বিভিন্ন |
| Approve | অনুমোদন করা | Approval | অনুমোদন |
| Assume | অনুমান করা | Assumption | ধৃষ্টতা / গ্রহণ |
| Consume | খরচ করা | Consumption | খরচ |
| Realize | উপলব্ধি করা | Realization | উপলব্ধি |
| Employ | চাকরী | Employment | কর্মসংস্থান |
| Simplify | সহজতর করা | Simplification | সরলীকরণ |
| Place | স্থান | Placement | বসানো |
| Beauty | সৌন্দর্য | Beautification | সৌন্দর্যায়ন |
| Accumulate | জমা করা | Accumulation | সঞ্চয় |
| Connect | সংযোগ স্থাপন | Connection | সংযোগ |

## Topic: Transformation of Nouns

**লক্ষণীয়:**

Proper Noun, Material Noun, Abstract Noun কে দুইটি উপায়ে Common Noun করা যায়।

i. এদের পূর্বে articles (a, an, the) বসিয়ে। এবং
ii. এদেরকে Plural বা বহুবচনে রূপান্তরিত করে।

** Determiner ব্যবহার করে Proper Noun এর পূর্বে।
কিন্তু Collective Noun কে শুধুমাত্র Plural করে অর্থাৎ পূর্বে s/es যুক্ত করে অথবা সংখ্যাবাচক শব্দ বসিয়ে Common Noun করা যায়।

**Proper Noun used as Common Noun**

- She thinks she is Begum Rokeya.
- A Shakil has come to judgement.

**Material Noun used as Common Noun**

- The water of this pond is clear.
- The gold of this ring is pure.

**Abstract Noun used as Common Noun**

- We know well the heroism of Titumir.
- I will show him many kindnesses.

** Abstract Noun Plural হলে সেটি Common Noun হয়।

**Collective Noun used as Common Noun**

- The teams of the BPL came to stadium for practicing.

**Common Noun used as Proper Noun**

- Our elder brother beat him.
- We have three classes today.

**** Collective Noun এর সাথে 's/es' যুক্ত হলে Common Noun হবে।**

**Common Noun used as Abstract Noun**

- We cannot forget the patriot in Salam.

**Abstract Noun used as Proper Noun**

- Aladin is the son of destiny.

# Topic: Countable and Uncountable Noun

**Countable Noun:** যে সকল Noun কে গণনা করা যায় তাকে Coountable Noun বলে। যেমন: Boy, girl, chess, pen, book, chair, student ইত্যাদি। **মনে রাখতে হবে:** Countable Noun গুলোর পূর্বে a/an অথবা numbers বসানো যায় এবং এদেরকে Plural করা যায়। [Proper Noun, Collective Noun, Countable Noun এর মধ্যে অন্তর্ভূক্ত হয়।]

**Uncountable Noun:** যে সকল Noun কে গণনা করা যায় না তাকে Uncountable Noun বলে। যেমন- দোষ, গুণ, কাজ, পদার্থ ইত্যাদির নাম। উদাহরণস্বরূপ: advice, news, furniture, poetry, homework, fun, scenery, work, food, rice, salt, water, milk, information, travel ইত্যাদি। [Material Noun এবং Abstract Noun, Uncountable Noun এর মধ্যে অন্তর্ভূক্ত হয়।]

---

**Note-1:** Article + Uncountable Noun + of তখন উক্ত Noun টিকে Common Noun বলে। যেমন: The water of his pond is clear.

---

**Note-2:** কিন্তু Expression এর মধ্যে Uncountable Noun কে Plural করা যায়। যেমন: A bottle of water. Two bottles of water. A piece of information. Two pieces of water.

---

**Note-3: Proper Noun ও Collective Noun- এর মধ্যে অন্তর্ভূক্ত।**
যেমন: I need some books.

**For example:**

I have had two coffee. (আমি ২ কাপ কফি খেয়েছি)
She has had a tea. (সে এককাপ চা খেয়েছে)
I need one kg of sugar. (আমার ১ কেজি চিনি দরকার)
Two cups of coffee.
A couple of tea.

** কিছু Verb রয়েছে যা Noun + Verb এর মত কাজ করে। যেমন: Brush, Master, Fish, Telephone, Cage, Pen, Man, Dog, Internet, Dream, Book, Flock, Father, Had, Arm, Dance ইত্যাদি।

# Apposition

নীচের বাক্যটি পড়ি চলুন-

Mr. Khan, my uncle, is a retired army office

এই বাক্যে Noun Phrase Mr. Khan এর পরে আরো একটি Noun Phrase my uncle দেওয়া আছে, যা কি না প্রথম noun phrase কে Indicate করে। সুতরাং এই বাক্যের Appositive হচ্ছে 'my uncle'. একে Identical Referential Noun Phrase ও বলা হয়ে থাকে। মনে রাখতে হবে Apposition গঠন করতে ২টি noun phrase কে পাশাপাশি বসাতে হবে। আর Apposition যদি বাক্যের মাঝে থাকে তাহলে তার আগে ও পরে অবশ্যই comma (,) বসবে।

## Exercises

**Identify Nouns and write the names:**

1. Our blessing come from above.
2. He will not be satisfied with less.
3. There is a little water in the jar.
4. I will not take a note.
5. Please, help me for once.
6. I ask it as a right.
7. Sit down and rest for a while.

৮. The evening was round of pleasure.

# Chapter # 13: Pronoun (সর্বনাম)

➢ নিচের **Conversation** টি পড়ুন।

Shoriful : Are you Abir?
Abir : Yes. I am.
Shoriful : What is your mother doing?
Abir : She is cooking now.
Shoriful : Where is your father?
Abir : He is in office.
Shoriful : Where is your mobile phone?
Abir : It is at my room.
Shoriful : Where are your books?
Abir : These are on the table.

উপরের ডায়ালগটি লক্ষ্য করি, এখানে Abir, mother, father, mobile phone, books ইত্যাদি Noun গুলোর পরিবর্তে যথাক্রমে I, She, He, It, These ইত্যাদি শব্দগুলো বসেছে। এইগুলোই হচ্ছে Pronoun.

**Definition (সংজ্ঞা): Noun এর পরিবর্তে যে Word ব্যবহৃত হয় তাকে Pronoun বলে।** (A pronoun is a word used in Place of a noun)

যেমন:

Rahim is a student. **He** goes to school every day.
[রহিম একজন শিক্ষার্থী। সে প্রতিদিন বিদ্যালয়ে যায়]
এই বাক্যে Rahim এর পরিবর্তে 'He' বসেছে অর্থাৎ '**He**' হলো Pronoun।
He, She, They, Who, It, Everybody, Nothing, Of ইত্যাদি হলো Pronoun.

**আমরা কেন Pronoun ব্যবহার করি?** এবার নিচের বাক্যগুলো লক্ষ্য করি:

Nashmi is a student. Nashmi goes to school regularly. Nashmi

reads in class 2. Nashmi goes to school with Nashmi's mother. উপরোক্ত, বাক্যগুলোতে Nashmi নামটি বারবার ব্যবহার করায় এটি এক প্রকার grammatical ভুল (Pronoun reference) । তাই যদি আমরা এইভাবে লিখি-
Nashmi is a student. She goes to school regularly. **She** reads in class 2. **She** goes to school with **her** mother.

Nashmi কথাটি বারবার না লিখে তার পরিবর্তে She, her ইত্যাদি শব্দগুলো লেখায় অনুচ্ছেদটি পড়তে অনেক শ্রুতিমধুর লাগছে। She, her ই হচ্ছে এখানে Pronoun.

**Pronoun সাধারণত আট প্রকার। যথাঃ**

(1) Personal Pronoun
(2) Reflexive Pronoun & Emphatic
(3) Demonstrative Pronoun
(4) Indefinite Pronoun
(5) Interrogative Pronoun
(6) Relative Pronoun
(7) Distributive Pronoun
(8) Reciprocal Pronoun

**Pronoun table look at a glance**

| S.L No | Pronoun | Definition | Example | Important Information |
|---|---|---|---|---|
| 1 | Personal Pronoun | যে Pronoun কোন person বা ব্যক্তির পরিবর্তে বসে।তাকে personal pronoun বলে। | **Nominative** = I, We, You, You, He, She, They. (I like him) **Objective** = Me, us, you, you, it, him, her, them. (It is available here) **Possessive** = My, mine, our, ours, you, yours, his, her, hers, its, their (তাদের), theirs (তাদেরকে). (It is a favourite game of theirs) | • Single Possessive গুলো Possessive Adjective নামে পরিচিত। • Double Possessive গুলো Possessive Pronoun নামে পরিচিত। |

| S.L No | Pronoun | Definition | Example | Important Information |
|---|---|---|---|---|
| 2 | Reflexive pronoun & Emphatic | personal pronoun এর সাথে self (used for singular )বা selves(used for plural) যুক্ত হয়ে এই pronoun গঠিত হয়। | Myself, yourself, ourselves, yourselves, himself, herself, themselves etc. এগুলো Noun বা Pronoun এর পরে বসলে Emphatic. | Plume, pride, avail, expert, enjoy, absent, present verb **গুলোর পর সাধারণত** Reflexive Pronoun হয়। |
| 3 | Demonstra-tive pronoun | যে Pronoun, Noun কে বিশেষভাবে নির্দেশ করে তাকে Demonstrative Pronoun বলে। | This, that, these, those, so, such, the same. | This, these, that, those **এর উৎপত্তি** the থেকে।<br>• This, that—Singular<br>• These, those–Plural |
| 4 | Indefinite pronoun | এই pronoun কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বুঝায়। | Any, one, anyone, some, someone, no one, anybody, somebody, nobody, many, everyone, all, few, several, none, anything, nothing, everything, they, other, another etc. | • Thing যুক্ত pronoun এর Possessive হলো its.<br>• One ও body যুক্ত Pronoun এর Possessive—his/her.<br>• One যদি বাক্যের Subect হয় তবে Possessive– one's. |
| 5 | Interrogative pronoun | এই pronoun গুলো প্রশ্ন করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। | who, what, which, whom, etc. | • এই Pronoun বাক্যের শুরুতে বসে।<br>• এদের আরো antecedent থাকে না।<br>• বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন বসে। |

| S.L No | Pronoun | Definition | Example | Important Information |
|---|---|---|---|---|
| 6 | Relative pronoun | এই pronoun দুটি বাক্যের মধ্যে যোগসূত্র তৈরী করে। | that, as, whoever, whatever, whichever, who, who, what, which, whom, whose, etc. | • এই Pronoun সাধারণত বাক্যের মাঝে বসে।<br>• এদের আগে antecedent থাকে।<br>• বাক্যের শেষে full stop (.) বসে। |
| 7 | Distributive Pronoun | এই জাতীয় pronoun দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেককে পৃথকভাবে প্রকাশ করে। | each, neither, either, every, any, one etc. | • এই Pronoun এর Possessive- his, her, its.<br>• Either- ২টি উভয়কেই বোঝায়/দু'এর মধ্যে যে কোনটি বা যে কেউ<br>• Neither- ২টির কোনটিকেই বোঝায় না।<br>• Each ব্যবহার হয় প্রত্যেকের জন্য |
| 8 | Reciprocal Pronoun | এই pronoun গুলো একাধিক ব্যক্তি বা বস্তুর পারস্পারিক সম্পর্ক বুঝিয়ে দেয়। | Each other, one another. | • দুয়ের মধ্যে- each other বসে।<br>• অনেকের মধ্যে- one another বসে। |

**N.B: Nominative Pronoun কে Subjective Pronoun ও বলা যায়।**

## Pronoun Recognizing Table

| Person | Subjective | Objective | Possessive | Reflexive | Double Possessive |
|---|---|---|---|---|---|
| 1st | I (আমি) | Me (আমাকে) | My (আমার) | Myself (আমি নিজেই) | Mine (আমার) |
| | We (আমরা) | Us (আমাদের, আমাদেরকে) | Our (আমাদের) | Ourselves (আমরা নিজেরা) | Ours (আমাদের) |
| 2nd | You (তুমি, তোমরা, আপনি, আপনারা) | You (তোমাকে, তোমাদেরকে, আপনাকে, আপনাদেরকে) | Your তোমার, আপনার) | Yourself/ Yourselves (তোমার নিজেদের, আপনার নিজেদের) | Yours (তোমার, আপনার) |

| Per-son | Subjective | Objective | Possessive | Reflexive | Double Possessive |
|---|---|---|---|---|---|
| 3rd | He (সে, তিনি) | Him (তাকে) | His (তার) | Himself (তার নিজের) | His (তারই) |
| | She (সে, তিনি) | Her (তাকে) | Her (তার) | Herself (তার নিজের) | Hers (তারই) |
| | They (তারা) | Them (তাদেরকে) | Their (তাদের) | Thereselves (তাদের নিজেদের) | Theirs (তাদেরই) |
| | It (এটা) | It (এটাকে) | Its (এর, এটার) | Itself (এটা নিজেই) | Its (এটারই, এরই) |
| | Who | Whom | Whose | × | × |
| | One | One | One's | × | × |
| | Everyone / No one / Anyone / Someone… | His / Her | × | × | × |

## Subjective/ Nominative Pronoun এর ব্যবহার:

**Structure-1:**

একটি Sentence এর Subject হিসেবে Subjective Pronoun ব্যবহার করা হয়।

**Rule:** Subjective Pronoun+ Verb -----------

যেমন:

- I play football everyday. (আমি প্রতিদিন ফুটবল খেলি)
- We want to learn how to speak English. (আমরা শিখতে চাই কিভাবে ইংরেজিতে কথা বলতে হয়)
- They watch TV. (তারা টিভি দেখে)

**Structure-2:**

একটি Sentence একাধিক Subjective Pronoun ব্যবহার করা যায়। এর জন্য দুইটি সূত্র অনুসরণ করতে হয়।

শর্ট টেকনিক মনে রাখার জন্য। (1) Positive Sense, (2) Negative Sense.

**Rule-1:** হ্যাঁ বোধক বাক্যের জন্য প্রথমে (231 rule means) $2^{nd}$ person, তারপর $3^{rd}$ person, তারপর $1^{st}$ person+plural verb/ will / did / had + $v^1$+/$v^2$ / $v^3$.............

যেমন:

- You, he and I will go for an IELTS exam.
- Noman and I are present in the meeting.
- You, Anik and I visited the zoo. (তুমি, অনিক এবং আমি চিড়িয়াখানা পরিদর্শন করেছিলাম)

**Note:** # যদি $3^{rd}$ person না থাকে তাহলে $2^{nd}$ person এবং $1^{st}$ person ব্যবহার করতে হবে।

# যদি $2^{nd}$ person না থাকে তাহলে $3^{rd}$ person এবং $1^{st}$ person ব্যবহার করতে হবে।

# যদি $1^{st}$ person না থাকে তাহলে $2^{rd}$ person এবং 3rd person ব্যবহার করতে হবে।

**Rule-2:** না বোধক/ দোষ স্বীকার বোধক Sentence এর জন্য (123 rule means) প্রথমে $1^{st}$ person, তারপর $2^{nd}$ person এবং তারপর $3^{rd}$ person+ $V^2$/ plural verb / had + $V^3$------------

যেমন: I, you and he are responsible for this murder.

I, you committed the crime.

**Structure-3:**

am/ is /are/ was/ were এর পরে Subjective pronoun ব্যবহার হয়।

**Structure:** Subject+ be verb+ subjective pronoun+---------

যেমন: I wish I were you.

It is I who was to blame.

It is you who are teacher.

**Structure-4:**

Conjunction এর পরে সাধারণত Subjective pronoun ব্যবহৃত হয়।

যেমন:

* He will fail unless he studies regularly.
  conj. subj.pro.
* She behaves as if he were mad.
  conj. sub.p.
* Wait here until he came back.

## Objective Pronoun এর ব্যবহার

**Structure-1:**

একটি Sentence verb এর পরে objective pronoun ব্যবহার হয় এবং একাধিক Objective Pronoun এর ব্যবহার করা যায়।

Rule-1: Subject+verb+objective pronoun+.......

Rule-2: হ্যাঁ বোধক: Subject+ v+..........+2nd person, তারপর 3rd person, তারপর 1st person.

Rule-3: না বোধক: Subject+ verb+........+1st person, তারপর 2nd person, তারপর 3rd person. যেমন:

- My mother told me to leave the room.
- Amir helped you, him and me.
- This crime was committed by me, you and her.
- He knocked me to get help.

**Structure-2:**

সাধারণত Preposition এরপর objective pronoun হয়।

(i) Structure: ...............+preposition+ objective pronoun.

(ii) Structure: Preposition+objective pronoun+................

যেমন: Between you and me, there is no problem.

I can do anything for him.

For you, I will die.

**Structure-3:**

Imperative sentence যখন Let দিয়ে শুরু হয় তখন Let এর পরে objective pronoun হয়। যেমন:

Let me do the work.

Let him go there.

Let you and him be witness.

## Possessive Pronoun / Case এর ব্যবহার

**Structure-1:**

মূলত Possessive adjective noun এর পূর্বে বসে।

Rule-1: Possessive adjective+noun+ ................

Rule-2: .......................+ Possessive adjective+ noun.

- His dog is so cute.
- We are eating our breakfast.
- They are going to their University.
- We are going to his house.

**Note: Possessive Adjective সর্বদা Sentence এর Subject কে অনুসরণ করে।**

**Structure-2:**

Possessive Adjective টি Preposition এবং Gerund এর মাঝে বসে।

Rule: .......+ Preposition+ Possessive adjective+ Gerund+...

যেমন:

- My father never approved of her marrying a foreigner.
- Insist on your going there.

**Structure-3:**

One এর Possessive Adjective হলো One's. Who এর possessive Adjective হলো Whose এবং everyone, someone, no one.........এর Possessive Adjective হলো his/her. যেমন:

- One should obey one's parents.
- Everyone should respect his parents.
- A student should be careful about his parents.

**Structure-4:**

Imperative Sentence এ verb এর পরে possessive adjective হয়।

**Rule:** Verb+ possessive adjective (Let- ব্যতিত). যেমন:

- Take your time.
- Bring your bag.
- Read your books.

**Note:** Imperative sentence এ you subject টি যেহেতু যুক্ত থাকবে তাই শুধুমাত্র Possessive টি your হবে।

## Reflexive Pronoun এর ব্যবহার

**Structure-1:**

Sentence এ Reflexive pronoun- Subject কে অনুসরণ করে বসে। যেমন:

I = myself, He= himself, They= themselves ......ইত্যাদি।

উদাহরণ: I cut myself.

**Structure-2:**

Verb দিয়ে যদি sentence শুরু হয় তাকে Imperative Sentence বলে। আর Imperative Sentence এ Reflexive pronoun হিসেবে (yourself) সবসময় হয়। যেমন:

- Do it yourself.
- Control yourself Farhana!

**Structure-3:**

ইংরেজিতে কিছু verb (kill, hurt, absent, avail, enjoy, control, Introduce ইত্যাদি) রয়েছে। এদের পর সবসময় Reflexive pronoun হয়। এই Pronoun টি Sentence এর Subject অনুসারে বসবে।

- I absented myself from the meeting.
- We shall avail ourselves of this opportunity.
- He availed himself of the opportunity.

## Relative Pronoun এর ব্যবহার:

**Structure-1:**

Relative pronoun এর ব্যবহার শেখার পূর্বে প্রথমে Antecedent এর সম্পর্কে জানাটা অত্যন্ত প্রয়োজন। কারণ Relative pronoun এর উপর ভিত্তি করে Sentence এ Relative pronoun গুলো ব্যবহার হয়।

**Structure-2:**

Antecedent বলতে ঐ সকল noun অথবা pronoun কে বুঝানো হয় যেটি Relative Pronoun এর পূর্বে বসে। যেমন:

- I know the man (Atecedent) who (Relative Pronoun) is (Verb) a teacher.
- This is the boy whom I met yesterday.

উক্ত উদাহরণে দেখা যাচ্ছে যে, Relative Pronoun (who) এর পূর্বে The man বসেছে। The man হচ্ছে Antecedent এবং R.P. এর পূর্বে The boy রয়েছে তাই এটি Antecedent।

**নিম্নে আমরা বিভিন্ন প্রকার Relative Pronoun এর ব্যবহার সম্পর্কে জানবো। যেমন:**

Who- whom- which- that- whoever- whomever- whichever- whose ----------------

**Structure-1:**

**Who এর ব্যবহার:** Who অর্থ (যে/ যারা) Antecedent যদি ব্যক্তি হয় তাহলে Relative pronoun (who) হবে এবং এরপরে verb বসবে।

Rule: ব্যক্তি (Antecedent) + who+ verb. যেমন:

- I do not know the girl who is the sister of Mumit.
- The man who lives next door has bought a dog.
- It is he who is to balme.

**Note:** Who এর পরিবর্তে that ব্যবহার করা যায়। যেমন:

- She is the first girl that won a prize.

**Structure-2:**

**Whom এর ব্যবহার:** Whom এর অর্থ (যাকে/ যাদেরকে) Antecedent টি যদি ব্যক্তি হয় তাহলে Relative pronoun হিসেবে Whom ব্যবহার করা যায় এবং এরপরে Subject বসবে। যেমন:

Rule: ব্যক্তি (Antecedent)+ whom+ subject.

- I know the girl whom I find in the class.
- Champa with whom I work, helped me.
- This is the boy whom all praise.

Note: Whom এর পরে that ব্যবহার করা যায়। যেমন:

- This is the man that I met at Mirpur.

**Structure-3:**

**Whoever এর ব্যবহার:** Whoever এর অর্থ (যে কেউ)।

Rule: Whoever+ verb+..........

যেমন: Provide the clothes to whoever needs them.

- Give the work to whoever looks idle.

**Structure-4:**

**Whomever এর ব্যবহার:** Whomever এর অর্থ (যাকেই)। Whomever এর পরে Subject ব্যবহার করতে হয়।

Rule: Whomever+ sub+ .................

- Whomever I call will come.
- Mr. Maruf should give the award to whomever he thinks deserves it.
- Whomever I loved, They cheated me.

**Structure-5:**

**Which এর ব্যবহার:** Which এর অর্থ (যেটি)।

- Antecedent টি যদি বস্তু/ ছোট শিশু/ ইতর প্রাণী হয় তাহলে Relative pronoun হিসাবে which ব্যবহার হয় which এর পরে Sub এবং verb দুটিই ব্যবহার করা যায়।

Rule: বস্তু/ ছোট শিশু/ ইতর প্রাণী (Antecedent)+ which+ verb/ subject+..........যেমন:

- This is the phone which I want to buy.
- They got into a bus which was full of persons.
- They have a cow which gives a calf every year.

**Note:** Which এর পরিবর্তে that ব্যবহার করা যায়। যেমন:

- I developed a program that has been refined many times.

**Structure-6:**

**Whose এর ব্যবহার:** Whose এর অর্থ (যারা)।

ব্যক্তি/ বস্তু (Antecedent) এর পরে Relative pronoun হিসাবে Whose এর ব্যবহার করা যায়।

Rule: ব্যক্তি/ বস্তু+ whose+ noun+verb+.......

যেমন:

- Have you met the boy whose father is a teacher at Sirajganj Government College.
- I do not know whose pen it is.

**Structure-7:**

**That এর ব্যবহার:** That এর অর্থ (যে/ যেটি)।

Rule: ব্যক্তি/ বস্তু (Antecedent) + that+ verb/ subject+..... যেমন:

- We don't like stories that have unhappy endings.

**Structure-8:**

But → Who / That + Negative এর সংক্ষিপ্তরূপ হিসেবে বিশেষ ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন:

- There is no mother but (who does not) loves her child.
- There is no man but (who does not) wishes to be happy.

**Structure-9:**

Antecedent ব্যক্তি / বস্তু যাই হোক না কেন Such এবং The same এর পর Relative Pronoun 'as' ব্যবহার করা যায়। যেমন:

- Such girls as are idle can not shine.
- He is the same as he has always been.

## Exercise

**Identify Pronoun:**

1. Some say one thing and others another.
2. Such was not my intention.
3. Much of it is true.
4. Both of them are dead.
5. Ask either of them
6. All spoke in his favour.
7. Does any of you know about it?
8. She likes it same colour as I do.
9. There is no one but likes him.
10. Neither will trust you.

# Chapter # 14: Adjective (বিশেষণ)

যে Word দ্বারা Noun বা Pronoun এর দোষ, গুণ,সংখ্যা, পরিমাণ ও অবস্থা প্রকাশ করে তাকে Adjective বলে। যেমনঃ
He is a good boy. (সে একজন ভালো ছেলে)

এখানে good হলো Adjective. Good, Bad, One, Two, Little ও Much ইত্যাদি শব্দগুলো Adjective.

Sentence এ Adjective এর ব্যবহারঃ
(1) Attributive/ Qualitative usage
(2) Predicative usage / Postpositive

❖ **Attributive usage:** Adjective যখন noun এর আগে বসে noun কে qualify করে তখন তাকে Adjective এর Attributive ব্যবহার বলে।
Structure: Adjective + noun

Bappi is a clever boy. (বাপ্পি একজন চালাক ছেলে)
Abul is an honest person. (আবুল একজন সৎ ছেলে)
This the book of English language. (এটি ইংরেজি ভাষার বই)

উপরিউক্ত, বাক্য তিনটি Clever, English এবং Honest, Adjective তিনটি যথাক্রমে boy এবং person, noun তিনটির পূর্বে বসেছে। Adjective এর এই ব্যবহার কে Attributive usage বলে।

**Attributive Adjective এর ব্যবহারঃ**

****Rule-1:** মূলত Noun এর পূর্বে বসে তাই Rule টি হবেঃ- Adjective + Noun যেমনঃ They gave me some pens. (তারা আমাকে কিছু কলম দিয়েছিল)

All man must go. (সব মানুষকে অবশ্যই যেতে হবে)
Would you mind giving me ten taka ? (তুমি কি আমাকে দশ টাকা দিতে কিছু মনে করবে ?)

****Rule-2:** A / An / The (Article) + Adj. + Noun যেমন:
He is an intelligent boy. (সে একজন বুদ্ধিমান ছেলে)
An abandoned baby was found in a box on the hospital. (হাসপাতালের একটি বাক্সে পরিত্যক্ত একটি শিশু পাওয়া গেছে)
The up train is late. (আপ ট্রেনটি দেরি করছে)

****Rule-3:** একটি Noun এর পূর্বে একাধিক Adj. বসতে পারে। এজন্য একটি Formula অনুসরণ করতে হয়।
Determiner + OSAS – COM + Noun
O → Opinion (Wonderful / Interesting / Nice / Bad)
S → Size (Big, Small, Tall, Large)
A → Age (New, Old)
S → Shape (Square, Round)
C → Color (White, Black)
O → Origin (Bangladeshi, Indian)
M → Material (Wooden, Gold, Diamond, Plastic)

**Example:**
The man was carrying a small, black plastic bag.
(small = S, black = C, plastic = M)

**Predicative / Postpositive**

Linking Verb এর পরে Predicative Adj. (am / is / are / was / were / become / feel / get / seem / keep / remain / look / stay / smell / sound / rest / taste / turn ইত্যাদি) যেমন:
He felt tired yesterday. (তিনি গতকাল ক্লান্ত অনুভব করেছিলেন)
The flower smells sweet. (ফুলের গন্ধ মিষ্টি)
You are forbidden to enter my room. (আমার ঘরে তোমার প্রবেশ নিষেধ)

**** Obj + Adj.**

He will get the bike ready. (সে বাইক তৈরি করে নিয়ে আসবে )

My mother makes my coffee hot. (আমার মা আমার কফি গরম করে)

He gave her a beautiful diamond ring. (সে তাকে একটি সুন্দর হীরার আংটি দিয়েছিলেন)

**** Article (A / An / The) + Adverb + Adj. + Noun**

He is a very good boy. (সে একজন খুব ভালো ছেলে)

I bought a very beautiful golden ring. (আমি খুব সুন্দর একটি হীরার আংটি কিনেছিলাম)

❖ **Predicative usage:** Adjective যখন noun এর পরে বসে noun কে qualify করে তখন তাকে adjective এর Predicative ব্যবহার বলে। যেমনঃ

Structure: Noun+ adjective.

She is an absolutely pious. (সে একেবারেই ধার্মিক)

He is brilliant. (সে মেধাবী)

**Adjective এর প্রকারভেদ :**

**Adjective প্রধানত চার প্রকার যথাঃ**

(1) Adjective of Quality
(2) Adjective of Quantity
(3) Numeral Adjective / Number of Adjective
(4) Pronominal Adjective

1. **Adjecitve of quality:** যে adjective দ্বারা noun বা pronoun এর দোষ, গুণ ও অবস্থা বুঝায় তাকে Adjective of quality বা Descriptive Adjective বলে। এই প্রকার Adjective কে পরিমাপ করা যায়না। যেমনঃ

Arman is a disobedient boy. (আরমান একজন অবাধ্য ছেলে)

Nipa is a beautiful girl. (নিপা একজন সুন্দরী মেয়ে)
He is in bad situation. (সে এখন খারাপ অবস্থায় আছে)
Leon is a brave boy. (লিওন একজন সাহসী ছেলে)
The crow looks ugly. (কাকটি দেখতে কুৎসিত)

**[N.B:** Good, Bad, Wise, Noble, Rich, Poor, Great, Hot, Cold, Warm ইত্যাদি Adjective of quality]

2. **Adjective of quantity:** যে adjective কোন noun এর সংখ্যা ও পরিমাণ নির্দেশ করে তাকে Adjective of quantity বা Quantitative Adjective বলে। যেমন:
My friend has much money. (আমার বন্ধুর অনেক টাকা আছে)
Babies need sufficient milk. (বাচ্চাদের পর্যাপ্ত দুধ দরকার)
Many people came to visit the fair.
(অনেক মানুষ মেলায় বেড়াতে এসেছিল)
Give me a little water. (আমাকে একটু পানি দাও)

**[N.B:** Much, huge, some, a little, all, any, half, full, whole, enough ইত্যাদি Adjective of quantity ।
How much দিয়ে প্রশ্ন পাওয়া যায়, সাধারণ Material এবং Abstract Noun এর Quantity করা যায়।]

3. **Adjective of number/ Numeral Adjective:** যে adjective noun এর সংখ্যা, ক্রম, পর্যায় ইত্যাদি বুঝায় তাকে Adjective of Number/ Numeral adjective বলে। যেমন:

I have 5 pens. (আমার ৫ টি কলম আছে)
I have 4 cows. (আমার ৪টি গরু আছে)
December is the last month of year. (ডিসেম্বর হচ্ছে বছরের শেষ মাস)
Keep it in the third box. (এটা তৃতীয় নাম্বার বক্সে রাখো)

[**N.B:** One, two, three, four, first, second, third, fourth, all, no, any, many, some, several, each, every ও a few ইত্যাদি। Adjective of numeral]

**Adjective of Number আবার দুই প্রকার। যথাঃ**

(i) Indefinite
(ii) Definite

**(i) Indefinite Adjective:** Noun/Pronoun এর অনির্দিষ্ট সংখ্যা প্রকাশ করে। যেমনঃ Some, few, little, a, an, enough ইত্যাদি।1

**(ii) Definite Adjective:** Noun/ Pronoun এর নির্দিষ্ট সংখ্যা প্রকাশ করে। যেমনঃ 1, one, first, single, five ইত্যাদি।

** Defintie Adjective কে আরো তিনটি ভাগে ভাগ করা যায়। যথাঃ

(1) Cordinal (one, two ,three)
(2) Ordinal (first, second, third)
(3) Multiplicative (single, double, triple)

**4. Pronominal Adjective:** কোন Pronoun যখন Noun এর পূর্বে বসে adjective এর কার্য সম্পাদন করে তাকে Pronominal Adjective বলে। Pronominal Adjective পাঁচ প্রকার। যথা-

(i) Demonstrative Adjective
(ii) Distributive adjective
(iii) Interrogative Adjective
(iv) Indefinite Adjective
(v) Possessive Adjective
(vi) Relative Adjective

**(i) Demonstrative Adjective:** Demonstrative Pronoun যদি noun এর পূর্বে বসে তবে তাকে Demonstrative Adjective বলে। যেমনঃ This car is mine. (এই গাড়িটি আমার)
These apples are sweet. (এই আপেলগুলো মিষ্টি)

That design was gorgeous. (ঐ ডিজাইনটি চমৎকার ছিলো)

[**N.B:** This, that, these, those, such, ইত্যাদি হলো Demonstrative Adjective]

**(ii) Distributive Adjective:** যে Adjective একাধিক ব্যক্তি বা বস্তুকে বিশেষভাবে নির্দেশ করে তাকে Distributive adjective বলে। যেমন:

Each student got an English Therapy Book.
(প্রত্যেক ছাত্র-ছাত্রী ইংলিশ থেরাপি বই পেয়েছিলো)
You may take either side. (তুমি উভয়পক্ষ নিতে পারো)
Neither of the report is true. (কোন প্রতিবেদনই সত্যি নয়)

[**N.B:** each, every, either, neither ইত্যাদি distributive adjective.]

**(iii) Interrogative Adjective**: যে প্রশ্নসূচক (WH word) গুলো Noun এর পূর্বে বসে Adjective এর মত কাজ করে তাকে Interrogative Adjective বলে। যেমন:

Which shirt do you like? (তুমি কোন শার্টটি পছন্দ কর?)
What class do you read? (তুমি কোন ক্লাসে পড়?)
Which book would you like to buy? (আপনি কোন বই কিনতে পছন্দ করবেন?)

[**N.B:** Who, which, what ইত্যাদি Interrogative Adjective]

**(iv) Possessive Adjective:** যে Adjective দ্বারা অধিকার বা সম্বন্ধসূচক প্রকাশ পায় তাকে Possessive Adjective বলে। যেমন:

This is my book. (এইটা আমার বই)
He has lost his wallet. (সে তার ওয়ালেট হারিয়েছে)
His wrist watch is very expensive.
(তার হাতঘড়ি অনেক দামি)
We love her look. (আমরা তার চেহারা ভালোবাসি)

[**N.B:** my, our, your, his, her, its, one's, runu's, their ইত্যাদি possessive adjective.]

**(v) Indefinite Adjective:** কোন Indefinite Pronoun যখন কোন noun এর সামনে বসে সেই noun কে modify করে তাকে Indefinite Adjective বলে। যেমন:
Many students of English Therapy attended in 11th get together.
(ইংলিশ থেরাপির অনেক ছাত্র-ছাত্রী ১১ তম গেট টু গেদারে উপস্থিত ছিলো)
Some boys got A+. (কিছু ছাত্র এ+ পেয়েছিলো)
All the girls are playing football: (সব মেয়েরা ফুটবল খেলছে)

[**N.B:** Some, few, all, any, one ইত্যাদি Indefinite Adjective]

**(vi) Relative Adjective:** Relative Pronoun- Noun এর আগে বসলে তাকে Relative Adjective বলে। যেমন:
Do you know whose phone it is? (আপনি কি জানেন এটা কার ফোন?)
I know what colour he likes. (আমি জানি সে কোন রঙ পছন্দ করে)
**[N.B: That, Whose, Who, Which ইত্যাদি হচ্ছে Relative Adjective]**

** Compound Adjective: যখন Compound Word একটি Adjective এর মত কাজ করে তাকে Compound adjective বলে। যেমনঃ This computer is an out-of-date. (এই কম্পিউটারটি পুরনো)

I submitted a 6-page-document. (আমি ৬-পৃষ্ঠার একটি নথি জমা দিয়েছিলাম)

My girlfriend will adopt a two-year-old dog. (আমার বান্ধবী একটি দুই বছরের কুকুর দত্তক নেবে)

## **Noun থেকে Adjective:

| Noun | Adjective | Noun | Adjective |
|---|---|---|---|
| Awe | Awful | Truth | Truthful |
| Color | Colorful | Urgency | Urgent |
| Joy | Joyful | Accident | Accidental |
| Abundance | Abundant | Book | Bookish |
| Importance | Important | Boy | Boyish |
| Patience | Patient | Crime | Criminal |
| Day | Daily | Fool | Foolish |
| Year | Yearly | Sun | Sunny |
| People | Populous | Virtue | Virtuous |
| **Noun** | **Latin Adj.** | **Noun** | **Latin Adj.** |
| Dent | Dental | Moon | Lunar |
| City | Civic | Village | Rural |
| Ship | Naval | Mother | Maternal |
| Year | Annual | Sea | Marine |
| King | Royal | Death | Moral |

**Exclamatory Adjective:**

What nonsense is this!

What a piece of work is man!

What fine books you have bought!

Note: What হচ্ছে Exclamatory Adjective এখানে।

****Verb থেকে Adjective:**

| Verb | Adjective | Verb | Adjective |
|---|---|---|---|
| Break | Breakable | Enjoy | Enjoyable |
| Advise | Advisory | Eat | Eatable |
| Attract | Attractive | Narrate | Narrative |
| Amuse | Amusing | Bore | Bored |
| Love | Lovely | Select | Selected |
| Will | Willing | Learn | Learned |
| Add | Additional | Hate | Hateful |

## Exercise

**Identify Adjective:**

1. Analysis the above sentence.
2. All men are mortal.
3. I think yours is a better plan.
4. You cannot have it both ways.
5. Either bad is good enough.
6. He is the right man for the position
7. It is no joke.
8. He has enough money to spend.
9. The down train killed him.

# Chapter # 15: Verb (ক্রিয়া)

## Topic: Basic Idea of Verb

Verb (ক্রিয়া): Verb শব্দটি মূলত Latin শব্দ থেকে এসেছে। যে Word দ্বারা কোন কাজ করা, হওয়া, যাওয়া, খাওয়া, আছে ইত্যাদি বোঝায় তাকে Verb বলে। যেমন: He goes to school. এখানে goes হলো Verb কেননা goes এর অর্থ হলো, যাওয়া। Go, eat, walk, run, buy, sell ইত্যাদি হলো Verb এর উদাহরণ।

- **<u>Finite Verb:</u>** কোন বাক্যে যদি Subject এর Number, Person অথবা Tense পরিবর্তন করলে Verb এর পরিবর্তন সাধিত হয় তাকে Finite Verb বলে। এককথায়, যে Verb দেখে Tense চেনা যায় তাকে Finite verb বলে।

**<u>Finite Verb চেনার উপায়:</u>**

| Present form = $V_1$ |
|---|
| Past form = $V_2$ |
| Past Participle = $V_3$ |

(i) Present form ($V_1$)————go
** I go to school.
(ii) Present form ($V_1$)+s/es—goes
** He goes to market.
(iii) Past form——————went
** They went to Dhaka.
(iv) Auxiliary verb (am/is/are/was/were)+ main verb+ ing—going
** He is going to hospital.
(v) Auxiliary verb (have, has, had)+ $V_3$———gone
** They have gone to Madaripur.

- **<u>Non-finite Verb</u>**: যে Verb এর, Subject/ Tense/ Person/ Number ইত্যাদির পরিবর্তন হলেও Verb এর কোন পরিবর্তন হয়না তাকে Non-finite Verb বলে। এককথায়, যে Verb দেখে Tense চেনা যায় না তাকে Non-finite Verb বলে।
- **<u>Non-finite verb চেনার উপায়:</u>**
  (i) $V_1$+ing (as noun)———going
  (ii) $V_1$+ing (as adjective/adverb)——rolling
  (iii) to+$v_1$——————to play

- **<u>Finite Verb এবং Non-finite Verb এর উদাহরণ নিম্নরূপ:</u>**
  1. I <u>like</u> **<u>to read</u>** the motivational book.
     (আমি অনুপ্রেরণামূলক বই পড়তে পছন্দ করি)
  2. He <u>likes</u> **<u>to read</u>** the motivational book.
     (সে অনুপ্রেরণা মূলক বই পড়তে পছন্দ করে)

3. They liked **to read** the motivational book.
(তারা অনুপ্রেরণামূলক বই পড়তে পছন্দ করতো)

4. The frightened boy jumped over the wall. (ভয় পাওয়া ছেলেটি দেয়ালের ওপর লাফ দিয়েছিল)

5. They saw a sleeping dog yesterday. (গতকাল তারা একটি ঘুমন্ত কুকুর দেখেছিল)

উপরিউক্ত প্রত্যেকটি বাক্যে ২টি করে Verb আছে। ১ নং বাক্যে **Like**, verb টি ২ নং বাক্যে Subject 3rd Person Singular Number হওয়ায় **Likes** হয়েছে। আবার ৩ নং বাক্যে Tense পরিবর্তন হওয়ায় এটি **Liked** হয়েছে। সুতরাং এটি একটি Finite Verb । ৪ নং বাক্যে **jumped** হচ্ছে finite verb এবং ৫ নং বাক্যে **saw** হচ্ছে finite verb।

কিন্তু **to read**, Verb টি Subject/ Tense/ Person/ Number ইত্যাদির পরিবর্তন হলেও **to read** অপরিবর্তিত রয়েছে। frightened এবং sleeping দিয়ে tense চেনা যাচ্ছে না, সুতরাং এটি একটি Non-finite Verb.

## Finite এবং Non-finite verb এর মধ্যে পার্থক্য:

| S.L No. | Finite Verb | Non- finite Verb |
|---|---|---|
| ১. | বক্তার মনের ভাব সম্পূর্ণ প্রকাশ পায়। | বক্তার মনের ভাব অসম্পূর্ণ থেকে যায়। |
| ২. | Subject, Person, Number, Tense অনুযায়ী এই Verb পরিবর্তন হয়। | Subject, Person, Number, Tense- এর পরিবর্তন হলেও এই Verb অপরিবর্তিত থেকে যায়। |
| ৩. | Main Verb হিসেবে কাজ করে। | Sentence- এ কখনো main verb হতে পারেনা। |
| ৪. | Tense চেনা যায়। | Tense চেনা যায় না। |

## Topic: Finite Verb

1. **Principal Verb**:

যে Verb অন্য কোন Verb এর সাহায্য ছাড়াই স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে অথবা অন্য কোন Auxiliary Verb (সাহায্যকারী ক্রিয়া) এর সহিত ব্যবহৃত হতে পারে তাকে Principal Verb (প্রধান ক্রিয়া) বলে।

He plays football. (সে ফুটবলে খেলে)

They read the book in library. (তারা গ্রন্থাগারে বই পড়ে)

Rebeka is an Engineer. (রেবেকা একজন ইঞ্জিনিয়ার)

He can play football. (সে ফুটবল খেলতে পারে)

[বি.দ্র:] কোন বাক্যে Principal Verb না থাকলে Auxiliary Verb- am/ is/ are/ was/ were/ has/ have/ had, Principal Verb বা Main Verb হিসেবে ব্যবহৃত হয়।]

(i) **<u>Transitive Verb:</u>** যে Verb এর Object গ্রহণ করার ক্ষমতা আছে তাকে Transitive Verb বলে। Transitive Verb হতে হলে বাক্যে object লাগবেই। Main verb কে 'কি/কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে obj. বলে। Object দুই প্রকার হতে পারে। যথাঃ

১. ব্যক্তিবাচক ২. বস্তুবাচক

যেমনঃ

He <u>took</u> shelter under a tree.
(সে একটি গাছের নিচে আশ্রয় নিয়েছিলো)
He is <u>watching</u> television. (সে টেলিভিশন দেখছে)
Sadia <u>writes</u> a letter. (সাদিয়া চিঠি লিখে)
Tea <u>is taken</u> by us. (আমাদের দ্বারা চা পান করা হয়)

[**Note:** যখন Transitive verb এর পরে দুটি obj. একত্রে বসে তখন তাকে Direct transitive verb বলে। যেমনঃ Rupa <u>gave</u> me a phone]

১. **<u>Verb:</u>** যে বাক্যে Object- এর প্রয়োজন হয়না, Object ছাড়াই বাক্যটি সম্পূর্ণ হতে পারে, তাকে Intransitive Verb বলে। যেমনঃ

The baby **sleeps**. (বাচ্চাটি ঘুমায়)
The man **walks**. (মানুষটি হাটে)
Birds **fly**. (পাখিগুলো উড়ে)

**এই verb এর পর adverb বা adverbial phrase বসতে পারে। যেমনঃ**

We <u>fought</u> <u>in the year 1971</u>. (আমরা ১৯৭১ সালে যুদ্ধ করেছিলাম)
n.tv adv.p

River <u>flows</u> <u>continuously</u>. (নদী অবিরত বয়ে চলে)
adj

[লক্ষণীয়: Verb কে- কি (What) অথবা কাকে (Whom) দ্বারা প্রশ্ন করলে যদি উত্তর না পাওয়া যায়, তাহলে বুঝতে হবে সেটা Intransitive Verb.]

২. **<u>Linking Verb</u>:** যে Verb কোন কাজ সম্পূর্ণ করে না বরং Subject এর সাথে বাক্যের Complement এর যোগাযোগ স্থাপন করে, তাকে Linking Verb বলে। যেমন:

<u>Monir</u> **is** <u>a student</u>. (মনির একজন ছাত্র)।
sub comp

উল্লেখিত বাক্যটিতে যে মনির সেই একজন ছাত্র। এখানে **is**, verb টি Subject- **Monir** এবং Verb এর পরের complement- **a student** এর মধ্যে সম্পর্ক স্থাপন করেছে। তাই **is** এখানে Linking Verb.

## <u>More Examples</u>

My brother <u>become</u> a teacher. (আমার ভাই শিক্ষক হয়েছেন)
Honey tastes sweet. (মধু মিষ্টি)
[**লক্ষণীয়:** Be verb গুলো যখন Sentence এ main verb হিসেবে ব্যবহৃত হয় তখন সেগুলোকে Linking Verb বলা হয়। go, look, feel, appear, taste, smell, am, is, are, was, were, become, stay, seem, sound etc. সাধারণত LinkingVerb হিসেবে ব্যবহৃত হয় ]

**2. <u>Auxiliary Verb</u>**: যে Verb এর নিজস্ব কোন অর্থ প্রকাশের ক্ষমতা নেই বরং, Principal Verb কে Tense, Mood ও Voice গঠনে সাহায্য করে তাকে Auxiliary Verb বা Helping Verb (সাহায্যকারী ক্রিয়া) বলে। যেমন:

He <u>is</u> sleeping now. (সে এখন ঘুমাচ্ছে)
I <u>have</u> come from Dhaka today. (আমি আজকেই ঢাকা থেকে এসেছি)
They are palying football. (তারা ফুটবল খেলছে)

উপরিউক্ত বাক্যে, Auxiliary Verb- is, are এবং have, যথাক্রমে Principal Verb- Sleep, Play এবং Come কে বাক্য গঠনে সহায়তা করেছে। তাই এখানে is, are এবং have হচ্ছে Auxiliary Verb.

<u>প্রকারভেদ:</u> Auxiliary Verb দুই প্রকার। যথা: Primary/Principal Auxiliary Verb ও Modal Auxiliary Verb.

## Primary Auxiliary and Modal Auxiliary:

| Primary Auxiliary Verb | Modal Auxiliary Verb |
|---|---|
| **To Be**: am, is, are, was, were, be, being, been, shall be, will be. | **Modal:** can, could, shall, should, will, would, may, might, must |
| **To Have**: have, has, had, shall have, will have. | **Semi-Modal**: need, dare. |
| **To Do**: do, does, did | **Phrasal Modal**: be willing to / have to / be able to, am / is / are/ was / were + to, be going to etc.. be used to, bound to, be supposed to, had better, had rather, would better, would rather |

**Example for Primary Auxiliary Verb:**

**To Be:** I was helped by a stranger.
(আমি একজন অপরিচিত দ্বারা সাহায্য পেয়েছিলাম)
He **is** watching movie. (সে ছবি দেখছে)
They were poor but honest. (তারা গরীব হলেও সৎ ছিলেন)

**To Have:** They **have** worked a lot. (তারা অনেক কাজ করেছে)
I have not done my homework. (আমি আমার বাড়ির কাজ করিনি)

**To Do:** I do not know him. (আমি তাকে চিনি না)
**Does** he go to office? (সে কি অফিসে যায়?)

**Modal:** Tamim Iqbal may play today. (আজ তামিম ইকবাল খেলতে পারে)
You should do the work. (তোমার কাজটি করা উচিত)
I can solve the sum. (আমি অংকটি সমাধান করতে পারি)

**Semi Modal:** They need go. (তাদের যাওয়া দরকার)

We dare not approach her. (আমরা তার কাছে যাওয়ার সাহস করি না)

**More Modal:** I am supposed to dance today.
(আমার আজকে নাচার কথা আছে)

I would rather like cricket than football.
(আমার ফুটবল থেকে ক্রিকেট বেশী পছন্দ)

They must have gone to Dhaka. (তারা অবশ্যই ঢাকা গিয়েছে)

[লক্ষণীয়: Modal Verbs সম্পর্কে জানতে এই বইয়ের Modal Verb লেসনটি মনোযোগ সহকারে পড়ুন]

## Topic: Non-finite Verb

i. **Infinitive:** Verb এর base form এর পূর্বে to যুক্ত হয়ে যে Verb গঠিত হয় তাকে Infinitive Verb বলে। Infinitive বাক্যে Noun / Adjective / Adverb এর কাজ করে।

I love to read newspaper. (আমি সংবাদপত্র পড়তে ভালবাসি)

I will go to play in the afternoon. (আমি বিকালে খেলতে যাবো)

The teacher asked me not to sleep in the class.
(শিক্ষক ক্লাসে ঘুমাতে নিষেধ করলেন)

I asked them not to make a noise. (আমি তাদের আওয়াজ করতে মানা করেছিলাম)

**Simple Infinitive:** Simple infinitive তৈরির জন্য দুটি কৌশল অনুসরণ করা হয়।

(1) to + $v_1$ (verb এর base form)

(2) to + be + $v_3$ (passive এর ক্ষেত্রে ব্যবহার করা হয়)

যেমন: Failed to solve your problem.

It is needed to be done with care.

[Note: অনেকে to এবং for নিয়ে Confused হয়ে পরে to ব্যবহার করা হয় উদ্দেশ্য এবং কারণ বুঝাতে]

Rani came to English Therapy to learn English. (উদ্দেশ্য)
ইংরেজিতে কিছু verb রয়েছে যাদের পরে সবসময়ই simple infinitive হয়। যেমন: Appear, Afford, Agree, Arrange, Came, Decide, Seem, With, Want, Plan, Fail, Demand, Learn, Intend etc.

**Bare Infinitive:** যে verb এর পূর্বে to যদি উহ্য থাকে তাহলে তাকে Bare infinitive বলে। যেমন: He will not let me do the work.
I was let use his phone.

**Perfect Infinitive:** Perfect Infinitive গঠন করার নিয়ম:

(1) to + have + $v_3$ (Active sentence এর জন্য)

(2) to have been + $v_3$ (Passive sentence এর জন্য)

**Split Infinitive:** যখন কোন Adverb 'to' verb এর পূর্বে বসে তখন তাকে Split infinitive বলে।

**Rule: to + adverb + $v_1$ (base form)

She wants him to immediately start preparing for the IELTS exam.

ii. **Participle:** Verb এর যে form একই সাথে Verb এবং adjective বা Adverb এর কাজ করে তাকে Participle Verb বলে। যেমন:
The dancing girl is my cousin. (নৃত্যরত মেয়েটি আমার চাচাতো বোন)
I saw Rajib reading a book. (আমি রাজীবকে একটি বই পড়তে দেখেছিলাম)

**Participle তিন প্রকার। যথাঃ**

A. প্রথমে লিখবো কিভাবে Participle দিয়ে বাক্য যুক্ত করতে হয়। আমরা জানি Participle তিন প্রকার।

i) Present Participle
ii) Past Participle
iii) Perfect Participle

Participle বাক্যে Adjective এর কাজ করে। যেই কাজ কখনো Verb + ing যোগে এবং Having যোগ করে থাকে।
নীচের বাক্যগুলো খেয়াল করুন:-

Do not disturb a sleeping (Adj.) baby (noun).

The car (noun) made (adj.) in Japan runs well.

Having (Adj.) finished my work, I went out.

উপরের বাক্যগুলোতে sleepin, made, having এগুলো Adjective হিসেবে বাক্যে বসে এদের পরবর্তী বা পূর্ববর্তী noun কে describe করে। উপরোক্ত সবগুলো word ই এক একটি verb এবং একই সাথে Adjective এর কাজ করে।

- **Present Participle:** Verb এর Base form এর সাথে ing যুক্ত হয়ে যে Verb একই সাথে Verb এবং Adjective বা Adverb এর কাজ করে তাকে Present Participle Verb বলে।

  যেমন:

  I saw her waiting for a bus.
  (আমি তাকে বাসের জন্য অপেক্ষারত দেখেছিলাম).

  I saw a sleeping lion in the forest.
  (আমি বনের ভেতর একটি ঘুমন্ত সিংহ দেখেছিলাম)

  Don't get into the running train. (চলন্ত ট্রেন ধরতে যেওনা)

  The thief saw the police. He ran away.
  = Seeing the police the thief ran away.

প্রথম দুটো বাক্যে subject একটি যা একবার noun এবং একবার pronoun হিসেবে বসেছে। যুক্ত করার সময় দেখতে হবে কোন কাজটি আগে সংঘটিত হয়েছে। যেটি আগে হয়েছে তার সাথে ing যুক্ত হয়ে present participle গঠন করতে হবে। এই বাক্যে প্রথম Verb টি past form এ আছে। যেহেতু past form এর সাথে ing যুক্ত হয় না সেহেতু একে present form এ এনে তার সাথে ing যোগ করতে হবে। তাহলে Structure দাঁড়ায় Base form od verb + ing + প্রথম বাক্যের বাকি অংশ + full stop উঠে যাবে + যেহেতু উভয় বাক্যের subject একটি সেহেতু এখানে আমরা noun টি লিখবো + হয় বাক্যের বাকি অংশ। এখন Structure এর সাথে বাক্য মিলাই।

Seeing the police, the thief ran away.

এই বাক্যটি নিম্নোক্ত ভাবেও লেখা যায়।

The thief ran away seeing the police.

তাহলে present participle দিয়ে বাক্য যুক্ত করার একটি rule জানলাম।

# Subject যদি ২টি বাক্যে ভিন্ন হয় তাহলে কেমন হবে দেখি চলুন।

The function was over. The guestsstarted leaving.

= The function being over, the guests started leaving.

এখানে দুটো বাক্য দুটো আলাদা subject আছে। ১ম বাক্যে be verb (am, is, are, was, were) আছে। সেক্ষেত্রে ১ম বাক্যের subject ঠিক রেখে be verb এর জায়গায় being বসানো হলো + ১ম বাক্যের বাকি অংশ + comma + ২য় বাক্যটি। উপরের আলোচনার পরিপ্রেক্ষিতে বলতে পারি যে present participle দিয়ে বাক্য যোগ করতে দুটো বাক্যের দুটো verb এর যেটি প্রথমে সংঘটিত হয়েছে তা বের করতে হবে, এরপওে তার present (যদি past form এ থাকে) form এর সাথে ing যোগ হবে এবং বাক্যের বাকি অংশ লিখতে হবে।

## Exercise

a. They saw a poor man. He was asking for some food.
b. I watched a train from my balcony. It was passing by our house.

c. The thief saw the police. He ran aways.
d. I looked at our old demolished building. I was sad.
e. The function was over, The guests were leaving the place.
f. The weather was very hot. I felt lazy to go out.
g. We stand in the front of the graves. We recited some verses from the Holy Quran.
h. The girl closed the door. She went back to work.
i. The interior designer finished his work. He submitted his bill.

- **<u>Past Participle:</u>** Verb এর Past Participle form যখন বাক্যে Adjective এর কাজ করে তখন তাকে Past Participle বলে।

  They are helping a <u>burnt</u> child.
  (তারা একজন দগ্ধ শিশুকে সাহায্য করছে)
  We found the house <u>deserted</u>. (আমরা বাসাটি পরিত্যক্ত পেয়েছিলাম)
  The car made in Japna. It runs well.
  = The car made in Japan runs well.

উপরের দুটি বাক্যের subject একই। ১ম বাক্যের verb টি passive form এ আছে। আর এবং দুটো বাক্যকে যুক্ত করার সময় প্রথমেই দেখা হয়েছে কোন কাজটি আগে হয়েছে। যেটি আগে হয়েছে সেখানেই পরিবর্তনের কাজটি এসেছে। তাহলে উপরের বাক্য ও বর্ণনা অনুযায়ী Structure দাঁড়ায়।
Subject + verb এর past participle as adjective + ১ম বাক্যের বাকি অংশ + comma + ২য় বাক্য। সেই হিসেবে The car made in Japan runs wll মিলে গেলো। প্রথমত past participle যুক্ত বাক্যের verb গুলো অবশ্যই passive form এ হবে নতুবা তা বাক্য সংযোজনে কাজে লাগবে না।]

## <u>Exercise</u>

a. The bridge was built 50 years ago. It collapsed last week.
b. The poems are written by Jasim Uddin. They are interesting.

c. The picture was taken by Khusi. It was amazing.
d. The building has been paited white. It looks beautiful.
e. The book is written by our Principal. It is very useful to us.

- **Perfect Participle:** Verb এর Past Participle form এর পূর্বে যখন having যুক্ত হয়ে যে Verb গঠিত হয় তাকে Perfect Participle বলে।

  **Structure**: Having+V3= Past Participle
  Having been finished the work, I went there.
  (কাজ শেষ করে সেখানে গিয়েছিলাম)
  Having reached home, I met my mother.
  (বাড়ি পৌছে মায়ের সাথে দেখা করেছিলাম)
  I had closed the door. I went back to work.
  = Having closed the door, I went back to work.

  এটি present participle এরম তই verb + ing সহযোগে গঠিত হয়। পার্থক্য হলো এখন তার verb টি হবে Have আর বাক্যে verb এর past perfect form থাকবে। আর বরাবরের মতই প্রথমে সংঘটিত verb টি উপরোক্ত, নিয়ম হিসেবে Structure হবে- Having + past participle of verb + ১ম বাক্যের বাকি অংশ + comma + ২য় বাক্য।

## Exercise

a. I had forgotten my car key. I went out.
b. The lady had forgotten the baby. She left the shopping mall.
c. The hunter had seen the tiger. He ran away in fear.
d. I had received his arrival note. I am relieved of the tension.
e. The students had seen the Principal coming. They entered the classroom immediately.

iii. **<u>Gerund:</u>** যখন কোন Verb একাধারে Verb ও Noun এর কাজ করে তাকে Gerund বলে। সাধারণত Verb এর সাথে ing যোগ হয়ে Gerund হয়। যেমন:

<u>Walking</u> is a good exercise. (হাঁটা একটি ভালো ব্যায়াম)

Shakib likes <u>travelling</u> new place. (সাকিব নতুন জায়গায় ঘুড়তে পছন্দ করে)

<u>Making</u> a good result in the exam needs a lot of hard work. (পরীক্ষায় ভাল রেজাল্ট করতে চাইলে কঠোর পরিশ্রম প্রয়োজন)

**[N.B: Gerund noun বলে What এর answer করে]**

*[লক্ষণীয়: Infinitive, Participle, Gerund সম্পর্কে বিস্তারিত জানতে এই বইয়ের Infinitive, Participle, Gerund লেসনগুলো পড়ুন]*

## <u>আরো কিছু গুরুত্বপূর্ণ Verb</u>

**1. <u>Impersonal Verb:</u>**

Impersonal 'It' বাক্যের Subject হলে ঐ বাক্যের Verb কে Impersonal Verb বলে। যেমন:

- It <u>has been raining</u> since morning.
- It <u>is</u> impossible to me.

**2. <u>Cognate Verb</u>:**

যে বাক্যের Verb ও Objective **প্রায় একজাতীয় হয় তখন ঐ বাক্যের** Verb কে Cognate Verb বলে। যেমন:

- He <u>sings</u> <u>a nice song</u>.
  verb obj
- We <u>fought</u> <u>a fight</u>.
  verb obj
- I ran a race.

**3. <u>Factitive Verb</u>:**

যে Verb এর Object থাকার পরও একটি Objective Complement গ্রহণ করে, ঐ Verb কে Factitive Verb বলে। যেমন:

- They elected him Vice-President.
  verb obj obj. complement

- We considered him fool.
  verb obj obj. com

- The teacher calls her a fool.

## 4. Quassi-Passive Verb:

Quassi passive মানে half passive. এই Verb টি passive form হয় দেখতে। আর Subject টি উহ্য থাকলেও বোঝা যায় তা কি। যেমনঃ
The building is being built.
এই বাক্যের The building হচ্ছে object. কারণ verb টি building কে Indicate করছে।

এখন কথা হলো, Subject কোথায়? যেহেতু building নিজে নিজে তৈরী হতে পারে না, সেহেতু বোঝাই যাচ্ছে building তৈরীর কাজ কেউ না কেউ করছে। কিন্তু Subject উল্লেখ না থাকলেও বাক্যটি কিন্তু অসম্পূর্ণ মনে হচ্ছে না। এটি একটি Transitive verb.
Copulative verb: You look pretty. এই বাক্যে verb এর শেষে Adjective রয়েছে। Subject you এবং Verb look তাদের অর্থ Complete করার জন্য অপর একটি শব্দের সাহায্য নিয়েছে। অর্থাৎ Subject এবং Verb যখন অন্য word এর সাহায্যে কাজ করে, তখন তা হয় Copulative Verb. অন্য অর্থে এই Adjective টি Subject এর Complement হিসাবেও কাজ করে। Seem, look, feel, appear, become, taste, get, sound, turn, grows, find, am, is, are এগুলো কয়েকটি Copulative verb. Copulative verb মানেই linking verb.

যেমন:
The lady seems nice.
I am here.
It feels freezing.
You are a brilliant person.

## 5. Reflexive Verb:

Subject এর Objective form এর সাথে self যুক্ত হয়ে এই verb গঠিত হয়। বাক্যগুলো পড়ি চলুন-

She fans herself.
sub verb obj

Robin hurt himself last night.

যেহেতু Subject ও Object একই ব্যক্তি। কাজেই এটি Reflexive verb. এটা অনেকটা আয়নার সামনে দাড়িয়ে নিজেকে দেখার মত। Kill, throw, hurt, about, avail, conduct, fan, pride, enjoy ইত্যাদি প্রকারের Verb গুলো সবই Transitive verb.

যেমন:

Raqib availed the tickets himself.
We enjoyed ourselves.
Our school conducted the competition itself.

### Reflexive verb

| Subject এর Objective form | | Possessive |
|---|---|---|
| I | me | my, mine |
| He | him | his |
| She | her | her, hers |
| We | us | our, ours |
| They | Them | their, theirs |
| You | you | your, yours |
| It | It | Its |

** You এর পরে Verb হলে তা সাধারণত Subject এবং আগে Verb থাকলে তা সাধারণত Object হয়। [ It এর ক্ষেত্রেও এই নিয়ম ]

## 6. Reciprocal verb:

We leave each other.
They help one another.

পারস্পরিক কর্ম সম্পাদন বোঝায়। এটাও Transitive verb. Love, hate, quarrel, fight ইত্যাদি Reciprocal verb.
যেমনঃ The boys fought with one another.
The two girls hate each other.

**Prepositional Verb:** Intransitive verb এর পূর্বে / পরে Preposition যুক্ত হয়ে Transitive verb হলে তাকে Prepositional verb বলে। যেমনঃ Will act on your words.

## Exercise

***Find out and write the names of the verb***

1. *He has come here.*
2. *Mr. Jolil teaches us English.*
3. *The water is being boiled.*
4. *The fox jumped into the wall.*
5. *The cow gives us over milk.*
6. *We get up early in the morning.*
7. *Sumi writes a letter.*
8. *Ice floats on water.*
9. *They are swimming in the pond.*
10. *Robi draws a picture.*

# Causative Verb

বাক্যে Subject যখন কোন কাজ নিজে না করে অন্যকে দিয়ে করায়, তখন সেই কাজ (Verb) টি-কে Causative Verb বলে। অন্যকথায়, যে Verb এর মাধ্যমে 'Subject', 'Object' কে দিয়ে কোন কাজ করিয়ে নেয়, তাকে Causative Verb বলে। যেমনঃ

Shipon reminded me of my appointment with the doctor.
(শিপন আমাকে ডাক্তারের সাথে দেখা করার কথা মনে করিয়ে দিল।)

এখানে, মনে করার কাজটি Shipon নিজে না করে 'me' মানে আমাকে দিয়ে করালো। এটাই **Causative Verb**.

আরো কিছু উদাহরণঃ

I eat rice. (আমি ভাত খাই)। যেটা Causative form এ হবে,
I feed rice. (আমি ভাত খাওয়াই)।
I learn English (আমি ইংরেজি শিখি)। Causative form এ হবে,
I teach English (আমি ইংরেজি শেখাই)।

**Causative Verb দুই প্রকার। যথাঃ**

1. Causative in real mood (Causative verb এর আসল ধরন)
2. Causative in assistant mood (কিছু Verb এর সমন্বয়ে Causative verb)

**Causative in real mood:** ইংরেজীতে যে Verb গুলো সরাসরি Causative Verb হিসেবে ব্যবহৃত হয় তাকে Causative in real mood বলে। এরকম বেশ কিছু Verb নিম্নে দেওয়া হলোঃ

| General Verb | | Causative Verb | |
|---|---|---|---|
| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
| Learn | শেখা | Teach | শেখানো |
| Eat | খাওয়া | Feed | খাওয়ানো |
| Know | জানা | Inform | জানানো |

| General Verb | | Causative Verb | |
|---|---|---|---|
| Dive | ডুব দেওয়া | Dip | ডুবানো |
| Fall | পড়ে যাওয়া | Fell | ফেলে দেওয়া |
| Lie | শয়ন করা | Lay | শুইয়ে রাখা |
| Remember | স্বরণ করা | Remind | স্বরণ করিয়ে দেওয়া |
| Rise | উঠা | Raise | উঠানো |
| See | দেখা | Show | দেখানো |
| Suck | চোষণ করা | Suckle | চোষণ করানো |
| Boil | তরল পদার্থ উত্তপ্ত হয়ে ফোটা | Boil | তরল পদার্থ উত্তপ্ত করে ফোটানো |
| Walk | হাঁটা | Walk | হাঁটানো |
| Fly | উড়া | Fly | উড়ানো |
| Drink | নিজে পান করা | Drench | অন্যকে পান করানো |

**Example:**

(a) I see the book. (আমি বইটি দেখি)
=I show the book. (আমি বইটি দেখাই)

(b) Mother drinks water. (মা পানি পান করে)
= Mother drenches water her child. (মা তার সন্তানকে পানি পান করায়)

(c) I know about this matter. (আমি বিষয়টি সম্পর্কে জানি)
=I inform about this matter. (আমি বিষয়টি সম্পর্কে জানাই)

**Causative in assistant mood:**

ইংরেজীতে অনেক Verb আছে যাদের Causative রূপ নেই। সেই Verb গুলোকে ৫টি Verb এর সহায়তা নিয়ে Causative রূপ দেয়া যায়। Verb ৫ টি হলো make, let, help, have, get. যেমন:

Understand = নিজে বোঝা।

Make him understand_= তাকে বোঝানো (অন্যকে বোঝানো)।

এখানে, make + understand= Causative হয়েছে।

## Usage of 5 causative verbs

1. **Make:** যখন একজন ব্যক্তি নিজে সরাসরি কোনোকিছু না করে, অন্য একজন ব্যক্তিকে দিয়ে জোর করে করিয়ে নেয়, এমতাবস্থায় সাধারণত Causative Verb 'Make' ব্যবহার করা হয়।
   Make এর পরে ব্যক্তি বাচক/ বস্তু বাচক (personal pronoun) কিংবা যেকোনো Object ই থাকুক না কেন এরপরের Verb টি সাধারণত Simple form এ হয়।

   **Structure:** Subject+ make+ someone (ব্যক্তি)/ something (বস্তু) + simple verb ($v_1$)
   a) I make him understand.
   b) Rifat makes her convince.
   c) My leader made me do the work.
   d) His brother made him play.
   e) He makes his clothes wash in laundry.

2. **Get:** ব্যক্তি যখন তুলনামূলক কম জোর প্রয়োগ করে কাউকে বুঝিয়ে, মানিয়ে কোন কাজ আদায় করে নেয় তখন সাধারণত 'Get' বসে।
   (i) **Structure:** Subject+ get+ someone (ব্যক্তি) + infinitive+ ext.
      a) Amir got Abul to clean the dining room.
      b) I got a friend to complete my lesson.

   (ii) **Structure:** Subject+ get+ something (বস্তু)+ $V_3$+ ext.
      a) I got the files submitted.
      b) I got the work done.

3. **Have:** যখন ব্যক্তি নিজে সরাসরি কাজটি না করে স্বাভাবিকভাবে কোন প্রকার জোরপূর্বক ছাড়া অন্যকে দিয়ে কাজ করিয়ে নেয় তখন সাধারণত Causative Verb 'Have' ব্যবহার করা হয়।

**Structure:**

(i) Subject+ have/ has/ had+ ব্যক্তিবাচক object+ $V_1$+ Ext.

(a) I had the Boss check my work.

(b) My mother has me sleep regularly.

(c) His brother has him read newspaper.

(ii) Subject+ have/ has/ had+ বস্তুবাচক object+ $V_3$+ Ext.

(a) He has a camera made for video.

(b) We had his hair cut.

4. **Let:** যখন বক্তা আরেক জন ব্যক্তি বা বস্তুকে কোন কিছু করার অনুমতি প্রদান করেন, তখন Causative Verb 'Let' ব্যবহার করা হয়।

**Structure:** Subject+ let+ someone (ব্যক্তি)/ something (বস্তু) + simple verb (v1).

(a) Her sister lets him do the work.

(b) My mother let me go to my sister's house.

(c) He will let my computer use for typing.

(d) He will let me use his Computer for typing.

5. **Help:** একজন ব্যক্তি যখন আরেকজন ব্যক্তিকে সাহায্য করার মাধ্যমে কোন কাজ সম্পূর্ণ করে, এমতাবস্থায় Causative verb 'Help' ব্যবহার করা হয়।

**Structure:** Subject+ help+ someone+ simple verb (v1)/ infinitive (to+v1).

(a) He will help me understand the lessons.

(b) My uncle helped me to get 1st position.

(c) My brother helps me to continue my study well.

## Exercises

**Correct it:**

1. *Mary had John (washed) the car.*
2. *They had the house (paint).*
3. *She got Sumona (type) her paper.*
4. *I got my leg (break) in the accident.*
5. *He made me (working) very hard.*
6. *He let me (playing) the guitar.*
7. *Let the sentence (with pen) through.*
8. *We helped him (finishing) the work.*
9. *We made him (laughing).*
10. *He had his hair. (to be cut).*

# Conjugation of verb

মূল verb থেকে verb এর Past form ও Past participle form- এ পরিবর্তনকে Conjugation of verb বলে। Conjugation of verb বা রূপগত পরিবর্তনের নীতি অনুসারে verb গুলোকে দুইভাগে ভাগ করা যায়। যথা:

1. Strong verbs বা Irregular verbs
2. Weak verbs বা Regular verbs

**Strong verbs:** Strong verb বলতে সেই সকল verb কে বোঝানো হয়, যেসকল verb এর অভ্যন্তরের vowel (a, e, i, o, u) পরিবর্তন করে past এবং past participle করা হয়।
অন্যভাবে বলতে গেলে, যে সকল verb এর শেষে d, ed, t যোগ না হয়ে verb এর past ও past participle form গঠিত হয় তাকে strong verbs বলে। যেমন:

| | | | | |
|---|---|---|---|---|
| Break | = | broke | = | broken |
| Drink | = | drank | = | drunk |

**Weak verbs:** যে সকল verb এর শেষে d, ed, t যোগ হয়ে verb এর past ও past participle form গঠিত হয় তাকে weak verbs বলে। যেমন:

| | | | | |
|---|---|---|---|---|
| Play | = | played | = | played |
| Burn | = | burnt | = | burnt |

অজানা কথা:

(i) ইংরেজীতে অধিকাংশ verb- ই weak বা regular verbs। তবে বিশিষ্ট ইংরেজ ব্যাকরণবিদ Geoffrey Leech এর তথ্যানুযায়ী strong বা irregular verbs এর সংখ্যা ২০০ এর অধিক।

(ii) Weak verbs এর মত strong verbs এরও ‘s’ ও ‘ing’ form রয়েছে। যেমনঃ

**Weak verbs**

| | | | | |
|---|---|---|---|---|
| Ask | = | asks | = | asking |
| Go | = | goes | = | going |

**Strong verbs**

| | | | | |
|---|---|---|---|---|
| Begin | = | begins | = | beginning |
| Do | = | does | = | doing |

লক্ষণীয়ঃ

মনে রাখবেন, আমরা সাধারণত Verb এর Present form ($v_1$) থেকে Verb এর Past form ($v_2$) ও Past Participle form ($v_3$) তে রূপান্তর করার সময় Strong Verb গুলোই সবচেয়ে বেশী ঝামেলা করে এবং এগুলোতেই সবচেয়ে বেশী ভূল করে থাকি। তাই Strong Verb গুলোর ৩ টি form আয়ত্ত্বে আনতে পারলে Weak verb গুলোর ৩টি form আপনা আপনিই আয়ত্ত্বে এসে যায়।

## কিছু গুরুত্বপূর্ণ Strong Verb

| Strong verbs | | | | |
|---|---|---|---|---|
| **S.L** | **Present form ($v_1$)** | **Meaning** | **Past form ($v_2$)** | **Past Participle form ($v_3$)** |
| 01. | Awake | জাগ্রত হওয়া | Awoke | Awoke/awoken |
| 02. | Arise | জেগে ওঠা | Arose | Arisen |
| 03. | Begin | আরম্ভ হওয়া | Began | Begun |
| 04. | Bring | আনা | Brought | Brought |
| 05. | Buy | কেনা | Bought | Bought |
| 06. | Bite | কামড় দেওয়া | Bit | Bit/Bitten |
| 07. | Bear | বহন করা | Bore | Borne |
| 08. | Bear | জন্ম দেওয়া | Bore | Born |
| 09. | Beat | প্রহার করা | Beat | Beaten |
| 10. | Bind | বাধাঁই করা | Bound | Bound/bounden |
| 11. | Blow | প্রবাহিত হওয়া/ বাতাস বহা | Blew | Blown |
| 12. | Break | ভাঙ্গা | Broke | Broken |
| 13. | Catch | ধরা | Caught | Caught |
| 14. | Come | আসা | Came | Come |
| 15. | Cling | লেগে থাকা | Clung | Clung |
| 16. | Chide | তিরস্কার করা | Chid | Chid/ chidden |
| 17. | Dig | খনন করা | Dug | Dug |
| 18. | Do | করা | Did | Done |
| 19. | Drink | পান করা | Drank | Drunk |

| S.L | Present form ($v_1$) | Meaning | Past form ($v_2$) | Past Participle form ($v_3$) |
|---|---|---|---|---|
| 20. | Drive | চালানো | Drove | Driven |
| 21. | Draw | আঁকা | Drew | Drawn |
| 22. | Eat | খাওয়া | Ate | Eaten |
| 23. | Find | খুঁজে পাওয়া | Found | Found |
| 24. | Fly | উড়া | Flew | Flown |
| 25. | Forbid | নিষেধ করা | Forbade | Forbidden |
| 26. | Forget | ভুলে যাওয়া | Forgot | Forgotten |
| 27. | Forgive | ক্ষমা করা | Forgave | Forgiven |
| 28. | Forsake | পরিত্যাগ করা | Forsook | Forsaken |
| 29. | Fall | পতিত হওয়া | Fell | Fallen |
| 30. | Fling | নিক্ষেপ করা | Flung | Flung |
| 31. | Fight | যুদ্ধ করা | Fought | Fought |
| 32. | Get | পাওয়া | Got | Gotten |
| 33. | Give | দেওয়া | Gave | Given |
| 34. | Go | যাওয়া | Went | Gone |
| 35. | Grow | জন্মানো | Grew | Grown |
| 36. | Know | জানা | Knew | Known |
| 37. | Lie | শয়ন করা | Lay | Lain |
| 38. | Meet | সাক্ষাত করা | Met | Met |
| 39. | Misunderstand | ভুল বোঝা | Misunderstood | Misunderstood |
| 40. | Overtake | পিছনে ফেলে যাওয়া | Overtook | Overtaken |

| S.L | Present form ($v_1$) | Meaning | Past form ($v_2$) | Past Participle form ($v_3$) |
|---|---|---|---|---|
| 41. | Remake | পুনরায় তৈরী করা | Remade | Remade |
| 42. | Run | দৌড়ানো | Ran | Run |
| 43. | Ring | ঘণ্টা বাজানো | Rang | Rung |
| 44. | Ride | যানবাহনে চড়া | Rode | Ridden |
| 45. | Rise | ওঠা | Rose | Risen |
| 46. | Sit | বসা | Sat | Sat |
| 47. | Steal | চুরি করা | Stole | Stolen |
| 48. | Shine | চকমক করা | Shone | Shone |
| 49. | Shrink | সঙ্কুচিত করা | Shrank | Shrank |
| 50. | Slay | হত্যা করা | Slew | Slain |
| 51. | Sink | ডোবা/ডুবে যাওয়া | Sank | Sunk/sunken |
| 52. | See | দেখা | Saw | Seen |
| 53. | Speak | কথা বলা | Spoke | Spoken |
| 54. | Stand | দাঁড়ানো | Stood | Stood |
| 55. | Swim | সাঁতার কাটা | Swam | Swum |
| 56. | Sing | গান গাওয়া | Sang | Sung |
| 57. | Sit | বসা | Sat | Sat |
| 58. | Sell | বিক্রয় করা | Sold | Sold |
| 59. | Take | নেওয়া | Took | Taken |
| 60. | Tread | পদদলিত করা | Trod | Trod/ trodden |
| 61. | Throw | নিক্ষেপ করা | Threw | Thrown |
| 62. | Think | চিন্তা করা | Thought | Thought |

| S.L | Present form ($v_1$) | Meaning | Past form ($v_2$) | Past Participle form ($v_3$) |
|---|---|---|---|---|
| 63. | Tell | বলা | Told | Told |
| 64. | Tear | ছিঁড়ে ফেলা | Tore | Torn |
| 65. | Understand | বুঝতে পারা | Understood | Understood |
| 66. | Weave | বোনা/ বুনন করা | Wove | Woven |
| 67. | Wring | মোচড়ানো | Wrang | Wrung |
| 68. | Wake up | জাগ্রত হওয়া | Woke up | Woken up/ Waken up |
| 69. | Wear | পরিধান করা | Wore | Worn |
| 70. | Write | লেখা | Wrote | Written |

আমাদের দৈনন্দিন জীবনে প্রয়োজন হয় এমন ১০০ টি Weak verb দেওয়া হলোঃ

| Weak verbs | | | | |
|---|---|---|---|---|
| **S.L** | **Present form ($V_1$)** | **Meaning** | **Past form ($V_2$)** | **Past Participle ($V_3$)** |
| 1. | Add | যোগ করা | Added | Added |
| 2. | Accept | গ্রহণ করা | Accepted | Accepted |
| 3. | Answer | উত্তর দেওয়া | Answered | Answered |
| 4. | Apply | আবেদন করা | Applied | Applied |
| 5. | Ask | জিজ্ঞাসা করা | Asked | Asked |
| 6. | Avoid | এড়িয়ে চলা | Avoided | Avoided |
| 7. | Advertise | বিজ্ঞাপন দেওয়া | Advertised | Advertised |
| 8. | Advise | উপদেশ দেওয়া | Advised | Advised |
| 9. | Accept | গ্রহণ করা | Accepted | Accepted |

| S.L | Present form ($V_1$) | Meaning | Past form ($V_2$) | Past Participle ($V_3$) |
|---|---|---|---|---|
| 10. | Arrive | পৌঁছানো | Arrived | Arrived |
| 11. | Bargain | দরকষাকষি করা | Bargained | Bargained |
| 12. | Bless | আশীর্বাদ করা | Blessed | Blessed |
| 13. | Bribe | ঘুষ দেওয়া | Bribed | Bribed |
| 14. | Blame | দোষারোপ করা | Blamed | Blamed |
| 15. | Borrow | ধার করা | Borrowed | Borrowed |
| 16. | Build | নির্মাণ করা | Built | Built |
| 17. | Burn | পোড়ানো | Burnt | Burnt |
| 18. | Beg | ভিক্ষা করা | Begged | Begged |
| 19. | Call | ডাকা | Called | Called |
| 20. | Cry | কাঁন্না করা | Cried | Cried |
| 21. | Carry | বহন করা | Carried | Carried |
| 22. | Confirm | নিশ্চিত করা | Confirmed | Confirmed |
| 23. | Close | বন্ধ করা | Closed | Closed |
| 24. | Chat | খোশগল্প করা | Chatted | Chatted |
| 25. | Count | গণনা করা | Counted | Counted |
| 26. | Celebrate | উদযাপন করা | Celebrated | Celebrated |
| 27. | Deal | চুক্তি করা | Dealt | Dealt |
| 28. | Damage | ক্ষতি করা | Damaged | Damaged |
| 29. | Declare | ঘোষণা করা | Declared | Declared |
| 30. | Demand | দাবি করা | Demanded | Demanded |
| 31. | Dream | স্বপ্ন দেখা | Dreamed/ Dreamt | Dreamed/ Dreamt |
| 32. | Empty | খালি করা | Emptied | Emptied |

| S.L | Present form ($V_1$) | Meaning | Past form ($V_2$) | Past Participle ($V_3$) |
|---|---|---|---|---|
| 33. | Enjoy | উপভোগ করা | Enjoyed | Enjoyed |
| 34. | Expect | আশা করা | Expected | Expected |
| 35. | Feel | অনুভব করা | Felt | Felt |
| 36. | Follow | অনুসরণ করা | Followed | Followed |
| 37. | Guide | পরিচালনা করা | Guided | Guided |
| 38. | Guess | অনুমান করা | Guessed | Guessed |
| 39. | Gossip | গল্প করা | Gossiped | Gossiped |
| 40. | Gain | অর্জন করা | Gained | Gained |
| 41. | Grant | মঞ্জুর করা | Granted | Granted |
| 42. | Hire | ভাড়া করা | Hired | Hired |
| 43. | Hear | শোনা | Heard | Heard |
| 44. | Help | সাহায্য করা | Helped | Helped |
| 45. | Honour | সম্মান করা | Honoured | Honoured |
| 46. | Hurry | তাড়াহুড়ো করা | Hurried | Hurried |
| 47. | Happen | ঘটা | Happened | Happened |
| 48. | Inspire | অনুপ্রাণিত করা | Inspired | Inspired |
| 49. | Introduce | পরিচয় করিয়ে দেওয়া | Introduced | Introduced |
| 50. | Import | আমদানি করা | Imported | Imported |
| 51. | Join | জয়েন করা | Joined | Joined |
| 52. | Justify | সত্যতা বিচার করা | Justified | Justified |
| 53. | Keep | রাখা | Kept | Kept |
| 54. | Leave | ত্যাগ করা | Left | Left |
| 55. | Learn | শেখা | Learnt | Learnt |

| S.L | Present form ($V_1$) | Meaning | Past form ($V_2$) | Past Participle ($V_3$) |
|---|---|---|---|---|
| 56. | Lend | ধার দেওয়া | Lent | Lent |
| 57. | Look | তাকানো | Looked | Looked |
| 58. | Mean | অর্থ প্রকাশ করা | Meant | Meant |
| 59. | Mention | উল্লেখ করা | Mentioned | Mentioned |
| 60. | Memorize | মুখস্থ করা | Memorized | Memorized |
| 61. | Move | নড়াচড়া করা | Moved | Moved |
| 62. | Marry | বিবাহ করা | Married | Married |
| 63. | Neglect | অবহেলা করা | Neglected | Neglected |
| 64. | Notice | লক্ষ্য করা | Noticed | Noticed |
| 65. | Open | খোলা | Opened | Opened |
| 66. | Operate | পরিচালনা করা | Operated | Operated |
| 67. | Pay | পরিশোধ করা | Paid | Paid |
| 68. | Play | খেলা | Played | Played |
| 69. | Prove | প্রমাণ করা | Proved | Proved |
| 70. | Push | ধাক্কা দেওয়া | Pushed | Pushed |
| 71. | Recover | পুনরুদ্ধার করা | Recovered | Recovered |
| 72. | Release | মুক্তি দেওয়া | Released | Released |
| 73. | Research | গবেষণা করা | Researched | Researched |
| 74. | Revise | পুনরায় পড়া | Revised | Revised |
| 75. | Receive | গ্রহণ করা | Received | Received |
| 76. | Repair | মেরামত করা | Repaired | Repaired |
| 77. | Repeat | পুনরাবৃত্তি করা | Repeated | Repeated |
| 78. | Return | ফিরে আসা | Returned | Returned |

| S.L | Present form ($V_1$) | Meaning | Past form ($V_2$) | Past Participle ($V_3$) |
|---|---|---|---|---|
| 79. | Say | বলা | Said | Said |
| 80. | Send | পাঠানো | Sent | Sent |
| 81. | Start | শুরু করা | Started | Started |
| 82. | Sleep | ঘুমানো | Slept | Slept |
| 83. | Spend | খরচ করা | Spent | Spent |
| 84. | Study | পড়াশোনা করা | Studied | Studied |
| 85. | Struggle | সংগ্রাম করা | Struggled | Struggled |
| 86. | Suffer | ভোগা/ কষ্ট করা | Suffered | Suffered |
| 87. | Try | চেষ্টা করা | Tried | Tried |
| 88. | Telecast | সম্প্রচার করা | Telecast | Telecast |
| 89. | Tease | জ্বালাতন করা | Teased | Teased |
| 90. | Torture | অত্যাচার করা | Tortured | Tortured |
| 91. | Taste | স্বাদ আস্বাদন করা | Tasted | Tasted |
| 92. | Trouble | অসুবিধায় পড়া/ফেলা | Troubled | Troubled |
| 93. | Tire | ক্লান্ত করা | Tired | Tired |
| 94. | Unite | একত্র করা | United | United |
| 95. | Visit | পরিদর্শন করা | Visited | Visited |
| 96. | Work | কাজ করা | Worked | Worked |
| 97. | Wait | অপেক্ষা করা | Waited | Waited |
| 98. | Watch | দেখা | Watched | Watched |
| 99. | Walk | হাঁটা | Walked | Walked |
| 100 | Want | চাওয়া | Wanted | Wanted |

## বেশ কিছু verb আছে, যাদের তিনটি form একই।

| Present (v1) | Meaning | Past (v2) | Past Participle (v3) |
|---|---|---|---|
| Cost | খরচ করা | Cost | Cost |
| Rid | মুক্ত করা | Rid | Rid |
| Read | পড়া | Read | Read |
| Burst | বিস্ফোরণ ঘটা | Burst | Burst |
| Spread | ছড়ানো | Spread | Spread |
| Thrust | হস্তক্ষেপ করা | Thrust | Thrust |
| Shed | ঝড়ানো | Shed | Shed |
| Hurt | আঘাত দেওয়া | Hurt | Hurt |
| Broadcast | সম্প্রচার করা | Broadcast | Broadcast |
| Bid | নিলাম ডাকা | Bid | Bid |
| Split | ভাগ করা | Split | Split |
| Cast | ভোট দেওয়া/ নিক্ষেপ করা | Cast | Cast |
| Cut | কর্তন করা | Cut | Cut |
| Put | রাখা | Put | Put |
| Telecast | সম্প্রচার করা | Telecast | Telecast |
| Set | স্থাপন করা | Set | Set |
| Let | অনুমতি দেওয়া | Let | Let |
| Shut | বন্ধ করা | Shut | Shut |
| Hit | আঘাত করা | Hit | Hit |
| Wet | ভিজে যাওয়া | Wet | Wet |

## বিভ্রান্ত সৃষ্টিকারী Verbs

**আমাদের জানা দরকার:**

লক্ষ লক্ষ verb- এর ভেতর সবগুলো verb ই বিভ্রান্তি সৃষ্টি করে না। যে সকল verb এর তিনটি form সবচেয়ে বেশি দ্বন্দ্ব সৃষ্টি করে সেগুলো নিম্নরূপ:

**Confusing-1:**

| Present ($v_1$) | Meaning | Past ($v_2$) | Past Participle ($v_3$) |
|---|---|---|---|
| Lie | শয়ন করা | lay | lain |
| Lie | মিথ্যা বলা | lied | lied |
| Lay | ডিম পাড়া, রাখা | laid | laid |

- Shifat lay on the bed after coming school.
  (স্কুল থেকে আসার পর শিফাত বিছানায় শুয়ে ছিলো)
- He lied. (সে মিথ্যা বলেছিলো)
- The hen laid an egg last week.
  (মুরগীটি গত সপ্তাহে একটি ডিম পেরেছিলো)

**Confusing-2:**

| Fly | উড়া | flew | flown |
|---|---|---|---|
| Flee | পলায়ন করা | fled | fled |
| Flow | প্রবাহিত হওয়া | flowed | flowed |
| Follow | অনুসরণ করা | followed | followed |

- The parrot has flown over the tree.
  (টিয়া পাখিটি গাছের উপর দিয়ে উড়ে গিয়েছে)
- The thief had fled before the landlord came.
  (বাড়িওয়ালা আসার পূর্বে চোরটি পালিয়ে গেলো)
- The water flowed down the bridge.
  (পানি ব্রীজের নিচে বয়ে চলেছিলো)
- We followed grammatical rules for speaking English.
  (আমরা স্পিকিং ইংলিশ এর জন্য ব্যাকরণগত নিয়মসমূহ অনুসরণ করেছিলাম।)

**Confusing-3:**

| Hang | বস্তু ঝুলানো | hung | hung |
|---|---|---|---|
| Hang | ফাঁসি দেওয়া | hanged | hanged |

- Mumit has hung to photo of Tamim Iqbal on a wall.
  (মুমিত তামিম ইকবালের ফটো দেয়ালে ঝুঁলিয়েছে)

ব্যাখা: ফটো ফাঁসি দেওয়া যায়না এবং এটি যেহেতু Present perfect tense, তাই verb এর $v_3$ form 'hung' হবে।

**Confusing-4**:

| Stick | লেগে থাকা | stuck | stuck |
|---|---|---|---|
| Strike | আঘাত করা | struck | struck |
| Stroke | ধীরে ধীরে হাত বুলানো | stroked | stroked |

- The magnet was stuck to the wall. (চুম্বকটি দেয়ালের সাথে লেগেছিলো)
- The robber struck the man on the head.
  (ডাকাতটি লোকটার মাথায় আঘাত করেছিলো)
- My mother stroked on my head when I slept.
  (আমি যখন ঘুমিয়েছিলাম আমার মা আমার মাথা বুলিয়েছিলো)

**Confusing-5:**

| Die | মারা যাওয়া | died | died |
|---|---|---|---|
| Dye | রং করা | dyed | dyed |

**Confusing-6:**

| Bear | বহন করা | bore | borne |
|---|---|---|---|
| Bear | প্রসব করা | bore | born |

**Confusing-7:**

| Live | বাস করা | lived | lived |
|---|---|---|---|
| Leave | ত্যাগ করা | left | left |

**Confusing-8:**

| Feel | অনুভব করা | felt | felt |
|---|---|---|---|
| Fall | পতিত হওয়া | fell | fallen |
| Fell | কেটে ফেলা, ভূপাতিত হওয়া | felled | felled |
| Fill | পূর্ণ করা | filled | filled |

**Confusing-9:**

| Sow | বীজ বোনা | sowed | sowed/sown |
|---|---|---|---|
| Show | দেখানো | showed | shown |
| Sew | সেলাই করা | sewed | sewed |

**Confusing-10:**

| Stick | লেগে থাকা | stuck | stuck |
|---|---|---|---|
| Strike | আঘাত করা | struck | struck |
| Stroke | ধীরে ধীরে হাত বুলানো | stroked | stroked |

## গুরুত্বপূর্ণ বিষয়-১

আমরা অনেক সময় verb এর present form ও base form- একই ভেবে থাকি। প্রকৃতপক্ষে present form ও base form এর মধ্যে পার্থক্য রয়েছে। যেমন:

To be verb = am, is, are, was, were, be, shall be, will be.
To Do verb= do, does, did.
To Have verb= have, has, had.
এখানে, To be verb এর base form হচ্ছে be, to have verb এর base form হচ্ছে have, to do verb এর base form হচ্ছে do.

**লক্ষণীয়:**

১. Verb এর এই পার্থক্য শুধুমাত্র Auxiliary principal verb এ দেখা যায়। যা Principal বা Auxiliary Modal verb এ হয় না।

২. To be, to do, to have verb এর অন্যান্য verb গুলো tense, number, person অনুযায়ী ব্যবহৃত হয়।

৩. Verb এর base form এর এই ধারণা সবচেয়ে প্রয়োজন হয় Modal verb দিয়ে বাক্য তৈরী করার সময়।

**Structure:** Sub+ Modal verb+ verb এর base form+ extension.

যেমন:

- সে একজন ডাক্তার হতে পারে।
  = He can **be** a doctor.
- তোমার অবশ্যই একটি গাড়ি থাকবে।
  = You must **have** a car.
- আমি কাজটি করতে পারি।
  = I can **do** the work

**N.B:**

**(i)** Modal verb এর পরে সবসময় verb এর base form হয়। তাই ১, ২, ৩ নাম্বার বাক্যে verb এর base form হিসেবে যথাক্রমে be, have, do বসেছে।

## গুরুত্বপূর্ণ বিষয়-২

আমরা জানি, প্রায় অধিকাংশ verb এরই সাধারণত ৫ টি রূপ পরিলক্ষিত হয়। যথাঃ

1. $V_1$ (Present form)
2. $V_2$ (Past form)
3. $V_3$ (Past participle form)
4. $V_4$ (Ing form)
5. $V_5$ (s/es form)

**For example:**

| $V_1$ (present form) | $V_2$ (past form) | $V_3$ (past participle form) | $V_4$ (ing form) | $V_5$ (s/es form) |
|---|---|---|---|---|
| Go | went | gone | going | goes |
| Play | played | played | playing | plays |
| Walk | walked | walked | walking | walks |

## Infinitive

Verb এর base form এর পূর্বে to যুক্ত হয়ে যে Verb গঠিত হয় তাকে Infinitive বলে। অর্থাৎ Infinitive = to+verb এর base form । যেমনঃ

He began to cry. (সে কাঁদতে শুরু করেছিলো)
I love to read newspaper. (আমি সংবাদপত্র পড়তে ভালবাসি)
I will go to play in the afternoon. (আমি বিকালে খেলতে যাবো)
The teacher asked me not to sleep in the class.
(শিক্ষক ক্লাসে ঘুমাতে মানা করলেন)
I asked them not to make a noise.
(আমি তাদের আওয়াজ করতে মানা করেছিলাম)

Infinitive এর Structure হলো (to + verb) যার নিজস্ব কোন অর্থ নেই যদি না সে অন্য একটি verb এর পরে বসে। Infinitive সম্পর্কে বিস্তারিত জানতে বই এর **verb** অধ্যায়টি দেখুন। এখানে আমরা দেখবো কিভাবে to + verb দিয়ে বাক্য যুক্ত করা যায়। বাক্যে to + verb সাধারণত কোন উদ্দেশ্য বোঝাতে ব্যবহৃত হয়। সেই হিসেবে সংযুক্তিটা কেবল হতে পারে দেখি চলুন।

We stopped at a restaurant. We wanted rest.

= We stopped at a restaurant to rest.

এখানে যে verb এর সাথে to যোগ করা হলো পড়ে দেখুন এটি উদ্দেশ্য প্রকাশ করেছে এবং বরাবরের মত এই কাজটাও আগে হয়েছে। উদ্দেশ্য শব্দটি আমরা কখন ব্যবহার করি? কোন কাজ করতে যাচ্ছি তা ঠিক করি তাই না? সে হিসেবে উদ্দেশ্যের অংশটি আগেই ভেবে রাখা। তাহলে Structure যা দাঁড়ালো তা হলো ১ম বাক্য + ২য় বাক্যের verb এর আগে to + বাক্যের বাকি অংশ (যদি থাকে)।

We stopped at a restaurant to rest.

## Exercise

a. He did not have a single taka. He could not buy a bread.
b. I speak the truth. I am not afraid at all.
c. The man had 5 children. He must provide for them.
d. He went to Canada. He wanted to se the Nagara falls.
e. The protectors held a meeting. They wished to discuss the terms and conditions of the oppositions.
f. He collects coind even at great expense. It is his pastime.

### Form of Infinitive:

1. **Present Infinitive:** to+verb এর base form.
   It's nice to talk to you.

2. **Present Continuous Infinitive:** (to be) + (verb+ing)
   It's nice to be talking to you.

3. **Perfect Infinitive:** (to+have) + Verb এর Past Participle form.
   I am sorry to have disturbed you.

4. **Perfect Continuous Infinitive:** (to have been) + (verb+ing).
   He seems to have been learning English for a long time.

5. **Passive Infinitive:** to be+ verb এর Present Participle.
   The work is to be done.

**Infinitive এর ব্যবহার:**

**a) বাক্যের Subject হিসেবে Infinitive-**

To err is human. [err হচ্ছে error এর short form]
To tell a lie is a great sin.
To walk is good for health.

**b) বাক্যের Object হিসেবে Infinitive-**

I want to read the book.
She refused to swim in the river.
He likes to play badminton.

[Note: Know, explain, wonder, discover, decide ইত্যাদির পর Infinitive হলে, সেই Infinitive এর পূর্বে How বা Wh word বসতে পারে]
I cannot decide **what** to do.
He does not know **how** to swim.

**c) Adjective (Noun এর Modifier) হিসেবে Infinitive -**

He has some nuts to eat.
He gave me a ball to play.
[এখানে প্রথম ও দ্বিতীয় বাক্যে যথাক্রমে to eat ও to play- Noun 'nuts' এবং 'ball' এর সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয়। তাই এখানে to eat ও to play- adjective infinitive হিসেবে কাজ করেছে।]

**এধরণের কিছু Infinitive এর পরে Preposition বসে।**

It is a chair to sit on.
America is a country to live in.
I need a pen to write with.
You are to play in the afternoon.

d) **কোন কাজের বাধ্যবাধকতা বোঝাতে be + to+verb বসে।**

I am to go there.
You are to play in the afternoon.

e) **বাধ্যবাধকতা বোঝাতে have to + verb বসে।**

I have to finish it.
We have to take food in order to live.

f) **উদ্দেশ্য বোঝাতেও Infinitive বসে।**

He works hard to prosper in life.
I do exercise regularly to keep me fit.

g) **Result বা Outcome বোঝাতে Infinitive বসে।**

I am happy to have you.
She is glad to revise her mother's letter.

h) **Order (আদেশ) বা Instruction (নির্দেশ) বোঝাতে Infinitive বসে।**

He is to stay here till we return. (Order)
(আমরা ফিরে না আসা পর্যন্ত তাকে এখানে থাকতে হবে)
You are to wait for him. (Instruction)
(তোমাকে তার জন্য অপেক্ষা করতে হবে)

i) **Verb এর direct object হিসেবে Infinitive বসে।**

I told him to do the sum.
I called him to talk.

j) **Preposition এর Object হিসেবে Infinitive বসে।**

The man is about to die. (লোকটি মরতে মরতে বেচেঁ গেছে)

k) **Be+ adjective+ (to+verb) (ক্রিয়ার শেষে 'তে/য়া') Sound আসবে।**

It is easy to say but difficult to do.
(বলা সহজ, কিন্তু করা কঠিন)

The road is difficult to cross.
(রাস্তা পার হওয়া কঠিন)

l) **Too+ adjective/ adverb+ to+ verb বসে।**

The boy is too foolish to understand it.
The box is too heavy to carry.

m) **Adjective/ Adverb+ enough + to + verb বসে।**

He is strong enough to carry the box.
She walked enough fast to catch the train.

n) **Enough+ noun+ to+ verb.**

He has enough money to buy a car.
He has not enough time to give you.

o) **So+adjective+as এর পর Infinitive বসে।**

The authority was so good as to consider my application.
Would you be so kind as to grant my prayer?

p) **অতীতের কোন অভ্যাস বোঝাতে (used to+verb) এবং সম্ভাবনা বোঝোতে (be verb +likely to+ verb বসে)**

He used to go to cinema, but he doesn't go now.
I am likely to go to market.
(আমার বাজারে যাওয়ার সম্ভাবনা আছে)

**q) নিম্নলিখিত Verb এর পর Infinitive বসে।**

Agree, aim, appear, arrange, ask, attempt, bother, care, choose, claim, consent, dare, decide, desire, decline, demand, determine, expect, fail, forget, guarantee, happen, hesitate, hope, learn, long, manage, neglect, offer, plan, prepare, pretend, proceed, promise, prove, refuse, remember, resolve, seem, swear, tend, trouble, try, undertake, , vow, want ও wish ইত্যাদি। যেমন:

He promised to help me.

I learn to teach.

**r) নিম্নলিখিত Phrase এর পর infinitive বসে।**

Be about, be able, make up one's mind, make an/ every effort ইত্যাদি। যেমন:

I am able to do the work.

The boat is about to sink.

**s) নিম্নলিখিত verb+object এর পর Infinitive বসে।**

Advise, allow, bribe, command, compel, enable, encourage, entitle, feel, forbid, force, hear, implore, induce, instruct, invite, make, oblige, order, permit, persuade, remind, request, show, how, teach, tempt, train, urge, warm ও watch ইত্যাদি।

যেমন:

I advised him to do exercise.

Teacher allows them to go.

**t) নিম্নলিখিত Noun এর পর Infinitive বসে।**

Ability, ambition, anxiety, attempt, decision, demand, deceive, determination, eagerness, effort, failure, offer, plan, promise, refused, request, scheme, willingness, wish ইত্যাদি। যেমন:

He has ability to buy a car.

It is her ambition to shine in life.

## Bare Infinitive

কোন কোনো ক্ষেত্রে Infinitive এর to উহ্য থাকে। এ ধরণের Infinitive কে Bare Infinitive বলে। যেমন:

I saw her walk. (To walk)
She needs not go there. (To go)

### Bare Infinitive এর ব্যবহার:

(i) Let, make, see, hear, find, watch, mind, observe, love, notice, understand ইত্যাদি Verb গুলোর পরবর্তী Verb এর পূর্বে to উহ্য থাকে। যেমন:

Let me play. (To play)
Mother made me do the work. (To do)

**Note:** কিন্তু উল্লিখিত Verb গুলোর মধ্যে make, see, hear, help এবং know verb গুলোর ক্ষেত্রে Passive form এর পর to+verb ব্যবহৃত হয়। যেমন:

I was made to do the work.
The girl was heard to sing.

(ii) Can, could, will, would, may, might, do, must ইত্যাদির পর Bare/Zero Infinitive হয়। যেমন:

I would like a cup of tea.
You should do the work.

(iii) Had better, had rather, would rather, cannot but প্রভৃতি Phrase এর পর Bare Infinitive বসে।

You had better sleep.
You cannot but help the poor.

(iv) Need এবং Dare যখন Auxiliary Verb হিসেবে Negative ও Interrogative এ ব্যবহৃত হয় তখন Bare Infinitive বসে কিন্তু Ordinary Verb হিসেবে ব্যবহৃত হলে Infinitive বসে।

I dare not say this. (Bare infinitive)

Need I go? (Bare Infinitive)

I don't need to go. (Infinitive)

# Exercise

**Identify infinitive:**

1. To eat excessive is harmful to health.
2. He helped me to boil the food.
3. He is too weak to go out.
4. He came to see me.
5. This is a chair to seat on.
6. The patient is about to die.
7. He seems to have seen better days.
8. I went to school to attend class.
9. I saw him go.
10. He wants to buy a pen.

# Participle

**Participle:** Verb এর যে form একই সাথে Verb এবং adjective, adverb ও preposition এর কাজ করে তাকে Participle বলে। যেমন:
A rolling stone gathers no moss. (ঘুরন্ত পাথরে শ্যাওলা জমে না)
The dancing girl is my cousin. (নৃত্যরত মেয়েটি আমার চাচাতো বোন)
I saw Rana reading a book. (আমি দেখলাম রানা একটি বই পড়ছে)

**Participle প্রধানত তিন প্রকার। যথা:**

1. Present Participle
2. Past Participle
3. Perfect Participle

- **Present Participle:** Verb এর Base form এর সাথে ing যুক্ত হয়ে যে Verb একই সাথে Verb এবং Adjective ও Adverb এর কাজ করে তাকে Present Participle বলে। যেমন:
  I saw her waiting for a bus.
  (আমি তাকে বাসের জন্য অপেক্ষারত দেখেছিলাম).
  I saw a sleeping Lion in the forest.
  (আমি বনের ভেতর একটি ঘুমন্ত সিংহ দেখেছিলাম)
  Don't get into the running train. (চলন্ত ট্রেনে ঢুকতে যেওনা)

(i) **Noun এর পূর্বে Adjective হিসেবে Present Participle বসে।**
যেমন:
A singing bird can sing well.
A flying bird flies well.
I saw a swimming boy.

**(ii) Continuous Tense গঠন করতে Present Participle বসে।**
They are waiting for a long time.
I am going to Dhaka tomorrow.
He was reading a book.

**(iii) Subject যখন দুটি কাজ পর পর করে তখন প্রথম কাজটির জন্য Present Participle ব্যবহার করা হয় এবং পরের কাজটি Past Indefinite Tense অনুযায়ী হবে।** যেমনঃ

Opening the door, he entered the room.
Selling golden eggs, he became rich.
Closing the file, he took out a newspaper cutting.
এক্ষেত্রে পূর্বে Preposition বসলে প্রথম কাজটি Gerund হয়ে যায়।
যেমন: After closing the file he phoned me.

**(iv) Adverb এর পর Present Participle বসে। যেমন:**

Suddenly finding himself alone, he became frightened.
Honestly speaking, she is brilliant.
Quickly running, he got the train.

**(v) Sensation Verb (See, hear, feel, smell, leave, keep, watch, find ইত্যাদি) এর পর সাধারণত Object+Present Particple হয়।**

I saw the baby crying.
She heard Rita singing a song.
It is Saiful operating the English Therapy.

**Gerund এবং Present Participle এর মধ্যে পার্থক্য:**

(a) Gerund মূলত Noun এর কাজ করে এবং Present Participle মূলত Adjective এর কাজ করে। Subject এবং Verb কে 'কি' দিয়ে প্রশ্ন করলে যদি উত্তর পাওয়া যায় সেটা Gerund. আর 'কেমন' দিয়ে প্রশ্ন করলে উত্তর পাওয়া গেলে সেটা Present Participle । যেমনঃ

His hobby is fishing. (Gerund)
His hobby is interesting. (Present Participle)
My job is teaching. (Gerund)
My job is boring. (Present Participle)

(b) Noun এর পূর্বে (Verb+ing) থাকলে যদি Noun+for+(verb+ing) দ্বারা অর্থ প্রকাশ পায় তবে তা Gerund হবে। যদি, Noun+ be verb+ (verb+ing) দ্বারা অর্থ প্রকাশ পায় তবে তা Present Participle হবে।
Walking stick = Stick for walking (Gerund)
Walking child = The child is walking. (Present Participle)
Swimming pool= Pool for swimming (Gerund)
Swimming girl= Girl is swimming (Present Participle)

(c) (Verb+ing)+verb হলে অথবা (Verb+ing)+ Phrase+ Verb হলে Gerund হয়। আর (Verb+ing)+Phrase+ Subject+ Verb হলে Present Participle হবে।
Swimming is a good exercise. (Gerund)
Swimming in the pool is a good exercise. (Gerund)
Swimming in the pool we feel fresh. (Present Participle)

(d) দুটি কাজ পর পর ঘটলে প্রথম কাজটি Present Participle করতে হয় এবং পরের কাজটি Tense অনুযায়ী হবে। তবে যদি Present Participle এর আগে যদি কোন Preposition বসানো হয় তাহলে সেটি Gerund হয়ে যায়। অর্থাৎ, Preposition এরপর ing যুক্ত Verb হলে সেটা Gerund হবে। যেমনঃ
Sitting on the bed, he took off his shoes. (P. Participle)
After sitting on the bed, he took off his shoes. (Gerund)

- **Past Participle:** Verb এর Past Participle form যখন বাক্যে Adjective এর কাজ করে তখন তাকে Past Participle Verb বলে। যেমনঃ Don't see your face in the **broken** mirror.
(ভাঙ্গা আয়নায় তোমার চেহারা দেখো না)
They are helping a **burnt** child.
(তারা একজন দগ্ধ শিশুকে সাহায্য করছে)
We found the house **deserted**. (আমরা বাসাটি পরিত্যক্ত পেয়েছিলাম)

## Past Participle এর ব্যবহারঃ

(i) Past Perfect Tense এর গঠনে Past Participle বসে। যেমন:
She has decorated the house.

(ii) Passive voice গঠনের ক্ষেত্রে to be verb বা to have verb এর পর Past Participle বসে। যেমনঃ
A letter was written by Diya.

(iii) Noun এর পূর্বে এবং Verb এর পরে Adjective হিসেবে বসে। যেমনঃ
The man cannot move fast with his broken leg.
The air of Dhaka city is polluted.

(iv) Complex Sentence কে Simple Sentence এ পরিবর্তন করতে Relative Pronoun এর পরিবর্তে বসে Adjective হিসেবে কাজ করে।
যেমন:
The car that was made in Japan is running well. (Complex Sentence)
The car made in Japan is running well. (Simple Complex)

- **Perfect Participle:** Verb এর Past Participle form এর পূর্বে যখন having যুক্ত হয়ে যে Verb গঠিত হয় তাকে Perfect Participle বলে। যেমন:
  Having finished the work, I went there.
  (কাজ শেষ করে, আমি সেখানে গিয়েছিলাম)
  Having done the work, he went to market.
  (কাজ শেষ করে, সে মার্কেটে গিয়েছিল)
  Having taken meal, he felt energetic.
  (খাবার খাওয়ার পর সে সতেজ অনুভব করল)
  Having reached home, I met my mother.
  (বাড়ি পৌঁছে মায়ের সাথে দেখা করেছিলাম)

# Gerund

যখন কোন Non-finite Verb একাধারে Verb ও Noun এর কাজ করে, তখন তাকে Gerund বলে। Verb এর সাথে ing যোগ হয়ে Gerund হয়। এটা Noun তাই What এর answer করে।

যেমনঃ

Walking is a good exercise. (হাঁটা একটি ভালো ব্যায়াম)

Shakib likes travelling new place.
(সাকিব নতুন জায়গায় ঘুরতে পছন্দ করে)

Making a good result in the exam needs a lot of hard work.
(পরীক্ষায় ভাল রেজাল্ট করতে চাইলে কঠোর পরিশ্রম প্রয়োজন)

[**Note:** গঠনগত দিক থেকে Gerund এবং Present Participle এর রূপ (Verb+ing) এক হলেও Gerund মূলত Noun এর কাজ করে অন্যদিকে Present Participle, মূলত (Adjective ও Adverb) এর কাজ করে ।]

যেমন: My reading room is neat and clean.

## Gerund এর ব্যবহারঃ

**(1) বাক্যের Subject রূপে-**

**For Example:**

a. Learning English is my aim.
b. Swimming is a good form of exercise.
c. Reading is an excellent habit.
d. Parking is difficult in Dhaka.

**(2) বাক্যের Object রূপে-**

**For Example:**

a. I don't like smoking.
b. She finished cooking.
c. It has stopped raining.
d. Do you enjoy teaching?

**(3) Preposition- এরপর Gerund বসতে পারে-**

**For Example:**

a. I believe in working.
b. She is interested in making crafts.
c. He is fond of catching fish.
d. They grew tired of waiting.
e. You can prosper by working hard.

**(4) Subject- এর Complement রূপে- For Example:**

a. His profession is teaching English.
b. My hobby is painting.
c. Seeing is believing.
d. My favorite activity is fishing.

**(5)** Finish, complete, consider, deny, desire, dislike, mention, miss, regret, keep on, leave of, permit, postpone, prepare, stop, start, enjoy, give up, avoid, allow, appreciate, mind, involve, practice, can't help, can't stand, carry on, Forget, see, mean, prevent, save, excuse, understand, remember, tolerate, justify ইত্যাদি Verb এর পর Gerund ব্যবহৃত হয়। যেমনঃ

**For Example:**

a. I dislike smoking.
b. I will not mind opening the door.
c. You can't help obeying them.
d. I prevented the thief running away.
e. I enjoyed the cricket match playing in the stadium.

**(6) নিষেধ বোঝাতে কিছু সংক্ষিপ্ত বাক্যে Gerund বসে।**

a. No parking.
b. No smoking.

**(7) Compound noun এর অংশ রূপে Gerund বসতে পারে। যেমনঃ**

a. This is a walking stick.
b. I have to buy a reading table.
c. I saw a reading lamp in his house.

**(8) Determiner ও Preposition এর মধ্যে:**

The singing of the lady mesmerized us.
The painting on the wall was nice.

## Exercise

**Identify Gerund and Participle:**

1. Walking is a good exercise.
2. I saw him playing football.
3. The scenery is charming.
4. This is my sleeping room.
5. Closing the door, I went out.
6. He enjoyed studying English.
7. I saw him going.
8. Being tired, she left the field.
9. My hobby is gardening.
10. Having got the news, he called her.
11. Give me a walking stick.
12. I like reading.
13. Having forgotten him, I went outside.
14. He bought some rotten fish.
15. He told us an amusing story.

# Chapter # 16: Adverb (ক্রিয়া বিশেষণ)

"Adverb কাকে বলে? এই প্রশ্নের উত্তর আমরা যা জানি তা হলো, Verb কে যে modify করে তা হচ্ছে Adverb। প্রশ্ন হলো modify করা কি? বাক্যে Subject তার কাজটি কখন (When), কোথায় (Where), কিভাবে (How), কেন (Why) করে তাই হচ্ছে Modify বা Modification।

আরো সহজভাবে বললে বলা যায় যে, Verb সম্পর্কে আরো কিছু অতিরিক্ত তথ্য প্রদান করে তাই Modify বা Modification.

চলুন এবার উদাহরণের মাধ্যমে ব্যাপারটি আরো পরিষ্কার হওয়া যাক-

Rima reads quickly. (রিমা দ্রুত পড়ে)

উপরের বাক্যটিতে যদি Verb, 'read' কে প্রশ্ন করা হয়, রিমা কিভাবে পড়ে? তাহলে উত্তর আসে, রিমা quickly (দ্রুত) পড়ে। এখানে 'quickly' শব্দটি Verb 'read' সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয় যা verb, read কে modify করে।

**সুতরাং যে Word দ্বারা Noun বা Pronoun ব্যতীত Verb, Adjective, Adverb, Sentence অথবা অন্য যে কোন Parts of speech কে modify করে তাকে Adverb বলে।**

এজন্য Adverb কে modifier ও বলা হয়।

She walks very slowly. The bird flew exactly over our head.

[সাধারাণত Verb কে how, when, why, how much, how often, how many times, where দিয়ে প্রশ্ন করলে Adverb পাওয়া যায়।]

Why did Rakib do the work? Only Rakib is reliable.

## Function of Adverb (ক্রিয়া বিশেষণ)

**চিত্র: Adverb যাদের modify করে**

### (i) Adverb যখন Verb কে modify করে:

সাধারণ অর্থে Adverbial verb কে modify করে তখন Adverb টি verb এর পরে বসে।

The bird flies **swiftly**. (পাখিটি দ্রুত উড়ে)
verb adv

Rubel speaks **loudly**. (রুবেল উচ্চস্বরে কথা বলে)

The boy writes well. (ছেলেটি ভালো লিখে)

(বাক্যগুলোতে swiftly, well এবং loudly- Adverb ৩টি, fly, write ও speak- Verb ৩টিকে modify করে)

### (ii) Adverb যখন Adjective কে modify করে:

Adverb যখন Adj. কে modify করে তখন Adverb টি Adj. এর পূর্বে বসে।

She is a **very** good student. (সে একজন খুবই ভালো ছাত্রী)

He is **extremely** mannerless. (সে চরম অভদ্র)

Honey is very sweet. (মধু খুব মিষ্টি)

(এখানে very, extremely- Adverb-২টি good, mannerless Adjective-২টিকে modify করে )

**(iii) Adverb যখন Adverb কে modify করে:**

Adverb যখন অন্য Adverb কে modify করে তখন Adverb টি অন্য Adverb এর পূর্বে বসে।

Mannita sings **very** sweetly. (মান্নিতা খুবই মিষ্টিভাবে গায়)

Mitu dances **extremely** well. (মিতু খুব ভাল নাঁচে)

The changer in Dhaka has occurred **very** rapidly. (ঢাকা খুব দ্রুত পরিবর্তন এসেছে)

(এখানে very, extremely, very- Adverb-৩টি, well, rapidly, sweetly, Adverb-৩টিকে modify করে )

**(iv) Adverb যখন Preposition কে modify করে:**

Adverb যখন Preposition কে modify করে তখন সাধারণত Adverb টি Preposition এর পূর্বে বসে।

Robin came here **just** before nine.
(রবিন ঠিক ৯ টার আগে এখানে এসেছিল)

We lost the game **only** for ten runs.
(আমরা মাত্র দশ রানের জন্য খেলাটি হেরেছি)

A bird **exactly** flies **over** his head. (একটি পাখি ঠিক তার মাথার ওপর দিয়ে উড়ে)

(বাক্যগুলোতে just, only, exactly- Adverb-৩টি, before, over ও for- Preposition ৩টিকে modify করে )

**(v) Adverb যখন, Sentence কে modify করে:**

Adverb যখন ১টি sentence কে modify করে তখন Adverb টি sentence এর শুরুতে বসে এবং এর পরে একটি কমা বসে।

**Unluckily**, I have lost my wallet.
(দূর্ভাগ্যক্রমে আমি আমার ওয়ালেটটি হারিয়ে ফেলেছি)

**Certainly**, they will come tomorrow.

**Unfortunately**, I could not solve his problem. (দুর্ভাগ্যবশত, আমি তার সমস্যার সমাধান করতে পারিনি)

(বাক্যগুলোতে unluckily, certainly, unfortunately- Adverb ৩টি I have lost my wallet, could not solve his problem ও they will come tomorrow- Sentence ৩টিকে modify করে)

**(vi) Adverb যখন Conjunction কে modify করে:**

Adverb যখন Conjunction কে modify করে তখন Adverb টি Conjunction এর পূর্বে বসে।

Rakib did not do it **easily** because he had not enough time.
(রাকিব এটি সহজভাবে করতে পারে নাই কারণ তার হাতে পর্যাপ্ত সময় ছিলো না)

The bell rang **just** after he had reached the station.
(সে স্টেশনে পৌঁছানো মাত্রই বেল বেজে উঠলো)

I loathe Rony simply because we don't keep his words properly.

(বাক্যগুলোতে easily, just, simply Adverb-৩টি because, after, because Conjunction- ৩টিকে modify করে)

**(ix) Adverb যখন, Phrase কে modify করে:**

Phrase এর পূর্বে Adverb টি বসে।

He sat down **exactly** in front of me.
(সে ঠিক আমার সামনেই বসেছিলো)

I am **just** fond of you. (আমি শুধু তোমাকেই পছন্দ করি)

(বাক্যগুলোতে exactly, just- Adverb ২টি in front of me ও fond of you- Phrase ২টিকে modify করে)

**(x) Adverb যখন, Clause কে modify করে:**

Clause এর পূর্বে Adverb বসে।

I get **only** what I need. (আমার যা প্রয়োজন আমি শুধু তাই পাই)

The Astrologer says **only** what he believes.
(জ্যোতিষী তাই বলে যা সে বিশ্বাস করে)

(বাক্য ২টিতে only Adverb টি what I need ও what he believes- Clause ২টিকে modify করে)

(xi) **Adverb যখন, Determiner কে modify করে:**

I ate **almost** five mangoes. (আমি প্রায় ৫ টি আম খেয়েছিলাম)

She waited **almost** three hours. (সে প্রায় ৩ ঘন্টা অপেক্ষা করেছিলো)

(এখানে almost Adverb টি five ও three, Determiner- ২টিকে modify করে)

## Use of Adverb (Adverb এর ব্যবহার):

(1) Adverb বাক্যের শেষে বসতে পারে:

Adverb মূলত sentence এর ৩টি স্থানে বসতে পারে (শুরুতে, মাঝে, শেষে)

**Structure: Subject+Verb+-------+Adverb.**

Exercise fits us physically. (ব্যায়াম আমাদের শারিরীকভাবে সক্ষম রাখে)

We left the place suddenly. (আমরা তাৎক্ষনিক জায়গাটি ত্যাগ করেছিলাম)

(2) Adverb বাক্যের শুরুতে বসতে পারে:

**Structure: Adverb+--------------------.**

Really, does she love you? (সত্যি, সে তোমাকে ভালবাসে?)

Yesterday, I went to Dhaka. (আমি গতকাল ঢাকায় গিয়েছি)

(3) Adverb, Subject এবং মূল Verb এর মাঝামাঝি বসতে পারে:

**Structure: Sub+Adv+Verb+Extension.**

Rima also talks loudly in the classroom.
(রিমাও ক্লাসের ভেতর অনেক জোরে কথা বলে।)

He always runs fast. (সে সবসময় দ্রুত দৌড়ায়)

They never come here. (তারা কখনো এখানে আসে না)

(4) Subject এর পর Auxiliary Verb ও main verb থাকলে, Adverb টি Auxiliary Verb ও Main Verb এর মাঝখানে বসে:

**Structure: Sub+Auxiliary Verb+ Adv+Extension.**

Feroz has never seen her before. (ফিরোজ আগে তাকে কখনোই দেখেনি)

They can hardly do this. (তারা খুব কমই এটি করতে পারে)

They rarely do late. (তারা খুব কমই দেরী করে)

(5) Adverb, Verb এর পরে বসে। কিন্তু বাক্যে Objective থাকলে সাধারণত Objective এর পরে বসে।

**Structure: Sub+Verb+Obj+Adverb.** (Object থাকলে)

Momin is doing the work fast. (মমিন দ্রুত কাজ করছে)

**Structure: Sub+Verb+Adverb.**

Momin walks fast. (মমিন দ্রুত হাটে)

(6) Adverb বসতে পারে Be Verb (যখন main verb হয়) এর পরে:

Sub+Be Verb+ Adverb+ Extension.

The man is very clever. (লোকটি খুবই চালাক)

The bad students are often late at school. (খারাপ ছাত্ররা প্রায়ই স্কুলে দেরি করে)

## Adverb এর প্রকারভেদ

1. **Simple:** যে Adverb কোন Word বা Sentence কে Modify করে তাকে Simple বা Independent Adverb বলে। Adverb এর সাথে ly যোগ করলেই Simple Adverb হয়ে যায়।

Mother loves me **dearly**. (মা আমাকে খুব ভালবাসে)

She is extremely busy today. (সে আজ খুব ব্যস্ত)

## Simple Adverb আট প্রকার:

1. **Adverb of Time:** যে Adverb, Verb বা ক্রিয়ার কাজটি কখন হয়েছে তা দেখিয়ে দেয় অর্থাৎ সময় নির্দেশ করে তাকে Adverb of time বলে।

   **চেনার উপায়:** বাক্যে ago, since, before, then, now, next, tonight, today, already, yet, still, tomorrow, soon, at once, immediately, daily, late, lately presently, recently, yesterday, someday, sometimes, next, last, often, near, later ইত্যাদি থাকে।

   **Verb বা ক্রিয়াকে When বা কখন দ্বারা প্রশ্ন করলে Adverb of time পাওয়া যায়।**

   **For Example:**

   (1) I read the Quran daily. (আমি প্রত্যহ কুরআন পড়ি)

   (2) Eventually, Soyeb will come here. (অবশেষে শোয়েব এখানে আসবে)

   (3) I have not been talking to Ratul recently. (আমি ইতিমধ্যে রাতুলের সাথে কথা বলছি না)

   (4) Nipa called me few minutes ago. (নিপা আমাকে কয়েক মিনিট আগে কল দিয়েছিলো)

   (5) The train arrived late. (ট্রেনটি দেরীতে এসেছে)

2. **Adverb of Place:** যে Adverb কোন Verb এর কাজ সম্পন্ন হওয়ার স্থান নির্দেশ করে তাকে Adverb of place বলে। বাক্যে anywhere, everywhere, locally, back, ahead, abroad, in, inside, where, here, nowhere, out, outside, down, downstairs, over, somewhere, under, underground, there, up, upstairs, within, above, below, far, near, overhead, there, away, for, out of doors ইত্যাদি থাকে।

**Where (কোথায়) দ্বারা verb কে প্রশ্ন করলে Adverb of Place পাওয়া যায়।**

**For Example:**

(1) This news has been collected locally. (এ খবর স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়েছে)

(2) Dina did not find the mobile phone anywhere. (দিনা মোবাইল ফোনটি কোথাও খুঁজে পায়নি)

(3) I see Hanif Bus everywhere.
(আমি হানিফ বাস সব জায়গাতেই দেখি)

**3. Adverb of Manner**: যে Adverb কোন Verb এর কাজ সম্পন্ন হওয়ার পদ্ধতি বা ধরণ নির্দেশ করে তাকে Adverb of manner বলে। বাক্যে carefully, certainly, badly, probably, silently, loudly, worse, worst, quickly, bravely, slowly, hardly, quite, well, thus, so, better, best, so, wisely, thus, gently, badly, a loud ইত্যাদি থাকে।

**How (কিভাবে) দ্বারা verb কে প্রশ্ন করলে Adverb of Manner পাওয়া যায়।** উদাহরণ:

(1) Leon speaks loudly. (লিওন উচ্চস্বরে কথা বলে)

(2) Noman can work fast. (নোমান অনেক দ্রুত কাজ করতে পারে)

**(3)** Bangladesh achieved independence bravely.
(বাংলাদেশ সাহসিকতার সাথে স্বাধীনতা অর্জন করেছিলো)

**4. Adverb of Degree:** যে Adverb কোন Adjective এর পরিমাণ বা মাত্রা নির্দেশ করে তাকে Adverb of Degere বলে। যেমন: more, little, less, least, very, too, quite, enough, much, almost, somewhat, slightly, nearly, half, fully, extremely, partly, rather, somewhat, more, most.

**How much/ How many (কতটুকু) দ্বারা Adjective কে প্রশ্ন করলে Adverb of Degree** পাওয়া যায়।

**For example:**

(1) These mangoes are almost ripe. (এই আমগুলো প্রায় পেঁকে গেছে)
adv adj

He is good enough for his duties.
(সে তার কর্তব্যের জন্য যথেষ্ট ভাল)

They are quite happy. (তারা যথেষ্ট সুখি)

(2) Imran speaks communicative English fluently.
adv. adj.

(ইমরান স্বত:স্ফূর্তভাবে কমিউনিকেটিভ ইংরেজি বলে)

The fruit is almost ripe. (ফলটি প্রায় পাকা)

5. **Adverb of Frequency/ Number**: যে Adverb কাজটি কতবার হয় তার সংখ্যা নির্দেশ করে তাকে Adverb of Frequency/ Number বলে।

বাক্যে always, again, ever, firstly, secondly, hardly, frequently, rarely, regularly, annually, usually, weekly, occasionally seldom, sometimes, twice, thrice.

**How often/ How many times দ্বারা verb কে প্রশ্ন করলে Adverb of Frequency** পাওয়া যায়। যেমন:

(1) I go to Sultan's Dine Restaurant twice per week.
(আমি সপ্তাহে দুইবার সুলতান'স ডাইন রেস্টুরেন্টে যাই)

(2) Asif seldom comes here. (আসিফ কদাচিৎ এখানে আসে)

(3) Mithun often makes mistakes. (মিঠুন প্রায়ই ভুল করে)

6. **Adverb of Order:** যে Adverb কোন Verb এর কাজ সম্পন্ন হওয়ার পর্যায় বুঝায় তাকে Adverb of Order বলে। বাক্যে finally,

firstly, secondly, thirdly, first, second, third, last, lastly ইত্যাদি থাকে। **Verb কে ক্রম বা পর্যায় দ্বারা প্রশ্ন করলে Adverb of Order** পাওয়া যায়। যেমন:

(1) Finally, Nuruzzaman came to the coaching.
(অবশেষে, নুরুজ্জামান কোচিংয়ে এসেছিলো)

(2) Firstly, I get up early in the morning.
(প্রথমত, আমি সকালে ঘুম থেকে উঠি)

(3) Secondly, I do not miss my prayer.
(দ্বিতীয়ত, আমি আমার নামাজ বাদ দেই না)

7. **Adverb of Cause and Effect:** যে Adverb কোন Verb সম্পন্ন হওয়ার কারণ বা ফলাফল প্রকাশ করে তাকে Adverb of Cause and Effects বলে। বাক্যে so, as, before, consequently, hence, therefore, accordingly, so that, since, why, wherefore ইত্যাদি থাকে।

**Why (কেন) দ্বারা** verb কে **প্রশ্ন করলে এই Adverb** পাওয়া যায়। যেমন:

(1) He works hard so that he can succeed.
(সে কঠোর পরিশ্রম করে যাতে সে সফল হতে পারে)

(2) Sadik has no other options; consequently he left the job. (সাদিকের অন্য কোন উপায় ছিলোনা, ফলে সে চাকরী টি ছেড়ে দিয়েছিলো)

(3) Anas is sick and **so** he cannot come to the coaching.
(আনাস অনেক অসুস্থ তাই সে কোচিংয়ে আসতে পারেনি)।

8. **Adverbs of Assertion or Negation:** যে Adverb কোন Verb এর কার্য সম্পন্ন হওয়ার হ্যাঁ বোধক, না বোধক, সন্দেহ বা নিশ্চয়তার আস্থা প্রকাশ করে তাকে Adverb of Assertion or Negation বলে। বাক্যে probably, never, surely, truly, certainly, not, no, yes, possibly, perhaps, indeed, really, at all ইত্যাদি থাকে।

যেমন:

(1) I have surely heard it. (আমি এটা নিশ্চিতভাবে শুনেছি)

(2) Perhaps I can finish the book. (সম্ভবত আমি বইটি শেষ করতে পারবো)

**Note-1:** কোন Sentence যদি Preposition দিয়ে শেষ হয় তাহলে সেই Preposition টি Adverb হবে।

**Example:** The sun has gone down.
Adverb

Please come in.
Adverb

**Note-2:** Noun+ly= Adjective. যেমন:
Father+ly= Fatherly (Adjective)
Mother+ly= Motherly (Adjective)
Adjective+ly= Adverb. যেমন:
Nice+ly = Nicely (Adverb)
Kind+ly= Kindly (Adverb)

## আরো কিছু Adverbs

**(1) Genitive Adverb:** যে Adverb possessive noun থেকে তৈরি হয় তাকে genitive adverb বলে।
Once → of one time
Always → of all ways
Sideways → of a side way
** Rakib has only been there **once**.
** They looked **sideways** of her.

**(2) Compound Adverb:** Compound word গঠিত হয় দুই বা ততোধিক word মিলে এবং যখন এই Compound word টি Adverb এর কাজ করে তখন তাকে Compound Adverb বলে।
Sometimes → Some + times
Somehow → Some + how
Otherwise → Other + wise

Somewhere → Some + where
Nevertheless → Never + the + less
** Amit **sometimes** comes here.
** Shut the door, **otherwise** we will get wet.

(3) **Introductory Adverb:** যখন here / there word sentence এর শুরুতে বসে তখন এইগুলোকে Introductory adverb বলে। Introductory adverb এর পরে verb ও subject বসে।
** **Here** comes a car.
** **There** lived a man.

(4) **Sentence Adverb:** যে Adverb ১টি complete sentence কে modify করে তাকে Sentence Adverb বলে। Sentence Adverb, Sentence এর শুরুতে বসে।
** **However**, at last we reached home.
** **Now**, we are in right way.
Perhaps, Luckily, However, Thus, Consequently, Now, Yet, Moreover, So, Then etc.

(5) **Adverbial Phrase:** যখন ১টি Phrase, Adverb এর মত কাজ করে তখন তাকে Adverbial Phrase বলে।
** **All on a sudden**, he attacked me.
** I will visit Sylhet to **enjoy** the beauty of it.

(6) **Interrogative Adverb:** প্রশ্ন জিজ্ঞাসা করতে যেসব Adverb ব্যবহার করা হয় সেগুলোকে Interrogative Adverb বলা হয়। যেমন:
When will you go to office? (তুমি কখন অফিস যাবে?)
How much curry do you need? (তোমার কতটুকু তরকারি প্রয়োজন?)
Why are you late? (তুমি কেন দেরী করলে?)

**(7) Relative Adverb**: যে সকল Adverb দুটি Sentence বা Clause কে সংযুক্ত করে Antecedent (noun, pronoun) এর সঙ্গে সম্পর্ক প্রদান করে তাকে Relative Adverb বলে। যেমন:

I know the place where he went.
He was born in 1996 when I was 14.
This is the reason why Ayesha left the meeting.

**(8) Conjunctive Adverb**: যে Adverb কোন Word- কে modify করে এবং Clause কে সংযুক্ত করে তাকে Conjunctive Adverb বলে এবং এক্ষেত্রে Antecedent থাকে না। যেমন:

You may go where you like.
I know where Rakib lives.

[**N.B:** Adverb এর পূর্বে Antecedent থাকলে তা Relative Adverb হবে। কোন স্থান, সময় ইত্যাদি থাকাকে antecedent বলে]

**Relative Adverb এবং Conjunctive Adverb এর ভেতর পার্থক্য:**

| S.L No. | Relative Adverb | Conjunctive Adverb |
|---|---|---|
| 1. | This is the reason why Razib do not come here. | This is why Razib do not come here. |
| 2. | Liton knows the place where Mahi lives. | Liton knows where Mahi lives. |
| 3. | Could you tell me the time when James will come? | Could you tell me when James will come? |

## Use of Adverb

1. যে সকল কারণে ১টি Adverb sentence এর শুরুতে বসে তা নিম্নে উদাহরণসহ ব্যাখ্যা করা হলো।

► জোর / গুরুত্ব প্রদান করতে Imperative Sentence এর অন্যান্য Sentence-এ ও শুরুতে Adverb বসে।

# Chapter # 17: Preposition

Pre শব্দের অর্থ হলো আগে/পূর্বে এবং Position শব্দের অর্থ হলো অবস্থান অর্থাৎ Preposition শব্দের অর্থ হলো পূর্বে/আগে অবস্থান। Preposition কোন Noun বা Pronoun এর পূর্বে বসে এবং তার সাথে বাক্যের অন্য Word এর সম্পর্ক নির্ণয় করে।

Preposition মূলত ছয় প্রকার:

1. Simple Preposition.
2. Double Preposition.
3. Compound Preposition.
4. Participle Preposition.
5. Phrase Preposition.
6. Disguised Preposition.

a) **<u>Simple Preposition</u>:** এই Preposition সাধারণত এক word এর হয়। যেমন: in, up, to, by, for, from, of, out, through, over etc.

b) **<u>Double Preposition</u>:** Double preposition হচ্ছে ২টি আলাদা Preposition সম্পর্কিত কিন্তু ১টি Preposition হিসেবে কাজ করে। যেমন: Into, Within, Upon, Out of date.

c) **<u>Compound Preposition</u>:** কোন Noun, Adjective, Adverb এর আগে কোন Simple Preposition যুক্ত হয়ে যে Preposition গঠিত হয় তাকে Compound preposition বলে। যেমন: Behind, Along, Before, About, Beside, Beyond, Between.

d) **<u>Participle Preposition</u>:** Present Participle বা Past Participle যদি preposition এর মত ব্যবহার করা হয় তখন তাকে Participle Preposition বলে। যেমন: according, speaking, concerning, regarding, assuming. Concerning him, Past following.

e) **Phrase Preposition:** in accordance with, in front of, in case of, on behalf of, with a view to, by dint of, Because of, Inspite of, In front of প্রভৃতি হচ্ছে Phrase Preposition.

f) **Disguised Preposition:** যখন কোন Preposition, Disguised আকারে বাক্যে ব্যবহার করা হয় তখন তাকে Disguised Preposition বলে। যেমন: I will go a hunting.

## Topic:- Preposition At a glance

**নিচে Preposition গুলোর অর্থ দেওয়া হলো:-**

| | |
|---|---|
| To = দিকে, প্রতি, বরাবর, অভিমুখে, কাছে, থেকে, হতে, পর্যন্ত, বাকি | At = এ, তে, য়, দিকে, প্রতি |
| In = মধ্যে, ভিতরে, য়, তে | Of = র, এর |
| On = উপর | Under = নিচে,তলে, নিম্নে, অধীনে |
| For = জন্য, কারণে, দরুণ, উদ্দেশ্যে, যাবৎ, ধরে | With = সাথে, সহিত, সহ, দিয়ে |
| About = সম্পর্কে, বিষয়ে, ব্যাপারে, সম্বন্ধে, প্রায় | Within = কোন সময়ের মধ্যে |
| Off = হতে, থেকে, দূরে, বন্ধ | Without = ছাড়া, বিনা, ব্যতীত |
| From = হতে, থেকে | Over = উপর দিয়ে |
| Into = ভিতরের দিকে/বাহির থেকে ভিতরে | Above = অধিকতর উপরে/উঁচুতে |
| Up to = পর্যন্ত, অবধি, নাগাদ | Up = উঁচু, উচ্চতর স্থানে অবস্থানরত বুঝাতে |
| Upon = উপর, উপরে | Below = নিচে |
| Around = চারদিকে, চারদিক দিয়ে | Down = নিচু স্থানে |
| Round = চারদিক দিয়ে, চতুর্দিকে | Behind = পিছনে |
| Towards = দিকে | By = দ্বারা, দিয়ে, কর্তৃক, মাধ্যমে, সাথে, উপায়ে, অনুযায়ী, হিসাবে |

| | |
|---|---|
| Beneath = অপেক্ষাকৃত নিচে, নিম্নে | Since = হতে, হইতে, থেকে |
| On top of = উপরে, উঁচু স্থানে | Before = আগে, পূর্বে, অতীতে |
| In front of = সামনে, সম্মুখে | Except = ব্যতীত, ছাড়া |
| Beside = পাশে, সাথে | Past = গত, পাশ দিয়ে, পরে |
| After = পরে, পর | Between = দুইয়ের মধ্যে |
| Besides = এ ছাড়াও, তাছাড়াও, ছাড়াও | While = সময়, যখন |
| Among = অনেকের মধ্যে | Near = নিকটে, কাছে |
| Through = কোন স্থানের মধ্য দিয়ে/ভিতরে | Beyond = পেছনে, নাগালের বাইরে, দূরে, তারপরও |
| Across = এক দিক থেকে অন্য দিকে, আড়াআড়ি | During = সময়ে |
| Along = বরাবর, সোজা | Out of = বাইরে |
| Against = বিরুদ্ধে, বিপরীতে, প্রতিকূলে | Outside = বাইরের দিকে, বাহির |
| Out = বাইরে | In spite of/ Despite of = সত্ত্বেও |
| Till/Until= নাগাদ, পর্যন্ত, সময়, যতক্ষণ না | Versus = বনাম, বিপক্ষে |
| Inside = ভিতরে, মধ্যে | On account of = কারণে, জন্য |
| Because of = কারণে, জন্য | By means of = উপায়ে |
| Instead of/ In the lieu of = পরিবর্তে | In course of = প্রক্রিয়ায়, চলাকালে |
| By dint of = বলে, সাহায্যে | Via = মাধ্যমে |
| On behalf of = পক্ষে, বদলে, তরফে, সমর্থনে | In order to = যাতে, উদ্দেশ্যে,জন্য |
| In case of = জন্য, ক্ষেত্রে | For the sake of = এর জন্য |
| In favour of = পক্ষে, তরফে | With a view to = উদ্দেশ্যে |
| According to = অনুসারে, অনুযায়ী, মতে | Owing to = জন্য, কারণে |
| Concerning = সম্পর্কে | But = কিন্তু, ছাড়া, শুধু, ব্যতীত |

# Topic: Prepositions In a Diagram

## নিম্নে Preposition এর কিছু গুরুত্বপূর্ণ ব্যবহার দেখানো হলো:-

| To এর ব্যবহার | |
|---|---|
| স্থানের দিকে বোঝাতে<br><br>Note: home, there, abroad, upstairs, downstairs এর পূর্বে to বসে না। ব্যতিক্রম: from here to there. | I want to go to their home.<br>(আমি তাদের বাসায় যেতে চাই।)<br>I go to College.<br>(আমি কলেজে যাই। )<br>Rita goes to market.(রিতা মার্কেট/বাজারে যায়) রিতা এখানে 3$^{rd}$ person singular number এজন্য verb (go) এর সাথে 'es' যোগ হয়েছে।)<br>They will go abroad we came here. |
| পর্যন্ত বোঝাতে | I need 5 to 6 hours.<br>(আমার ৫ থেকে ৬ ঘন্টা লাগবে।)<br>She needs to come from 1 pm to 2 pm.<br>(তার আসতে সময় লাগবে দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত।)<br>I conduct a live class from 10 pm **to** 11 pm.<br>(আমি রাত ১০টা থেকে ১১ টা পর্যন্ত একটি লাইভ ক্লাস নি) |
| উদ্দেশ্য বোঝাতে | He called me **to** come here for reading.<br>(সে আমাকে এখানে পড়ার জন্য ডেকেছেন)<br>Lima comes to our home **to** take my book.(লিমা আমার বই নিতে আমাদের বাসায় আসে) They invited me **to** take the class.<br>(তারা আমাকে ক্লাসটি নিতে নিমন্ত্রণ করেছিল) |

| | |
|---|---|
| কারো কাছে বোঝাতে | She comes **to** me everyday. (সে আমার কাছে প্রতিদিন আসে)<br>Ariful Islam came **to** me yesterday. (আরিফুল ইসলাম গতকাল আমার কাছে এসেছিল)<br>Why did you tell about the matter **to** his father? (তুমি কেন তার বাবাকে ব্যাপারটি বলেছিলে?) |
| পরিমাণ/হার/অনুপাত/তুলনা বোঝাতে | It is divided into 4 **to** 5 portions. (এটা ৪ থেকে ৫ ভাগে বিভক্ত করা হয়)<br>We were defeated by 5 **to** 3 goals. (আমরা ৫/৩ গোলে হারলাম)<br>Nur prefers coffee **to** tea. (নূর চায়ের চেয়ে কফি পছন্দ করে) |
| মুখোমুখি বোঝাতে | I want **to** meet him. (আমি তার সাথে সাক্ষাৎ করতে চাই)<br>They will sit back **to** back. (তারা পিছন ফিরে বসবে) |
| দিক বোঝাতে | Bangladesh is **to** the south of the north pole. (বাংলাদেশ উত্তর মেরুর দক্ষিণে অবস্থিত)<br>Pakistan is **to** the west of our country. (পাকিস্তান আমাদের দেশের পশ্চিমে অবস্থিত) |
| সময় বাকি আছে/দিবস হতে বাকি আছে বোঝাতে | It is quarter **to** 5.(পৌনে পাঁচটা বাজে)<br>Now, it's quarter **to** 9. (এখন পৌনে নয়টা)<br>It is quarter **to** 11/10/....... (দশটা বা এগারোটা বাজতে ১৫ মিনিট বাকি)<br>It is ten **to** ten. (দশটা দশটা)<br>It is merely five days **to** the world cup. (বিশ্বকাপের আর মাত্র পাঁচদিন বাকি) |

**বি:দ্র:** Home এবং Abroad এর আগে সাধারণত To বসে না।

| At এর ব্যবহার | |
|---|---|
| তুলনামূলক ছোট স্থানের পূর্বে কোন কাজ করার সময় বুঝাতে | She lives **at** Kalatoli in Cox's Bazar.(সে কক্সবাজারের কলাতলিতে বসবাস করে) I live **at** Mirpur in Dhaka. (আমি ঢাকার মিরপুরে বসবাস করি)। **At** the time of reading, he called me. (পড়ার সময় সে আমাকে ডেকেছিলেন ) His college is **at** Mirpur. (তার কলেজ মিরপুরে) |
| হার/গতি বোঝাতে | He was riding the bike **at** 100km/hour. (সে ঘন্টায় ১০০ কি.মি. বেগে বাইকটি চালাচ্ছিল) |
| দূরত্ব বোঝাতে | Barishal is at 350 km from Dhaka. (ঢাকা থেকে বরিশাল ৩৫০ কি.মি. দূরে) Our selected visiting place is **at** 5km from Dhaka. (আমাদের পরিদর্শনের জায়গা ঢাকা থেকে ৫কিমি. দূরে) |
| দিনের  কোন সময় বুঝাতে | I will leave the room **at** morning. (আমি সকালে রুম ত্যাগ করবো) We will be at Mirpur **at** sunset. (আমরা সূর্যাস্তের সময় মিরপুর থাকবো) |
| তাকিয়ে থাকা বুঝাতে | I am looking **at** Ruma. (আমি রুমার দিকে তাকিয়ে আছি) I aim **at** a Tiger. (আমি বাঘের দিকে লক্ষ্য করি) |
| Point of time বোঝাতে | **At** 7 am (সকাল ৭টায়), **at** night (রাতে), **at** noon(দুপুরে), **at** midnight(মধ্যরাতে). |

| | |
|---|---|
| দক্ষতা বোঝাতে | Rahin is good **at** English. (রাহিন ইংরেজিতে দক্ষ) She is good **at** cooking. (সে রান্নায় দক্ষ) Rabbi is good **at** playing football (রাব্বি ফুটবল খেলায় দক্ষ) |
| দায়িত্ব বোঝাতে | You should practice **at** your responsibility. (তোমার নিজ দায়িত্বে অনুশীলন করা উচিত) |
| বয়স বোঝাতে | They lived in Dhaka **at** my birth. (আমার জন্মের সময় তারা ঢাকা থাকতেন) I have started 'English Therapy' **at** 23. (আমি ২৩ বছর বয়সে ইংলিশ থেরাপি শুরু করেছি) |
| কোথাও থাকা বোঝাতে | He is **at** hospital. (সে হাসপাতালে আছে) I am **at** market/ office/ work/..... (আমি বাজারে/অফিসে/কাজে আছি) I am **at** home. (আমি বাসায় আছি) |

নিচের শব্দগুলোর পূর্বে স্বভাবতই at বসে। যা আপনি মনে রাখলে সহজেই ব্যবহার করতে পারবেন। যথা:

At a concert, At a football match, At the meeting, At a conference, At sea, At the bus stop, At reception, At the door, At the window, At the bottom, At 5 pm, At the end, At 6 miles per hour, At the front, At the back of a building, At the theater, At the back of a group, At home, At work, At university, At college, At the age of 21, At 90 degrees, At night, At Christmas, At present, At the moment, At the same time etc.

| In এর ব্যবহার | |
|---|---|
| তুলনামূলক বড় স্থানের পূর্বে | **In** Cox's Bazar, **in** India, **in** Pakistan.<br>He lives **in** Pakistan.<br>(সে পাকিস্তান বসবাস করে)<br>He lives at Uttara **in** Dhaka.<br>(সে ঢাকার উত্তরায় বসবাস করে)<br>Bangladesh is a country **in** Asia.<br>(বাংলাদেশ এশিয়া মহাদেশের একটি দেশ) |
| অনেক বড় জায়গার দিকে বোঝাতে | The Sun rises **in** the east.<br>(সূর্য পূর্ব দিকে ওঠে) |
| পেশা বোঝাতে | He joined **in** the army.<br>(সে সেনাবাহিনীতে যোগদান করলো/করেছিল)<br>Afifa wants to join **in** a football coach. (আফিফা ফুটবল কোচ হিসেবে যোগ দিতে চান) |
| কোন বিষয় বা ভাষা বোঝাতে | He has completed a diploma **in** Bsc.<br>(সে বিএসসিতে ডিপ্লোমা শেষ করেছে)<br>I have read the book **in** English.<br>(আমি ইংরেজীতে বইটি পড়েছি) |
| Responsibility অথবা বিবেচনা বোঝাতে | You have to do the work **in** your risk. (তোমাকে তোমার ঝুঁকিতে কাজটি করতে হবে) |
| বছর, মাস ও ঋতুর পূর্বে | My birthday is **in** Autumn.<br>(আমার জন্মদিন শরৎ এ)<br>He will come **in** Winter.<br>(সে শীতে আসবে)<br>He was born **in** May **in** 1971/ **in** winter. (সে ১৯৭১ সালের মে মাসে/শীতে জন্ম গ্রহণ করেছিল) |

| | |
|---|---|
| ভবিষ্যতে কিছুদিনের মধ্যে বোঝাতে | He will be there **in** two weeks. (সে/তিনি সেখানে দুই সপ্তাহের মধ্যে যাবেন)<br>I will learn English **in** 100 days. (আমি ১০০ দিনের মধ্যে ইংরেজি শিখবো) |
| অবস্থা বোঝাতে | I am **in a** critical moment. (আমি একটি সংকটময় মুহূর্তে আছি)<br>They are **in** bad/good situation. (তারা খারাপ অবস্থায়/ভালো অবস্থায়)<br>Our family is **in** danger. (আমাদের পরিবার বিপদে পড়েছে) |
| কোন ব্যক্তির মধ্যে বোঝাতে | We should take this quality **in** us. (আমাদের এই গুণটি থাকা উচিত) |
| সময়ের মধ্যে বোঝাতে | **In** the evening(সন্ধ্যায়), **in** a day (একদিনে), **in** an hour (এক ঘন্টায়) |
| সীমানার মধ্যে বোঝাতে | **In** the field(মাঠের মধ্যে), **in** the classroom(শ্রেণিকক্ষে), **in** the box (বক্সের মধ্যে) |

| **Of এর ব্যবহার** | |
|---|---|
| অধিকার ও মালিকানা বোঝাতে | She is the owner **of** this house. (সে এই বাড়ির মালিক)<br>This is the car **of** Mr.Saiful Islam. (এই গাড়িটি জনাব সাইফুল ইসলামের) |
| কারণ বোঝাতে | Her father died **of** heart attack. (তার বাবা হার্ট অ্যাটাকে মারা গেল)<br>She died **of** the corona. (সে করোনায় মারা গেল) |
| সম্পর্ক বোঝাতে | He wants to know **of** him. (সে তার সম্পর্কে জানতে চায়)<br>I know many things **of** English. (আমি ইংলিশ সম্পর্কে অনেককিছু জানি) |

| | |
|---|---|
| উপকরণ বোঝাতে | The pencil is made **of** wood. (কাঠ দিয়ে পেন্সিল তৈরি) The marker is made **of** plastic. (প্লাস্টিক দিয়ে মার্কার তৈরি) |
| সমষ্টির মধ্যে একটি/একাধিক বোঝাতে | One **of** my students (আমার ছাত্রদের একজন), some **of** these mangoes (এই আমগুলোর কিছু) one **of** them(তাদের মধ্যে একজন) |
| উৎস বোঝাতে | The hog plum **of** Barishal is famous.(বরিশালের আমড়া বিখ্যাত) The Lichi **of** Dinajpur is famous. (দিনাজপুরের লিচু বিখ্যাত) |
| পরিমাণ বুঝাতে | A gram of diamond. A little of oil. |

| **On এর ব্যবহার** | |
|---|---|
| কোনকিছুর উপর লেগে থাকা বোঝাতে | The pen **on** the chair. (কলমটি চেয়ারের উপরে) The book is **on** the table. (বইটি টেবিলের উপরে) I walk **on** the roof of my house. (আমি আমাদের বাড়ির ছাদের ওপর দিয়ে হাঁটি) |
| বার বা দিন ও তারিখের/বিশেষ দিনের পূর্বে | I will talk to him **on** Sunday at 6 o clock **on** 25th January. (আমি ২৫ জানুয়ারি রবিবার ৬ টায় কথা বলবো) He came **on** Friday **on** 10th May. (সে ১০ ই মে শুক্রবার এসেছিল) I gifted her **on** her birthday. (আমি তার জন্মদিনে তাকে উপহার দিয়েছিলাম ) |

| | |
|---|---|
| নির্ভরতা বোঝাতে | We live **on** oxygen. (আমরা অক্সিজেনে বাঁচি) It is depend **on** you. (এটি তোমার ওপর নির্ভর করে) |
| বেতন বোঝাতে বসে | He worked here **on** payment. (সে এখানে বেতনে কাজ করেছিলেন) |
| অনুসারে বা ফলে বোঝাতে | He did this work **on** my advice. (সে আমার পরামর্শে এই কাজটি করেছিল) |
| নিজের পথচলা বোঝাতে | He comes here **on** foot. (সে পায়ে হেঁটে এখানে আসে) I would go to school **on** foot. (আমি পায়ে হেঁটে বিদ্যালয়ে যেতাম) |
| নদীর তীর বোঝাতে | Dhaka is **on** the bank of Buriganga river. (ঢাকা বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত) |
| দায়িত্বে থাকা বোঝাতে | Ahnaf is **on** duty. (আহনাফ এখন কাজে আছেন) |
| Floor বোঝাতে | He lives **on** the 3rd floor. (সে তিন তলায় থাকে) I am **on** the 2nd floor. (আমি দ্বিতীয় তলায় থাকি) English Therapy is **on** the ground floor. (ইংলিশ থেরাপি নীচতলায় অবস্থিত) |
| দিক বুঝাতে | The office is **on** the left. (অফিস বাম দিকে) His house was just my right. |

- নিচের শব্দগুলো বারবার চর্চা করে মনে রাখুন:-

On the phone/telephone, On strike, On fire, On a diet, On the radio, On a tour, On television, On a horse, On a bike, On a bus, On a road, On a river, On a farm, On a map, On a list, On a menu, On the ground floor, On the left-hand side, On the bottle, On the wall, On the door, On the table, On his nose, On the floor, On a page, On an island, On time, On holiday, On February 21, On Sunday, On his birthday, On street/ corner/ coast/ river/ a ship/ a place/ a train.

| Under এর ব্যবহার | |
|---|---|
| নিচে অর্থ প্রকাশ করতে | She is hiding **under** the pillow. (সে বালিশের নিচে লুকিয়ে আছে)<br>The cat is **under** the table. (বিড়ালটি টেবিলের নিচে)<br>The pen is **under** the table. (কলমটি টেবিলের নিচে) |
| কারো অধীনে কাজ করা বোঝাতে | They live **under** their parents. (তারা তাদের পিতা-মাতার অধীনে থাকে)<br>He works **under** his boss. (সে তার বসের অধীনে কাজ করে) |
| কম বোঝাতে | The **under**-19 football team won the match. (অনূর্ধ্ব-১৯ ফুটবল দল ম্যাচ জিতেছে/জয়লাভ করেছে)<br>Girl **under** 18 are not allowed to marry. (১৮ বছরের নিচে মেয়েকে বিবাহ নিষেধ) |
| প্রক্রিয়াধীন বা বিবেচনাধীন বোঝাতে | His case is **under** the supreme court. (তার মামলাটি সুপ্রিম কোর্টে প্রক্রিয়াধীন) |
| শাসনামল বোঝাতে | The Indian subcontinent was **under** British colonial rule for about 200 years. (ভারতীয় উপমহাদেশ প্রায় ২০০ বছর ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের অধীনে ছিল)<br>Our country will be **under** martial law very soon. (খুব শীঘ্রই আমাদের দেশে সামগ্রীক আইন আসবে) |
| আয়ত্তে থাকা বোঝাতে | This area is **under** the control of the army.(এই অঞ্চল সেনাবাহিনীর আওতাধীন) |

| For এর ব্যবহার | |
|---|---|
| জন্য অর্থ প্রকাশ করতে | She lives in Dhaka **for** her study.<br>(সে তার পড়াশোনার জন্য ঢাকায় থাকে)<br>I can do anything **for** my parents.<br>(আমি আমার বাবা-মায়ের জন্য যেকোন কিছু করতে পারি) |
| সময়ের সমষ্টি বা যাবৎ বোঝাতে | They have been reading books **for** three hours.<br>(তারা তিন ঘন্টা যাবৎ বই পড়ছে)<br>I have been teaching **for** two years.<br>(আমি দু'বছর যাবৎ শিক্ষকতা করছি) |
| মূল্য বা বিনিময় বোঝাতে | He bought a car for 50 lakhs.<br>(সে ৫০ লক্ষ টাকায় একটি গাড়ি কিনেছিল) |
| কারণ বোঝাতে | I can't go out for lockdown.<br>(আমি লকডাউনের কারণে বাইরে যেতে পারি না) |
| উদ্দেশ্য বোঝাতে | You are watching this video for learning.<br>(তুমি শেখার উদ্দেশ্যে এই ভিডিওটি দেখছো) |
| কারো পক্ষ নেয়া বোঝাতে | She is for me. (সে আমার পক্ষে) |
| সময়ের জন্য বোঝাতে | For a day (এক দিনের জন্যে), For a week (এক সপ্তাহের জন্যে), For a month (এক মাসের জন্যে), For a year (এক বছরের জন্যে), For a while (কিছুক্ষণের জন্যে) |

| By এর ব্যবহার | |
|---|---|
| কোনকিছু দ্বারা বা কারো দ্বারা বোঝাতে | I clean my room by my hand.<br>(আমি আমার হাত দ্বারা আমার ঘর পরিষ্কার করি)<br>I go to office by bus.<br>(আমি বাসে করে অফিসে যাই)<br>I am writing by pen. (আমি কলম দ্বারা লিখছি)<br>ব্যতিক্রমঃ on foot, on a bicycle, on horse back. |

| | |
|---|---|
| ধারাবাহিকতা বোঝাতে | She is finishing the work day by day. (সে দিন দিন কাজ সম্পন্ন করছে)<br>I am improving day by day. (আমি দিনে দিনে উন্নতি করছি)<br>Enter the room one **by** one. (একে একে রুমে ঢুকলো) |
| নির্দিষ্ট সময়ের আগে বোঝাতে | The work will be done by 10 pm. (কাজটি রাত ১০টার আগে সম্পন্ন করা হবে)<br>They will join by 9 am (তারা সকাল ৯টার আগে যোগদান করবে) |
| পাশে বোঝাতে | You can sit by me. (তুমি আমার পাশে বসতে পারো) |
| উপায়ে বা পদ্ধতি বোঝাতে | You can improve English by practising. (তুমি ইংরেজিকে অনুশীলনের মাধ্যমে উন্নতি করতে পার)<br>You can earn money **by** working more. (তুমি অনেক কাজ করে টাকা উপার্জন করতে পারো) |
| শপথ বোঝাতে | Roza took oath by his teacher. (রোজা তার শিক্ষকের কাছে শপথ নিল) |
| অবস্থান বোঝাতে | He is a teacher **by** profession. (সে পেশাগতভাবে একজন শিক্ষক) |
| পরিমাপ বোঝাতে | The whiteboard is 4 feet **by** 3 feet. (হোয়াইট বোর্ডটি ৪ ফুট বাই ৩ ফুট)<br>My living room is 13m **by** 15m. (আমার ঘর ১৩মি. বাই ১৫মি.) |

| **With এর ব্যবহার** | |
|---|---|
| কারো সাথে যুক্ত অর্থ প্রকাশ করতে | She gossips **with** her friend. (সে তার বন্ধুর সাথে গল্প করে)<br>I will go a tour **with** my parents. (আমি আমার পিতামাতার সাথে বেড়াতে যাবো) |

| | |
|---|---|
| খেলার প্রতিপাদ্য বুঝাতে | I will play football **with** him. (আমি তার সাথে ফুটবল খেলবো) |
| সত্ত্বেও বুঝাতে/বস্তু দ্বারা বুঝাতে | With all my fruits. (আমার সব ফল)<br>My mother forgave me. (আমার মা আমাকে ক্ষমা করে দিয়েছেন)<br>I write a letter **with** pen. (আমি কলম দিয়ে চিঠি লিখি)<br>I will buy a book **with** nice pictures from book fair. (আমি বইমেলা থেকে ছবিসহ একটি সুন্দর বই কিনবো) |
| বস্তুবাচক বা গুণবাচক অবস্থা বোঝাতে | I can speak English **with** confidence. (আমি আত্মবিশ্বাসের সাথে ইংরেজি বলতে পারি) |
| কাজের উপকরণ বোঝাতে | She works **with** a laptop. (তিনি ল্যাপটপ দিয়ে কাজ করে)<br>He writes **with** pencil. (সে পেন্সিল দিয়ে লিখে) |
| কারো উপর অর্থ প্রকাশ করতে | I am angry **with** Mr. Ariful Islam. (আমি জনাব আরিফুল ইসলামের উপর রাগান্বিত) |
| কোন বিষয়ে বা ব্যাপারে বোঝাতে | Be careful **with** knife. (ছুরি ব্যবহারে সতর্ক হও) |

| About এর ব্যবহার | |
|---|---|
| সম্বন্ধে বা সম্পর্কে বোঝাতে | Rimi wants to know **about** the place. (রিমি জায়গা সম্পর্কে জানতে চায়)<br>I don’t know **about** you. (আমি তোমার সম্পর্কে জানি না)<br>Do you know **about** me? (তুমি কি আমার সম্পর্কে জানো?)<br>We don’t know |

| | |
|---|---|
| প্রায় অর্থ প্রকাশ করতে | She is **about** to die.<br>(সে মরে যায় প্রায়)<br>I am **about** to reach.<br>(আমি প্রায় পৌঁছে গেছি)<br>I am **about** to write the letter. (আমি প্রায় একটি চিঠি লিখি) |
| চারদিকে অর্থ বোঝাতে | There are some shops **about** the locality.<br>(এলাকার চারপাশে কিছু দোকান আছে)<br>Roni will be somewhere **about** Mirpur. (রনি মিরপুরের কোথাও থাকবে) |
| এদিক ওদিক বুঝাতে | Imran walking **about** the corridor now.<br>(ইমরান এখন করিডোরে হাঁছেন)<br>We were running **about** the road. (আমরা রাস্তার ওপর দিয়ে দৌড়াচ্ছিলাম) |
| পরিমাণ বুঝাতে | How **about** having a cup of tea?<br>(কেমন হয় এক কাপ খেলে?)<br>How **about** going for a walk? (হাঁটলে কেমন হয়?) |
| উপলক্ষ্যে বা উদ্দেশ্যে বোঝাতে | Let's talk **about** that matter.<br>(চলো, ঐ উদ্দেশ্যে কথা বলি) |
| সময়ের সম্ভাব্যতা বোঝালে | He will come **about** 7 o'clock.<br>(সে সম্ভবত ৭ টা বাজে আসবে)<br>It is **about** 10 o'clock.<br>(এখন সম্ভবত ১০ টা বাজে) |

## Within এর ব্যবহার

| | |
|---|---|
| নির্দিষ্ট সময়ের মধ্যে বোঝাতে | My friend will come **within** 11 pm.<br>(আমার বন্ধু রাত ১১টার মধ্যে আসবে)<br>I will buy a blue car **within** 2021.(আমি ২০২১ এর মধ্যে একটি নীল রঙের গাড়ি কিনবো) |

| **Without** এর ব্যবহার | |
|---|---|
- ▶ Direct Narration এর অনেক সময় Subjective case, Reporting verb এর পরে বসে: What are you doing? said he.
- ▶ Interrogative Sentence এর ক্ষেত্রে:- Have you done it?
- ▶ Sentence এ যদি প্রথমাংশে Object বসে সে ক্ষেত্রে:- Book and Pen have I none.
- ▶ Here / There দিয়ে Sentence শুরু হলে সে ক্ষেত্রে:- There is a man in the room.

লক্ষণীয়: এছাড়াও Objective Case- Noun, Pronoun, Adjective, Infinitive, Gerund, Verbal Noun, Phrase, Clause ইত্যাদি রূপে ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ:

- o My mother recites Quran. (Objective রূপে Noun)
- o I called him. (Objective রূপে Pronoun)
- o They help the beggar. (Objective রূপে Adjective)
- o I want to sleep. (Objective রূপে Infinitive)
- o They like playing Badminton. (Objective রূপে Verbal)
- o I met a man of letter. (Objective রূপে Phrase)
- o I know how they made it. (Objective রূপে Clause)

3. **Possessive Case:** যে Case অধিকার বোঝাতে ব্যবহৃত হয় তাকে Possessive Case বলে।

চেনার উপায়: 'কার' দ্বারা প্রশ্ন করলে Possessive Case পাওয়া যায়। যেমনঃ

This is her laptop. (এটা তার ল্যাপটপ)

বাক্যটিতে যদি প্রশ্ন করা যায়, এটা কার ল্যাপটপ? উত্তর আসে, her laptop. সুতরাং বাক্যটিতে her হচ্ছে Possessive Case.

[১০৮ পৃষ্ঠায় Possessive এর list দেখে নিন।]

**Formation of Possessive Case:**

- **শেষে 's' বিহীন** Singular Noun এর সাধারণত Apostrophe ও S ('s) যোগ করে Possessive করা হয়। যেমন- Abir's Book, Emran's Desktop, Mother's Saree, Father's sunglass.

- **শেষে 's' যুক্ত** Singular Noun এর শেষে শুধু Apstrophe (') যোগ করে Possessive করা হয়। যেমনঃ Jesus' Speech, Lendle Simons' football, Shanes's pen, Keats's book, Brutass' house.

- **শেষে** ''s'' বিহীন Plural Noun এর সাধারণত Apostrophe ও S ('s) যোগ করে Possessive করা হয়। যেমন- Women's sports, Men's cricket tournament, Children's park, People's gathering, Girls' school.

- And দ্বারা যুক্ত একাধিক Noun যৌথ অধিকার প্রকাশ করলে শেষের Noun টির সাথে Apstrophe (') যুক্ত করে Possessive করা হয়। যেমনঃ
  Abir and Dobir's reading room, Rupa and Dipa's school.

- Compound Noun এর শেষে Apstrophe (') যোগ করে Possessive করা হয়। যেমন- Sister-in-law's house, Cheif-Executive's resort, Father-in-law`s garden.

- সময়, দূরত্ব ও ওজন প্রকাশক noun এর সাথে (s`) যোগ করে Possessive করা হয়। যেমনঃ Four day`s tour, A ton`s weight.

- সাধারণত ব্যক্তির ক্ষেত্রে (`s) না বসিয়ে of বসিয়ে Possessive করা হয়। যেমন: Rina`s Book or The Book of Rina.

- অবচেতন পদার্থের ক্ষেত্রে (`s) না বসিয়ে of বসিয়ে Possessive করা হয়। যেমন: The bench`s legs are broken(**Inc.**) The legs of bench are broken(**Corr.**)

4. **Vocative Case:** Sentence এ Noun বা Pronoun কে সম্বোধন করে কোন কিছু বলা হলে তাকে Vocative Case বলে। একে Nominative address বা Case of address ও বলা হয়। যেমন:
   Sister, please give me a glass of water. (বোন, দয়াকরে আমাকে এক গ্লাস পানি দাও)
   বাক্যটিতে, Sister (Noun) কে সম্বোধন করে কিছু বলা হয়েছে। তাই এটি Vocative Case. আর Vocative case এর পরে কমা বসবে।

**More Example:**

Lamia, are you coming for the program?
(লামিয়া, তুমি কি অনুষ্ঠানে এসেছো?)

Get out from my office. [You- pronoun উহ্য আছে]
(আমার অফিস থেকে বের হয়ে যাও)

Come in, please. [You- pronoun উহ্য আছে]
(দয়া করে ভেতরে আসুন)

Give me some food, mother. এখানে Vocative case শেষে থাকায় তার আগে কমা বসবে।

## Case in Apposition

যখন ২টি noun একত্রে পাশাপাশি বসে একই ব্যক্তি / বস্তুকে বুঝায় তখন ২য় noun টিকে ১ম noun এর case in apposition বলে। যেমন:

Mr. Nur, teacher of our University, is a good man.

# Chapter # 21: Tense

Verb (ক্রিয়া)-এর কার্য সম্পন্ন হওয়ার সময় বা কালকে Tense বলে। সহজভাবে বলতে গেলে, ক্রিয়ার কালকেই Tense বলে।

অর্থাৎ একটি কাজ কখন সংঘটিত হয়েছিলো, কখন সংঘটিত হয় কিংবা কখন সংঘটিত হবে এমন অর্থ প্রকাশে verb এর যে পরিবর্তন সাধিত হয়, তাই Tense এর আলোচ্য বিষয়।

## Classification of Tense

Tense কে প্রধানত তিন ভাগে ভাগ করা হয়। যথাঃ

| **Present Tense (বর্তমান কাল)** | **Past Tense (অতীত কাল)** | **Future Tense (ভবিষ্যৎ কাল)** |
|---|---|---|
| যে Verb বা ক্রিয়া দ্বারা বর্তমানে কোন কাজ হয়, হইতেছে বা হয়েছে ইত্যাদি বুঝায় তাকে Present Tense বলে। | যে Verb বা ক্রিয়া দ্বারা অতীতে কোন কাজ ছিল, হইতেছিল বা হয়েছিল ইত্যাদি বুঝায় তাকে Past Tense বলে। | যে Verb বা ক্রিয়া দ্বারা ভবিষ্যৎতে কোন হবে, হতে থাকবে, হয়ে থাকবে ইত্যাদি বুঝায় তাকে Future Tense বলে। |
| **Example:**<br>I play Tennis. (আমি টেনিস খেলি)<br>I am reading a book. (আমি একটি বই পড়ছি)<br>I have read a story (আমি একটি গল্প পড়েছি) | **Example:**<br>They played football. (তারা ফুটবল খেলেছিলো)<br>He was writing a letter. (সে একটি চিঠি লিখতেছিলো)<br>They had played football. (তারা ফুটবল খেলেছিল) | **Example:**<br>He will play cricket. (সে ক্রিকেট খেলবে)<br>I will be watching a movie tomorrow. (আমি আগামীকাল একটি ছবি দেখতে থাকবো) |

কাজের সময়কে আরো স্পষ্টভাবে বোঝানোর জন্য প্রত্যেকটি Tense কে আবার চারভাগে ভাগ করা হয়। নিম্নে চিত্রের সাহায্যে দেখানো হলো:

# Every structure of 12 Tenses at a glance.

| Present Tense | |
|---|---|
| Indefinite | Subject + verb ($v_1$) + extension. |
| Continuous | Subject + am/is/are + ($v_1$+ing) + extension. |
| Perfect | Subject + have/has + $v_3$ + extension. |
| Perfect continuous | Subject + have been/has been + ($v_1$+ing) + extension. |
| **Past Tense** | |
| Indefinite | Subject + $v_2$ + extension. |
| Continuous | Subject + was/were + ($v_1$+ing) + extension. |
| Perfect | Subject + had + $v_3$ + extension. |
| Perfect continuous | Subject + had been + ($v_1$+ing) + extension. |
| **Future Tense** | |
| Indefinite | Subject + will + $v_1$ + extension. |
| Continuous | Subject + will be + ($v_1$+ing) + extension. |
| Perfect | Subject + will have + $v_3$ + extension. |
| Perfect continuous | Subject + will have been + $v_1$ + ing + extension. |

**Verb এর Shortcut form:**

(i) Base form = $V_1$ --- take, go

(ii) Past form = $V_2$ --- took, went

(iii) Past Participle form = $V_3$ --- taken, gone

## Tense চেনার সহজ উপায়

০১. **যদি কোনো বাক্যে মূল Verb এর সাথে বা finite verb এর সাথে ing যুক্ত থাকে, তবে বাক্যটি অবশ্যই Continuous Tense হবে। মনে রাখা কর্তব্য যে, Auxiliary verb অনুযায়ী Present, Past ও Future হবে।**

যেমন:-

(i) Sabina is drinking water (Present continuous).
(ii) Bima was writing a letter (Past continuous).
(iii) Mizan will be reading (Future continuous).

০২. **যদি কোনো বাক্যে have verb টি auxiliary verb এর পরে মূল verb টি verb এর $V_3$ বা Past participle form হয়, তবে বাক্যটি Perfect Tense হবে।**

যেমন:-

Rasel has watched a movie (Present perfect).
We had visited the zoo several times (Past perfect).
I will have done the work (Future perfect).

০৩. Have Verb (have, has, had) + been + $v_1$ + ing থাকলে তা Perfect Continuous Tense হবে।

০৪. **বাকি সবগুলো Indefinite / Simple Tense.**

যেমন:-

I play football (Present indefinite).
Rabbi went to school (Past indefinite).
They will learn English (Future indefinite).

**Note:** প্রশ্নকর্তা যে Tense দিয়ে প্রশ্ন করবে, উত্তরদাতা ঐ Tense দিয়েই প্রশ্নের উত্তর দিবেন।

যেমন: Have you finished your work? (Present Perfect)
Ans: Yes, I have finished my work. (Present Perfect)

# Present Indefinite/ Simple Tense
## সাধারণ বর্তমান কাল

সাধারণত কোনো কাজ বর্তমানে সম্পন্ন হয় কিন্তু কাজটির সমাপ্তি বা অসমাপ্তি কোনটিই নির্দেশ করে না এমন বুঝালে Verb এর যে রূপ ব্যবহৃত হয়, তাকে Present Indefinite বা Present Simple Tense বলে।
বাংলায় চেনার উপায়ঃ বাংলা ক্রিয়াপদের শেষে করি, কর, করিস, করেন, করে, পড়ি, পড়, পড়িস, পড়েন, পড়ে, ঘুমায়, ঘুমান ইত্যাদি বিভক্তি থাকে।

**লক্ষণীয়ঃ**

- যে সকল কার্য যথারীতি বর্তমানে সংঘটিত হয় বা রুটিন ওয়ার্ক বা নিত্যনৈমিত্তিক কাজ বা নিকট ভবিষ্যৎ।
- চিরন্তন সত্য।
- বৈজ্ঞানিক সত্য।
- ঐতিহাসিক সত্য।
- অভ্যাসগত সত্য।
- কোন লেখকের উক্তি।

ইংরেজিতে চেনার উপায়ঃ Always, Usually, Generally, Normally, Occasionally, Regularly, Daily, Frequently, Sometimes, Seldom, Often, Every day, Every year, Every month, Every time, Every morning, Naturally, On+ (The name of 7 days.), Once, Twice...etc. Adverb যুক্ত থাকে।

**Example:**

a) We eat rice every day. (আমরা প্রতিদিন ভাত খাই)
b) The earth moves round the sun. (পৃথিবী সূর্যের চারদিকে ঘুড়ে)
c) Akbar innovates Bangla years. (আকবর বাংলা বছরের প্রচলন করেন)
d) If I heat a metal, it expands. (যদি আমি একটি ধাতুকে তাপ দেই, তবে এর আকার বৃদ্ধি পায়।)
e) Anik loves to play football. (অনিক ফুটবল খেলতে ভালোবাসে)

f) They are students. (তারা হয়/হল ছাত্র-ছাত্রী)

g) He seldom smokes. (সে ধূমপান করে না বললেই চলে)

h) I always try to help others. (আমি সর্বদা অন্যদেরকে সাহায্য করতে চেষ্টা করি)

i) We often go to restaurant. (আমরা প্রায়ই রেস্টুরেন্টে যাই)

j) Saifullah plays badminton twice in a week. (সাইফুল্লাহ সপ্তাহে ২ বার ব্যাডমিন্টন খেলে)

**Affirmative Structure:**

(i) Subject+ verb এর present form ($v_1$)+ extension.

(ii) Sub+ have/has+ Noun

(iii) Sub+ am/is/are+ Determiner+ Noun/ Adverb/ Adjective....

**Note-1:**

a) I, we, you, they এর সাথে verb এর base form হবে এবং have হবে।

b) He, she, it, any, name এর জন্য verb এর সাথে s/es, has, এবং is হবে।

c) You, we, they এর সাথে are এবং have হবে।

d) Subject Plural হলে have এবং are হবে।

e) I এর জন্য শুধুমাত্র Am হবে।

➢ Students love to read this book.
নোট: 'Students' plural form এ রয়েছে। তাই verb ও plural form এ হবে। এই জন্য love এর সাথে s/es যুক্ত হয় নাই।

➢ They are cricketers. (তারা হলেন/হলো/হয় ক্রিকেটার)

➢ Rahima has the English Therapy's book. (রহিমার ইংলিশ থেরাপির বই আছে)

➢ Halim is in the class. (হালিম ক্লাসে আছে)

**Negative Structure-1:**

**Sub+ do not/ does not+ verb এর base form + ext.**

**Note-1:** Base form মানে, যে verb এর সাথে s/es, ed, ing, +.........কোন কিছু যুক্ত নাই তাকে verb এর base form বলে।

**Note-2:** 3rd person singular number হলে subject এর পর does এবং বাকী সব জায়গায় Subject এর সাথে do হয় এবং plural noun এর সাথে do হয়।

**Example:**

He does not eat vegetable. (সে সবজি খায় না)
It does not rain. (বৃষ্টি পরে না)
I do not know it. (আমি এটা জানি না)

**Structure-2:** **Sub + am/is/are + not + determiner + noun/ adjective/ adverb.......**

**Example:**

I am not a driver. (আমি চালক নই)
It is interesting. (এটা চমৎকার)
They are not at wedding party. (তারা বিয়ের অনুষ্ঠানে নেই)
They are not officers. (তারা অফিসার না)

**Structure-3:** **Sub + do/does+ not + have +.....**

**Example:**

He does not have a book. (তার একটা বই নেই)
I do not have a good friend. (আমার একজন ভালো বন্ধু নেই)
They do not have a computer. (তাদের ল্যাপটপ নেই)

**Interrogative Structure:**

**Structure-1:** Do/Does + sub + verb ($v_1$) +......+?

**Example:**

Do I read the book of English Therapy? (আমি কি ইংলিশ থেরাপির বই পড়ি?)
Does he go to school regularly? (সে কি নিয়মিত স্কুলে যায়?)
Does Saiful conduct online classes? (সাইফুল কি অনলাইনে ক্লাস নেয়?)

**Structure-2:** Am/is/are + sub + determiner + noun/ adverb/ adjective +......?
Am I a student? (আমি কি একজন ছাত্র?)
Are they in the class? (তারা কি ক্লাসে আছে?)
Is Rafik your brother? (রফিক কি তোমার ভাই? )

**Structure-3:** Do/ Does + Sub + have +.......+?

**Example:**
Do I have a pen? (আমার কি একটা কলম আছে?)
Does Champa have a Laptop? (চম্পার কি একটা ল্যাপটপ আছে?)
Do you have any information about Facebook? (তোমার কাছে কি ফেসবুক সম্পর্কে কোনো তথ্য আছে?)

**Negative Interrogative Structure:**

**Structure-1:** Do/ Does + not + Noun + $V_1$ + ---------+?
Do / Does+ pronoun+ not+$v_1$+-------+?
Don't / Doesn't+ sub+ $v_1$+----------+?

**Example:**
Does not Dipu like to hang out with friends?
Do I not like to hang out with my friends?
Doesn't she like to hang out with his friends?

**Structure-2:**
Am/ is/ are + not + noun + determiner + noun / adverb/ adjective.....+?
Am/is/are + pronoun + not + determiner + noun / adverb/ adjective.....+?
Ain't/isn't/aren't + sub + determiner + noun / adverb/ adjective.....+?

**Example:**

Is not Monalisa a good student?
Is she not a good student?
Isn't she a good student?

**Structure-3:**

Do/ Does + not + noun + have + ------+?
Do/ Does + pronoun + not + have +-------+?
Don't / Doesn't sub + have +----+?

**Example:**

Does not Sakib have a pen?
Do they not have a book?
Doesn't she have a pen?

**Note-3: Imperative sentence সবসময় Present indefinite হয়।**

**Example:**

Let it to be done. (Passive)
Let me do it. (Active)

**Note:** সাধারণত, Sentence এ নিম্নলিখিত verb গুলো থাকলে Present Indefinite Tense হয়। এই verb গুলোর Continuous Tense হয় না।

a) Verb of emotion: *feel, *like, *want, *love, hate, wish, desire etc.
b) Verb of Perception: See,*hear,*smell, notice, recognize, etc.
c) Verb of appearing: *appear,*look, seem, etc.
d) Verb of thinking: *think, suppose,*believe, agree, consider, mean, mind, *know, forget, understand, etc.

যেমন: The book belongs to me.
They understand the problem now.

# Present Continuous

- কোন কাজ বর্তমানে চলছে / হচ্ছে বুঝাতে আমরা Present Continuous Tense ব্যবহার করি।
- বাংলায় চেনার উপায় : বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায় ছ, ছি, ছে, ছেন, চ্ছ, চ্ছি, চ্ছে, চ্ছেন প্রভৃতি বিভক্তি থাকে।
- ইংরেজিতে চেনার উপায় : Now, Right now, At present, This year, This day, Tonight, Today, Day by day, Month after month, Year after year, At this moment, This time, Still, Look, Listen, Step by step, One after another, Rapidly, Gradually ইত্যাদি Adverb থাকলে Sentence টি Present Continuous Tense এ হয়।

**Affirmative Sentence Structure:**

**Subject + am/is/are + Verb + ing + extension.**

**Example:**

He is driving a car. (সে একটি গাড়ি চালাচ্ছে)

I am using Facebook. (আমি ফেসবুক চালাচ্ছি)

They are waiting for the train. (তারা ট্রেনের জন্য অপেক্ষা করছে)

**Note:**

(i) He/she/name এর জন্য (is ) ব্যবহৃত হয়।

(ii) I এর জন্য (am ) ব্যবহৃত হয়।

(iii) We/They/you এর জন্য (are) ব্যবহৃত হয়।

**Negative Sentence Structure:**

Sub + am/ is/are + not + verb + ing + ext.

**Example:**

They are not taking part in the match.(তারা ম্যাচটিতে অংশ নিচ্ছে না)

She is not looking after her mother.(সে তার মাকে দেখাশোনা করছে না)

Rahim is not listening to music.(রহিম গান শুনতেছে না)

I am not writing an SMS.(আমি একটি এসএমএস লিখছি না)

**Interrogative Sentence Structure:**

Am/is/are + subject + $v_1$ + ing + ext+?

**Example:**

Is Nur writing a book? (নূর কি একটি বই লিখছে ?)

Are we looking for the home of Shanta? (আমরা কি শান্তার বাসা খুজছি?)

Am I watching TV now?(আমি কি এখন টিভি দেখছি?)

**Negative Interrogative Sentence Structure:**

**Structure-1:** Am/is/are + not + noun +$V_1$ +ing + ext+?

**Example:**

Is not Omit wearing his clothes? (অমিত কি তার জামা পরছে না?)

Is not Dipto going to market? (দীপ্ত কি মার্কেটে যাচ্ছে না?)

Is not Rupa making noise? (রুপা কি গোলমাল করছে না?)

**Structure-2:** Am/is/are + pronoun+ not +$V_1$+ing + ext +?

**Example:**

Are they not staying with Rafik? (তারা কি রফিকের সাথে থাকছে না?)

Is he not playing ludo now? (সে কি এখন লুডু খেলছে না?)

Am I not trying to sell the book? (আমি কি বইটি বিক্রি করার চেষ্টা করছি না?)

**Structure-3**: Ain't/isn't/aren't + subject + Verb + ing + ext +?

**Example:**

Aren't we getting late to go to Dhaka?(আমরা কি ঢাকায় যেতে দেরি করছি না?)

Aren't the prices of rice raising this time?(এ সময় কি চালের দাম বাড়ছে না?)

Isn't Rahat writing a letter to his sister at this moment?(এখন কি রাহাত তার বোনের কাছে একটি পত্র লিখছে না?)

- যখন কোন কিছু নিকট ভবিষ্যতে হতে যাচ্ছে তার জন্য আমরা present continuous tense ব্যবহার করতে পারি। যেমন:
    - Parvez is flying for Dhaka in the afternoon.
    - He is going to a concert today.

- ইংরেজিতে কিছু Verb রয়েছে যাদের Present continuous হয় না। এই সকল Verb কে Stative verb বলে। যেমন:

  Appear, Look, Seem, Signify, Equal, Trust, Respect, Regret, Love, Like, Hate, Miss, Fear, Believe, Disbelieve, Agree, Know, Mind, Admire, Adore, Value, Doubt, Care, Hope, Guess, Expect, Disagree, With, Want, Need, Smell, Taste, Possess, Belong, Hear etc.

**Example:**

(a) We see a nice bird there.

(b) They feel well.

(c) He looks beautiful.

(d) I hate Orpa for her deeds.

(e) We believe in Allah.

(f) She trusts me a lot.

**Note:** উক্ত verb গুলোর জন্য present indefinite tense এর structure অনুসরণ করতে।

➢ বিশেষ অর্থ প্রকাশ করলে নিম্নোক্ত কিছু Verb Present continuous এ হয়। feel, look, smell, taste.....

- Feel যখন (touch) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়- The doctor was feeling her pulse.
- Look যখন (watch) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়- I am looking out for a better job.
- Smell যখন (sniff at) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়- Why are you smelling the milk?
- Taste যখন (to taste the flavour of something) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়-She is tasting the pudding to see if it was sweet enough.
- See যখন (meet appointment) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়- The director is seeing the applicants this morning.
- Hear যখন (listen formally to evidence---) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়।The count is hearing evidence this afternoon.
- Think যখন (opinion) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়-What are you thinking about?
- Assume যখন (accept as a starting point) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়।
- Expect যখন (await) এর অর্থ প্রকাশ করে তখন Present continuous হয়-I am expecting a letter.

# Present Perfect Tense

কোন কাজ এইমাত্র শেষ হয়েছে কিন্তু ফলাফল বর্তমানে রয়েছে এর জন্য Present Perfect Tense ব্যবহার করা হয়।

বাংলায় চেনার উপায় : বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায় এছ, এছি, এছে, এছেন, এছিস বিভক্তিগুলো থাকে।

ইংরেজিতে চেনার উপায় : Already, Just, Just now, Yet, Never, Ever, Lately, Recently, Up to now, Up to the present, So far etc.

**Affirmative Sentence Structure:**

**Sub + have/has + $V_3$ + others.**

**Example:**

I have done the work.(আমি কাজটি করেছি)

He has got A+ in the SSC Examination.(সে পরীক্ষায় এ+ পেয়েছে)

**Note:**

(i) I / We / They / You- এর জন্য (have) হয়।

(ii) He / She / It / Name এর জন্য (has) হয়।

(iii) Subject Plural হলে এর জন্য (have) হয়।

(iv) Sub + have/has + already/just/never + $v_3$

**Example:** That car has just had an accident.(ঐ গাড়িটি এইমাত্র দূর্ঘটনার কবলে পড়েছে)

**Negative Sentence Structure:**

**Sub + have / has + not + $V_3$ + others.**

**Example:**

She has not made a cup of tea.(সে এক কাপ চা বানায় নি)

They have not gone to Madaripur.(তারা মাদারীপুরে যায়)

**Interrogative Sentence Structure:**

**Have / has + sub + $V_3$ + others?**

Has he done his homework? (সে কি তার বাড়ির কাজ করেছে?)

Has the train just touched at station? (ট্রেনটি কি এইমাত্র স্টেশনে পৌঁছেছে?)

**Interrogative Negative Sentence Structure:**

**Rule-1:** Have/has + not + Noun + $V_3$ + **others**?

Has not Rana completed the lesson? (রানা কি পাঠটি সম্পন্ন করেনি?)

Has not Sadia solved the problems of this book? (সাদিয়া কি এই বইয়ের সমস্যাগুলোর সমাধান করেনি?)

**Rule-2:** Have / has + Pronoun + not+ $V_3$ + **others**?

Have you not walked at evening?

Has he not eaten his dinner just now? (সে কি এইমাত্র ডিনার করেনি?)

**Rule-3:** Haven't / hasn't + sub + $V_3$ + **others** ?

Hasn't he gone out just now? (সে কি এইমাত্র বাহিরে যায়নি?)

Hasn't she received my SMS? (সে কি আমার এসএমএস পায়নি?)

- Already এর অর্থ ইতিমধ্যে- এর ব্যবহার:

  **Structure:** Sub + have / has + already +$V_3$ + **others**.

  (1) I have already finished my work.

  (2) She has already watched a beautiful movie.

- Yet এর অর্থ তবুও - এর ব্যবহার:

  Yet Interrogative, negative এ ব্যবহৃত হয়

  (1) My mother has not seen my new phone yet.

  (2 ) Haven't I called upon you yet?

- Ever এর অর্থ (কখনোও যে কাজ করেছে) এমন অর্থে Present perfect tense এ ব্যবহৃত হয়।

**Structure:** Have / has + sub + ever + $V_3$ + -------?
Have you ever been to Germany? (তুমি কি কখনো জার্মানিতে গিয়েছো?)
Has he ever swum in the pond? (সে কি কখনো পুকুরে সাতার কেটেছে?)

## Present Perfect Continuous Tense

কোন কাজ অনেক পূর্বে / আগে থেকে শুরু হয়ে বর্তমান সময়েও চলছে / চলতেছে এমন অর্থে Present Perfect Continuous Tense ব্যবহার হয়।

- বাংলায় চেনার উপায়: বাংলা বাক্যে সময়ের পূর্বে চলিত ভাষায় হতে, যাবৎ, অবধি, ধরে এবং ক্রিয়ার শেষে Present Continuous Tense এর মত বিভক্তি যুক্ত থাকে।
- ইংরেজিতে চেনার উপায় :-Since, for, how long

**Structure:**
Sub + have / has + been + $v_1$+ ing + (obj)+ --- (for/since) +---.সময়।
I have been repairing his phone for two hours.(আমি দু'ঘন্টা ধরে ফোনটি ঠিক করছি)
It has been raining since morning.(সকাল থেকে বৃষ্টি হচ্ছে)
যাবৎ, হতে, থেকে অর্থ বুঝাতে (for/since) ব্যবহৃত হয়।

| For ব্যবহার হয়- A period of time এর ক্ষেত্রে | Since ব্যবহার হয়- the start of period এর ক্ষেত্রে |
|---|---|
| ❖ সংখ্যাবাচক শব্দ + hour<br>for + 1 hour, two hours<br>❖ সংখ্যাবাচক শব্দ + day<br>for + one day, two days<br>❖ সংখ্যাবাচক শব্দ + month<br>for + one month, two months<br>❖ সংখ্যাবাচক শব্দ + year<br>for + one year, two years | ➢ ঘড়ির নির্দিষ্ট সময়ের নামের জন্য<br>Since + 2 am, 2 pm<br>➢ সপ্তাহের নামের জন্য<br>Since + Friday, Sunday<br>➢ মাসের নামের জন্য<br>Since + May, March,<br>➢ বছরের নামের জন্য<br>Since + 2022, 2002,<br>➢ ঋতুর নামের জন্য<br>Since + Summer, Winter.<br>➢ নির্দিষ্ট দিন/বেলার জন্য<br>Since + morning, afternoon. |

**Note-1: Since + last (week/year/decade------)**
**For + the last (week/year/decade-----)**

**Note-2: Object** থাকতেও পারে, নাও পারে।

**<u>Negative structure:</u>**

**Rule: Sub + have / has + not + been + $v_1$ + ing + (obj ) + since / for + time.**

He has not been reading for two hours.

They have not been suffering from fever since Friday.

➤ **<u>Interrogative structure:</u>**

**have/has + sub + been + $V_1$ + ing + (obj) + since / for + time?**

Has the baby been crying since morning?

Have we been learning English since our childhood.

➤ **<u>Negative-Interrogative Structure:</u>**

**<u>Structure-1:</u> have / has + not + Noun + been + Verb + ing + (obj) + since / for + time?**

Has not Rana been doing the work since morning?

Has not Ashik been talking to Saiful for an hour?

**<u>Structure:2:-</u> have / has + Pronoun + not + been + verb + ing + (obj) + since/for + time?**

Have I not been living at Mirpur since 2019?

Has he not been smoking with his friends for two years?

**<u>Structure : 3:-</u> haven't / hasn't + sub + been + Verb + ing + (obj) + since/for + time.?**

Hasn't Tom been studying Marketing for two hours?

Haven't we been staying away from our mother since May?

## Past Indefinite Tense

অতীতে কোন কাজ শেষ হয়েছে এমন বুঝাতে আমরা Past indefinite tense ব্যবহার করি।

- **বাংলায় চেনার উপায়:** ল, লাম, লে, লেন, লি, ত, তাম, তে, তেন ও সাধু ভাষায় ইত, ইতাম, ইতে, ইতেন, ইল, ইলাম, ইলে, ইলেন, বিভক্তি যুক্ত থাকে।
- ইংরেজিতে চিনার উপায় ঃ-Once upon a time, Yesterday, Ago, Long ago, Long since, Last, The day before, Last week, Last month etc.
- অতীতকালে অভ্যাস বুঝাতে আমরা কিছু Adverb ব্যবহার করতে পারি Past Indefinite tense এ। যেমন : Usually, Regularly, Always.

**<u>Affirmative Structure:</u>**

**<u>Structure-1:</u>**

**Sub + $V_2$ + extension.**

We bought a bell. (আমরা একটা ঘন্টা কিনলাম)

I went there yesterday. (আমি গতকাল সেখানে গিয়েছিলাম)

I wanted to learn English last year. (গত বছর আমি ইংরেজি শিখতে চেয়েছিলাম)

**<u>Structure-2:</u>**

**Sub + was/were + (determiner) + noun/adverb/adjective + --**

I was a student. (আমি একজন ছাত্র ছিলাম)

She was there. (সে সেখানে ছিল)

They were at the place. (তারা সেখানে ছিল)

**Structure-3: Sub + had + determiner + noun / adverb / adjective + ---------**

1. I had a cow. (আমার একটি গাভী ছিল)
2. They had a car. (তাদের একটি গাড়ি ছিল)
3. He had an I-phone. (তার একটি আইফোন ছিল)

**Negative Structure:**

**Structure :1**

**Sub + did + not + $V_1$ (base form) + extesnion +------**

(1) He did not go to school. (সে স্কুলে যায়নি)
(2) She did not come here yesterday. (সে গতকাল এখানে আসেনি)
(3) I did not buy a new bicycle last week. (গত সপ্তাহে সে নতুন বাইসাইকেল কিনেনি)

**Structure :2**

**Sub + was / were + not + determiner + noun / adverb / adjective + ---.**

(1) Meena was not a famous inventor.
(2) I was not absent from university yesterday.
(3) It was very wet on Monday.

**Structure:3**

**Sub + had not + determiner + noun / adverb / adjective----**

(1) She had not enough money for leading her life.
(2) Anik had not a bi-cycle.
(3) They had not a house for living.

**Interrogative structure:**

**Structure-1:**

**Did + sub + verb এর base form+ extension+?**

(1) Did you go there? (তুমি কি সেখানে গিয়েছিলে?)
(2) Did he break the glass? (সে কি গ্লাসটি ভেঙ্গেছিল?)

**Structure-2:**

**Was /were + sub+ determiner + noun/adverb/adjective+.....+?**

(1) Was it your bike?

(2) Was Rafiq a student?

(3) Were they players?

**Structure-3:**

**Did + sub + have +........+?**

(1) Did I have a glass of water?

(2) Did I have tk.100 ?

**Negative-Interrogative Structure-1:** **Did + not + noun + $V_1$ + extension +?**

**Did + pronoun + not + $v_1$ + extension + ?**

**Didn't+ sub+ $v_1$+ extension+?**

(1) Did not Shanta eat food?

(2) Did she not steal food?

(3) Didn't Ripon buy a pizza?

**Structure 2:**

**Was / were + not + noun + determiner + noun / adverb / adj..?**

**Was / were + pronoun + not + determiner + noun / adverb / adj.......?**

**Wasnt / weren't + sub + determiner + noun / adverb / adj.?**

(1) Was not Rayhan a driver?

(2) Was he not a driver?

(3) Weren't we on the bus?

**Structure 3:**

**Did not + noun + have +extension+ ?**

**Did + pronoun + not + have + extension + ?**

**Didn't + sub +have + extension + ?**

(1) Did not Shovo have a picture of his grandfather?

(2) Did he not have school dress?

(3) Didn't Razu have sunglasses?

**Structure 4:**

**Weren't / wasn't / didn't + sub + verb এর base form/ noun / adjective / adverb------- + extension?**

(1) Didn't Rifat read the book?

(2) Didn't the plane land?

(3) Wasn't I a student?

(4) Didn't it snow yesterday?

(5) Weren't they in the class?

**Note :-** অতীতের দিন, তারিখ, বছর থাকলে Past Indefinite tense হয়।
Mr. Monir founded this factory in 2016/on Monday.

## Past Continuous Tense

অতীতকালে কোন কাজ চলছিল এমন বুঝাতে Past continuous tense ব্যবহার করা হয়।

বাংলাতে চেনার উপায় : বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায় ছিল, ছিলাম, ছিলে, ছিলি, ছিল, চ্ছিলে, চ্ছিলেন, চ্ছিলি ইত্যাদি বিভক্তি থাকে।

**Affirmative Structure: Sub + was / were + V + ing + extension.**

(1) I was reading a book.(আমি একটি বই পড়েছিলাম/পড়তেছিলাম)

(2) Salma was cleaning the white board.(সালমা হোয়াইট বোর্ডটি পরিস্কার করতেছিল)

(3) We were conducting some classes.(আমরা কিছু ক্লাস নিচ্ছিলাম)

**<u>Negative Structure:</u> Sub + was/were + not +V + ing + Extension.**

(1) They were not sleeping.

(2) Karim was not playing football.

(3) She was not cooking my breakfast.

**<u>Interrogative Structure:</u> Was / were + sub + $V_1$ + ing + Extension?**

(1) Was he waiting for me?

(2) Were they looking for some international books?

(3) Was the girl singing a song?

**<u>Negative Interrogative Structure:</u>**

**Was / were + noun + verb + ing + extension + ?**

**Was / were + pronoun + not + v + ing + extension + ?**

**Wasn't / weren't + sub + V + ing + Extension + ?**

(1) Was not Abid operating the computer?

(2) Were they not manipulating the center?

(3) Weren't you watching T.V.?

**Use of While**

**<u>Structure-1:</u>**

**While + V + ing + extension, Sub + $V_2$ + extension.**

(1) While reading a novel, Rakib called me.

(2) While watching T.V., Rumpa knocked at the door.

(3) While walking on the road, he was hit by a car.

**<u>Structure-2:</u> Sub + was / were + $V_1$ + ing + Extension + while + sub + was / were + V + ing.**

(1) Rakibul was eating food while I was watching a movie.
(2) She was calling me while I was studying.

➢ **Use of when**

**When + sub + $V_2$+ extension, sub + was / were + V + ing + extension.**

(1) When he came home, I was talking to my mom.
(2) When Mita phoned me, I was seeking her brother.

## Past Perfect Tense

অতীত কালে একটি কাজের পূর্বে আরেকটি কাজ সম্পন্ন হয়েছিল এরূপ বুঝাতে আমরা Past perfect tense ব্যবহার করি।

** <u>বাংলায় চেনার উপায়:</u> বাংলা ক্রিয়ার এছিল, এছিলাম, এছিলেন, এছিলি, ইয়াছিল, ইয়াছিলাম, ইয়াছিলে, ইয়াছিলেন, ইয়াছিলি প্রভৃতি বিভক্তি যুক্ত থাকে।

**<u>Affirmative Structure:</u> Sub + had + $V_3$ + extension.**

(1) They had solved the problem. (তারা সমস্যাটি সমাধান করেছিলেন)
(2) Dad had come home. (বাবা বাসায় আসলেন/আসিয়াছিলেন)
(3) She had noticed the problem. (সে সমস্যাটি খেয়াল করেছিলেন)

**<u>Negative Structure:</u> Sub + had + not +$V_3$ + extension.**

(1) I had not reached the station.
(2) The teacher had not entered the classroom.

**<u>Interrogative Structure:</u> Had + sub + $V_3$ + extension?**

(1) Had you told him my name?
(2) Had they looked for a good job?
(3) Had Runa finished her university?

**<u>Negative-Interrogative Structure:</u>**

**Had + not + noun + $v_3$ + ext ?**

**Had + pronoun + not + $v_3$ + ext ?**

**Hadn't + sub + $V_3$ + ext ?**

(1) Had not Suzon learnt the lesson?

(2) Had not Champa started to study graphic design?

(3) Had he not written the book?

(4) Hadn't she ever been to Dhaka?

** **Before এর ব্যবহার**

**Past perfect + Before + Past Indefinite**

(1) I had looked for a Doctor before I met.

(2) A student had studied before he took the test.

** **After এর ব্যবহার**

**Past simple + After + Past perfect**

(1) She came home after the train had stopped.

(2) I told her my name after Rana had left.

## Past Perfect Continuous Tense

অতীতে একটি কাজ শুরু হয়ে দীর্ঘ সময় ধরে চলছিল বুঝালে আমরা Past perfect continuous tense ব্যবহার করি।

বাংলায় চেনার উপায়: Period of time ও Point of time এর উল্লেখ থাকে।

**<u>Affirmative Structure:</u> Sub + had + been + V + ing +..... + for / since + time.**

(1) He had been playing football for an hour. (সে এক ঘন্টা ধরে ফুটবল খেলছিল)

(2) He had been removing some unnecessary pages since 2019. (সে ২০১৯ সাল থেকে কিছু অপ্রয়োজনীয় পৃষ্ঠা বাদ দিচ্ছিলো।)

**Negative Structure:** Sub + had + not + been + V + ing+.....+for / since+time

(1) Ratul had not been solving the problems for 2 days

(2) I had not been working with climax since 2020

**Interrogative Structure:** Had + sub + been + V+ ing +.....+ for/since+time ?

(1) Had I been working with PC Company since 2012?

(2) Had I been noticing the classroom for around 7 days?

**Negative- Interrogative Structure:**

**Had + not + noun + been + v + ing +.....+ since / for + time?**

**Had + pronoun + not + been + v + ing +.....+ since / for + time ?**

**Hadn't + sub + been + V+ ing + obj + extension?**

(1) Had not Fatima been looking for a new roommate?

(2) Had he not been demanding the right to vote for many years?

(3) Hadn't he been playing for around two hours?

## Future Indefinite Tense

কোন কাজ ভবিষ্যতে সংঘটিত হবে এমন বুঝাতে Future Indefinite Tense ব্যবহার হয়।

বাংলায় চিনার উপায়: বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায় ব, বা, বে, বো, বেন, বি এবং সাধু ভাষায় ইব, ইবা, ইবে, ইবেন বা ইবি প্রভৃতি বিভক্তি বসে।

ইংরেজিতে চেনার উপায়:

Tomorrow, next, সময় বাচক শব্দ (Year, Month), coming, ensuing, in the days to come.

**Affirmative Structure:** Sub + shall/will + $V_1$ (base form) + extension.

(1) We shall take breakfast together tomorrow. (আমরা আগামীকাল একসাথে সকালের নাস্তা করবো)

(2) He will give the box to me next day. (সে আগামীকাল আমাকে বাক্সটি দিবে)

**Note :** I, we এর সাথে শুধুমাত্র shall ব্যবহার করা যায়। অন্যান্য সকল sub এর সাথে will ব্যবহার করা যায়। Including (I, we).

**Negative Structure:** Sub + will / shall + not + $v_1$+ Extension.

- They will not go to Dhaka tomorrow. (তারা আগামীকাল ঢাকায় যাবে না )
- I shall not leave the place next year. (আমি আগামী বছর স্থানটি ত্যাগ করবো না)
- We shall not attend the classes of English Therapy. (আমরা ইংলিশ থেরাপির ক্লাসে অংশগ্রহণ করবো না)
  [Shall এর ব্যবহার নেই বললেই চলে।]

**Interrogative Structure:** Shall / will + sub + $v_1$ + Extension?

Will you call me tomorrow?

Shall we meet outside the house?

Will Halim do anything tomorrow?

**Negative-Interrogative Structure:**

Will/shall+ sub+ not+v1+ext?

Won't / shan't + sub + v1+ ext?

**Example:**

Will you not go to Madaripur in the next month?

Won't you go to work by bus?

Shan't I open the window?

Won't we pay you back next month?

## Future Continuous Tense

কোন কাজ ভবিষ্যতে চলতে থাকবে এমন বুঝতে Future continuous tense ব্যবহার হয়।

**বাংলায় চেনার উপায়:** বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায় তে থাকবে, তে থাকবা, তে থাকব, তে থাকবেন, তে থাকবো, তে থাকবি ইত্যাদি থাকে।

**Affirmative Structure:** Sub + Shall / will + be + v + ing + Extension.

(1) We shall be waiting for you. (আমরা তোমার জন্য অপেক্ষা করতে থাকবো)

(2) He will be swimming in the pond. (সে পুকুরে সাতার কাটতে থাকবে)

(3) Rana will be playing the game on Saturday. (রানা শনিবারে খেলাটি খেলতে যাবে)

**Negative Structure:** Sub + shall / will + not + be + v + ing + Extension.

- They will not be wasting time.
- Everyone will not be watching the film.
- Rumpa will not be starting for Dhaka tomorrow.

**Interrogative Structure:** Shall / will + sub + be + $v_1$+ ing + Extension?

- Will you be writing a letter?
- Shall I be reading the book?
- Will the government be making a statement about the crisis latter today?

**Negative-Interrogative Structure**

Shall / will + sub + not + be + $v_1$ + ing + ext ?

Shan't / won't + sub + be + v + ing + ext ?

**Example:**

- Will the sun not be shining in the next morning.
- Won't he be driving a car?
- Shan't I be lying on the beach?
- Won't Asik be talking to Rifat?
- 

## Future Perfect

কোন কাজ ভবিষ্যতে শেষ হয়ে যাবে এমন বুঝতে Future Perfect Tense ব্যবহার হয়।

বাংলায় চেনার উপায়: বাংলা ক্রিয়ার শেষে চলিত ভাষায়, 'এ থাকব', 'এ থাকবে' যুক্ত থাকে।

ইংরেজিতে চেনার উপায়:

By this time, by this month, by this year, next time / month / year.......

**Affirmative Structure:** Sub + shall /will + have + $v_3$ + Extension.

- Everyone will have gone there. (সবাই সেখানে গিয়ে থাকবে)
- The film will have finished in an hour. (সিনেমাটি এক ঘন্টার মধ্যে শেষ হয়ে থাকবে)

**Negative Structure:** Sub + shall / will + not have + $v_3$ + Extension.

- They will not have finished the work
- I shall not have informed my mom about his matter.
- He will not have read the newspaper.

**Interrogative Structure:** Shall / will + sub + have + $V_3$ + Extension?

(1) Will you have finished the work?
(2) Will she have got anything from him?
(3) Will the government have resigned by this time?

**Negative-Interrogative Structure:** Shall / will + sub + not + have + $v_3$ + ext.

(1) Shan't / won't + sub + have + $V_3$ + ext ?
(2) Shall I not have lowered him?
(3) Won't it have stopped raining?
(4) Shan't we have left Bangladesh?
(5) Won't he have studied Bengali grammar?

## Future Perfect Continuous

কোন কাজ ভবিষ্যতে এর একটি নির্দিষ্ট সময় ধরে চলবে বুঝাতে Future perfect continuous ব্যবহার হয়।

বাংলার চেনার উপায়: Future Continuous Tense এর মতো বিভক্তি যুক্ত হবে। তবে এই Tense এ সময় উল্লেখ থাকে।

**Affirmative Structure**: Sub + shall + will + have + been + v + ing+..... + since/for + time.

(1) I shall have been learning English for 5 years.

(2) We shall have been reading a number of books regarding this topic since Monday.

(3) He will have been collecting different kinds of books for writing this book.

**Negative Structure:** Sub + shall / will + not + have + been + v + ing +..... + for / since+ time.

(1) We shall not have been doing the job for 5 years

(2) She will not have been gossiping with her friends

(3) Dipu will not have been studying in the library for 2 hours.

**Interrogative Structure:** Shall / will + sub + been + v + ing + ...... + for / since + time?

(1) Shall we have been doing the job for 5 years?

(2) Shall I have been shopping in Chandrima market since Monday?

(3) Will you have been attending the meeting since Friday?

**Negative Interrogative Structure:** Will/Shall + sub + have + not + been + v + ing + .....+ since / for + time + ?

Won't / shan't + sub + have + been + v + ing +.... + since / for+ time?

(1) Shall I have not been outfitting the room for an hour?

(2) Won't you have been enjoying the dancing show?

(3) Shan't we have been hanging out many places for 10 days?

(৪) Won't Ashik have been helping me in this care since 2023?

# Chapter # 22: Sequence of Tense

Sequence of Tense এ দুটি Clause থাকে। একটি কে বলা হয় Main Clause / Principal Clause / Independent Clause এবং অন্য Clause টিকে বলা হয় Sub-ordinate Clause অথবা Dependent Clause।

- যে Clause টির সাথে Clause Marker গুলো যুক্ত হয় তাকে Dependent Clause অথবা Sub-ordinate Clause বলে।
- যে Clause টির সাথে Clause Marker যুক্ত হয় না তাকে Independent Clause / Main Clause / Principal Clause বলা হয়।

**Example:**

- I know (ind.clause) that (c.marker) Champa will buy a phone. (dependent clause)

সংজ্ঞা: যখন Dependent Clause এর Verb টি Independent Clause এর Verb কে অনুসরণ করে পরিবর্তন হয় তখন তাকে Sequence of Tense / Agreement of Tense বলে ।

[N.B: Independent Clause এবং Dependent Clause চেনার উপায়:-]

**Example:**

- She will come back before the sun sets.
- I think that the design of the book is outstanding.

[N.B: নিম্নে Sequence of Tense এর কিছু Rules নিয়ে আলোচনা করা হল।]

**Rule-1:** Independent Clause টি যদি Present অথবা Future Tense এ হয় তাহলে Dependent Clause টি যে কোন Tense এ হতে পারে।

**Example:**

- He will know that Champa is a beautiful girl.
- Call me when you are free.

Note: প্রথম বাক্যে, প্রথম Clause (Independent) টি Future Indefinite হয়েছে তাই দ্বিতীয় Clause (Dependent) টি Present Indefinite Tense হয়েছে।
আবার দ্বিতীয় বাক্যে, প্রথম Clause (Independent) টি Present Indefinite হয়েছে তাই দ্বিতীয় Clause (Dependent) টি Present Indefinite Tense হয়েছে।

**Rule-2:** যদি Independent Clause টি Past Tense এ হয় তখন Dependent Clause টি ও Past Tense এ হবে।

**Example:**

1. I got a piece of information that he was studying till 2 am.
2. As Rima studied a lot, he got the highest marks in the class.
3. I thought that he could solve the sum.

**Rule-3:** Dependent Clause দিয়ে যখন Universal truth ও Habitual fact ইত্যাদি বুঝানো হয়, তখন Independent Clause টি Present অথবা Past Tense এ হবে এবং Dependent Clause টির কোন পরিবর্তন হবে না।

**Example:**

1. My mother said that honesty is the best policy.
2. Everybody believes that man is mortal.

**Rule-4:** Dependent Clause দিয়ে যখন তুলনা বুঝায় তখন Independent Clause টি এবং Dependent Clause টি যে কোন Tense এ হতে পারে।

**Example:**

1. She loves you better than she loved him.
2. I will love you better than I have loved her.

**Rule-5:** যখন If only, With that, What if, It is time, Like as ইত্যাদি Phrase ব্যবহার হয় তখন Dependent Clause টি Past Tense এ হয়।

**Example:**

1. I wish I could go to Rakib's home.
2. It is time we went there.

**Rule-6:** As if / As though এর ব্যবহার।

**Structure:** Present Indefinite + as if / as though + Past Indefinite.

Past Indefinite + as if / as though + Past Perfect.

**Example:**

1. He talks as if he were mad.
2. She acted as though she had known everything.

# Chapter # 23: Voice

Voice অর্থ হলো বাচ্য। Voice হচ্ছে ক্রিয়ার প্রকাশভঙ্গি যার মাধ্যমে বোঝা যায় যে কোন বাক্যের subject কাজটি করেছে / করে / করবে নাকি কাজটি subject দ্বারা করা হয়/হয়েছে না হবে। এককথায় বলতে গেলে, ক্রিয়া তথা কাজ প্রকাশের যে ভঙ্গি তাকে Voice বা বাচ্য বলে।

**Voice দু'প্রকার। যথা:**

1. Active Voice (সক্রিয় বাচ্য)
2. Passive Voice (নিষ্ক্রিয় বাচ্য)

## 1. Active Voice(সক্রিয় বাচ্য):

Active Voice এর বাংলা অর্থ হলো, কর্তৃবাচ্য অর্থাৎ কর্তা নিজেই কাজটি করবেন। অতএব, যে বাক্যে কর্তা নিজেই কাজটি শেষ করে তাকে Active Voice বা কর্তৃবাচ্য বলে।

যেমনঃ He drives a car. (সে একটি গাড়ি চালায়।)

এখানে কর্তা হলো He যে কিনা গাড়ি চালানোর কাজটি করছে। কাজেই পুরো বাক্যটি হলো Active Voice.

## 2. Passive Voice (নিষ্ক্রিয় বাচ্য):

Passive Voice এর বাংলা অর্থ হলো, কর্মবাচ্য। অর্থাৎ, কর্তা নিজে কাজটি করে না বরং অন্যের কাজ তার উপরে এসে পড়ে। অতএব, যে বাক্যে কর্তা নিজে নিষ্ক্রিয় থাকে তাকে Passive Voice বা কর্মবাচ্য বলে।

যেমনঃ A car is driven by him. (তার দ্বারা একটি গাড়ি চালানো হয়।)

এখানে দেখা যায় কর্তা নিষ্ক্রিয়, কাজেই পুরো বাক্যটি হলো Passive Voice.

চলো! উদাহরণের মাধ্যমে সহজেই Active ও Passive Voice সম্পর্কে জানা যাক।

**নিচের উদাহরণ দুটোতে লক্ষ্য করো।

1. He plays football. (সে ফুটবল খেলে।)
2. Football is played by him.(তার দ্বারা ফুটবল খেলা হয়।)

প্রথম বাক্যে Subject হলো he
দ্বিতীয় বাক্যে Subject হলো football
প্রথম বাক্যে Object হলো football
দ্বিতীয় বাক্যে Object হলো him [He এর Objective Case]
প্রথম বাক্যে 'Play' verb হলো সক্রিয় অর্থাৎ কর্তা নিজেই খেলছে বোঝায়।
দ্বিতীয় বাক্যে 'is played' verb টি হলো নিষ্ক্রিয় অর্থাৎ কর্তার উপরে খেলা করার কাজটি চাপানো হচ্ছে।

এখানে একটি বিষয় খেয়াল করলে দেখবেন, প্রথম বাক্যটিতে Plays এর অর্থ দাঁড়ায় 'খেলে' কিন্তু দ্বিতীয় বাক্যে is played এর অর্থ দাঁড়ায় 'খেলা হয়'। Active ও Passive Voice এর মধ্যে এখানেই মৌলিক পার্থক্য।

কোন Sentence কে **Active** থেকে **Passive** রূপান্তর করার সময় **Object** চেনা ও তার ব্যবহার জানা একটি আবশ্যকীয় ব্যাপার।

Passive চেনার কিছু মৌলিক উপায়:-
(1) be verb + $v_3$, (2) been + $v_3$, (3) by [হতেও পারে আবার নাও হতে পারে]

## Object চেনার উপায় ও ব্যবহার:

1. Active Voice এ মূল Verb এর পরে Object থাকে। যেমন: Robi reads a book. এখানে, মূল Verb হলো Reads এরপর A book রয়েছে, যা একটি Object.

2. কোন কোন Active Voice এ দুটো Object থাকতে পারে, সেক্ষেত্রে যেকোন একটি Object কে Subject ধরে Passive করতে হয়। যেমন:
Active: The teacher teaches us (in. obj (1)) Mathematics. (di. object (2))

Passive : We are taught Mathematics by the teacher or,
Mathematics is taught us by the teacher.

**লক্ষণীয়:**

*Voice বুঝতে হলে Transitive verb ভালভাবে বুঝতে হবে। এজন্য Object Lesson টি ভালভাবে পড়লেও বোঝা যাবে।*

*Transitive হচ্ছে সেই verb যা object গ্রহণ করে। অর্থাৎ verb এরপর কোন ব্যক্তি বা বস্তু থাকবে যা হবে একটি noun এবং যা what ও whom এর answer করবে। যেমন:*

*Shima loves travelling.*

*এখানে আমরা যদি প্রশ্ন করি, What does Shima love? উত্তর পাই 'Travelling' যা একটি Noun. অনেক সময় verb এর Double object থাকে যা What ও Whom দুটোরই Answer করে। যেমন:*

*Mrs. Kamal teaches us English.*

*এখানে, verb teaches এরপরে আছে us. এটা Whom এর answer করে।*

*Whom does Mrs. Kamal teach English?*

*উত্তর হবে 'us' আবার প্রশ্ন করি;*

*What does Mrs. Kamal teach us? উত্তর হবে 'English'.*

*যেসব বাক্যে Double object থাকবে, সেসব বাক্য Passive করতে অবশ্যই ব্যক্তিবাচক object কে Subject করতে হবে। বস্তুবাচক object কেও subject করা যায়। তবে সেক্ষেত্রে কখনো কখনো verb এরপর কোন একটা Preposition প্রয়োজন। সেই Preposition ভুল হয়ে গেলে বাক্যটি ভুল হওয়ার সম্ভাবনা থেকে যায়। যেমন:*

Active: He gave me her book.

Passive: The book was given to me by him.

এখানে object হিসেবে ব্যক্তি / বস্তু দুটোই আছে। যে কোনটিই Subject হতে পারে। তবে ব্যক্তিবাচক Object কে Subject করলে ভালো হয়।

3. Active Voice এ দুটো Object থাকলে যে Object এর পূর্বে Preposition থাকবে, সেটি Passive Voice এ Subject হিসেবে গ্রহনযোগ্য হবে না। যেমনঃ

Active: She takes <u>for</u> (Preposition) <u>me</u> (Object (1)) <u>a glass of water</u> (Object (2)).

Passive: A glass of water is taken for me by her.

## Person ব্যবহারের নিয়মঃ

Active Voice কে Passive Voice এ পরিবর্তন করতে হলে Person পরিবর্তনের বিষয়টি জানা আবশ্যক। মূল কথা হলো, Active Voice কে Passive এবং Passive Voice কে Active করার সময় Subjective Case কে Objective Case এবং Objective Case থাকলে তাকে Subjective Case এ পরিবর্তন করতে হয়।

নিচের ছকটি আয়ত্ত্বে রাখলে Person পরিবর্তনের বিষয়টি সহজেই মনে রাখতে পারবেন।

| Subjective case | Objective case | Subjective case | Objective case |
|---|---|---|---|
| I | Me | She | Her |
| We | Us | You | You |
| They | Them | He | Him |
| It | It | This | This |
| That | That | Name | Unchanged |

**Tense অনুযায়ী Auxiliary Verb এর পরিবর্তীত রূপঃ**

| Name of Tense | Active Voice | Passive Voice |
|---|---|---|
| Present Indefinite | $V_1$ | am/is/are+$v_3$ |
| Present Continuous | am/is/are+$v_1$+ing | am/is/are+being+$v_3$ |
| Present Perfect | has/have+$v_3$ | has/have+been+$v_3$ |

| Name of Tense | Active Voice | Passive Voice |
|---|---|---|
| Present Perfect Continuous | has/have been+$v_1$+ing | has/have been+being+$v_3$ |
| Past Indefinite | $v_2$ | was/were+$v_3$ |
| Past Continuous | was/were+$v_1$+ing | was/were+being+$v_3$ |
| Past Perfect | had+$v_3$ | had+been+v3 |
| Past Perfect Continuous | had been+$v_1$+ing | had been+being+$v_3$ |
| Future Indefinite | will+$v_1$ | will+be+$v_3$ |
| Future Continuous | will+be+v1+ing | will+be+being+$v_3$ |
| Future Perfect | will have+$v_3$ | will have+been+$v_3$ |
| Future Perfect Continuous | will have been+v1+ing | will have been+being+$v_3$ |

**Shortcut tips: সহজ কথায়-**

- Active এ Continuous থাকলে Passive এ, being+$V_3$ হয়।
- Active এ Perfect থাকলে Passive এ, been+ $V_3$ হয়।
- Active এ যতগুলো Verb থাকবে Passive- এ তার থেকে ১টি করে Verb বেশি Compound verb এ রূপান্তর হয়ে যায়।

**Active Voice কে Passive এ পরিবর্তন করার প্রাথমিক কিছু মৌলিক নিয়মাবলী**

০১. Active voice এর Subject টি Passive voice এ Object এ পরিণত হয়।

০২. Active voice এর Object টি Passive voice এ Subject এ পরিণত হয়।

০৩. মূল Verb টি পরিবর্তীত হয়ে সবসময়ই $v_3$ হয় ও Auxiliary verb গুলো Subject ও Tense অনুযায়ী পরিবর্তীত হয়।

০৪. Active voice এর Subject টি Personal pronoun হলে Passive করলে তা পরিবর্তন ঘটে। যেমন: He পরিবর্তন হয়ে হয় Him।

০৫. মূল Verb এর $v_3$ এরপর সাধারণত by বসে কিন্তু ব্যবহার অনুসারে to, with, at, in, about ইত্যাদি Preposition ও বসতে পারে।

## Voice Change এর প্রাকটিক্যাল Rules

► প্রথমেই আমরা **Tense** অনুযায়ী **Voice** এর পরিবর্তন দেখবো:

1. **Present Indefinite Tense:** Sub + verb + obj.
   **Structure:** Active voice এর Object টিকে Subject+ be verb (am/is/are)+ $v_3$+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
   যেমন:
   Active: We don't like idle people.
   Passive: Idle people are not liked by us.
   Active: We read novels.
   Passive: Novels are reading by us.
   Active: Cats kill mice.
   Passive: Mice are killed by cats.
   Active: Khadiza eats rice.
   Passive: Rice is eaten by Khadiza.
   Active: He produces potatoes.
   Passive: Potatoes are produced by him.

2. **Present Continuous Tense:** Sub + am / is / are + $v_1$ + ing + obj.
   **Structure:-** Active voice এর Object টিকে Subject + be verb (am/is/are) + being + $v_3$ + Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
   যেমন:
   Active: Ayesa is eating rice.
   Passive: Rice is being eaten by Ayesa.
   Active: Fahim is checking mails.
   Passive: Mails are being checked by Fahim.
   Active: She is singing a melodious song.
   Passive: A melodious song is being sung by her.
   Active: I am writing a letter.
   Passive: A letter is being written by me.

3. **Present Perfect Tense:** Sub + have / has + $v_3$ + obj.
**Structure:** Active voice এর Object টিকে Subject+ has/have+been+ $v_3$+ Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
যেমন:
Active: Fatema has eaten a mango.
Passive: A mango has been eaten by Fatema.
Active: He has driven a car.
Passive: A car has been driven by him.
Active: I have written a letter.
Passive: A letter has been written by me.
Active: They have won the battle.
Passive: The battle has been won by them.

4. **Past Indefinite Tense:** Sub + $v_2$ + obj.
**Structure:** Active voice এর Object টিকে Subject+ be verb (was/were)+ v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
যেমন:
Active: Shakil ate an apple.
Passive: An apple was eaten by Shakil.
Active: She finished a story.
Passive: A story was finished by her.
Active: The peon opened the gate.
Passive: The gate was opened by the peon.
Active: He did not tell the dangerous secret to anybody.
Passive: The dangerous secret was not told to anybody by him.

5. **Past Continuous Tense:** Sub + was / were + $v_1$ + ing + obj.

   **Structure:-** Active voice এর Object টিকে Subject+ be verb (was/were)+ being+ v3+ Preposition (by/with/to/at/in/on/about) +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

   যেমন:

   Active: Hafizul was eating a guava.
   Passive: A guava was being eaten Hafizul.
   Active: Rocky was playing chess.
   Passive: Chess was being played by Rocky.
   Active: Some children were helping the wounded man.
   Passive: The wounded man was being helped by some children.
   Active: He was helping me.
   Passive: I was being helped by him.

6. **Past Perfect Tense:** Sub + had + $v_3$ + obj.

   **Structure:-** Active voice এর Object টিকে Subject+ had+ been + v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

   যেমন:

   Active: Nasim had eaten rice.
   Passive: Rice had been eaten by Nasim
   Active: He had driven a car.
   Passive: A car had been driven by him.
   Active: They had not done their tasks.
   Passive: Their tasks had not been done by them.
   Active: We had completed our tasks.
   Passive: Our tasks had been completed by us.

7. **Future Indefinite Tense:** Sub + will / shall + $v_1$ + obj.

   **Structure:-** Active voice এর Object টিকে Subject+ be verb (shall/will be)+ v3+ Preposition (by/with/to/at/in/on/ about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন। যেমন:

   Active: Saeed will eat jackfruit.

   Passive: Jackfruit will be eaten by Saeed.

   Active: He will do the work.

   Passive: The work will be done by him.

   Active: I will write a book.

   Passive: A book will be written by me.

   Active: He will see me.

   Passive: I will be seen by him.

8. **Future Continuous Tense:** Sub + will be / shall be + $v_1$ + ing + obj.

   **Structure:** Active voice এর Object টিকে Subject+ shall/will be+ being+ $v_3$+ Preposition (by/with/to/at/in/on/ about) +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

   যেমন:

   Active: Anas will be taking milk.

   Passive: Milk will be being taken by Anas.

   Active: They will be sending me money.

   Passive: I will be being sent money by them.

   Active: Rony will be drawing a picture.

   Passive: A picture will be being drawn by Rony.

9. **Future Perfect Tense:** Sub + shall have / will have + $v_3$ + obj.
**Structure:** Active voice এর Object টিকে Subject+ shall/will have+ been + $v_3$+ Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
যেমন:
Active: Mahedi will have drunk water.
Passive: Water will have been drunk by Mahedi.
Active: He will have recited the poem.
Passive: The poem will have been recited by him.

## ► Modal Auxiliary Verb যুক্ত Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়ম:

- Active-এ: Modal+$V_1$
- Passive-এ: Modal+be+$V_3$

| Active এবং Passive অনুযায়ী আলাদা আলাদা অর্থ হয় এবং Verb এর রূপের ও পরিবর্তন হয়। যা নিম্নে দেখানো হলো: | | |
|---|---|---|
| **Active** | Can do | করতে পারি |
| **Passive** | Can be done | করতে পারা হয় |
| **Active** | Could do | করতে পারতাম |
| **Passive** | Could be done | করা হতে পারতো |
| **Active** | May do | করতে পারি |
| **Passive** | May be done | করতে পারা হয় |
| **Active** | Might do | করতে পারতাম |
| **Passive** | Might be done | করা হতে পারতো |
| **Active** | Should do | করা উচিত (স্বাভাবিভাবে) |
| **Passive** | Should be done | করা উচিত (স্বাভাবিভাবে) |

| | | |
|---|---|---|
| **Active** | Ought to do | করা উচিত (বাধ্যবাধকতা বোঝাতে) |
| **Passive** | Ought to be done | করা উচিত (বাধ্যবাধকতা বোঝাতে) |
| **Active** | Would do | করতাম |
| **Passive** | Would be done | করা হতো |
| **Active** | Used to do | করতাম (অভ্যাস) |
| **Passive** | Used to be done | করা হতো (অভ্যাস) |
| **Active** | Must do | অবশ্যই করবো |
| **Passive** | Must be done | অবশ্যই করা হবে |
| **Active** | Dare to do | করার সাহস পাই |
| **Passive** | Dare to be done | করার সাহস পাওয়া যায় |
| **Active** | Need to do | করা দরকার |
| **Passive** | Need to be done | করা দরকার |
| **Active** | Able to do | করতে সক্ষম |
| **Passive** | Able to be done | করা হতে সক্ষম |
| **Active** | Supposed to do | করার কথা |
| **Passive** | Supposed to be done | সম্পন্ন করার কথা |
| **Active** | Bound to do | করতে বাধ্য |
| **Passive** | Bound to be done | করতে বাধ্য |
| **Active** | How to do | কিভাবে করাতে হয় |
| **Passive** | How to be done | কিভাবে করা হয় |
| **Active** | To do | করতে |
| **Passive** | To be done | করা হতে |

[এককথায়] Active এ Modal+$V_1$ থাকলে Passive এ Modal+ be+ $V_3$ হবে]

1. **Structure:** Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + Modal auxiliary verb (may, might, can, could, will, would, shall, should, must, ought to, going to) + be + $v_3$ + Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

যেমন:

Active: She can help me.

Passive: I can be helped by her.

Active: He must speak English.

Passive: English must be spoken by him.

Active: We ought to obey our parents.

Passive: Our parents ought to be obeyed by us.

**Rule-2:** Sub + modal auxiliary + have + $v_3$ + obj. যদি Active এ হয় তাহলে Passive করতে নিম্নের সূত্র অনুসরণ করতে হবে। Active এর obj. কে sub + modal auxiliary + have + been + v3 + preposition + active এর subject রূপে obj. পরিবর্তন।

Active: A child could not have done this mischief.

Passive: This mischief could not have been done by a child.

Active: You should have done it.

Passive: It should have been done by you.

Active: She must have stolen it.

Passive: It must have been stolen by it.

2. **<u>Structure:</u>** Be going to এর Passive voice এ going এর কোন পরিবর্তন করতে হয় না।

   Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + be verb +going to +be +$v_3$ +by +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

   যেমনঃ

   Active: He is going to set up a school.
   Passive: A school is going to be set up by him.
   Active: She is going to start a new business.
   Passive: A new business is going to be started by her.

3. **Structure:** Am to/ is to/ are to/ have to/ has to ইত্যাদি Modal auxiliary কে Passive voice এ পরিবর্তন করার নিয়মঃ-
   Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ (am to/ is to/ are to/ have to/ has to) +be +$v_3$ +by +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
   যেমনঃ
   Active: You are to colour this picture.
   Passive: This picture is to be coloured by you.
   Active: I have to do it.
   Passive: It has to be done by me.
   Active: I have to do it.
   Passive: It has to be done by me.

### ► Imperative Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়মঃ

1. **<u>Structure:</u>** Do not দিয়ে শুরু হওয়া Imperative Sentence কে Active থেকে Passive করতে হলে Do not এর পরিবর্তে Let not বসে।
   =Let not + Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + be+ $V_3$.

[Note: Let এর পর যদি Pronoun হয় তাহলে এর পরে not বসবে।]

Let + Pronoun + not + be + $v_3$.

যেমন:

Active: Do not hate the poor.

Passive: Let not the poor be hated.

Active: Do not do this work.

Passive: Let not this work be done.

Active: Do not open the door.

Passive: Let not the door be opened.

Active: Do not laugh at the poor.

Passive: Let not the poor be laughed at.

2. **Structure:** Main verb দিয়ে শুরু হওয়া Imperative Sentence কে Active থেকে Passive করতে হলে প্রথমেই Let বসে।

=Let + Active voice এর obj + be+ $V_3$.

যেমন:

Active: Eat the cake.

Passive: Let the cake be eaten.

Active: Do it.

Passive: Let it be done.

Active: Call in a doctor.

Passive: A doctor to be called in.

[Note: যদি Advice / Suggestion বুঝায় তাহলে Active থেকে Passive এ রূপান্তরের সময় নিম্নের সূত্র অনুসরণ করতে হবে।]

** Object কে Subject + must / should + be + $v_3$.

Active: Help the poor.

Passive: The poor must be helped.

Active: Obey your parents.

Passive: Your parents must be obeyed.

3. **Structure:** Imperative- এ Please/ Kindly থাকলে-
   =You are requested to + please/ kindly এর পরবর্তী অংশ
   Active: Please do not smoke.
   Passive: You are requested not to smoke.
   Active: Please, open the door.
   Passive: You are requested to open the door.
   Active: Please enter by the other door.
   Passive: You are requested to enter by the other door.

4. **Structure:** Imperative এ Main verb দিয়ে শুরু ২টি object থাকলে-
   =Let + Direct object+ be+ $V_3$+ to/ for+ Indirect object.
   যেমন:
   Active: Give me your phone.
   Passive: Let your phone be given to me.
   Active: Pluck me a flower.
   Passive: Let a flower be plucked for me.
   Active: Bring me a pen.
   Passive: Let a pen be brought for me.
   Active: Pluck a flower.
   Passive: Let a flower be plucked.

5. **Structure:** বাক্যের শুরুতে Let + ব্যক্তিবাচক Objcet যেমন:- me, us, you, them, her, him যুক্ত Active voice কে Passive করার নিয়ম।
   =Let+ Active voice এর বস্তুবাচক Object + be+ $V_3$+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর ব্যক্তিবাচক Object ।
   যেমন:
   Active: Let her sing a song.
   Passive: Let a song be sung by her.
   Active: Let him do the work.
   Passive: Let the work be done by him.
   Active: Let him do the sum.
   Passive: Let the sum be done by him.

6. **Structure:** বাক্যের শুরুতে Never যুক্ত Active voice কে Passive করার নিয়ম।

= Let + not + Active voice এর Object + ever+ be+ $V_3$.

= Let + never + Active এর Object + be + $v_3$.

যেমন:

Active: Never hate the poor.
Passive: Let not the poor ever be hated. Or, Let never the poor be hated.
Active: Never tell a lie.
Passive: Let not a lie ever be told. Or, Let never a lie be told.
Active: Never catch the Jatka.
Passive: Let not the Jatka ever be caught.

► **Interrogative Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়ম:**

1. (a) **Sturcture:** বাক্যের শুরুতে Auxiliary Verb (am /is/ are/ was/ were/ has/ have/ had) যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করার নিয়ম।

=Auxiliary verb +Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ Tense অনুযায়ী being/been + V3+ Preposition (by/ with /to /at /in /on / about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question (?)

যেমন:

Active: Has he done the work?
Passive: Has the work been done by him?

Active: Is he reading a book?
Passive: Is a book being read ($v_3$) by him?

[বি:দ্র: উপরোক্ত, নিয়মে Continuous Tense এর ক্ষেত্রে being এবং Perfect Tense এর ক্ষেত্রে been বসিয়ে Passive করতে হবে।]

Active: Is he eating fruit?
Passive: Is fruit being eaten by him.
Active: Has he not seen the car?
Passive: Has the car not been seen by him?

b) **Structure:** Do / Does / Did verb দিয়ে শুরু Interrogative এর Passive-am / is / are /was / were + active এর object + $V_3$+ by+ active এর subject+? যেমন:
Active: Did Samira do the work?
Passive: Was the work done by Samira?

Active: Do you want me?
Passive: Am I wanted by you?
Active: Does he speak English well?
Passive: Is English spoken well by him?

2. **Structure:** বাক্যের শুরুতে Who যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করতে হলে Who এর পরিবর্তে By whom বসে । + Auxiliary verb (according to tense) + obj. কে sub. + $v_3$ =By whom+ auxiliary verb+ subject+ be+ $v_3$+?
যেমন:
Active: Who is calling me?
Passive: By whom am I being called?

Active: Who will take this?
Passive: By whom will this be taken?

Active: Who gave you this pen?
Passive: By whom were you given this pen?

3. **Structure:** বাক্যের শুরুতে Whom যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করতে হলে Whom এর পরিবর্তে who বসে।

=Who+ Tense অনুযায়ী auxiliary verb+ Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + $v_3$+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question(?)

যেমন:

Active: Whom do you want?
Passive: Who is wanted by you?
Active: Whom did she call?
Passive: Who was called by her?
Active: Who were you calling?
Passive: Who was being called by you?

4. **Structure:** বাক্যের শুরুতে What যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করার নিয়ম।

What+ auxiliary verb+ $v_3$+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question(?) যেমন:

Active: What do you want?
Passive: What is wanted by you?

Active: What do you play?
Passive: What is played by you?

**Note**: What + auxiliary verb + এর sub ও obj. থাকলে passive করতে নিম্নের সূত্র অনুসরণ করতে হবে।

** What + auxiliary verb + obj. কে sub + $v_3$ + by + sub কে obj.

Active: What did they pay you for doing the job?
Passive: What were you paid for doing the job?

**Note:** What এর পরে যদি সরাসরি main verb বসে এবং ১টি obj. থাকে তাহলে Passive করতে নিম্নের সূত্রটি অনুসরণ করতে হবে।

** By what + auxiliary verb + (tense অনুসারে) + obj. কে sub + $v_3$ + …?

Active: What made the noise?

Passive: By what was the noise made?

## অন্যান্য Passive করার কিছু নিয়মঃ

### (i) Object+ Present Participle এর Passive-

**Structure: Subject+ Auxiliary verb+ $V_3$+ Present Participle অংশ+ by+ object.**

যেমনঃ

Active: I saw the boy coming.

Passive: The boy was seen coming by me.

Active: I saw him playing football.

Passive: He was seen playing football by me.

### (ii) Reflexive Pronoun এর Passive-

**Structure: Active এর sub+ Auxiliary Verb+ $V_3$+ by+ Reflexive object.** (শুধুমাত্র tense অনুযায়ী auxiliary verb টি বসে।)

যেমনঃ

Active: He killed himself.

Passive: He was killed by himself.

Active: She fans herself.

Passive: She is fanned by herself.

## (iii) Reciprocal Pronoun এর Passive-

**<u>Structure:</u> Active এর Subject+ Auxiliary verb+ V3+ by + Reciprocal object.**

যেমন:

Active: They married each other.
Passive: They were married to each other.
Active: They love each other.
Passive: They are loved by each other.

<u>জানা প্রয়োজন:</u>

Each other, one another হচ্ছে Reciprocal pronoun. বাক্যে যখন এদের ব্যবহার করা হয় তখন এরা যেহেতু Subject কেই Indicate করে সেহেতু, এরা Object হয় না। আর object না হওয়ায় এই বাক্যের verb টি Intransitive হয় এবং সেই বাক্যের কোন passive form হয় না। উপরোক্ত উদাহরণটি লক্ষ্য করা যাক-

They married each other. (Active)
Voice change এর জন্য এই ধরণের বাক্য সঠিক নয়। একে Passive করতে each other কে আলাদা ভাবে লিখা যাবে না। কারণ each other কিন্তু প্রকান্তরে Subject. কাজেই পরিবর্তন করার সময় শুধু Subject ও Verb কে Change করলেই হবে। অর্থাৎ,
They married each other. (Active)
They were married. (Passive)

এভাবেও লিখা যায়-
They were married to each other. (Passive)
কিন্তু Grammatically সঠিক লিখতে হলে শুধুমাত্র 'They were married' লিখলেই হবে।

**Rule-1:** It is time + to + v1 + obj. থাকলে Passive এ It is time for + obj + to be + $v_3$.

Active: It is time to shut up the shop.

Passive: It is time for the shop to be shut up.

## (iv) Double Object এর Passive-

**Structure:**

a) = Indirect Object+ Auxiliary verb+ $V_3$+ Direct object+ by+ Active এর Subject.

b) Direct Object+ Auxiliary verb+ $V_3$+ to/ for+ Indirect Object+ by+ Active এর Subject.

[**N.B:** যে কোন একটি নিয়ম ব্যবহার করা যেতে পারে। তবে প্রথম নিয়মটি তুলনামূলক সহজ।]

যেমন:

Active: The cow gives us milk.

Passive: We are given milk by the cow.

Or, Milk is given to us by the cow.

Or, Milk is given us by the cow.

## v) Group Verb এর Passive voice-

Structure: Active এর object+ Auxiliary verb+ group verb ($v_3$ আকারে) + by+ Active এর Subject.

Active: He laughs at me.

Passive: I am laughed at by him.

## vi) Quasi Passive এর Passive voice-

Structure: Active এর Subject+ Auxiliary verb+ Complement+ When it is/ was+ $V_3$.

[N.B: Come, feel, look, sell, smell, taste, read, sound, write ইত্যাদি Quasi passive verb.]

যেমন:

Active: Rice sells cheap.
Passive: Rice is cheap when it is sold.
Or, Rice is sold cheap.
Active: The seat felt warm.
Passive: The seat was warm when it was felt.
Or, The seat was felt warm.

vii) Annoy, charm, displease, dissatisfy, marvel, please, shock, stun, surprise, vex এর $V_3$ এর by বসে না। এই verb গুলোর $V_3$ এরপর ব্যক্তি থাকলে with এবং বস্তু থাকলে at বসে।

যেমন:

Active: He pleases us.
Passive: We are pleased with him.

Active: He annoyed me.
Passive: I was annoyed with him.

Active: Her beauty charmed me.
Passive: I was charmed at her beauty.

**Rule:** Nobody, Everybody, Anybody, No one--- ইত্যাদি indefinite pronoun থাকলে passive করার সময় হলে বসবে না।
Active: Somebody has looked this meal.
Passive: This meal has been looked.

**Note:** We দ্বারা ও অনেক সময় indefinite pronoun বুঝায় তখন We টা Passive এ বসবে না।

# Voice Change এর কিছু Exercise

01. Ac : We know that Columbus discovered America.
    Pa : It is known to us that America was discovered by Columbus.

02. Ac : I know what he thinks.
    Pa : What he thinks is known to me.

03. Ac : I saw him cross the road.
    Pa : He was seen to cross the road by me.

04. Ac : I saw him crossing the road.
    Pa : He was seen crossing the road by me.

05. Ac : He wants me to drive his car.
    Pa : He wants his car to be driven by me.

06. Ac : It is time to take a decision.
    Pa : It is time that a decision to be taken.

07 Ac : There is no time to lose.
    Pa : There is no time to be lost.

08. Ac : The cow is milking.
    Pa : The cow is being milked.

09. Ac : Panic seized the writer.
    Pa : The writer was seized with panic.

10. Pa : Nothing can be gained without effort.
    Ac : We can gain nothing without effort.

11. Ac: Fortune favours the brave.
    Pa : The brave are favored by fortune.

12. Ac : Take care of your health.
    Pa : Let your health be taken care of.

13. Pa : Rome was not built in a day.
    Ac : The Romans did not build Rome in a day.

14. Ac : I saw her laughing.
    Pa : She was seen laughing by me.

15. Ac : Let me have a cup of tea.
    Pa : Let a cup of tea be had by me.

16. Ac : Pen through the lines.
    Pa : Let the lines be penned through.

17. Pa : My pen has been lost.
    Ac : I have lost my pen.

18. Ac : Whom were you teaching English ?
    Pa : Who was being taught English by you ?

19. Pa : I shall be obliged to go.
    Ac : Circumstances will oblige me to go.

# ::: Practice :::

1. My father waters this garden every morning.
2. John invited Fiona to his birthday party last night.
3. Her mother is preparing the dinner in the kitchen.
4. We should clean our teeth twice a day.
5. Our teachers have explained the English grammar.
6. Some drunk drivers caused the accident in this city.
7. Tom will visit his parents next month.
8. The manager didn't phone the secretary this morning.
9. Did Mary this beautiful dress?
10. I won't hang these old pictures in the living room.
11. The German didn't build this factory during the Second World War.
12. The Greens are going to paint this house and these cars for Christmas Day.
13. Anna had fed the cats before she went to the cinema.
14. The students have discussed the pollution problems since last week.
15. Have the thieves stolen the most valuable painting of the national museum?
16. Some people will interview the new President on TV.
17. How many languages do they speak in Canada?
18. Are you going to mend those shoes?
19. He has broken his nose in a football match.
20. Have you finished the above sentences?

# Exercises

## Change the voice:

1. The people in Asia eat rice. (Passive)
2. Let him do the work. (Passive)
3. Who is helping here? (Passive)
4. Pluck me a flower. (Passive)
5. Mother showed me a picture. (Passive)
6. Have you done the work? (Passive)
7. Let him be called. (Active)
8. He is beating the thief. (Passive)
9. The canal is being dug by them. (Active)
10. Whom did you meet? (Passive)
11. The telephone was invented by Alexander graham Bell. (Active)
12. My watch has been stolen. (Active)
13. We admire the brave. (Passive)
14. They know me. (Passive)
15. He was seen by my brother. (Active)
16. I was offer a chair. (Active)
17. We shall be blamed by everyone. (Active)
18. We must listen to his words. (Passive)
19. He invited me to his house yesterday. (Passive)
20. He will be surprised by the sight. (Active)

# Chapter # 24: Narration / Speech

বক্তা যা বলে তাই Speech বা Narration। Narration বা Speech দুই প্রকার। যথা:

(i) Direct Narration (প্রত্যক্ষ উক্তি)
(ii) Indirect Narration (পরোক্ষ উক্তি)

❖ **Direct Narration:** বক্তার উক্তি নিজে/ সরাসরি প্রকাশ করলে তাকে Direct Narration বলে। Direct Narration এ comma (,) ও Inverted comma (" ") থাকে। Example:

The teacher said to the student, "What is your future plan?"
Reporting speech(1) Reporting speech(2)

❖ **Indirect Narration:** বক্তার কথা সরাসরি প্রকাশিত না হয়ে যখন পরোক্ষভাবে প্রকাশ পায় তখন তাকে Indirect Narration বলে। এই Narration এ কমার পরিবর্তে linker বসে এবং Inverted comma (" ") থাকে না। Example:

Nafiza said to her brother that the sun rises in the east.

**Narration করতে কী কী জানতে হবে?

(i) কে বলেছে?
(ii) কাকে বলেছে?
(iii) কী বলেছে?
(iv) Reported Verb কোন Tense?
(v) Reported Speech কোন Sentence?
(vi) Reporting Speech কি চিরন্তন সত্য?
(vii) Reported Speech এর tense চিনতে হয়।
(viii) Linker এর ব্যবহার জানতে হয়।

1. **Narration Change করার সময় নিম্নোক্ত বিষয়গুলো মনে রাখতে হবে-**

➢ **পাঁচ প্রকার Sentence চেনার উপায়:**

- Assertive Sentence (বিবৃতিবাক্য)
- Interrogative Sentence (প্রশ্নবাক্য)
- Imperative Sentence (অনুজ্ঞাসূচক বাক্য)
- Optative Sentence (ইচ্ছাপ্রকাশক বাক্য)
- Exclamatory Sentence (বিস্ময়সূচক বাক্য)

i. **Assertive Sentence:** এই Sentence এর প্রথমে Subject এবং full stop (.) থাকবে।

**Example:**
Bangladesh is beautiful country.
Rakib is a student.

ii. **Interrogative Sentence:** এই বাক্য Wh Question বা Auxiliary verb দ্বারা শুরু হয় এবং বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন বা Question Mark (?) থাকে।
Example: What is your name?
What do you want to do?

iii. **Imperative Sentence:** এই Sentence এর প্রথমে $V_1$ / Let / Be /Always / Never / Don't / Please দিয়ে শুরু হয়।
Example: Get up early.
Let us go out for a walk.

iv. **Optative Sentence:** এই Sentence এর প্রথমে May বা long live দিয়ে শুরু হয় আবার কখনো কখনো Would that দিয়ে শুরু হয়।
Example: May Allah help you.
Long live our parents.
Would that I could be a child again.
Never do it.

v. **Exclamatory Sentence:** এই Sentence এর শেষে বিস্ময়িসূচক চিহ্ন বা Exclamation Mark (!) থাকে। Example:
How beautiful the rose is!
What a beautiful girl she is!

2. **<u>Reporting Verb টি Past tense এ থাকলে দূরত্ব ও নৈকট্যসূচক কিছু শব্দের পরিবর্তন হয়।</u> Reported Speech এ কিছু word থাকে যা indirect করার সময় পরিবর্তন করতে হয়। নিম্নে সেগুলো দেওয়া হল:**

| Direct | Indirect | Direct | Indirect |
|---|---|---|---|
| Now | Then | Last night | The previous night |
| Ago | Before | Here | There |
| Today | That day | Hence | Thence |
| Tonight | That night | This | That |
| Tomorrow | The next day | There | Those |
| Yesterday | The previous day | Thus | So/ in that way |
| Come (আসা) | Come/Go (যাওয়া) | Now | Then |
| Day before yesterday | Two days ago | Day after tomorrow | Two days later |
| The same day | The following day / The next day | Next week | The following week |
| These | Those | Last night | The night before |
| Hither | Thither | × | × |

- Last + সময় ⟶ The previous + সময়
- Next + সময় ⟶ The following + সময়

3. **Reporting Verb যদি Past Tense হয় এবং Reported Speech যদি চিরন্তন সত্য না হয়, তাহলে Indirect করার সময় Tense এ নিম্নের পরিবর্তন আনতে হবে।**

| S.L No | Direct Speech | Indirect Speech |
|---|---|---|
| 01 | Present Indefinite (Do) | Past Indefinite (Did) |

| S.L No | Direct Speech | Indirect Speech |
|---|---|---|
| 02 | Present Continuous (I am doing) | Past Continuous (I was doing) |
| 03 | Present Perfect (I have done) | Past Perfect (I had done) |
| 04 | Present Perfect Continuous (I have been doing) | Past Perfect continuous (I had been doing) |
| 05 | Past Indefinite (I did) | Past Perfect (I had done) |
| 06 | Past Continuous (I was doing) | Past Perfect Continuous (I had been doing) |
| 07 | Shall/will | would |
| 08 | Can/may/must/would/could/might/ should | could, might, must, would, could, might, should have + $v_3$ |
| 09 | Past Perfect | No change |
| 10 | Past Perfect Continuous | No change |

| S.L No. | Direct Speech | Indirect Speech |
|---|---|---|
| 1 | $V_1$ | $V_2$ |
| 2 | $V_2$ | had + $V_3$ |
| 3 | am / is / are | was / were |
| 4 | was / were | had been |
| 5 | have / has | had |
| 6 | can / may / will | could / might / would |
| 7 | shall | should / would |
| 8 | Should | Should – Should (উচিত অর্থ প্রদান করতে) / Would |
| 9 | Must | Must (চিরকালীন বাধ্যবাধকতা বোঝাতে) / had to |

## Person পরিবর্তনের নিয়ম:

** Reported Speech এ 1st person থাকলে Reported **verb এর** subject অনুসারে পরিবর্তন হয়। **1st Person:** (I, we, me, us, mine, our)

Direct: Omit said to me, "I am your friend."
Indirect: Omit told me that he was my friend.
I পরিবর্তন হয়ে হয়েছে Omit.

** Reported Speech এর 2nd person এটি Reported **verb এর Obj.** থাকলে এর অনুসারে পরিবর্তন হবে। **2nd Person:** (You, your, yours)

** Reported Speech এ 2nd person হলে কোন পরিবর্তন হয় না।
Direct: He said to me, "you can not do it."
Indirect: He told me that I could not do it.
Direct: My brother said, "I will have simply a cup of tea because I am not hungry.
Indirect: My brother said that he would have simply a cup of tea because he was not hungry.
Direct: He said, "All must go."
Indirect: He said that they must go. (Must দিয়ে বাধ্যবাধকতা বুঝিয়েছে)

**Rule-A:** Reporting verb যদি Present বা Future Tense **হয় তাহলে** Reported speech এর tense এর কোন পরিবর্তন হয় না। যেমন:

Direct: He says, "I am ill".
Indirect: He says that he is ill.

Direct: He will say, "I am ill".
Indirect: He will say that he is ill.
Direct: He has said to me, "I shall go out but you will stay."
Indirect: He has told me that we will go out but I shall stay.

**Rule-B**: Reported Speech টি যদি Universal truth/ Habitual fact/ Scientific truth হয় তাহলে Reported Speech এর Verb এর tense পরিবর্তন হয় না। যেমন:

Direct: The teacher said, "The earth moves round the sun".
Indirect: The teachers said that the earth moves round the sun.
Direct: He said, "I take bath in the Padma every morning."
Indirect: He said that he takes bath in the Padma every morning.
Direct: He said to me, "Regular exercise is good for health."
Indirect: He told me that regular exercise is good for health.

**Rule-C**. Assertive Sentence এর Narration করতে হলে-

| Reported verb | Reported speech Present হলে | Reported speech past হলে- |
|---|---|---|
| Say | Say | Said |
| Say to | Tells | Said to |
| Said | - | Said |
| Said to | - | Said to/ told |
| Tell/ tells | Tell/ tells | Told |
| Told | - | Told |

[**Note:** Said to হলে Told হবে। কিন্তু told থাকলে told ই হবে, এর সাথে to বসবে না। Reporting verb এ says থাকলে Indirect এ says হবে।]

(i) Said থাকলে said হবে, Tell থাকলে Told হবে। এবং Told এর পর অবশ্যই Object থাকবে।
(ii) Inverted Comma (" ") এর পরিবর্তে that বসবে।
(iii) Reported speech টি বসবে।

Direct: He says, "I am reading a book."
Indirect: He says that he was reading a book.
Direct: Robin said to me, "I want to go to Dhaka now."
Indirect: Robin told me that he wanted to go to Dhaka then.

[N.B: Say/ said এরপর to বসতে পারে কিন্তু tell/ told এরপর to বসেনা।]

object থাকলে শুধু Said to, "told" হয়। যেমনঃ

Direct: He said, "Rana I am ill".
Indirect: He told Rana that he was ill.
Direct: You said to me, "you are right."
Indirect: You told me that I was right.

**Rule-D**: Interrogative Sentence এর Narration করতে হলে-

(a) Reporting verb এ said থাকলে তা পরিবর্তন করে ask, enquire of, demand, wanted to know তে পরিবর্তিত হবে।

(b) Reported speech এ Inverted comma (" ") এর পরিবর্তে If বা Whether হবে এবং Interrogative sentence টি Assertive এর পরিবর্তন হবে। যেমনঃ

Direct: Nilufa said to her sister, "Will you go to school?"
Indirect: Nilufa asked her sister if she would go to school.
Direct: She told me, "what do you want?"
Indirect: She told me what I wanted.
Direct: She asked me, "are you happy in your new job?"
Indirect: She asked me if I was happy in my new job.

কিন্তু যদি Interrogative sentence টি when, which, who, what, why, whom বা (WH words) দ্বারা শুরু হয় তাহলে If বা whether এর পরিবর্তে এগুলোই বহাল থাকবে। যেমনঃ

Direct: He said to me, "Where do you live?"
Indirect: He asked me where I lived.

**Rule-E**: Imperative sentence এর Narration করতে হলে-

**(i)** Reporting verb- এ said এর পরিবর্তে Proposed/ requested/ begged / prayed/ advised/ ordered/ command ব্যবহার করতে হয়।

**(ii)** অনেক সময় এই সবকটা verb কে আমরা asked দিয়েও replace করতে পারি। Ask শুধুমাত্র প্রশ্ন করা বোঝায় না, কোন কিছু করতে বলাকেও বোঝায়।

**(iii)** Inverted comma (" ") এর পরিবর্তে হ্যা বোধক বাক্যের জন্য to এবং না বোধক বাক্যের জন্য not to বসে।

(iv) Direct speech এ politely, with politeness বা with respect sir থাকলে respectfully ব্যবহৃত হয়। যেমন:

Direct: He said to me, "Please give me a glass of water"
Indirect: He requested me to give him a glass of water.

ব্যাখা:

- অনুরোধ বুঝাতে request, ক্ষমা বুঝাতে beg, উপদেশ বুঝাতে advice এবং আদেশ বুঝালে Order/ Command বসে।
- Imperative sentence Let দিয়ে শুরু হলে এবং Proposal বুঝালে Reporting verb টি Propose বা Suggest এ পরিবর্তিত হয়ে এবং Let এর স্থলে should ব্যবহার করতে হয়। যেমন:

Direct: He said to me, "Let us go out for a walk"
Indirect: He proposed to me that we should go out for a walk.

a) তবে যদি Let us দ্বারা Proposal বুঝায় তাহলে Let us এর পরিবর্তে propose to / proposed to/ obj+ that+ they/we+ should+ v1 বসে।

যেমন:

Direct: He said to me, "Let us go home together."
Ind: He proposed to me that we should go home together.
Direct: He said, "let us wait for the award."
Indirect: He proposed that they should wait for the award.

Let him/ them/ me থাকলে- said/wish/request + obj+ that+ sub+ might / might be allowed to + v1. যেমন:

Direct: Abid said to me, "Let him say whatever he likes."
Indirect: Abid told me that he might say whatever he liked.
Direct: He said, "let me have some milk."
Indirect: He wished that he might have some milk.

বাক্যে good morning, good afternoon, good evening থাকলে said এর পরিবর্তে wished এবং good night, good bye, farewell থাকলে said এর পরিবর্তে bade হবে।

Direct: He said, "good morning Mr. Kamal."
Indirect: He wished Mr. Kamal good morning.
Direct: He said, "friends goodbye."
Indirect: He bade his friends goodbye.

**Rule-F**: Optative Sentence - কে Indirect speech এ পরিবর্তন করার সময়-

- অর্থ অনুসারে wish, request, pray, bless ইত্যাদি reporting verb এর পরিবর্তে ব্যবহার করা হয়।
- প্রার্থনা বুঝালে pray/prayed এবং বাসনা বুঝালে wish/wished বসে। তারপর That বসে এবং Sentence টি Assertive এ পরিবর্তিত হয়।
- Optative sentence এ Subject এর পর might/ may/ could বসে। যেমন:

Direct: Father said to me, "May you pass the examination."
Indirect: Father prayed that I might pass the examination.

**Explain:** আমরা জানি, Reported verb এর পর Object থাকলে সেই Object দুই বার আসে Indirect করার সময়। যেমন:

Direct: Father said to me, "May you pass the examination."
Indirect: Father prayed for me that I might pass the examination.

কিন্তু Optative Sentence এ Object টা আমরা একবারই লিখবো এবং তা Reported এর বেলায়। যেমন:

Indirect: Father prayed that I might pass the examination.

<u>Note:</u> এতে বাক্যটি শুনতে ভাল হয়।

**<u>Rule-G</u>**: Exclamatory sentence কে Indirect speech এ পরিবর্তন করতে হলে-

- অর্থ অনুসারে Exclaimed with joy, Exclaimed with grief, Exclaimed with wonder, Cried, Out, Prayed, Wished ইত্যাদি ব্যবহৃত হয়।
- Linker হিসেবে that বসে।
- Exclamatory sentence টি what বা how দিয়ে শুরু হলে great/ very ব্যবহৃত হয়।

  সাধারণত Noun এর পূর্বে great এবং adjective এর পূর্বে very/most বসে। যেমন:

Direct: He said, "Alas! I am undone"

Indirect: He exclaimed with sorrow that he was undone.

Direct: He said, "What a pity ?"

Indirect: He exclaimed that it was a great pity.

Direct: Nasima said, "what a fine picture it is!"

Indirect: Nasima exclaimed that it was a very fine picture.

■ **নিম্নলিখিত Auxiliary verb গুলোর পরিবর্তন:**

| Direct | Indirect |
|---|---|
| **Will**<br>Hiran said to me, "You will go home tomorrow". | **Would**<br>Hiran said to me that I would go home the next day. |
| **Shall**<br>Rohan said, "I shall do the work". | **Would**<br>Rohan said that he would do the work. |

| Direct | Indirect |
|---|---|
| **Can**<br>Roman said, "I can finish the work". | **Could**<br>Roman said that he could finish the work. |
| **May**<br>Sifat said, "I may go to school". | **Might**<br>Sifat said that he might go to school. |
| **Should**<br>Elma said to me, "I should help you". | **Should have + $V_3$**<br>Elma said to me that she should have helped me. |
| **Could have**<br>Sabiha said to you, "You could have done it". | **Could have**<br>Sabiha said to you that you could have done it. |

## ■ Sentence অনুযায়ী পরিবর্তন:

| ক্রমিক নং | Sentence | Reporting Verb | | Connected by | Sentence টি চিহ্নিত করার উপায় |
|---|---|---|---|---|---|
| | | Past | Present | | |
| 01 | Assertive | said/told | say/tell | that | বাক্যের শেষে . (full stop) থাকবে। |
| 02 | Interroga-tive | asked | ask | if/wh question | বাক্যের শেষে ? (question mark) থাকবে। |
| 03 | Imperative | advised<br>requested<br>ordered | advise<br>request<br>order | to | মূল verb দ্বারা শুরু হবে। |
| | Let's | proposed<br>suggested | propose<br>suggest | verb + ing | Let's দ্বারা শুরু হবে। |
| 04 | Optative | prayed<br>wished | Pray<br>wish | that | May দ্বারা শুরু হবে। |
| 05 | Exclamatory | exclaimed | exclaim | that | বাক্যের শেষে ! (বিস্ময়বোধক চিহ্ন) থাকবে। |

## Rules of Passage Narration

**1. Passage Narration লেখার সময় কিছু নির্দিষ্ট নিয়ম অনুসরণ করা হয়।**

**Rule-A:** সম্পূর্ণ Passage টি পড়ে বক্তা এবং শ্রোতাকে চিহ্নিত করতে হবে।
Direct: "Will you come with me?" said Priya to Riya.
"I will come", said Riya."
Indirect: Priya asked Riya if she would come with her. Riya replied that she would come.

**Rule-B**: Passage এ বক্তা একের অধিক উক্তি ব্যবহার করলে-
(i) Assertive Sentence: Also said/ again said. Added/further added বসে।
(ii) Interrogative Sentence: Also asked/ again asked/ further asked etc.
(iii) Imperative Sentence: And ordered to/and. requested to.
(iv) Optative Sentence: And wished/ and prayed that.
(v) Exclamatory Sentence: And exclaimed with happiness/ joy that/ with grief that etc.

**Rule-C:** যদি Reported speech এ শুধু "Yes" থাকে-
- তবে Subject+ affirmatively replied বা Subject+ Auxiliary verb **ব্যবহার করা হয়**
- এবং reported speech এ "Yes" এর পর আরও অংশ যুক্ত হলে Sub+ affirmatively replied and said that হবে। replied in the affirmative.

Direct: I said to him, "Have you done the math?"
"Yes, "I have also done another one." He said.

Indirect: I asked him if he had done the math. He replied in the affirmative and said that he had also done another one.

[**Note:** একইভাবে "No" থাকলে negatively replied হয়। যদি আরও অংশ যুক্ত থাকে তবে that যোগ হয়।]

He replied affirmatively বা He replied in the affirmative.

**Rule-D:** Direct speech এ "Sir" যোগ থাকলে With respect/ respectfully/ politely ব্যবহৃত হয়। যেমন:

Direct: The student said to the teacher, "Sir, will you teach me English?"

Indirect: The student asked the teacher respectfully if he would teach him English.

**Rule-E:** যদি Reported speech এ "Thank" থাকে, তাহলে Indirect speech করার সময়-

**a)** Structure: Sub+ thanked+ reported verb's object.
Direct: Rana said to me, "Thank you."
Indirect: Rana thanked me.

**b)** Congratulation থাকলে sub+ congratulated+ obj.
Direct: He told me, "Congratulation."
Indirect: He congratulated me.

**Rule- F:** যদি Reported speech এ "Good bye, Good night, Farewell থাকে তখন-

Structure: Reporting verb subject+ bade+ reported verb's object+ good bye.
Direct: She said Angel, "Good bye."
Indirect: She bade Angel good bye.

**Rule-G:** Reported Speech এ Good morning/ Good evening থাকলে- wish এবং Good night/ Good bye/Farewell থাকলে bade হবে।

Structure: Reported verb subject+ wished+ reported verb object+ good night/ good morning/ good evening.

Direct: He said to her, "Good morning."
Indirect: He wished her good morning.

Direct: He said to him, "Good bye."
Indirect: He bade him good bye.

**Rule-H**: অনেক সময় Reported speech এ বক্তা ও শ্রোতার উল্লেখ থাকে না। সেক্ষেত্রে Indirect speech এ রূপান্তর করার সময় বক্তার ক্ষেত্রে "The speaker" শ্রোতার ক্ষেত্রে "The listener/ The person spoken to" হয়। যেমন:

Direct: "What are you doing now?" "I am writing an article."

Indirect: The speaker asked the listener what he was doing then. The listener replied that she/ he was writing an article.

**Rule-I:** কিছু ক্ষেত্রে Reported speech এ সম্পূর্ণ Sentence থাকেনা। সেসব ক্ষেত্রে Indirect speech এ বক্তব্য অনুসরণ করে পূর্ণাঙ্গ অর্থ খুঁজে নিতে হবে।

Direct: "Thirty taka" The salesman said to me.
Indirect: The salesman told me that it was thirty taka.

**Rule-J:** যদি Reported Speech এ Asked / Cried / Replied / Muttered থাকে তবে Indirect speech এ reporting verb এর পরিবর্তন হবেনা।

Direct: "Help me," He cried.
Indirect: He cried to help him.

**Rule-K: "Must"** – এর রূপান্তর।

(i) সাধারণত **"had to"** তে রূপান্তরিত হয়। যেমন ঃ **Direct : Nafisa said. "I must write a letter."**
**Indirect :** Nafisa said that she had to write a letter.

(ii) **First Person-এ must কোন ভবিষ্যৎ কাজের দ্বারা বাধ্যবাধকতা বুঝাতে Indirect speech-এ would have to তে রূপান্তরিত হয়।**

**Direct :** He said, "We must leave the house if the rent is high."

**Indirect :** He said that they would have to leave the house if the rent was high.

(iii) **কিন্তু চিরকালীন বাধ্যবাধকতা বুঝালে must-এর কোন পরিবর্তন হয় না।**

**Direct :** Father said to his son,"You must obey your teachers."

**Indirect :** Father said to his son that he must obey his teachers.

**<u>Rule-L:</u> Reported speech কোন Universal truth (চিরন্তন সত্য) বা Habitual fact (অভ্যাসগত কর্ম) প্রকাশ করলে Verb-এর কোন পরিবর্তন হয় না।**

**Direct :** He said, "The earth moves round the sun."

**Indirect :** He said that the earth moves round the sun.

**<u>Rule -M:</u> Indirect Speech-এ It অপরিবর্তিত থাকে।**

**Direct :** He said. "I shall do it".

**Indirect:** He said that he would do it.

**<u>Rule-N:</u> Direct Speech- এ "Thank you" থাকলে তাকে Indirect করার নিয়মঃ**

<u>গঠন:</u> Reporting Verb-এর Subject + thank / thanked + Reporting Verb-এর Object.

**Direct :** He said to me,"Thank you".

**Indirect :** He thanked me.

**<u>Rule-O:</u> Direct Speech-এ বক্তা এবং শ্রোতা দু'জনই Proper Noun হলে Indirect করার সময় Pronoun-এর পাশে ব্রাকেটের মধ্যে উক্ত Pronoun-টি যে ব্যক্তির পরিবর্তে বসেছে সে ব্যক্তির নামের প্রথম অক্ষর লিখতে হয়। তবে না লিখলেও সমস্যা হয় না।**

**Direct :** Pakhy said to Shakil, "I have taken your book."
**Indirect :** Pakhy said to Shakil that she (s) had taken his (P) book.

**Rule-P: Vocative Case-এর Narration : Narration-এ কাউকে সম্বোধন করলে তাকে সম্ভব হলে object এ নিয়ে আসা, তাকে বাদ দেয়া অথবা Addressing দিয়ে বাক্য শুরু করা যেতে পারে।**
**Direct:** "Come in, my friend." said I
**Indirect:** Addressing him as my friend, I told him to go in.

**Rule-Q: Complex বা Compound sentence এর উভয় অংশে speech পরিবর্তন করতে হয়।**
**Direct:** "When I got home, I found I had lost my umbrella," Laila said.
**Indirect:** Laila said that when she got home she found that she had lost her umbrella.

## Exercise

**Change the narration:**

1. *They said to me, "We went to college yesterday."*
2. *He said to Boby, "Do you hear me?"*
3. *He said to me, "Please lend me a book."*
4. *The man said, "What a fool I am!"*
5. *They said, "Long live our president."*
6. *She said, "Alas! How worthless I am."*
7. *Sumon said, "May Allah help you."*
8. *He said to me, "Good bye."*
9. *Father said to me, "Why shall I not go there"*
10. *He said, "That's bad."*

# Chapter # 25: Clause

## ❍ Clause কী? (What is Clause?)

**(Clause is a part of a sentence) Clause হলো কয়েকটি শব্দের সমষ্টি যেখানে কমপক্ষে একটি Subject ও একটি Finite Verb থাকে।** মনে রাখতে হবে Clause ছাড়া কোন Sentence **হয়না। [finite verb সম্পর্কে জানতে verb এর chapter দেখে নিতে পারেন]**

**For Example:**

- I saw a poor boy. (One Sentence, One Clause)
- He was so hungry. (One Sentence, One Clause)

এখন যদি বাক্য ২ টি এভাবে লেখা হয়-

I saw a poor boy who was very hungry.
Listen to what I say.
What I say এটি একটি clause।

তাহলে বাক্য দুটি আর আলাদা বাক্য থাকলো না। একটি বাক্যে দুটি আলাদা Clause তৈরী হলো।

**প্রকারভেদ: Clause কে তিন ভাগে ভাগ করা যায়। যথা:**

1. Principal / Independent / Main Clause (প্রধান / মূল বাক্যাংশ / স্বাধীন)
2. Subordinate / Dependent Clause (অপ্রধান বাক্যাংশ / পরাধীন)
3. Co-ordinate Clause (সংযোগমূলক বাক্যাংশ)

1. **Principal Clause:** যে Clause এ একটি মাত্র Finite Verb ও একটি মাত্র Subject থাকে এবং নিজের অর্থ প্রকাশের জন্য অন্য কোন Clause এর উপর নির্ভরশীল নয় তাকে Principal Clause বলে। একে Independent Clause ও বলা হয় মূলত এই Clasue -ই Simple Sentence তৈরি করে।

যেমনঃ

I saw a poor boy.

I saw a poor boy, Clause টি একটি Principal Clause। কেননা, Clause টিতে Finite Verb 'saw' এবং Subject 'I' আছে।

**Example:**

- The children are safe.
- He ate a bowl of noodles.
- The teacher said that the earth is round.

[জানা প্রয়োজন: Principal Clause এক একটি Simple Sentence। এ ধরনের Clause সমূহকে Compound Sentence বা Complex Sentence থেকে আলাদা করা হলেও তারা নিজে নিজেই Simple Sentence গঠন করতে পারে এবং বাক্যের অর্থ স্বাধীনভাবে প্রকাশ করতে পারে।]

2. **Subordinate Clause:** বাক্যে অবস্থিত যে Clause, 'Principal Clause' এর সাহায্য ছাড়া নিজের অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারেনা তাকে Subordinate Clause বলে। একে Dependent Clause ও বলা হয়। যেমন;

I know the boy who stole my bag.

Because she is intelligent she thinks herself.

*এখানে*, 'who stole my bag' Clause টি একটি Subordinate Clause। কেননা, Clause টি পড়লেই কেমন যেন মনে হচ্ছে সে আরো কিছু বলতে চাচ্ছে। তাই সে Principal Clause 'I know the boy' এর উপর নির্ভরশীল হয়ে অর্থ প্রকাশ করে। সুতরাং এটি হলো Subordinate Clause। একইভাবে, Because she is intelligent এখানে Subordinate Clause.

চেনার উপায়: [Sub-ordinate Clause এর পূর্বে Who, What, Why, When, Where, Which, Whom, How, If, Since, As, Because, Though, Although, That, Sothat ইত্যাদি Connector বসে।]

**More Example of Principal Clause & Subordinate Clause:**

*Though he is poor*, he is honest.
subordinate clause — principle clause

We eat *in order that we may live.*
p.c — s.c

I know *why he went there.*
p.c — s.c

He works hard *so that he can succeed in live.*
p.c — s.c

[মনে রাখতে হবে যে, যখন Principal + Sub-ordinate যুক্ত হয় তখন Complex Sentence হয়।]

## Subordinate Clause কে আবার তিন ভাগে ভাগ করা যায়।

(i) **Noun Clause:** Subordinate Clause যখন Noun এর মত কাজ করে তখন তাকে Noun Clause বলে। Noun clause- এ clause marker বা linker হিসেবে Wh word/ that থাকে। সহজভাবে বলতে, যে noun clause চিনতে হলে একটি কৌশল অনুসরণ করতে হয় সেটি হলে sub-ordinate clause এর পরিবর্তে It বসানো যায় তাহলে সেটি sub-ordinate clause কে noun clause বলে। Noun Clause, Sentence এর sub / obj / complement হিসেবে বসতে পারে।

** **Subject হিসেবে noun clause:** That he is dishonest is known to all. It দ্বারা পরিবর্তন করা যায় তাই এটি একটি noun clause। Whoever wants to know should ask me.
it

** **Object হিসেবে noun clause:** I know where he live.
it

I often wonder how you are getting on.
it

They asked me if I could meet them in the afternoon.
it

** **Complement হিসেবে noun clause:** Life is what you make it.

Note: Linking verb গুলোর পর noun clause complement হিসেবে। linking verb সম্পর্কে বিস্তারিত জানতে verb এর লেসন পড়ুন।

** It is / was + D. + noun / adj. + sub-ordinate clause. উক্ত এই subordinate clause টি noun clause হবে।
It is important that they be told the real fact.
noun clause

**Note:** যদি উক্ত subordinate clause টিকে যদি প্রথমে লিখি sub হিসেবে (it) দ্বারা পরিবর্তন করা সম্ভব তাই এটি একটি noun clause
That the be told the real fact is important.

চেনার উপায়: Principal Clause এর Verb কে What ইত্যাদি দ্বারা প্রশ্ন করলে উত্তরে যে Subordinate Clause পাওয়া যায় তাকে Noun Clause বলে।

**For Example:**
That he has much money is known to all.
(Noun as a subject)
Whatever you read increase your knowledge.
(Noun as a subject)

Tell me who left his watch on the field.
(As a Direct Object)
Whoever cleaned the house deserves a reward.
(As a Subject)
Nobody knows when he will die. (As an object)
There is no meaning in what you say.
(As an object of Preposition)

(ii) **Adjective Clause:** যে Clause- Noun অথবা Pronoun কে qualify করে তাকে Adjective Clause বলে। Relative Pronoun দ্বারা এই Clasue শুরু হয় বলে এটাকে Relative Clause ও বলে। Adjective Clause সর্বদা antecedent এরপর বসে। Adjective Clause বাদ দিলেও বাক্যে পূর্ণাঙ্গ অর্থ প্রদান করে। এবং এই clause টিকে it দ্বারা পরিবর্তন করা যায় না।

চেনার উপায়ঃ এই clause এর পূর্বে ১টি noun pronoun থাকবে (২) এই clause কে it দ্বারা পরিবর্তন করা যায় না।

**For Example:**
I know the place where he lives.
I love the people who respect the teacher.
I watch the movie Ainabaji which amuse me a lot.
The news they gave me yesterday is false.
The news that he has died is false.
এখানে কিন্তু একটি noun clause হবে adjective হবে না কারণ যেটি news সেটিই that he has died তাই এটি appositive হিসেবে noun clause.
[বি.দ্রঃ Noun Clause এ Antecedent থাকেনা আর Adjective Clause এ Antecedent থাকে।]

(iii) **Adverbial Clause**: যে Subordinate Clause বাক্যে Principal Clause এর সময়, স্থান, উদ্দেশ্য, ফলাফল, কারণ, শর্ত, প্রণালী, বৈপরীত্য ইত্যাদি প্রকাশ করে তাকে Adverbial Clause বলে। এটি clause adverb এর কাজ করে। verb কে how, when, where, why, দ্বারা প্রশ্ন করে adverb clause পাওয়া যায়।

- Time (সময় প্রকাশক Clause): It was raining when he came back home.
- Place (স্থান প্রকাশক Clause): Can we go, wherever we want?
- Reason (কারণ প্রকাশক Clause): Since you are ill, you need to visit a doctor.
- Condition (শর্ত প্রকাশক Clause): If you come, I will watch the movie.
- Purpose (উদ্দেশ্য বোঝাতে): We eat sothat we may live.
- Manner (ব্যবহার বোঝাতে): We talk just like our father does.
- Degree: She spends more she earns.

Principal Clause কে Why, How, When, Where ইত্যাদি দ্বারা প্রশ্ন করলে উত্তরে যে Subordinate Clause পাওয়া যায় তা Adverbial Clause.

**For Example:**

While I was going to college, I saw her.

The students had left before the bell rang.

Knock me when you need help.

I live a happy life as long as I think positively.

3. **Co-ordinate Clause:** দুই বা ততোধিক Principal Clause কোনো Co-ordinate Conjunction দ্বারা যুক্ত হলে তাকে Co-ordinate Clause বলে। যেমন:

The teacher asked many questions **but** nobody could answer.
I went there **and** found him ill.

চেনার উপায়: And, And so, But, Or, Else, Yet, So, So then, Therefore, Still, Otherwise ইত্যাদি Co-ordinate Conjunction দ্বারা Principal Clause যুক্ত থাকে।

**For Example:**
I took no notice of him, **so** he flew into rage.
The fruits were fresh **and** they were delicious.
She is dark **but** her sister is fair.

[**N.B:** দুটি সহধর্মী বাক্যাংশকে and দ্বারা যুক্ত করা হয় কিন্তু বিপরীতধর্মী বাক্যাংশকে but দ্বারা যুক্ত করা হয়।]

## Clause marker

Sentence-এ দুই বা ততোধিক Clause যুক্ত করার জন্য conjunction বা linker ব্যবহার করা হয় যাকে Clause marker বলে। উল্লেখ্য, Sentence-এ যতগুলো Clause marker থাকবে তার থেকে একটি বেশি Clause থাকবে।

**Co-ordinate clause markers:** And, But, Or, Nor, So, Yet, For, Besides, After all. Moreover, Otherwise etc.

**Adjective Clause marker:** যে কোনো wh + word, যারা noun-এর পরে বসে।

যেমন- Who, What, Which, That ইত্যাদি।
I helped an old man whom everybody likes.
[এখানে whom- adjective clause marker.]

**Adverbial Clause markers:** When, Where, How, Often, Since, As, Though, Although, If, Until, Because, Before, In case, While, Lest, Whereas, Once, As soon As, As long As, In order that, So that, Provided, By the time, Much as, Than, Till, Until, Under ইত্যাদি।

** We eat that we may live.

** If he comes, I will go.

[এখানে If - Adverbial clause marker]

এই clause টিকেও if দ্বারা পরিবর্তন করা যায় তারপর ও noun clause নয় কারণ that টি so that এর অর্থ প্রদান করে তাই অনেক Adverbial clause আছে সেগুলো it দ্বারা পরিবর্তন করা যায় কিন্তু তারপর ও noun clause বসানো যাবে না। মনে রাখতে হবে, how, where, why, when দ্বারা প্রশ্নের উত্তর সবসময় Adverbial clause হবে।

## Exercise

**Find out the right clause:**

1. Who has done this is a fool.
2. The shirt that was bought costly.
3. Do the work as I show you.
4. Tell us how you escaped.
5. Jerry who was honest could not take the money.
6. This is what he said.
7. The truth is that he is very shy.
8. Stay where you are.
9. Though he is rich, he is honest.
10. The house in which we live is small.

# Chapter # 26: Phrase

Phrase হচ্ছে একটি Group of words (শব্দগুচ্ছ) যেখানে কোন subject বা finite verb একসাথে থাকে না এবং নিজের অর্থ সম্পূর্ণ করার জন্য একটি Finite Verb (সমাপিকা ক্রিয়া) এর সাহায্য গ্রহণ করে।

(A group of words that does not contain a subject and a finite verb is called a phrase)

লক্ষ্যণীয়:

(i) একাধিক শব্দ থাকবে।

(ii) Subject ও Finite Verb একত্রে থাকবে না।

(iii) কোন finite verb (সমাপিকা ক্রিয়া) থাকবে না।

(iv) এরা Parts of Speech এর একটি unit হিসেবে কাজ করে।

**For Example:**

Birds fly in the sky at large.
He stood in front of me.
I'm in a fix what to do.
I heard her story.

**[N.B: Finite Verb চিনতে এই বইয়ের Verb লেসনটি পড়ুন।]**

**Phrase কে বিভিন্ন ভাগে ভাগ করা যেতে পারে। নিম্নে তাদের আলোচনা করা হলো:**

1. **Noun Phrase:** যে সকল Phrase বাক্যে Noun এর কাজ করে এবং অন্যান্য Noun কে Modify করে অথবা নিজেই Modified হয় তাদের কে Noun Phrase বলে। এই 'Phrase' Noun এর স্থানগুলোতে বসে। যেমন:

   To take meditation is good for health. (Subject এর স্থানে)
   I like reading in the library. (Object এর স্থানে)
   He is a man of letters. (Complement এর স্থানে)

The probability of rain is much. (Subject এর স্থানে)
Qualifying in the admission test is not easy.
** It is / was + determiner + noun / adj + noun phrase.
It is easy to find fault with others.
Noun phrase

উক্ত phrase টিকে sub. এর স্থলে বসালে it দ্বারা পরিবর্তন করা যায় তাই এটি noun phrase হবে।

** Determiner + noun phrase + preposition.
** Determiner + noun phrase + conjunction.
** Determiner + noun phrase + .
যেমনঃ I have no kith and kin in this town.

এখানে no-determiner এবং in হচ্ছে preposition এই দুটির মধ্যে kith and kin হচ্ছে noun phrase.
যেমনঃ The sudden ring of the alarm startled me.
He is an eyesore to me.

**[N.B:** Modify করা মানে যে কোন noun, adjective, verb এবং adverb সম্পর্কে আরেকটু বিশদভাবে বলা]
**Sub, Obj, Complement এবং Preposition এর কমা হিসেবে noun phrase কে চিনতে এই phrase টিকেও It দ্বারা পরিবর্তন করা যায়।**

(i) **Appositive Phrase**: যে noun phrase অন্য একটি noun কে নতুন করে নাম বা পরিচয় দেয়, কৌশলগতভাবে বর্ণনা করে না তাকে appositive phrase বলে। যেমনঃ Nazrul Islam, my favourite person, is singing a song.

(ii) **Gerund Phrase:** (verb+ing) দ্বারা শুরু হওয়া phrase কে gerund phrase বলে। কিন্তু এটি এক প্রকার noun phrase কারণ এটিকে it দ্বারা পরিবর্তন করা যায়। যেমন: I love taking tea.

We dislike gossiping about people.

Making friends is my passion.

To buy as I-phone is my ambition.

Note: Gerund এর In.R. Sub হলে verb singular হয়।

(iii) **Infinitive Phrase**: যে phrase এর শুরুতে একটি Infinitive (v+to) থাকে তাকে Infinitive phrase বলে। উক্ত phrase টি এক প্রকারের noun phrase কারণ it দ্বারা পরিবর্তন করা যায়। **যেমন:** I love to take tea.

2. **Adjective Phrase:** যে সকল Phrase বাক্যে Adjective এর মত কাজ করে তাদেরকে Adjective Phrase বলে। এই 'Phrase' Noun / Pronoun এর আগে বা পরে বসে noun কে modify করে। **চেনার উপায়:** সহজে চিহ্নিত করা যায় এই phrase এর পূর্বে একটি antecedent থাকবে এবং phrase টিকে it দ্বারা পরিবর্তন করা যায় না। যেমন:

There is no hard and fast rule in our society.

Sabit Rayhan is tall and smart.

The man in the field is my uncle.

The boy on the rooftop is my brother.

It is a ring of gold.

The book bought from college road is lost.

**Adjective phrase চিহ্নিত করার আরো কিছু নিয়ম:**

** Determiner + adj + noun phrase + preposition.

** Determiner + adj + noun phrase + conjunction.

** Determiner + adj + noun phrase + ..

যেমন: There is no hard and fast rule in our society.

We wish to purchase a large and beautiful car.

** Be verb এর পরে যদি ১টি preposition এবং noun মিলে adj. এর অর্থ প্রদান করে তাহলে সেটি adj. হবে।
যেমন: He is without fear. (without fear = fearless)

** Infinitive phrase এর পূর্বে যদি antecedent থাকে তাহলে সেটি Infinitive phrase কে adj. phrase বলা যায় / adj. phrase হবে।
যেমন: A man in great difficulties came to me for help.
The press club in front of the secretarial building is an age-old building.

**[N.B: Adjective Phrase বাক্য থেকে বাদ দিলেও পূর্ণাঙ্গ অর্থ প্রদান করে।]**

3. **Verbal Phrase:** যে সকল Phrase বাক্যে Verb এর কাজ করে তাকে Verbal Phrase বলে। সাধারণত দুই তিন শব্দ বিশিষ্ট Verb কে Verbal Phrase বলে। **চেনার উপায়:** শুরুতে verb বসে এবং শেষে preposition / adverb যেমন:
Do not laugh at the poor.
He looked for his phone.
He gave up adopting unfair ways.
All her hopes nipped in bud.
Upon her mother's demise.

4. **Adverbial Phrase:** যে সকল Phrase বাক্যে Adverb এর কাজ করে তাকে Adverbial Phrase বলে। Verb কে (কিভাবে/ কেন/ কখন/ কোথায়) দ্বারা প্রশ্ন করে phrase থেকে উত্তর পেলে বুঝতে হবে সেটি Adverb Phrase'।
**যেমন:**
Our class begins in January. (কখন শুরু?)
The boy stood beside the girl. (কোথায় দাঁড়িয়ে)
The horse runs at a great speed. (কীভাবে দৌড়ায়?)
We learn to discover the unknown. (কেন শিখি?)
We can speak Bengali.

5. **Preposition Phrase:** Preposition দ্বারা শুরু এবং Preposition/ Noun দিয়ে শেষ হলে তাকে Prepositional Phrase বলে। যেমনঃ
The man sat in front of his house.
I could not go to school on account of illness.
I support him for the sake of friendship.
He put the book on the table.

** Prepositional phrase ছাড়া noun phrase হয় না কিন্তু **adj. adverb** phrase হয়। নিম্নে উদাহরণ দেওয়া হল: যেমন:-
We were waiting for the car.
adverb phrase

The book on the table is mine.
Adj ph.

There is a big tree I front of my house.
Adverb ph.

39. **Having এর পরে মূল Verb এর Past Participle Form হবে।** (Having + Verb এর Past Participle form কে Perfect Participle বলা হয়) যেমনঃ Having done the work, I will go to mosque. Having finished the work, I will talk to you.

40. **Continuous Tense এ সর্বদা verb এর সাথে Ing যুক্ত হয়। যেমনঃ**
He is playing me.
She was cooking food.
Rafi will be doing the work.

41. **নিম্নলিখিত Semi Modals Auxiliary Verb গুলোর পর Verb এর base form বসে।**
**Am to, is to, are to, was to, were to, have to, has to, will have to, ought to, used to, (be) able to, (be) going to, (be) about to.**
যেমনঃ He has to do the work.
I am able to do the work.

**Note:** be verb মানে am/is/are/was/were.

42. **Let এরপর Verb এর Present form বা $v_1$ হয়।**
যেমনঃ Let me do this. Let him go. Let him go there.

43. **Enough এর আগে Adjective থাকলে এর পরের Verb টি Infinitive হবে।** যেমনঃ He is poor enough to get help from the rich people.

**44. A number of, A group of, Majority of এর পরে Plural Noun থাকলে verb plural হয়।** যেমনঃ A group of students were divided.

A number of people are staying there.

A group of students are not present here.

**45. 'One and a half' এর পরে Noun টি Plural হয় কিন্তু Verb singular হবে।**

যেমনঃ One and a half eggs is best to make cake.

**46. Non-referential 'There' এর ক্ষেত্রে Subject এর Number ও Person অনুযায়ী Verb Singular ও Plural হয়।** যেমনঃ

There are many students in this class.

There is a pen on the table.

**47. Collective Noun সমষ্টি/একক অর্থে Singular Verb হয়। কিন্তু পৃথক পৃথক সত্তা বুঝালে verb Plural হয়।** যেমনঃ A herd of cattle is grazing.

The Committee has attended the meeting.

**48. Half, Heaps, Lots প্রভৃতি Subject হিসেবে বসলে তা যদি Singular Noun কে নির্দেশ করে তাহলে Verb Singular এবং Plural Noun কে নির্দেশ করলে Verb Plural হয়।** যেমনঃ

Half of the book was done.

Half of the fruits are delicious.

**49. Relative Pronoun (who, which, that) এর পূর্বে যে Noun বসে তাকে Antecedent বলে। Complex Sentence এ Antecedent অনুযায়ী verb বসে।** যেমনঃ I saw Ruma who was coy.

Raina who is my sister will appear in the SSC Exam.

Relative Pronoun (who) এর পূর্বে noun "Raina" 3rd person singular number যার জন্য verb 'is' বসেছে।

50. **একটি Helping verb/Auxiliary verb গঠন অনুযায়ী একই Sentence এ দুটি Principal verb এর সঙ্গে বসতে পারে। যেমন:**
I have gone there but I have not met him.

51. **Subject এবং Tense আলাদা হলে একই ধরনের Auxiliary verb** বসে না। যেমন:
He has gone to Cox's Bazar but they have left from there.

52. **No sooner had.....than, Scarcely had....when, Hardly had...when, Before থাকলে প্রথম Verb কে Past Participle করতে হয় এবং দ্বিতীয় Verb কে Past form করতে হয়। যেমন:**
No sooner had he arrived than it started raining.
Hardly had I reached home when my phone rang.
**তবে No----sooner have / has বা hardly / scarcely have / has হলে প্রথমে $V_3$ এবং পরের অংশে have / has + $V_3$.
যেমন: No sooner have I seen him than he has gone away.

53. **Compound/Complex sentence-এ একটি Clause Past Tense থাকলে অন্যটিও Past Tense হবে Universal truth এর ক্ষেত্রে Present Tense হয়।**
যেমন: When they worked hard, they earned more money.
He said that the sun rises in the east.
If you knocked me, I could help you.

54. **Uncountable noun এর সাথে None of ব্যবহৃত হলে Verb টি Singular হবে।** যেমন: None of bread was mine.
None of food is mine.

55. **Before দ্বারা দুটি Clause যুক্ত হলে আগের Clause টির Verb এর Tense Future হলেও পরের Clause টির Verb এর Present Indefinite Tense হয়।**
**Structure:** Future tesne+before+Present Indefinite Tense.
যেমন: He will purchase a book before he comes.
They will do the work before Bina arrives.

56. **After দ্বারা দুটি Clause যুক্ত হলে আগের Clause টির Verb Present বা Future Tense এর হলেও পরের Clause টির Verb হবে Present Perfect Tense এর।**

**Structure:** Future Tense+after+Present Perfect Tense.

যেমন: I will complete my study after he has come.

We will invite him after they have returned.

57. **কোন উদ্দেশ্যে কোন কাজ করা বুঝালে ঐ উদ্দেশ্যটি যে Verb টি দ্বারা প্রকাশিত হয় তার আগে Present Tense-এ 'may' এবং Past tense-এ 'might' বসে। যেমন:**

We stand there so that we may meet him. Lima worked hard in order that she might earn more money.

বি:দ্র: উদ্দেশ্য বুঝাতে যখন (may/might) ব্যবহৃত হয় তখন তার আগে so that (যাতে করে), in order that (যাতে করে এই উদ্দেশ্যে) ইত্যাদি বসে।

58. **Before অর্থ আগে। এর আগে verb এর Past Perfect Tense হয়। After অর্থ পরে। এর পরে Past Perfect Tense হয়।**

**Structure:** Past Perfect(had+verb(pp)+before+Past Indefinite Tense.

যেমন: He had finished the work before he went to bed.

He had done the work before she called.

**Structure:** Past Indefinite+verb(pp)+after+Past Perfect(had). যেমন: She went to bed after she had finished her homework.

She called after he had done the work.

59. **করতাম, খেতাম, যেতাম ইত্যাদি Verb এর 'তাম' অংশটুকুর দিকে মনোযোগ দাও। এই 'তাম' বুঝানোর জন্য Would(verb এর আগে) ব্যবহৃত হয়। তবে কাজটি বুঝাবে কোন অতীতকালের প্রতিজ্ঞা, অনিয়মিত অভ্যাস। এ ক্ষেত্রে used to ও ব্যবহৃত হতে পারে। যেমন:**

I asked him to come with me but he would not agree.

He would catch fish at his early age.

কিন্তু নিয়মিত অভ্যাস বুঝাতে Would ব্যবহৃত হয় না। তখন verb এর Past Indefinite Tense ব্যবহৃত হয়। যেমন:

Akib would play football (Incorrect).
Akib played football (Correct).

**60.** দুটি **clause** এর মধ্যে যেটিতে **If+Subject+Were / $v_2$** থাকে অপরটি **(Principal clause) Subject** এর পরে **might + would / could** বসে এবং ক্রিয়ার **Present form** বসে। যেমন:
If she were the queen, she would never break the rule.
If I were lazy, I could not do the work.

**61.** অতীতকালে কোন কাজ বিশেষ সময়ের পূর্বে আরম্ভ হয়ে সেই সময় পর্যন্ত চলছিল এরূপ বুঝাতে **Past Perfect Continuous Tense** হয়।
**Structure:** Subject+ had been+verb(base form)+Ing+Obj. + since + for + time.
যেমন:
The baby had been playing football since morning.
I have been working for four hours.
They had been dancing for two hours.

**62.** কোন কাজ শেষ হয়েছে কিন্তু ফল এখনো বর্তমান আছে বুঝাতে **Present Perfect Tense** হয়।
**Structure:** Subject+have/has+verb3+extension.
যেমন:
I have studied a lot. She has completed her lesson.
ব্যাপক সময়, নির্দিষ্ট সময় বুঝাতে Present Perfect Tense হয়। যেমন:
He has been a teacher since 2011. She has been a student for two years.

**63.** কোন কাজ পূর্বে আরম্ভ হয়ে এখনো চলছে বুঝাতে **Present Perfect Continuous Tense** হয়।

<u>**Structure:**</u> Subject+have been/has been+verb (base form)+ ing+Obj. যেমন:

They have been waiting for his reply since morning.

The boy has been playing cricket for a long time.

**64.** ভবিষ্যৎকালে কোন কাজ চলতে থাকবে এরূপ বুঝাতে **Future Continuous Tense** হয়।

<u>**Structure:**</u> Subject+shall be/will be+verb(base form)+ing.

যেমন: I will be reading the book. They will be coming.

They will be talking to Moni.

**65.** ভবিষ্যতের কোন নির্দিষ্ট সময়ে কাজ শেষ হবে এরূপ অনুমান বা প্রত্যাশা বুঝালে **Verb**-এর যে রূপটি হয় তাকে **Future Perfect Tense** হয়।

<u>**Structure:**</u> Sub+shall have/will have+$v_3$ (p.p) +Obj. যেমন:

I will have read the book. They will have come.

He will have done the word.

**66.** ভবিষ্যতকালে সংঘটিত হবে এমন কোন কাজ যা বেশি সময় ধরে চলতে থাকবে তা বুঝাতে

**verb**-এর যে রূপ হয় তাকে **Future Perfect Continuous Tense** হয়।

<u>**Structure:**</u> Sub+Shall have been/will have been+$V_1$+ing+extension + since/for + time.

যেমন:

I will have been reading the book for two weeks.

They will have been writing for 3hours.

**67.** **If only** শুরু যুক্ত **Sentence** এ **be**-এর পরিবর্তে **Were** বসে। **were** এর পরিবর্তে **Could** লেখা যায়। যেমন:

If only they were players. If only they could be players.

# Exercises

**Re-write the sentences:**

1. The rich (be) not always happy.
2. Ice (float) on water.
3. He usually (go) to school by bus.
4. Sugar (import) from Brazil.
5. They arrived here after you (leave).
6. Recently they (shift) to a new flat.
7. You had better (to see) a doctor.
8. It is time we (eat) our lunch.
9. You would rather (to leave) him alone.
10. I look forward to (receive) a letter.

# Chapter # 30: Subject Verb Agreement

একটি Sentence এ verb সবসময় Subject কে অনুসরণ করে। Subject Plural হলে Verb Plural হবে Subject Singular হলে Verb Singular হবে। Subject verb agreement বলতে বুঝানো হয় Subject verb সবসময় সমান হতে হয়।

যেমন:

She is a well-educated girl.

They are playing cricket.

প্রথম, Sentence এ Subject '3rd person singular number' তাই verb singular 'is' হয়েছে। দ্বিতীয় Sentence এ Subject '3rd person plural number' যার কারণে verb plural 'are' হয়েছে।

## Subject-verb Agreement এর গুরুত্বপূর্ণ কিছু নিয়মাবলী:-

1. **Subject Plural হলে verb Plural হবে, Subject Singular হলে verb Singular হবে।**

   যেমন:

   She is a well-educated girl.

   They are playing cricket.

   She has a charming look.

   These grapes taste sour.

2. **দুই বা ততোধিক Singular Noun বা Pronoun 'and' দ্বারা যুক্ত হলে তাদের verb plural হয়। একাধিক pronoun বসলে 231 অনুসরণ করবে। 2 = 2nd person, 3 = 3rd person, 1 = 1st person.**

   যেমন:

   Mithila and Jerin **have** not spoken to each other.

   Rahim and Karim **are** going to the village.

   Coffee and tea **are** offered as alternative.

   You, Rakib and I were present in the class.

3. **And দ্বারা যুক্ত Subject গুলো যদি একই ব্যক্তি বা বস্তুকে বুঝায় তবে তাদের পরবর্তী verb এবং pronoun singular হয়। যেমন:**

The chairman and CEO **is** attending there.

The good man and citizen has passed away.

Note: and দ্বারা ২টি noun এর ১টির সাথে the ব্যবহার করা হলে বুঝতে হবে দুইজন ব্যক্তিকে দিয়ে কথা বলা হচ্ছে verb S. হবে।

**কিন্তু And দ্বারা যুক্ত Subject যদি দুটি ভিন্ন ব্যক্তি বা বস্তুকে বুঝায় তবে verb plural হবে। যেমন:**

The Headmaster and the Chairman **were** present at the last meeting.

The chairman and the CEO **are** attending there.

The MD and the Supervisor were present in the meeting last day.

['the' যুক্ত হওয়ায় Verb Plural হয়েছে। the যুক্ত থাকলে বুঝতে হবে ২জন ব্যক্তিকে দিয়ে কথা হচ্ছে।]

4. **And দ্বারা যুক্ত Singular Noun গুলো প্রত্যেকটির পূর্বে each, every বা no থাকলে পরবর্তী verb singular হবে। কিন্তু sub (p) + each + v (p)**

**যেমন:**

We each have some cats and dogs.

Each cat and each dog **has** two eyes.

No girl and no boy **reads** the book.

Every man, woman and child **has** suffered the effects of Corona.

5. **And এরপর no বা not থাকলে verb- টি প্রথম Subject অনুযায়ী বসে। যেমন:**

I and not my sister **have** done this.

Rina and not her brother **has** pushed me.

6. **As well as, Along with, Together with, In addition to, including, with, accompanied with এবং Accompanied by ইত্যাদি থাকলে প্রথম Subject অনুযায়ী Verb টি বসবে।**
   যেমনঃ
   Nipa as well as her brothers has come to me.
   He as well as his brothers **is** a student.
   The father with his three sons **has** left the place.

7. **দুই বা ততোধিক Noun / Pronoun যদি- or, nor, either.....or, neither....nor, not....but দ্বারা যুক্ত হয় তবে verb এর কাছের subject অনুযায়ী verb বসে। যেমনঃ**
   She or her mother **is** coming.
   Neither Rima nor her friend **was** going.
   Either the laptop or keyboard **was** on the bed.
   She or her friends **have** gone there.
   Either she or her friends **were** happy.
   Neither he nor his friends **have** polled the wall down.

8. **কোন Sentence-এ বিভিন্ন Person একত্রে লেখার সময় প্রথমে $2^{nd}$ Person, তারপর $3^{rd}$ Person এবং শেষে $1^{st}$ Person বসে। অর্থাৎ 231 আকারে বসবে, এবং verb টি plural হবে present এর ক্ষেত্রে।**
   যেমনঃ
   You, Nobin and I are living there.
   2 3 1

   You, Selim and I will be punished.
   কিন্তু দোষ স্বীকার বা অপরাধ বোঝালে 123 আকারে বসবে।
   I, you and he committed the crime.
   1 2 3

   I you and they are guilty.

9. **Collective Noun সমষ্টি/একক অর্থে Singular verb হয়। কিন্তু পৃথক পৃথক সত্তা বুঝালে Verb Plural হয়।**

যেমন:

The Committee **has** attended the meeting.
The Committee **are** arguing among themselves.
The jury **were** unable to agree on the matter.

10. **কিছু Noun আছে যাদের দেখতে Plural মনে হলেও এরা প্রকৃতপক্ষে Singular Verb কে নির্দেশ করে। যেমন:**

news, wages, politics, civics, whereabouts, statistics, physics, mathematics, ethics, economics, athletics ইত্যাদি।

যেমন:

Mathematics class **is** hard.
News **was** well-decorated.
The wages of the job **is** so low.

**তবে এদের পূর্বে Determiner থাকলে verb plural হয়।**

যেমন:

There are no ethics in politics.
His mathmatics are weak.
There are some books on the table.
There is a pen in my bag.
[There দিয়ে যদি কোন sentence শুরু হয় তাহলে there টি sub. নয়, sub টি চিহ্নিত করতে প্রথমটির সূত্র অনুসরণ করতে হবে। There + verb + sub. **Note:** Sub অনুযায়ী verb বসবে।]

11. **একই দৈর্ঘ্য, পরিমাণ, স্থান, দূরত্ব, সময়, ওজন বা অঙ্কের এককের ক্ষেত্রে Subject দেখতে Plural হলেও Verb Singular হয়।**

যেমন:

250 miles are a long way from Dhaka(**wrong).**
250 miles is a long way from Dhaka(**correct).**
Twenty KG are heavy to carry(**wrong).**
Twenty KG is heavy to carry(**correct).**
Ten miles is a long way.

12. **Uncountable Noun যেমন: Oxygen, Air, Water, Milk, Smoke ইত্যাদির পরে Singular Verb বসে।**

যেমন:

Advertising creates attention of customers.

Milk is good for health.

Smoking is injurious to health.

13. **বই বা দেশের / কোম্পানির / কার্টুনের নাম দেখতে Plural হলেও তাদের পরে Singular Verb হবে। যেমন:**

English **is** my favourite subject.

The United States **is** a powerful country in the world.

Mars is a planet in our solar system.

The Arabian nights is still a great favourite.

Note: সকল প্রকার নামের ক্ষেত্রে verb, singular হবে। এখানে Mars ও এক প্রকার নাম তাই verb টি singular (is) হয়েছে।

14. **The + adjective = (Plural Common Noun)+ Verb Plural হয়।**

যেমন:

The poor live from hand to mouth.

The virtuous are always happy.

The poor starve in rainy days.

15. **Relative pronoun এর আগের Antecedent অনুযায়ী পরের Verb পরিবর্তন হবে।**

যেমন:

English Therapy is the book which **is** getting popular.

It is I who was a student of English Therapy.

This is she who **is** very cute.

16. **কোন Sentence যদি 'There' দ্বারা শুরু হয় এবং তারপর যদি Singular Number থাকে তাহলে 'There' এরপর Singular verb বসে। আর Plural Number থাকলে 'There' এরপর plural verb বসে। There + verb + subject যেমন:**
There **is** a mango in his hand.
There **are** seven days in a week.
There **are** some apples in their shops.

17. **None of, One of, Each of, Either of, Neither of এরপর Noun plural কিন্তু verb singular হয়।**
যেমন:
Each of the athletics **has** been training for months.
Neither of the girls **was** quite at her ease.
One of my friends **is** honest.
None of the boys **was** my friend.

18. **Anybody, Nobody, Everybody, Somebody, Something, Nothing, Everything, Someone, Somebody, No one, Anyone, Anything বাক্যের Subject হলে verb singular হবে।**
যেমন:
Everybody **is** standing here.
**Everything is** under my control.
**Nobody is** here.

19. **A number of/ A group of এবং The number of/ The group of এর ব্যবহার।**
A number of/ A group of+ plural noun+ plural verb.
The number of/ The group of +plural noun+singular verb.
যেমন:
A number of students **were** presenting the class.
The number of students **was** presenting the class.
A group of students **have** been there.
The group of students **has** been there.
The number of students seeking and missing **has** increased.

**20. All, No, Any, Some, A lot of এর পরের noun অনুযায়ী verb বসবে।**

যেমনঃ

No pen **is** useful to write for a long time.

No pens **are** useful to write for a long time.

All people are going to see the match.

**21. ভগ্নাংশ ও শতকরা কখনো Subject হয়না। সুতরাং এদের পরবর্তী Noun দেখে verb বসবে।**

যেমনঃ

One third of the book were stolen from the library.

Three fourth of the work has been finished.

About 50% of the houses **need** major repair.

Two-thirds of the work **has** been done.

**22. Gerund, Infinitive, Clause বাক্যের subject হলে verb singular হবে।**

যেমনঃ

Telling lies **is** a great sin.

To read novels **is** my passion.

What you say **is** true.

**And দ্বারা দুটি gerund যুক্ত হলে verb plural হয়।** যেমনঃ

Swimming and Running are my favourite sports.

**23. More than one+ Noun singular+ Verb singular.**
**More than two+ Noun plural+ Verb plural.**

যেমনঃ

More than one student **was** killed in the fighting.

More than two students **were** killed in the fighting.

**24.** গাণিতিক হিসাব Subject হলে verb singular হয়।

যেমন:

Five and five **equals** ten.

**25. Be Verb বিহীন বাক্যকে Negative বা Interrogative করতে হলে Tense ও Subject অনুসারে do, does বা did ব্যবহার করতে হয়।**

(i) The girl not (sing) a song.
Ans: The girl does not sing a song.

(ii) He (come) home yesterday?
Ans: Did he come home yesterday?

* **Interrogative Sentence এ যদি what, when, who, which, whose, why, how থাকে তাহলে Subject এর পূর্বে Tense ও person অনুযায়ী to be verb যোগ করতে হয়। To be verb না থাকলে Tense ও Person অনুযায়ী do / does বা did বসে।**

(i) What you(do) now?
Ans: What are you doing now?

(ii) Why Mrs. Pitt (look) so angry?
Ans: Why does Mrs. Pitt look so angry?

(iii) What you (want)?
Ans: What do you want?

**26.** Many a + singular + Subject + Singular verb.
Many + Plural Subject + Plural verb.
যেমন: Many books have stolen from here.
Many a man has tried to complete the work.

## Now It's your turn

**In each of the following sentence supply a verb in agreement with its subject.** (নিচের বাক্যগুলোতে Subject-এর agreement অনুসারে verb বসান)

a) The chief with his followers________arrived.
b) Tow tons of iron_____here.
c) The boy who won the two medals_____a friend of mine.
d) The price of these jeans_____reasonable.
e) Which one of these books________yours?
f) Each of the robbers_________arrested.
g) No news_______absolutely good news.
h) One and one___________two.
i) Two-thirds of the pen_______been lost.
j) A group of boys______going on the park.
k) "The Arabian nights"_________delighted many generations.
l) None of the students_________done the sum.
m) There______a large number of monkeys in the road.

## Exercises

**Correct the sentence:**

1. Neither Rumi nor Sumi (have/has) sung well.
2. Every boy and girl (was/were) given a pen.
3. He along with his friend (has/have) visited Cox's Bazar.
4. Forty lines (is/ are) a long way.
5. To walk in the morning (is/are) good for health.
6. Gulliver's Travels (is/are) a famous book.
7. The Headmaster and the secretary (is/are) present in the meeting.
8. There (stand/stands) many trees in front of our house.
9. It is I who (am/is) to blame.
10. One (have/has) to obey one's parents.

# Chapter # 31: Affirmative and Negative agreement

## Affirmative:

কোন ব্যক্তি যখন একটি কাজ করে এবং অনুরূপ কাজ যখন অন্য একজন ব্যক্তি করে এক্ষেত্রে অনুরূপ কাজটি প্রকাশ করার জন্য অথবা পুনরাবৃত্তি এড়ানোর জন্য দ্বিতীয় Clause এ So অথবা Too / Also ব্যবহার করা হয়। এটি ব্যবহার করার জন্য যে আদেশটি অনুসরণ করা হয় তাকে Affirmative Agreement বলে।

- প্রথম Clause টিতে যে Tense বা Verb ব্যবহার করা হয় তার উপর ভিত্তি করে দ্বিতীয় Clause এ Tense অথবা Verb এর ব্যবহার হয়।

**1.** Affirmative statement এ principal verb হিসেবে যদি am/is/are/was/were/ ব্যবহার করা হয় তাহলে and যুক্ত clause টিতে একই be verb গুলোই বসে।

**Rules-1:** Subject + am/is/are/was/were/ + -----, and + subject+ am/is/are/was/were + too/also.

**Rules-2:** Subject + am/is/are/was/were +......, and + so + am/is/are/was/were + subject.

- He is nervous, and you are too/also.
- He is nervous, and so are you.
- Maruf is happy, and she is too/also.
- Maruf is happy, and so is she.

**2.** Affirmative statement এ principal verb (present/ past) হলে and যুক্ত clause টিতে (present verb) এর জন্য do/does এবং (past verb) এর জন্য did ব্যবহার করতে হবে।

**Rules-1:** Subject + v + ---- and + sub + do/does/did + too/also.

**Rules -2:** Subject + v +----and + so + do/does/did + sub.

- ➢ My friend believes that English Therapy is the best coaching center at Mirpur and I do also/too.
- ➢ My friend believes that English Therapy is the best coaching center at Mirpur and so do I.

**3.** Affirmative statement এ যদি auxiliary verb ও principal verb এক সঙ্গা বসে তাহলে and যুক্ত clause টিতে auxiliary verb টি বসবে।

Subject + auxiliary + principal verb ----- and + subject + auxiliary verb + too/also.

Subject + auxiliary +principal verb-----and +so + auxiliary verb + subject.

- ➢ I shall work at English Therapy in the next month and you will too / also.
- ➢ I shall work at English Therapy in the next month and so will you.

[**Note:** auxiliary + main verb = Compound verb.]

<u>**Negative:**</u> কোন ব্যক্তি যখন একটি কাজ করে এবং অনুরূপ কাজ যখন অন্য একজন ব্যক্তি করে এক্ষেত্রে অনুরূপ কাজটি প্রকাশ করার জন্য অথবা পুনরাবৃত্তি এড়ানোর জন্য দ্বিতীয় Clause এ Either অথবা Neither ব্যবহার করা হয়। এটি ব্যবহার করার জন্য যে আদেশটি অনুসরণ করা হয় তাকে Negative Agreement বলে।

❍ প্রথম Clause টিতে যে Tense বা Verb ব্যবহার করা হয় তার উপর ভিত্তি করে দ্বিতীয় Clause এ Tense অথবা Verb এর ব্যবহার হয়।

**1.** Negative statement এ যদি principal verb হিসেবে যদি am / is / are / was / were / ব্যবহার করা হয় তাহলে and যুক্ত clause টিতে either এবং neither ব্যবহার করা হয় এবং উক্ত am/is/are/was/were verb গুলোই বসে।

**Rules -1:** Subject + am / is / are / was / were + not + and + subject + am / is / are / was / were + not + either.
**Rules -2:** Subject + am / is / are / was / were + not + and + neither + am / is / are / was / were + subject.

➢ He is not in the class and I am not either.
➢ He is not in the class and neither am I.

[**Note:** Either এর পরে negative verb ব্যবহার করতে হবে। Neither word টি একটি negative word তাই এর পর negative verb ব্যবহার করতে হয় না।]

**2.** Negative statement এ principal verb টি যদি (present/past) এ হয় তাহলে and যুক্ত clause টিতে either এর জন্য do/does/did এর সাথে not এবং neither এর জন্য do/does/did ব্যবহার করতে হয়।

**Rule-1:** Sub + do/does/did + not + ….. and + sub + don't/doesn't/didn't + either.

**Rule-1:** Sub + do/does/did + not +…..and+neither + do/does//did + sub.

➢ Atik does not like tea and I do not either.
➢ Atik does not like tea and neither do I.

**3.** Negative statement এ যদি auxiliary verb ও principal verb একসাথে বসে তাহলে and যুক্ত clause টিতে either এর জন্য (negative auxiliary verb) এবং neither এর জন্য (positive auxiliary) ব্যবহার করতে হবে।

**Rule-1:** Sub + auxiliary verb + not + principal verb + ……and sub + auxiliary verb + not + either.

**Rule-2:** Sub + auxiliary + verb + not + principal verb + and + neither + auxiliary verb + sub.

➢ Champa can not drive and her husband can not either.
➢ Champa can not drive and neither can her husband.

# Chapter # 32: Articles

Article হলো পদাশ্রিত নির্দেশক। সাধারণত Noun বা Adjective কে নির্দিষ্ট বা অনির্দিষ্ট করে বুঝাতে Article ব্যবহৃত হয়। A, An এবং The এর ব্যবহারকে Article বলে। আধুনিক English Grammar অনুযায়ী Article parts of speech এর Adjective এর মত কাজ করে, তাই একে Adjective বা Determiner ও বলে।

**Kinds of Article:**

Article মূলত দুই প্রকার। যেমন:

1. Indefinite Article. (অনির্দিষ্টবাচক)
2. Definite Article. (নির্দিষ্টবাচক)

❖ **Indefinite Article:**

যে Article গুলো নির্দিষ্টভাবে ব্যক্তি বা বস্তু নির্দেশ করে না এবং Singular Countable Noun এর পূর্বে বসে, তাকে Indefinite Article বলে। 'A' ও 'An' (একটি, একটা, একজন) হলো Indefinite Article.

❖ **Definite Article**:

যে Article টি নির্দিষ্ট কোন কিছুকে বোঝাতে ব্যবহৃত হয় তাকে Definite Article বলে। The (টি,টা,খানা,খানি, রা, গুলো) হলো Definite Article.

**নিচে Article এর গুরুত্বপূর্ণ ও অত্যন্ত প্রয়োজনীয় কিছু ব্যবহার দেওয়া হলো:**

প্রথমেই আমরা 'A' এবং 'An' এর ব্যবহার জেনে নিই:

## Uses of A:

০১. শব্দের শুরুতে Consonant Sound থাকলে এর পূর্বে 'A' বসে। A man, A girl, A book, A computer ইত্যাদি।

*** সংক্ষিপ্ত শব্দের প্রথম অক্ষর Consonant এর মত উচ্চারিত হলে Article হিসেবে A বসে। যেমন: She is a B.A., Mr. Nus is a BSC.

০২. কিছু কিছু Phrase এর পূর্বে 'A' বসে।
যেমন: In a body, In a hurry, In a fix ইত্যাদি।

০৩. Superlative এ 'most' এর অর্থ যখন 'very' বা খুব বেশি অর্থাৎ আধিক্য অর্থে বোঝায় তখন 'The' না বসে 'A' বসে।
যেমন: Riya travels a most important place.

০৪. ইংরেজি Word এর প্রথম অক্ষর Vowel হওয়া সত্ত্বেও এর উচ্চারণ যদি 'u' (ইউ) বা O (wa/ওয়) এর মতো হয় তাহলে 'A' বসবে। কিন্তু 'An' বসবে না। যেমন: A European, a university, a unique sense, a one-taka note, a one-eyed man ইত্যাদি।

০৫. সম্মানিত ব্যক্তিকে কিংবা অপরিচিত ব্যক্তিকে বোঝাতে 'A' বসে।
যেমন: A poet Mr. Al-Mahmud died. A Mr. Howlader came to me yesterday.

০৬. নিম্নোক্ত শব্দগুলোতে সবসময়ই 'A' বসে কেননা এরা পরিমাণ নির্দেশক বর্ণনা প্রদান করে। যেমন: A few, a good deal, a lot of, a good many, a little ইত্যাদি।

০৭. পূর্ণ সংখ্যা বোঝাতে Half এর আগে 'A' বসে।
যেমন: $2\frac{1}{2}$ = Two and a half.

০৮. Price, speed এবং ratio বোঝাতে 'A /An' বসে।
যেমন: Potato sells at 25 taka a seer. (price)
The motorbike runs 70 kilometers an hour. (speed)
Give the medicine 2 times a day. (ratio)

০৯. Word-এর প্রথম অক্ষর 'h' এবং তা উচ্চারিত হলে তার পূর্বে 'A' বসে।
যেমন: a horse, a house.

১০. Proper Noun টি যখন Common Noun রূপান্তরিত করতে-এর পূর্বে a/an বসে।যেমন:
I think you are a Begum Rokeya.

১১. সংখ্যাবাচক Expression. যেমন-Couple, dozen, hundred, thousand, million, score প্রভৃতির পূর্বে 'A' বসে। যেমন:
Here is a dozen mangoes.
A hundred boys. A couple days.

১২. একই, কোন এক অথবা সমজাতীয় কিছু প্রকাশ করতে Singular Common Noun এর পূর্বে a/an বসে। যেমনঃ She is a beautiful girl.

## Uses of An:

০১. Word- এর প্রথম অক্ষর Vowel হলে তার পূর্বে সাধারণত 'An' বসে। যেমন: an orange, an apple, an Olympic.

০২. Abbreviation এর শুরুর Letter টি Consonant হলেও তার উচ্চারণ যদি Vowel sound এ আসে তাহলে 'A' না বসে 'An' বসে।
যেমন: He is an L.L.B.
She is an M.B.B.S.
Mr. Razu is an M.P.

এমন পাচঁটা Consonant আছে যাদের দ্বারা গঠিত Abbreviation এর আগে 'An' বসে। যথা: F,H,N,M,L

০৩. Word- এর প্রথম অক্ষর 'H' হলেও তা যদি উচ্চারিত না হয় বা তার উচ্চারণ এর মত হয়, তাহলে তার পূর্বে An বসে।
যেমনঃ He worked an hour.
An honest man, An heir.

০৪. Vowel sound হলে An বসে। (a,e,i.o,u)
যেমন: He worked an hour.

## Where to use A and An:

০১. পেশা, শ্রেণী, ব্যবসা বুঝাতে a/an বসে। যেমন:
My mother is a teacher.

০২. নির্দিষ্ট না এমন একজন ব্যক্তি বা বস্তু বোঝাতে Noun- এর পূর্বে 'A /An'বসে। যেমন: Give me a glass of water. Buy me an apple.

০৩. Singular Common Noun এর পূর্বে quite, many, such, rather, but, more, not প্রভৃতি থাকলে ঐ noun-এর পূর্বে'A /An' বসে। যেমন:
Such a beautiful baby.
He is quite an honest man.

০৪. Common noun এর পূর্বে 'A /An' বসে। যেমন: Rima was a good girl.

০৫. Too/so+ adjective+noun হলে ঐ noun –এর আগে 'A /An' বসে। যেমন: It was too serious a matter for him. Gold is so precious a metal.

০৬. Mr/Mrs/Miss প্রভৃতির আগে a বসে। যেমন:
A Mr. Rahman called me.

০৭. What, how দ্বারা Exclamatory sentence শুরু হলে what এর পরে এবং How+adjective-এর পরে 'A /An' বসে। যেমন:
What a nice bird it is?
How ugly a bird/ the crow is?
কতগুলো Word, যেমন: headache, cough, cold, temper, hurry, interest ইত্যাদির পূর্বে স্বাভাবিক গঠনগতভাবেই 'A /An' বসে। যেমন:
He had a headache. Martin has a cough.
She took an interest to go there.

০৮. একাধিক Adjective একই ব্যক্তির/বস্তুর গুণ প্রকাশ করতে ব্যবহৃত হলে, প্রথম Adjective-এর পূর্বে 'A /An' বসে। যেমন:
I have a white and blue saree.
Shanta has an honest and punctual friend.

০৯. সাধারণত কোন ব্যক্তির নামের পূর্বে Article বসে না। তবে বিশিষ্ট গুণসম্পন্ন ব্যক্তির সাথে তুলনা বুঝাতে Proper Noun অনেক সময় Common Noun হিসেবে ব্যবহৃত হয়। এক্ষেত্রে উক্ত Noun- এর পূর্বে 'A /An' বসে। যেমন:
Kazi Nazrul Islam is a Byron of Bangladesh.

১০. Noun দুটি আলাদা ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করলে দুটি Noun-এর পূর্বে 'A /An' বসে। যেমন:
She is both a dress maker and a chef.
He is both a blind and a deaf.

১১. কারো সৃষ্ট বা লিখিত কোন কিছু বুঝাতে তার নামের পূর্বে 'A /An' বসে। যেমন:
I am reading a Napoleon.
Countable Noun যদি Collective Noun গঠন করে সেক্ষেত্রে তার পূর্বে a/an বসে।
যেমন: A group of girls. A bunch of flowers.

১২. কখনো কখনো Disguised Preposition হিসেবে on-এর পরিবর্তে 'A'বসে। যেমন:
The boy have gone a (on) fishing.
The king went a (on) hunting.

১৩. দর, গতিবেগ ও অনুপাত প্রকাশ করতে Article A / An ব্যবহার হয়। যেমন:
The bike runs ninety kilometers an hour.

১৪. আহারের আগে Adj. ব্যবহার হলে Article A / An ব্যবহার হয়। যেমন:
He gave me a good breakfast.

১৫. Many / Such এর পরে Singular common noun ব্যবহার হলে, common noun টির পূর্বে a / an বসে। যেমন: Many a man was present in the last meeting.

## The এর ব্যবহার:

১. পৃথিবীতে যেটির অস্তিত্ব দ্বিতীয়টি নেই অথার্ৎ যেটি মূলত একটিই বর্তমান আছে এবং এটিই যুগে যুগে টিকে আছে এমন বোঝালে 'The' বসে।
যেমন: The moon, The earth, The stars, The word, The sky ইত্যাদি।

২. Superlative degree এবং Ordinal number এর আগে The বসে।
যেমন:
She is the best girl in the class.
You are the first one.
Rupa is the third child of Mr. Sarowar.

৩. সমুদ্র, দ্বীপপুঞ্জ, জাহাজ, নদী, মহাসাগর, উপসাগর, পর্বত, দেশের Plural নাম, মরুভূমি, অঞ্চল ইত্যাদির আগেও The বসে।
যেমন: The Meghna, The Atlantic, The Netherlands, The Andamans and Nichovers, The Sahara ইত্যাদি।
কিন্তু একটি মাত্র পর্বত ও দ্বীপ বুঝালে তার পূর্বে 'The' বসে না। যেমন- Sandwip, Hatia, Mount Everest.

৪. Abbreviation এর মত দেশের নামের আগে 'The' বসলেও পুরো নামের আগের The বসে না। যেমন: The USA, The UK ইত্যাদি। যে সকল দেশের নামের পূর্বে Kingdom, Union, State বা Re-Public আছে আগে The বসে। কিন্তু Japan , Bangladesh, Great Britain ইত্যাদির আগে 'The' বসবে না।

৫. ধর্মগ্রন্থের ও পত্রিকার নামের আগে 'The' বসে। যেমন: The Bible, The Vedas, The Holy Quran, The Ramayan ইত্যাদি।

৬. দিকের নাম বোঝাতে 'The' বসে। যেমন: The North, The East, The South ইত্যাদি।

৭. নির্দিষ্ট বাদ্যযন্ত্রের নামের আগে, বাদ্যযন্ত্র বাজানো অর্থেও 'The' বসে।
যেমন: The flute, The piano ইত্যাদি।

৮. কোন যন্ত্রের নাম বা কিছু আবিষ্কার করা বোঝালে 'The' বসে।
যেমন: The mobile phone is very necessary in modern life.

৯. Material এবং Abstract Noun কে নির্দিষ্ট করে বোঝাতে 'The' বসে।
যেমন: The water of this deep tubewell is not healthy.
The poverty of Bangladesh is really a increasing.

১০. বংশ বা পরিবারের পরিচয় সূচক শব্দের আগে 'The' বসে।
যেমন: The Chowdhury, The pathan, The khan ইত্যাদি।

১১. নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝাতে Singular এবং Plural Noun-এর পূর্বে 'The' ব্যবহৃত হয়।
যেমন:
The girls are roaming around.
The rose is a beautiful flower.

১২. একক ও অদ্বিতীয় বস্তুর নামের পূর্বে 'The' বসে। যেমন-
The sky is blue.
The earth moves around the sun.

১২. ঐতিহাসিক ও বিখ্যাত ঘটনার পূর্বে 'The' বসে।
যেমন:
The World War, The War of 1971,
The Battle of Plessey.

১৩. Phrase/Clause দ্বারা যদি Noun-কে নির্দিষ্ট করা হয় তবে ঐ Noun এর পূর্বে 'The' বসে।
যেমন:
The flower which is red is nice.
The Boy in white shirt was handsome.

১৪. কোন জাতি বা সম্প্রদায়ের নামের পূর্বে 'The' বসে।
যেমন-
The Muslims,
The Bangladeshi, The Buddhist.
শুধুমাত্র man আর woman বাদে।

১৬. সমগ্র জাতি বুঝাতে 'The' বসে। যেমন:
The lion is the king of the forest.
The dog is a faithful animal.

১৭. Singular Designation বা পদবী/উপাধির পূর্বে 'The' বসে। যেমন:
Justin Trudeau is the Prime Minister of Canada.
Sheikh Hasina is the Prime Minister of Bangladesh.

১৮. তারিখের নামের পূর্বে 'The' বসে। যেমন: The $11^{th}$ September,
The $16^{th}$ December, The 21th February.

১৯. Majority, police, public ইত্যাদি Collective Noun
সাধারণত Plural হিসেবে গণ্য হলে এগুলোর পূর্বে the বসে। যেমন:
The majority People were stucked in a riot.
The police have gone to Shopping Mall.
The police have run.

২০. যে সকল Noun দ্বারা বৃত্তি বা পেশা বুঝায় সেই Noun-এর পূর্বে 'The' বসে। যেমন: He joined the Navy.

২১. যত--তত বুঝাতে Adverb- রূপে ব্যবহৃত Comparative degree এর পূর্বে 'The' বসে। যেমন: The more, The better, The greater,
The more you read, the more you learn.

২২. দুইয়ের মাঝে তুলনা বুঝাতে 'two' word-টি যদি ব্যবহৃত হয় তবে সে ক্ষেত্রে Adjective এর Comparative degree এর পূর্বে 'The' বসে। যেমন:
Alif is the greater of the two boys.
Rayna is the more intelligent of the two girls.

২৩. কতগুলো রোগের নামের পূর্বে 'The' বসে। যেমনঃ The plague, The Mumps, The gout, The measles.

২৪. ভাষার নামের পূর্বে সাধারণত 'The' বসে না। কিন্তু উক্ত ভাষার সাথে language কথাটি যুক্ত থাকলে তার পূর্বে 'The' বসে।
যেমনঃ The English language is easy to learn.
The Bengali language is the mother tongue of Bangladesh.

২৫. Phrases এর ক্ষেত্রে 'The' বসে। যেমনঃ In the evening, In the morning, In the previous day, On the day after, the next day, the next night.

***কিন্তু Time expression এর ক্ষেত্রে the বসে না।
যেমন- All day, last night, midday, mid night, last year, last April.

২৬. Meal-এর পূর্বে Post modifier হিসেবে 'The' বসে। যেমনঃ
We enjoyed the dinner where we invited last day.
The lunch were amazing.

***কিন্তু Ordinary meal বুঝাতে Article বসে না । যেমনঃ
I take breakfast at eight.
Have you taken snacks?

আবার, কোন meal এর পূর্বে যদি adjective যুক্ত হয় তখন তার পূর্বে Indefinite article 'A /An' বসে। যেমনঃ
They have a nice lunch.

২৭. নামবিহীন হলে title এর 'The' পূর্বে বসবে।
যেমন-The Principal, The Headmaster, The Professor.

**কিন্তু title এর পরে নাম থাকলে 'The' বসবে না। যেমনঃ
Professor Mostafisur Rahman is a pious person.

২৮. Noun+of+Noun থাকলে এর পূর্বে 'The' বসে। যেমন:

The rosmalai of Cumilla is famous.

The mango of Rajshahi is tasty.

২৯. বিখ্যাত অট্টালিকা ও দালানের নামের পূর্বে 'The' বসে। যেমন:

The Taj-Mahal, The White House.

৩০. বর্ণনামূলক ও ভৌগলিক অর্থপূর্ণ নামের পূর্বে 'The' বসে। যেমন:

The Punjab, The Myanmar.

৩১. একই গুণ সম্পন্ন দুই ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করা হলে যার সাথে তুলনা করা হয় তার পূর্বে 'The' বসে।

যেমন: Nazrul is the Shelly of Bengal.

৩২. নিম্নলিখিত ভৌগলিক নামের পূর্বে the বসে। Example:

| | |
|---|---|
| The Balkans | The Maldives |
| The Caribbean | The Marshal islands |
| The Republic of Congo | The Netherlands |
| The Czech Republic | The Philippines |
| The Dominican republic | The Seychelles |
| The Cayman Islands | The Solomon Islands |
| The United Arab Emirates | The United kingdom |
| The United States of America | The Balkans |

## ■ Phrasal Article:

কিছু phrase আছে, যেখানে নির্দিষ্ট article বসে। যেমন:

| | |
|---|---|
| In a fix | In the long run |
| A man of letter | On the way |
| In a nutshell | In the final analysis |
| In a hush | At the eleventh hour |
| | In the wrong |

## যেসব স্থানে Articles বসে না

০১. নির্দিষ্ট করে না বোঝালে Abstract Noun এর আগে 'The' বসে না।
যেমন: Kindness is a virtue.
Honesty is the best policy.

০২. Squares, buildings, parks, streets, avenue ইত্যাদি শব্দের আগে 'The' বসে না।
যেমন: Buildings are building.

০৩. ভাষার নামের আগে 'The' বসে না।
যেমন: Bangla is our mother tongue. কিন্তু ভাষার নামের পরে যদি Language কথাটি উল্লেখ থাকে, তবে 'The' বসে।
যেমন: The English language is important for worldwide communication.

০৪. দিন বা মাসের নামের আগে 'The' বসে না।
যেমন: Friday is holiday to every Muslims.

০৫. পোশাকের নামের আগে 'The' বসে না।
যেমন: Do you want to take shirt?

০৬. যানবাহনের নামের আগে 'The' হবে না।
যেমন: By bus, By train কিন্তু By the bus, By the train হবে না।

০৭. রাস্তা বা পার্কের নামের আগে 'The' বসে না।
যেমন: Go to Ramna park.
We are at Kazi Nazrul Islam Avenue.

০৮. Plural Noun এর আগে a/an বসে না।
যেমন: Umbrellas, Books ইত্যাদি।

০৯. খাবারের নামের আগে a/an বসে না।

যেমন: You have dinner at 9 pm.

কিন্তু খাবারের নামের আগে যদি কোন গুনবাচক (Adjective) শব্দ বসে, সেক্ষেত্রে a/an বসতে পারে। যেমন: He had a good breakfast.

১০. Uncountable [Oil, tea, paper, water, milk, information, advice ইত্যাদি|] হিসেবে গণ্য শব্দের আগে a/an বসে না।

যেমন: Razon gave me water.

১১. Allah/God এর পূর্বে সাধারণত 'The' বসে না।

যেমন: Allah is Almighty.

১২. যদি মুখ্য উদ্দেশ্যে School, College, University, Hospital, Court, Market ইত্যাদিতে যে উদ্দেশ্যে নির্মাণ করা হয়েছে সে উদ্দেশ্যে যাওয়া বুঝালে article বসে না। যেমন:

I go to school. She goes to market.

১৩. Proper noun এর পূর্বে Article বসে না। Proper noun বলতে বুঝায়:

ক) কোন মানুষের নাম

খ) কোন দেশ বা মহাদেশের নাম

গ) কোন রাজ্যের নাম

ঘ) কোন দিন, মাস, ঋতুর নাম

ঙ) কোন উৎসবের নাম

চ) কোন ভাষার নাম

ছ) কোন পড়ার বিষয়

জ) কোন পারিবারিক সম্পর্কের নাম

যেমন:

Dhaka is the capital city of our country.

January is the first month of the year.

He is a student of Agriculture.

১৪. খেলাধুলার নামের আগে Article বসে না। যেমনঃ
We play football regularly.

১৫. কোন রোগের নামের পূর্বে Article বসে না। তবে Plague রোগের পূর্বে the বসে। যেমনঃ
I am suffering from fever.

১৬. খাবার সময় (breakfast, lunch, dinner) এর পূর্বে a / an বসে না।
যেমনঃ I have lunch at 3pm.

১৭. বিখ্যাত গ্রন্থের নাম এর পূর্বে The বসে কিন্তু যদি লেখকের নাম গ্রন্থের পূর্বে বসে তবে The বসে না। যেমনঃ Homers Illiad.

১৮. কোন ব্যক্তির নিজস্ব বাবা, মা, শিশু ইত্যাদি বুঝালে তার পূর্বে The বসে না।
যেমনঃ He went Madaripur with his mother.

১৯. সাধারণত home এর পূর্বে The বসে না। যেমনঃ He is at home.

২০. Ordinal number এর পূর্বে a / an বসে না। যেমনঃ He bought 20 pens.

## Repetition of Articles

১. অনেক সময় article প্রয়োগে অর্থের পরিবর্তন হয়ে যায়। যেমন-few বলতে প্রায় কিছুই বুঝায় না। a few বলতে অল্প সংখ্যক বুঝায় এবং the few বলতে খুব অল্প সংখ্যক তবে সবগুলো বুঝায়।
I have few friends. (বন্ধু নাই বললেই চলে)
I have a few friends. (অল্প সংখ্যক বন্ধু)
I have the few friends. (অল্প সংখ্যক বন্ধু তবে তারা সবাই)

২. Little বলতে প্রায় কিছুই না (পরিমাণ) বুঝায়। a little বলতে সামান্য পরিমাণ বুঝায় এবং the little বলতে সামান্য পরিমাণ তবে তার সবটুকু বুঝায়।
She has little sugar. ( চিনি নাই বললে চলে)
She has a little sugar. (সামান্য চিনি)
She has the little sugar. (সামান্য চিনি তবে সবটুকু)

৩. তুলনা বুঝাতে দুটি Noun যদি একই ব্যক্তিকে নির্দেশ করে তাহলে প্রথম noun- টির পূর্বে article বসে। কিন্তু noun দুটি যদি ভিন্ন ব্যক্তিকে নির্দেশ করে, তবে প্রত্যেকটি object এর পূর্বে article বসে।
She is better student than writer. (একব্যক্তি)
She is a better student than a writer. (ভিন্নব্যক্তি)

৪. দুই বা ততোধিক Adjective যদি একই Noun কে qualify করে তখন প্রথম noun টির পূর্বে article বসে। যেমন-She has a white and blue car

*** কিন্তু দুই বা ততোধিক Adjective যদি একই noun কে qualify না করে ভিন্ন ভিন্ন noun কে qualify করে, তাহলে প্রত্যেকটি noun এর পূর্বে a/an বসে। যেমন-She has a white car and a blue car

## Exercise

**Use article (a, an, the, x):**

1. My brother is ———army officers.
2. He is working in ————UN mission.
3. He is ————physician.
4. He is not only——— MBBS but also————FRCS.
5. Now we will finalise either of ————to who is ——— prettier.
6. After marriage we will go to see ————Mount Everest.
7. It is situated in————North of India.
8. It is ——— highest Mountain in ————world.

# Chapter # 33: Negation

**Negation:** বাক্যকে না বোধক বা নেগেটিভ করার পদ্ধতিই হলো Negation বা অস্বীকৃতি। সহজ ভাষায় কোন ইতিবাচক বাক্যের বিরোধিতা করা, না বোধক করা বা অস্বীকৃতি জানানোর পদ্ধতিকে Negation বলে।

যেমন: He is a student এই বাক্যের Negation হলো
He is not a student.

আরো সহজ করে বলতে গেলে একটি Affirmative বাক্যকে Negative বানানোর রুলস বা পদ্ধতিকেই Negation বলে।

" The action or logical operation of negating or making negative " is called Negation.

**Some Examples of negation:**

1. I don't like gossiping.
2. He has no book.
3. Israt has never been there.
4. I did nothing for this project.
5. None of us liked the place.
6. Neither I nor you did the work.
7. He is not sure about this matter.
8. Nobody was in the office.
9. Why are they so careless?
10. She has no knowledge of English.

আমরা জানি, সাধারণত বাক্যের Auxiliany verb এর সাথে not যুক্ত করে negative করতে হয়, কিন্তু এছাড়াও অনেক negative words, prefixes, suffixes, phrases এবং clauses যুক্ত করেও বাক্যকে negative করা যায় সকল বিষয়গুলোই negation অধ্যায়ের আলোচ্য বিষয়।

## 1. Negation in Tense

| S.L No. | Tense | Negation করার পদ্ধতি |
|---|---|---|
| 1 | Present Indefinite | Do = do not/don't<br>Does = does not/ doesn't |
| 2 | Present Continuous | Am = am not/ain't<br>Is = is not/isn't<br>Are =are not/aren't |
| 3 | Present Perfect | Have = have not/haven't<br>Has = has not/hasn't |
| 4 | Present Perfect Continuous | Have been = have not been, Has been = has not been |
| 5 | Past Indefinite | Did = did not/didn't |
| 6 | Past Continuous | Was = was not/wasn't<br>Were = were not/ weren't |
| 7 | Past Perfect | Had = had not/hadn't |
| 8 | Past Perfect Continuous | Had been = had not been/hadn't been |
| 9 | Future Indefinite | Shall not/shan't<br>Will = will not/won't |
| 10 | Future Continuous | Shall be = shall not be/ shan't be, Will be= will not be/won't be |
| 11 | Future Perfect | Shall have = shall not have/shan't have<br>Will have = will not have/won't have |
| 12 | Future Perfect Continuous | Shall have been = shall not have been, Will have been = will not have been |

[H.W 12টি tense এর প্রতিটি structure দিয়ে পাচঁটি করে sentence তৈরী করে সেগুলিকে negative করতে হবে। ]

## 2. Negation in Modals - Auxiliary

| SL No. | Modals | Modals in negative |
|---|---|---|
| 1. | Can | Can not/can't |
| 2. | Could | Could not/couldn't |
| 3. | May | May not/mayn't |
| 4. | Might | Might not /mightn't |
| 5. | Must | Must not/ mustn't |
| 6. | Dare | Dare not/ daren't |
| 7. | Need | Need not/needn't |
| 8. | Shall | Shall not/ shan't |
| 9. | Should | Should not/ shouldn't |
| 10. | Will | Will not/ won't |
| 11. | Would | Would not/ wouldn't |
| 12. | Ought to | Ought not to / Oughtn't to |
| 13. | Supposed to | Supposed not to |
| 14. | Used to | Used not to |
| 15. | | Modal phrase in Negation |
| 16. | Am to | Am not to/ ain't to |
| 17. | Is to | Is not to/ isn't to |
| 18. | Are to | Are not to/aren't to |
| 19. | Was to | Was not to/wasn't to |
| 20. | Were to | Were not to /weren't to |

| SL No. | Modals | Modals in negative |
|---|---|---|
| 21. | Have to | Have not to/ haven't to |
| 22. | Has to | Has not to/hasn't to |
| 23. | Had to | Had not to/ hadn't to |
| 24. | Will have to | Will have not to will haven't to |
| বিঃদ্রঃ Contraction বা শর্টফর্ম গুলো শুধুমাত্র Spoken English এ ব্যবহৃত হয়। | | |
| H.W. প্রতিটি Modal দিয়ে পাচঁটি করে বাক্য তৈরী করুন এবং এগুলো negative বাক্যে রূপান্তর করুন। | | |

## 3. Negation in words

- কিছু words যেমন: even, anybody, anyone, anything,anywhere এর পরিবর্তে never, nobody, no one, nothing, nowhere, ইত্যাদি ব্যবহার করেও Negation করা যায়। এছাড়াও Negative suffix, prefix, adjective, adverb ও negative word যুক্ত করেও বাক্যকে Negation করা যায়।

➢ **Suffix যুক্ত করে Negation করার কিছু উদাহরণ :**

2. He is very careless that he will not do anything.
3. The food is very tasteless.
4. Riaz feels hopeless.
5. I have endless stories to tell.
6. Do not feel so helpless.

এছাড়াও Useless, Restless, Doubtless, Bottomless, Homeless, ইত্যাদি suffix যুক্ত করে negation করা হয়।

➢ Adjective ও Adverb যুক্ত করে Negation এর উদাহরণ।

1. Few people will support you.

2. I was a little tired.
3. He seldom comes here.
4. She has hardly seen Rana working so hard.
5. Tandid barely sings song.

এভাবে A few, Little, barely, scarcely, roughly, ইত্যাদি যুক্ত করে Negation করা যায়।

Negative word যুক্ত করে Negation এর উদাহরণ:

1. Mr. Saikat is not right.
2. He has no relative here.
3. Enan has nothing to say.
4. None can hide the truth.
5. No one supported me.

এছাড়াও Never, Nobody, Nowhere, Neither, Neither… nor, Not either, None of, Not any, etc দিয়েও Negation করা যায়।

Prefix দিয়ে Negative বাক্যের উদাহরণ:

Un, Im, In, Dis, De ইত্যাদি prefix যুক্ত করেও Negation করা যায়।

যেমন:

1. It is Impossible to be a spider man.
2. I want to deactivate my facebook account.
3. The matter is really unimportant.
4. She bought unnecessary things.
5. Asin showed an immature behavior.
6. Point out the disadvantages of social media.
7. He appointed an unqualified person.
8. It is simply unbelievable.
9. The management is thinking of decentralization.
10. The Bank account has been deactivated.

**Double Negative**

একই বাক্যে একাধিক Negative word বা suffix যুক্ত থাকলে তাকে আমরা double negative বলতে পারি। দুটি Negative word যুক্ত থাকলে মাঝে মাঝে এটি Affirmative বাক্যও হতে পারে ।

'আধুনিক বা Modern English এ Double Negatives পরিহার যোগ্য, কারণ এটি Grammatically ভুল।'

**Examples.**

1. I can not find him nowhere.
2. He does not come here never.
3. Masud is not uncontrollable.

Double Negative বাক্যে , সাধারণত Negative words যেমনঃ Never, Nobody, None, Nothing ইত্যাদি এবং prefix যেমনঃ
ir, un, non, pre, anti, il, im ইত্যাদি যুক্ত থাকে।
বাক্যে Double Negative বর্জনীয়।

# Chapter # 34: Completing Sentence

**Completing Sentence** বলতে একটি অসমাপ্ত বাক্যকে সমাপ্ত করা বোঝায়। এ ধরণের বাক্যসমূহের শূণ্যস্থানগুলোকে ব্যাকরণ সম্মতরূপে নির্ভুলভাবে পূরণ করা এবং সেগুলোকে সম্পূর্ণ অর্থবোধক করে পূর্ণাঙ্গ রূপ দিতে হয়।

একটি অসমাপ্ত বাক্যকে নানাভাবে সমাপ্ত করা যায়। একটি Incomplete (অসমাপ্ত) বাক্যকে complete (সমাপ্ত) করতে নিম্নোক্ত বিষয়গুলো খেয়াল রাখতে হয়। যথা:

১. বাক্যের গঠন (structure) সম্পর্কে সুস্পষ্ট ধারণা।
২. সম্পূর্ণ বাক্যের সঙ্গে অসম্পূর্ণ বাক্যের যৌক্তিক (relevant) প্রয়োগ।
৩. শব্দ ভাণ্ডার (Vocabulary) এর যথার্থ প্রয়োগ।
৪. Correct verb forms, Adverbial Participles (Group verb) with verbs, Appropriate Articles এবং Prepositions, Participles, Gerund ও Conjunctions ইত্যাদি বসিয়ে অপূর্ণ বা অসম্পূর্ণ Sentence-কে সম্পূর্ণ করা যায়।

**নিচে বিভিন্ন নিয়ম সম্পর্কে আলোচনা করা হল:**

1. **Too ......To দ্বারা বাক্য:** বাক্যে Adjective, adverb এর পূর্বে too থাকলে তার পরে to+verb (Infinitive) দ্বারা বাক্য শেষ করতে হয়। Too---To এর বাংলা অর্থ যে, এতো----না

   **Structure: Sub + verb + too + adj/adverb + to + একটি সঙ্গতিপূর্ণ verb+....।**

   Note: too---to একটি negative word তাই পুনরায় sentence টিকে negative করতে হয় না।

   **যেমন:**

   - She is too ill----.
   - **Ans:** She is too ill to run.
   - Rani is too poor----.
   - **Ans:** Rani is too poor to purchase a bag.
   - He was too ill---
   - **Ans:** He was too ill to travel.

2. **<u>So that, In order that ও To:</u>** So that এবং In order that এর অর্থ 'যেন' বা 'যাতে'। এ দুটি Conjunction এর ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য। এদের পরবর্তী Subject– এর পরে could বা might বসে। তবে প্রথম clause-টিতে Present tense থাকলে can বা may ও বসতে পারে।

**<u>Structure:</u> Sub+ verb + so that/ in order that+ Sub+ might/ could,may/can+ verb+.....** ।
যেমন:

- Rinki studied more so that -----------------.
- **Ans:** Rinki studied more so that <u>she might get the scholarship</u>.
- He tells the story in order that ------------.
- **Ans:** He tells the story so that <u>we can acquire more knowledge</u>.
- I sent my son to school so that <u>he could learn</u> something.

3. প্রথম Sentence ও দ্বিতীয় Sentence-এর Subject পৃথক হলে Adjective/Adverb-এর পর for বসে এবং এর পর Personal Object বসে।

**<u>Structure:</u> Sub+ verb+ too+adj/adv+ for + Personal Obj+ to+ সঙ্গতিপূর্ণ verb........** । যেমন:

- The luggage is too heavy for me.....
  **Ans:** The luggage is too heavy for me <u>to carry</u>.
- Gold is too expensive for me.......
  **Ans:** Gold is too expensive for me <u>to buy</u>.
- It is too hard for me to understand.

4. Provided/Provided that/Providing that-এর অর্থ 'যদি' এবং এরা Conjunction **'if'** এর অর্থ প্রকাশ করে।
   **Structure: Incomplete Sentence+ Provided/ Provided that/ Providing that + একটি সম্পূর্ণ Sentence** (যা হবে প্রথম Sentence এর সাথে সঙ্গতিপূর্ণ এবং এর অর্থ হবে 'যদি')
   - I will play cricket provided———.
     **Ans:** I will play cricket provided he comes.
   - They will go to Cox`s Bazar providing that —.
     **Ans:** They will go to Cox`s Bazar providing that there is no major issue.

5. **Lest** -এর অর্থ যাতে না। Lest এর পরে Subject এবং Modal Auxiliary Verb 'should/might সমবায়ে গঠিত একটি সম্পূর্ণ Sentence বসিয়ে বাক্যের অর্থ Complete করতে হয়। Lest সাধারণত নেতিবাচক অর্থ প্রকাশ করে থাকে। এজন্য Lest দ্বারা যে clause শুরু হয় তাতে negative word (no, not, never ইত্যাদি) বসে না।

   **Structure: প্রথম থেকে lest পর্যন্ত + প্রথম Subject + Should/ might + verb……** । যেমন:
   - He ran fast lest he……………
     **Ans:** He ran fast lest he should/might miss the bus.
   - Read more lest you……………
     **Ans:** Read more lest you should/might fail in the examination.

6. **Let alone** = তো দূরের কথা / না বললেই নয় অর্থ প্রকাশ করলে 'let alone' ব্যবহার করা হয়। যেমন:
   - Tina cannot speak Bengali let alone…….
     **Ans:** Tina cannot speak Bengali let alone English.
   - I cannot take a book let alone……
     **Ans:** I cannot take a book let alone a bag.
   - I do not know his name.
     **Ans:** Let alone his fathers name.

7. **In case** এর অর্থ 'যদি'। এটি একটি Conjunction এবং In case যুক্ত Subordinate Clause টি Principal clause-এর কাজের 'কারণ' নির্দেশ করে। তাই In case এর সাহায্যে Sentence Complete করতে হলে In case এর পর Principal Clause এর 'কারণের' সাথে সঙ্গতিপূর্ণ Subordinate clause ব্যবহার করতে হয়। যেমন:
   - Take an umbrella with you in case-------------
     **Ans:** Take an umbrella with you in case it rains
   - Rayhan should propose her in case she is single.

   **[N.B:** In case যুক্ত Subordinate clause টি সাধারণত Present tense এর হয়। তবে কোন কিছু ঘটে গিয়েছে এরূপ বুঝাতে, In case এর উভয় Clause ই Past tense হয়।]
   - Sumi took an umbrella with her in case--------.
     Ans: Sumi took an umbrella with her in case it rained.

8. As long as এর অর্থ **যতক্ষণ ধরে** যুক্ত বাক্যও একটি পূর্ণ বাক্য সহযোগে Sentence Complete করতে হয়। এটি সাধারণত Compound Sentence এ Conjunction phrase হিসেবে বসে।
   - You can use my laptop as long as----------.
     **Ans:** You can use my laptop as long as you are careful.
   - Wait here as long as I don't come.

9. Inspite of/ Despite মানে সত্ত্বেও। বাক্য Complete করতে এদের পরে বিপরীত অর্থবোধক বাক্য দিয়ে Complete করতে হয়।
   - Inspite of his having qualification,-------------.
     **Ans:** Inspite of his having qualification, he didn't get the job.
   - Inspite of being overweight------------.
     **Ans:** Inspite of being overweight he ran very fast.
   - Our vacation was a lot of fun despite----------.
     **Ans:** Our vacation was a lot of fun despite the cold weather.

10. In lieu of/ Instead of এর অর্থ হলো পরিবর্তে। মানে একটার পরিবর্তে আরেকটা। এরা সাধারণত Simple Sentence এ ব্যবহৃত হয়।
    - Instead of complaining each other -------------.
      **Ans:** Instead of complaining each other try to find the solution.
    - They took cash in lieu of--------------.
      **Ans:** They took cash in lieu of the prize that I had won.

11. Because of/ On account of/ Due to কারণ বোঝায়। এগুলোও Simple Sentence এ ব্যবহৃত হয় এবং এদের পরে কার্যের কারণ বসে।
    - I could not come due to-----------
      **Ans:** I could not come due to my illness.
    - The plane was grounded because of -------------.
      **Ans:** The plane was grounded because of the malfunction of its engine.
    - The flight was delayed on account of----------.
      **Ans:** The flight was delayed on account of the bad weather.

12. As if/ As though অর্থ যেন। Sound, look, speak ইত্যাদি verb এর পরে as if/ as though বসে। এবং এর পরে verb এর $v_2$ / $v_3$ হয়।

**Rule:** (1) Present + as if / as though + Past Indefinite.
(2) Past Indefinite + as if / as though + Past Perfect.
- Rima speaks as if she-------------.
  **Ans:** Rima speaks as if she knew everything.
- The man looks as though----------.
  **Ans:** The man looks as though he were innocent.
- He behaved as if he had known all.

13. It is time/ It is high time যুক্ত বাক্যে পরের verb টি Past Tense হয়। যদি time এর পর subject বসে।
    - It is time we-----------.
      **Ans:** It is time we proceeded to our destination.
    - It is high time she------------.
      **Ans:** It is high time she left the job.

    [তবে It was time হলে পরের অংশ Past Perfect হবে।]

14. It is time এর পরে (for+me/him/her/them/us) থাকলে অথবা It is time এর পরে to + $v_2$ হয়। যেমন:
    - It is time-------------.

    **Ans:** It is time to start the class.
    - It is time for me-----------.

    **Ans:** It is time for me to start the class.
    - It is time to clean the floor.

15. with a view to, look forward to, get used to, (be) used to, mind, would you mind, could not help, past, worth এর পরে সবসময় Verb এর সাথে ing যোগ হয়। যেমন:
    - He is looking forward to..........

    **Ans:** He is looking forward to joining a company.
    - I am used to ------------------.

    **Ans:** I am used to walking in the morning.
    - Would you mind ---------------?

    **Ans:** Would you mind having a cup of coffee with me?

16. Voice এর নিয়ম অনুসারে want, desire ইত্যাদি verb এর পর should be ব্যবহার করে passive voice করা হয় এবং এভাবেই Sentence Complete করতে হয়। যেমন:
    - We want that we.....

    **Ans:** We want that we should be honest.

17. Make, Get ইত্যাদি verb কোনো কাজ করানো অর্থে ব্যবহৃত হয়। যেমন:
   - He made me.......
   **Ans:** He made me happy.
   - I got---------.
   **Ans:** I got the work done.

18. had rather, would better, would sooner, had rather, had sooner, had better এদের পরে সবসময় Verb এর Present form+ than+ verb বসে। যেমন:
   - We would rather eat...
     **Ans:** We would rather eat than leave.
   - He had better---------.
     **Ans:** he had better go for a tour.
   - You had better leave the place.

19. No sooner had.....than, Scarcely had when, Hardly had when থাকলে প্রথম verb কে past participle করতে হয় এবং দ্বিতীয় verb কে past form করতে হয়। যেমন:
   - No sooner had he arrived.................
     **Ans:** No sooner had he arrived than it started raining.
   - Hardly had I reached home............
     **Ans:** Hardly had I reached home when my phone rang.

   [No sooner বা Scarcely + have / has + subject + $v_3$ + than / when + Present Perfect.]

20. If মানে যদি। If যুক্ত বাক্যে (Principal clause) Subject এর পরে might+would/could বসে এবং ক্রিয়ার Present form বসে। তবে might/would/could এর পরিবর্তে would have/could have/might have+verb এর past participle বসানো যেতে পারে। যেমন:
   - If she were the queen -----------.
     Ans: If she were the queen she would never break the rule.

*** Conditional Clause (If / Had) হলে:

(i) If + Present Indefinite + Present Indefinite. (চিরন্তন সত্য হলে)
= If you add two and two, it becomes four.

(ii) If + Present Indefinite + Future Indefinite. (চিরন্তন সত্য না হলে)
= If you call, I will come.

(iii) If + Past Indefinite + Future in Past + subject + would / could / might + $v_1$.
= If you called, I would come.

(iv) If + Past Perfect + Future in Perfect.
= If you had called me, I would have come.

***Note**: If clause টি যদি Present Indefinite Tense হয় তাহলে অপরটি অর্থাৎ Principal clause টি Future Indefinite Tense হয়। এছাড়াও many / can / should / must / have to / has to ও লেখা যায়। যেমন:যেমন:

- If she comes,-----------.
  Ans: If she comes, I will meet her.
- If they play,----------.
  Ans: If they play, I will join them.

বিস্তারিত জানতে Conditional lesson টি পড়ে নিতে পারেন।

21. Before অর্থ 'পূর্বে বা আগে'। এর পূর্বে verb এর Past Perfect Tense হয়। After অর্থ 'পরে'। এর পরে Past Perfect Tense হয়।

**(i)** **Structure:** Past Perfect (had+verb এর P.P form+ before+ Past Indefinite Tense. যেমন:
He had done the work before...........
**Ans:** He had done the work before she called.

**(ii) Structure:** Past Indefinite+ verb এর P.P form + after+ Past
Perfect (had)। যেমন:
She called after...........
**Ans:** She called after he had done the work.

22. Not even/ Even though এর অর্থ 'এমনকি/ এমনকি তাও নয়/ এমনকি যদিও'। যেমন:
    - Noboy would support me to do that...........
      **Ans:** Nobody would support me to do that not even my family.
    - Even though they cannot play cricket .................
      **Ans:** Even though they cannot play cricket, they have gone there.

23. After দ্বারা দুটি clause যুক্ত হলে আগের clause টির verb present বা future tense এর হলেও পরের clause টির verb হবে Present Perfect Tense এর।

    **Structure: Future tense + after / when + Present Perfect tense.**

    যেমন:
    - I will complete my study after...........
      **Ans:** I will complete my study after he has come.
    - We will invite him......
      **Ans:** We will invite him after they have returned.
    - You can go when.
      **Ans:** You can go when you have finished your work.

24. **Antecedent:** Relative pronoun, 'who/which/that' থাকলে এরপর Subject এর repetition না করে Subject এর সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে একটা Predicate বসিয়ে দিলে বাক্য পূর্ণ হয়। যেমন:
    - This is the book which/ that-----------.
      **Ans:** This is the book which/ that was bought 21st February Book fair, 2020.
    - Shima is the girl who------------.
      **Ans:** Shima is the girl who acquired GPA-5 out of 5 from Humannities group.

    **Note:** Pronoun lesson এর Relative pronoun ভালো করে পড়ুন।

25. সমসাময়িক তুলনা বুঝাতে (as + adjective + as) এবং অসম তুলনা বুঝাতে (so + adjective + as) বসে। যেমন:
   - He is not so...............
     **Ans:** He is not so well as I expected.
   - She is as innocent................
     **Ans:** She is as innocent as her brother.

26. There + verb + sub + -----
    যেমন:

    There…a book on the table.
    **Ans:** There was a book on the table.
    **Note:** Sub অনুযায়ী verb পরিবর্তন হবে। There অনুযায়ী হবে না।

27. Though / Although এর অর্থ হলো (যদিও) Though / Although দ্বারা ২টি clause যুক্ত থাকে এবং ১টি clause বিপরীত অর্থ প্রকাশ করে।
    ** বিপরীত অর্থ প্রকাশ বাক্য + though / although + অন্য একটি বাক্য
    যেমন:
   - He is honest though he is poor.

28. As / Since এর অর্থ যেহেতু As / Since থাকায় পরবর্তী Clause টিতে ফলাফল মূলক অর্থ প্রকাশ করে। যেমন:
   - As you did not come on time, it could not get the book.
   - Since she was busy, she could not attend the meeting.

    Because অর্থ কারণ এজন্য because যুক্ত clause টিতে ফলাফল অর্থ প্রকারভেদ এর অন্য clause টিতে ফল প্রকাশ পায়। যেমন:
   - He did not get the job because he could not pass in the exam.

29. Till / Until এদের অর্থ যতক্ষণ পর্যন্ত / যতক্ষণ পর্যন্ত না। Until একটি negative word তাই এর পরে not যুক্ত করতে হয় না।
    Subject + verb + ….+ till / until + subject + verb +….

যেমন:

- We have to wait here until he arrives.
- The doctor will take care of the patient till he gets well.
- Do it continuously till I don't stop you.

30. Not only-----but also এর ক্ষেত্রে শেষের Subject অনুযায়ী verb হয়। যেমন:
    - Not only Rakib------

      **Ans:** Not only Rakib but also his friends are reading a book.
    - Not only he but also Rakib is a smart boy.

## Exercises

**Complete the sentence:**

1. Walk fast lest ———.
2. He behaves as if ———.
3. It is high time we ———.
4. No sooner had he reached the station ———.
5. I am used to ———.
6. A Railway station is the place where ———.
7. He has become poor because ———.
8. I wish I ———.
9. The load was too heavy ———.
10. He studies medicine so that ———.

# Chapter # 35: Conditional Sentence

Condition বা Conditional বলতে এমন sentence কিংবা clause-কে বুঝায় যা if বা unless, when, had দিয়ে হয় এবং একটি শর্ত বা condition প্রকাশ করে। মনে রাখতে হবে যে, একটি Conditional Sentence এ দুটো খণ্ডবাক্য থাকে এবং এর একটি If clause, অন্যটি Main clause. If যুক্ত Clause টি 'শর্ত' বোঝাতে এবং Main clause টি সেই শর্তের প্রেক্ষাপট, ফলাফল কিংবা পরিণাম বোঝাতে ব্যবহৃত হয়।সাধারণত Principal Clause সবসময় শুরুতে বসে। (If অর্থ 'যদি অথবা লে')

কাজের শর্ত বা Condition পূরণের সম্ভাব্যতার উপর ভিত্তি করে Conditional Sentence কে চার ভাগে ভাগ করা হয়। যথা:

01. Zero Conditional.
02. First Conditional.
03. Second Conditional.
04. Third Conditional.

গঠন অনুসারে Conditional sentence দুই প্রকার। যথা:

(1) Opened conditional sentence.
(2) Closed conditional sentence.

শর্ত মূলক sentence এ if যুক্ত থাকলে তাকে বলা হয় opened conditional sentence । অন্যদিকে if যুক্ত না থাকলে তাকে বলা হয় closed conditional sentence।

**Note:** এই দুটি conditional sentence $2^{nd}$ এর $3^{rd}$ conditional sentence এ দেখা যায়।

অর্থ অনুযায়ী Conditional sentence দুই প্রকার। যথা:

(1) Real conditional sentence → Zero এবং $2^{nd}$ conditional sentence.
(2) Unreal conditional sentence → $2^{nd}$ এবং $3^{rd}$ conditional sentence.

## 1. Zero Conditional:

বৈজ্ঞানিক সত্য, চিরন্তন সত্য বা স্বাভাবিক সত্য ঘটনা বোঝাতে Zero conditional ব্যবহৃত হয় এবং এতে If ব্যবহৃত হয়। কিন্তু তাতে Sentence এর অর্থে কোন পরিবর্তন হয় না।

(i) **Structure:** If+ present indefinite + কমা (,) + present indefinite.

**Example:**

If you heat water, it boils.
If you touch fire, you burn your hand.
If it rains, the grass gets wet.
If you freeze water, it becomes solid/ice.
Work harder, if you want a good result

**(ii)** **Structure:** If+ past indefinite + কমা (,) + would/could/ might +$v_1$+.....

**Example:**

If I asked her to come with us, she would say no.
If we spoke the truth, we would never fell distress.

**(iii)** **Structure:** If+ present indefinite +কমা (,) + future indefinite.

**Example:**

If it is winter, it will feel cold.
If you wet too long in the rain, you will get sick.

[N.B: If যদি বাক্যের প্রথমে থাকে তবে main clause এর আগে কমা (,) বসবে।
যদি If মাঝে বসে তবে ছোট হাতের অক্ষরে হবে এবং কমা (,) বসবে না।]

**Example:**

If he has time, he will visit us next Friday.
He will visit us next Friday if he gets time.

## 2. First Conditional:

এই ধরণের Conditional Sentence গুলো Possible condition এবং তার সম্ভাব্য ফলাফল নির্দেশ করে। If/when যুক্ত Clause টি Present indefinite tense হবে।

(i) **Structure:** If+ present indefinite+ কমা (,) + future indefinite.
Or,
If+ present indefinite+ কমা (,) + (sub+will/can/may+$v_1$+obj)

**Example:**
If he runs in the sun, he will fall sick rapidly.
If I have a blue car, I myself will drive it.
If you read book daily, you can/may know many things about life.

(ii) **Structure:** Future indefinite+ if+ present indefinite.
**Example:**
He will win the prize if he runs fast.
The demand will increase if the price is low.

## 3. Second Conditional:

এতে ভবিষ্যত ঘটনার উল্লেখ থাকে এবং যে শর্ত আরোপ করা হয় তা পূরণ হওয়ার সম্ভাবনা কম। এ জাতীয় conditional Clause-এ Past Indefinite tense থাকে এবং Main clause এ (Subject+ could/would/ might+ main verb-এর Present form+ object) হবে।

(i) Structure: If+ past indefinite+ কমা (,) + (sub+ would/ could+ might+ $V_1$+ obj).
Or

Sub+ would/could/might /v1+obj+ if+ past indefinite. Or,
Had + sub + determiner + noun / adverb ---, sub + would / could / might + $v_1$.

**Example:**
If he ran in the sun, he would be sick in any times.
If you read book daily, you would gain knowledge.
If you worked hard, you might/could earn money.
If she asked him to go, he might say yes.
Were / Had a phone, I could call you anytime.

**(ii)** **Structure:** If+ sub+ were+ complement+ কমা (,) + sub+ would/could/ might+ $V_1$+ obj.
Example:
If I were Prime Minister, I would ensure people's equality.
If I were rich, I would help the poor.
If your friend were invited, he would come.

## 4. Third Conditional:

এই ধরণের Conditional Sentence গুলো Past condition প্রকাশ করে এবং তার সম্ভাব্য অতীত ফলাফল নির্দেশ করে। If যুক্ত Clause টি Past perfect tense হবে এবং Main clause টি Perfect conditional (sub+ would/ could/ might+ have+ $V_3$+ obj.) হবে।

**(i)** **Structure:** If+ past perfect+ কমা (,) + perfect conditional (sub+ would/ could/ might+ have+ $V_3$+ obj).
Or,
Perfect conditional + if + past perfect.

**Example:**

If you had worked hard, you would have got extra money.

If it had rained cats and dogs, he would have taken on umbrella.

I would have helped you if you had asked for it.

**(ii) Structure:** Had+ sub+ $v_3$+ obj+ কমা (,)+ sub+ would /could/ might+ have+ $v_3$+ obj.

**Example:**

Had he called me, I could have talked to him.

Had I been in your situation, I would have accepted the job.

Had I been a millionaire, I would have established hospital.

Had I been there, I would have supported him.

**Conditional Sentence-এর আরো কিছু নিয়ম:**

- Polite request বোঝাতে if clause-এ if+will বসতে পারে। যেমন: If you will come, I will treat you.
- More Polite বা অধিক নম্র অনুরোধ বোঝাতে if clause এ would ব্যবহৃত হয়। যেমন-

  If you would come to my office, I will manage a job for you.
- Present Simple +Modal Verb যেমন-

  If you study more, you can get good marks.

## Exercises

**Correct the sentence:**

1. If I (be) you, I would not have done this.
2. If I (see) him, I would have given him the news.
3. If you wanted, I (help) you.
4. If I see him, I (tell) him the matter.
5. If he comes, I (go)
6. If he ran fast, he (get) the prize.
7. If she reads more, he (pass) the exam.
8. If I (try), I might have succeeded.
9. If you (take) medicine, you would get cured.
10. If I were a bird, I (fly) in the sky.

# Chapter # 36: Affix, Prefix and Suffix

ইংরেজীতে Parts of Speech আট প্রকার। এর মধ্যে noun, adjective, verb ও adverb এই চারটিকে key word বা base word বলে এবং pronoun, preposition, conjunction ও interjection এই চারটিকে subsidiary (সহায়ক) word বলে। Subsidiary word গুলো পরিবর্তনযোগ্য নয়। কিন্তু key word বা base word -গুলো অর্থাৎ noun, adjective, verb ও adverb-কে একপদ থেকে অন্যপদে রূপান্তর করা যায়। রূপান্তরের এ পদ্ধতিকে বলা হয় Affix। Affix শব্দের মূল অর্থ হল, সংযোগ করা বা জুড়ে দেয়া।

Affix কে দুই শ্রেণীতে ভাগ করা যায়। যথাঃ

1. Prefix (উপসর্গ)।
2. Suffix (প্রত্যয়)।

ইংরেজি ভাষায় যে সমস্ত Prefix এবং Suffix বেশি ব্যবহৃত হয় তা নিম্নে দেয়া হল। able/ible,al, ance, be, dis, ee, en, er, ful, by, lam, ic, il, in, im, ir, ing, ish, ly, ment, ness, ous, pre, s/es, ship, sion, tion, ion, un, y/ye.

- **PREFIX(উপসর্গ):** মূল শব্দের শুরুতে যে বর্ণ বা বর্ণ সমষ্টি যোগ করা হয় তাকে Prefix বলে।

**1. Be Prefix যুক্ত করে Verb, Noun ও Adjective গঠণপ্রণালী-**

| Prefix | **Noun/adjective** | **verb** |
|---|---|---|
| Be+ | Devil (পিশাচ) | Bedevil (বিপর্যস্ত করা হয়েছে) |
| | Calm (শান্ত) | Becalm (শান্ত করা) |
| | Cloud (মেঘ) | Becloud (মেঘাচ্ছন্ন করা) |
| | Come (আসা) | Become (ঘটা,পরিণত হওয়া) |
| | Fall (পড়া) | Befall (ঘটা/পড়া) |

| | | |
|---|---|---|
| Be+ | Dew (শিশির) | Bedew (শিশিরসিক্ত করা) |
| | Fog (কুয়াশা) | Befog (কুয়াশাচ্ছান্ন করা) |
| | Fool (বোকা) | Befool (বোকা বানানো) |
| | Fit (মানানো) | Befit (মানানসই হওয়া) |
| | Friend (বন্ধু) | Befriend (বন্ধুত্ব করা) |
| | Dim (অস্পষ্ট) | Bedim (অন্ধকার করা) |
| | Gloom (বিষাদ) | Begloom (বিষাদাচ্ছন্ন করা) |
| | Half (অর্ধেক/অর্ধাংশ) | Behalf (পক্ষ) |
| | Labour (পরিশ্রম) | Belabour (সর্বশক্তি দিয়ে আঘাত করা) |
| | Moan (বিলাপ) | Bemoan (বিলাপ করা) |
| | Numb (অবশ) | Benumb (অবশ করা) |
| | Quest (অনুসন্ধান) | Bequest (অনুসন্ধান করা) |
| | Siege (অবরোধ) | Besiege (অবরোধ করা) |
| | Sprinkle (ছিটানো) | Besprinkle (উপরে ছিটানো) |
| | Tide (জোয়ার-ভাটা) | Betide (সংঘটিত হওয়া) |

**2. Dis দ্বারা গঠিত বিপরীত শব্দ-**

| Prefix | Base form | Opposite word |
|---|---|---|
| Dis+ | Claim (দাবী করা) | Disclaim (অস্বীকার করা) |
| | Contentment (সন্তোষ) | Discontentment (অসন্তুষ্ট) |
| | Courteous (ভদ্র) | Discourteous (অভদ্র) |
| | Embarkation (জাহাজে উঠা) | Disembarkation (স্থলে অবতরণ) |
| | Enthral (দাসত্বে আবদ্ধ করা) | Disenthral (দাসত্বমোচন করা) |
| | Gust (রুষ্টরোধ) | Disgust (অত্যন্ত ঘৃণা) |

| | | |
|---|---|---|
| Dis+ | Harmony (সুর মিল) | Disharmony (বেসুর) |
| | Incline (ঝোঁক) | Disincline (অপ্রবৃত্তি বা বিরাগ জন্মানো) |
| | Join (একত্রিত করা) | Disjoin (পৃথক করা) |
| | Loyal (অনুগত) | Disloyal (অবিশ্বাসী) |
| | Mast (মাস্তুল) | Dismast (মাস্তুলহীন করা) |
| | Obedient (বাধ্য) | Disobedient (অবাধ্য) |
| | Praise (প্রশংসা) | Dispraise (নিন্দা করা) |
| | Robe (পোশাক) | Disrobe (পোশাক খোলা) |
| | Reputable (খ্যাতি) | Disreputable (অখ্যাতিকর) |
| | Satisfied (সন্তুষ্ট) | Dissatisfied (অসন্তুষ্ট) |
| | Similar (সাদৃশ্য) | Dissimilar (অসাদৃশ্য) |
| | Quiet (শান্ত) | Disquiet (অশান্তি) |
| | Tasteful (সুস্বাদু) | Distasteful (অরুচিকর) |
| | Union (ঐক্য) | Disunion (অনৈক্য) |

### 3. Il Prefix যোগ করে Verb, Noun ও Adjective গঠন-

| **Prefix** | **Adjective** | **Opposite Adjective** |
|---|---|---|
| Il+ | Legibility (স্পষ্টতা) | Illegibility (অস্পষ্টতা) |
| | Liberal (উদার) | Illiberal (অনুদার) |
| | Legal (বৈধ) | Illegal (অবৈধ) |
| | Legible (স্পষ্ট) | Illegible (অস্পষ্ট) |
| | Legitimacy (বৈধতা) | Illegitimacy (অবৈধতা) |
| | Literacy (স্বাক্ষরতা) | Illiteracy (নিরক্ষরতা) |
| | Logical (যুক্তিযুক্ত) | Illogical (যুক্তিহীন) |
| | Limitable (নিয়ন্ত্রণযোগ্য) | Illimitable (অসীম) |
| | Literate (শিক্ষিত) | Illterate (অশিক্ষিত) |

## 4. Im Prefix যুক্ত করে Noun, Verb ও Adjective গঠন-

| Prefix | Porter (আমদানিকারক) | Importer (বিদেশ হইতে আমদানিকারক) |
|---|---|---|
| Im+ | Mobile (অস্থাবর) | Immobile (স্থাবর) |
| | Moral (নৈতিক) | Immoral (অনৈতিক) |
| | Passable (অতিক্রম) | Impassable (অনতিক্রম্য) |
| | Pecunious (নিঃস্ব) | Impecunions (দরিদ্র) |
| | Permissible (অনুমতিযোগ্য) | Impermissible (অনুমতিযোগ্যহীন) |
| | Perishable (নশ্বর) | Imperishable (অবিনশ্বর) |
| | Piety (ধর্মানুভূতি) | Impiety (নাস্তিকতা) |
| | Mutable (পরিবর্তনীয়) | Immutable (অপরিবর্তনীয়) |
| | Patient (ধীর) | Impatient (অধীর) |
| | Movable (স্থানান্তর) | Immovable (অস্থানান্তর) |

## 5. In দ্বারা যুক্ত Noun, Verb ও Adjective-

| Prefix | Adequate (পর্যাপ্ত) | Inadequate (অপর্যাপ্ত) |
|---|---|---|
| In+ | Applicable (প্রযোজ্য) | Inapplicable (অপ্রযোজ্য) |
| | Audible (শ্রুতিগোচর) | Inaudible (শ্রুতির অগোচর) |
| | Advisable (যুক্তিযুক্ত) | Inadvisable (অযুক্তিযুক্ত) |
| | Cage (খাঁচা, পিনজার) | Incage (খাঁচায় বন্ধ করা) |
| | Certitude (নিশ্চয়তা) | Incertitude (অনিশ্চয়তা) |
| | Conformity (মিল) | Inconformity (অমিল) |
| | Contestable (খন্ডনীয়) | Incontestable (অখন্ডনীয়) |

| | | |
|---|---|---|
| In+ | Decorum (শিষ্টতা) | Indecorum (অশিষ্টতা) |
| | Defatigable (ক্লান্ত) | Indefatigable (অক্লান্ত) |
| | Digestible (সহজপ্সাচ্য) | Indigestible (অপাচ্য) |
| | Dissoluble (বিচ্ছেদ) | Indissoluble (অবিচ্ছেদ্য) |
| | Docile (শান্ত) | Indocile (অশান্ত) |
| | Eradicable (নির্মুল যোগ্য) | Ineradicable (নির্মুল যোগ্য নয়) |
| | Firmly (দৃঢ় সংকল্পতা) | Infirmly (দৌর্বল্য) |
| | Fuse (উত্তাপে গলে যাওয়া) | Infuse (ভিতরে ঢালিয়া দেওয়া) |
| | Genuity (খাঁটি) | Ingenuity (দ্রুত উদ্ভাবন শক্তি) |
| | Jury (জুড়ি) | Injury (অনিষ্ট) |
| | Sane (বিবেচক) | Insane (বিচারবুদ্ধিহীন) |
| | Temperance (মিতাচার) | Intemperance (অমিতাচার) |

## 6. IR Prefix যোগ করে verb, noun ও adjective গঠন-

| **Prefix** | Reconcilable (পুর্ণর্মিলনের যোগ্য) | Irreconcilable (পুনর্মিলনের অযোগ্য) |
|---|---|---|
| Ir+ | Reducible (পরিবর্তনীয়) | Irreducible (অপরিবর্তনীয়) |
| | Refutable (খন্ডনীয়) | Inrefutable (অখন্ডনীয়) |
| | Relevancy (প্রাসঙ্গিকতা) | Irrelevancy (অপ্রাসঙ্গিকতা) |
| | Religion (ধর্ম) | Irreligion (অধর্ম) |
| | Religious (ধার্মিক) | Irreligious (অধার্মিক) |
| | Resistible (প্রতিরোধ্য) | Irresistible (অপ্রতিরোধ্য) |
| | Reverence (শ্রদ্ধা) | Irreverence (অভক্তি) |

## 7. Un যুক্ত করে noun, verb ও adjective গঠন প্রক্রিয়া-

| Prefix | Easy (স্বাভাবিক) | Uneasy (অস্বাভাবিক) |
|---|---|---|
| Un+ | Pleasant (প্রীতিকর) | Unpleasant (অপ্রীতিকর) |
| | Abated (প্রশমিত) | Unabated (অপ্রশমিত) |
| | Accountable (দায়িত্বপূর্ণ) | Unaccountable (দায়িত্বহীন) |
| | Acquainted (পরিচিত) | Unacquainted (অপরিচিত) |
| | Accustomed (অভ্যস্ত) | Unaccustomed (অনভ্যস্ত) |
| | Ambiguous (অস্পষ্ট) | Unambiguous (স্পষ্ট) |
| | Apt (উপযুক্ত) | Unapt (অনুপযুক্ত) |
| | Bearable (সহ্য) | Unbearable (অসহ্য) |
| | Bend (বাঁকানো) | Unbend (সোজা করা) |
| | Bind (বাঁধা) | Unbind (খুলিয়া দেওয়া) |
| | Bred (শিক্ষিত) | Unbred (অশিক্ষিত) |
| | Buried (সমাহিত) | Unburied (অসমাহিত) |
| | Certainty (নিশ্চয়তা) | Uncertainty (অনিশ্চয়তা) |
| | Coil (পেঁচ দেয়া) | Uncoil (পেঁচ খোলা) |
| | Constitutional (সাংবিধানিক) | Unconstitutional (অসাংবিধানিক) |
| | Contested (প্রতিযোগিতা করা) | Uncontested (বিরোধিতা করা) |
| | Daunted (ভীত) | Undaunted (নির্ভীক) |
| | Dignified (মর্যাদাপূর্ণ) | Undignified (অবমাননা করা) |
| | Disputed (বিসংবাদিত) | Undisputed (অবিসংবাদিত) |

❍ **SUFFIX(প্রত্যয়):** মূল শব্দের শেষে যে বর্ণ বা বর্ণসমষ্টি যোগ করা হয় তাকে Suffix বলা হয়।

1. অধিকাংশ ক্ষেত্রে suffix যুক্ত করে মূল শব্দের অর্থের পরিবর্তন না হয়ে পদের পরিবর্তন করে।

| Base form | Suffix | Derivative |
|---|---|---|
| Cheer (আনন্দ) | ful | Cheerful (আনন্দময়) |
| Care (যত্ন) | | Careful (সতর্ক) |
| Faith (বিশ্বাস) | | Faithful (বিশ্বস্ত) |
| Mercy (দয়া) | | Merciful (দয়ালু) |
| Care (সতর্ক) | less | Careless (অসতর্ক) |
| Taste (স্বাদ) | | Tasteless (বিস্বাদ) |
| Aim (লক্ষ্য) | | Aimless (লক্ষ্যহীন) |
| Kind (দয়ালু) | ness | Kindness (দয়া) |
| Happy (সুখী) | | Happiness (সুখ) |
| Man (পুরুষ) | ly | Manly (পুরুষোচিত) |
| Rapid (দ্রুত) | | Rapidly (দ্রুতবেগে) |
| Earth (পৃথিবী) | | Earthly (পার্থিব) |
| Sick (রোগ) | | Sickly (রোগা) |

**2. Verb এর সাথে able যোগ করে Adjective গঠন-**

| Verb | Suffix | Adjective |
|---|---|---|
| Bear (সহ্য করা) | | Bearable (সহনীয়) |
| Break (ভেঙ্গে ফেলা) | | Breakable (ভঙ্গুর) |
| Drink (পান করা) | | Drinkable (পানযোগ্য) |
| Eat (খাওয়া) | | Eatable (খাওয়ারযোগ্য) |

| | | |
|---|---|---|
| Forget (ভুলে যাওয়া) | | Forgettable (ভুলে যাওয়ার মত) |
| Laugh (হাসা) | | Laughable (হাস্যকর) |
| Move (পরিবর্তন করা) | | Movable (পরিবর্তনযোগ্য) |
| Prefer(পছন্দ করা) | | Preferable (পছন্দনীয়) |
| Appreciate (প্রসংশা করা) | | Appreciable (প্রসংশনীয়) |
| Confiscate (বাজয়োপ্ত করা) | | Confistable (বাজেয়াপ্ত হওয়ার যোগ্য) |
| Assail (প্রচন্ড আক্রমণ করা) | | Assailable (প্রচন্ড আক্রমণযুক্ত) |
| Constrain (বাধ্য করা) | +able | Constrainable (বাধ্য) |
| Detest (অত্যন্ত ঘৃণা করা) | | Detestable (ঘৃণিত) |
| Enjoy (উপভোগ করা) | | Enjoyable (উপভোগ্য) |
| Lament (বিলাপ করা) | | Lamentable (শোকাবহ) |
| Obtain (উপার্জন করা) | | Obtainable (প্রাপ্য) |
| Offer (প্রস্তাব করা) | | Offerable (দেওয়া যায় এমন) |
| Perish (জীবন হারানো) | | Perishable (ধ্বংসশীল) |
| Predict (ভবিষ্যৎ বলা) | | Predictable (ভবিষ্যৎ প্রকাশযোগ্য) |
| Reform (পুনর্গঠন করা) | | Reformable (সংস্কার সাধক) |
| Sink (ডুবিয়া যাওয়া) | | Sinkable (ডোবার যোগ্য) |
| Renew (নূতন হওয়া) | | Renewable (নতুন করা যায়) |
| Replace (প্রতিস্থাপন করা) | | Replaceable (প্রতিস্থাপনযোগ্য) |
| Pronounce (উচ্চারণ করা) | | Pronounceable (উচ্চারণযোগ্য) |
| Disagree (ভিন্ন মত) | | Disagreeable (অসন্তোষজনক) |
| Repay (ফেরত দেওয়া) | | Repayable (পরিশোধনীয়) |
| Conceive (চিন্তা করা) | | Conceivable (বোধগম্য) |
| Avail (কাজে লাগা) | | Available (প্রাপ্য) |

### 3. Verb এর সাথে ment যুক্ত করে noun গঠন-

| Verb | Suffix | Noun |
|---|---|---|
| Allot (বরাদ্দ করা) | +ment | Allotment (বরাদ্দ) |
| Attain (অর্জন করা) | | Attainment (অর্জন) |
| Abolish (উচ্ছেদ করা) | | Abolishment (উচ্ছেদ) |
| Admonish (সতর্ক করা) | | Admonishment (সতর্কীকরণ) |
| Allure (প্রলুব্ধ করা) | | Allurement (প্রলোভন) |
| Appease (শান্ত করা) | | Appeasement (তোষণ) |
| Ascertain (নিশ্চয় করা) | | Ascertainment (নিরূপণ) |
| Babble (হড় বড় করে কথা বলা) | | Babblement (বকবকানি) |
| Betroth (বাগদান করা) | | Betrothment (বাগদান) |
| Bewilder (হতবুদ্ধি করা) | | Bewilderment (হতবুদ্ধিভাব) |
| Besiege (অবরোধ করা) | | Besiegement (অবরোধ) |
| Commit (অঙ্গীকার করা) | | Commitment (অঙ্গীকার) |
| Confine (আটকে রাখা) | | Confinement (কারাবাস) |
| Conceal (লুক্কায়িত করা) | | Concealment (লুকাইবার জায়গা) |
| Defile (অপবিত্র করা) | | Defilement (অপবিত্রতা) |
| Derange (বিশৃঙ্খলা করা) | | Derangement (বিশৃঙ্খলা) |
| Dethrone (রাজ্যচ্যুত করা) | | Dethronement (রাজ্যচ্যুতি) |
| Disarm (নিরস্ত্র করা) | | Disarmament (নিরস্ত্রীকরণ) |
| Discern (দূর হইতে লক্ষ্য করা) | | Discernment (বিচারবুদ্ধি) |
| Employ (নিযুক্ত করা) | | Employment (নিয়মিত কার্য) |
| Enchat (ব্যবস্থা করা) | | Enchantment (আইন) |
| Enliven (প্রফুল্ল করা) | | Enlivenment (প্রাণবন্ততা) |
| Ennoble (মর্যাদাসম্পন্ন করা) | | Ennoblement (মর্যাদাসম্পন্ন) |
| Entomb (কবর দেওয়া) | | Entombment (সমাহিতকরণ) |
| Impeach (নিন্দা করা) | | Impeachment (অভিযোগ) |

| | | |
|---|---|---|
| Impede (বাধা দেওয়া) | | Impedement (বিঘ্ন) |
| Maltreat (কুব্যবহার করা) | | Maltreatment (উৎপীড়ন) |
| Refine (শোধন করা) | | Refinement (বিশোধন) |
| Treat (আচরণ করা) | | Treatment (আচরণ) |

**4. Finite verb এর সাথে s/es যুক্ত করে Singular Verb গঠন করা যায়। শুধুমাত্র 3rd person singular form এর s/es Suffix হিসেবে ব্যবহৃত হয়েছে।**

| Verb | Verb (in singular form) |
|---|---|
| Go | Goes |
| Read | Reads |
| Come | Comes |

**5. Singular countable noun এর সাথে s/es যোগ করে Plural noun করা যায়।**

| Singular noun | Plural noun |
|---|---|
| Girl | Girls |
| Banana | Bananas |
| Boy | Boys |

**6. y/ey যুক্ত করে Adjective গঠন-**

| Noun | Adjective |
|---|---|
| Blood (রক্ত) | Blood+y=Bloody (রক্তক্ষয়ী) |
| Bush (ঝোপ) | Bush+y=Bushy (ঝোপঝাড়ময়) |
| Greed (লোভ) | Greed+y=Greedy (লোভী) |
| Flesh (মাংস) | Flesh+y=Fleshy (মাংসল) |
| Moss (শ্যাওলা) | Moss+y= Mossy (শ্যাওলাযুক্ত) |
| Rock (পাথর) | Rock+y= Rocky (পাথুরে) |
| Clay (কাদামাটি) | Clay+ey=Clayey (কাদামাটির নির্মিত) |

# Chapter # 37: Tag Question

'Tag question' শব্দের অর্থ হচ্ছে প্রশ্ন জুড়ে দেওয়া এর অপর নাম mini question। কথোপকথনের সময় বাক্যের শেষে যে সমর্থন সূচক প্রশ্ন সংযোগ করা হয় তাকে মূলত Tag question বা জুড়ন প্রশ্ন বলে। যে কোন Statement কে Ascertain করতে Tag question ব্যবহৃত হয়। সেই Ascertain হতে পারে Negative বা Affirmative। যেমন:

She is a student, isn't she? (সে একজন ছাত্রী, তাই না?)

Rakib has no book, has he?( রাকিবের কোনো বই নেই, তাই নয় কি?)

Tag Question করতে কী কী প্রয়োজন?

উত্তর: 1. Auxiliary Verb, 2. Pronoun.

❖ **Negative tag question করার সময় Auxiliary verb সমূহের সংক্ষিপ্ত রূপ-**

| Do not | don't | Does not | doesn't |
|---|---|---|---|
| Did not | didn't | Have not | haven't |
| Am not | ain't / aren't | Has not | hasn't |
| Are not | aren't | Had not | hadn't |
| Is not | isn't | Can not | can't |
| Was not | wasn't | Could not | couldn't |
| Were not | weren't | Should not | shouldn't |
| Will not | won't | Would not | wouldn't |
| Shall not | shan't | May not | mayn't |
| Might not | mightn't | Must not | mustn't |
| Ought not | oughtn't | Need not | needn't |
| Has to | don't | × | × |
| Have to | doesn't / didn't | × | × |

** কিভাবে **<u>Tag question</u>** করব?

**উত্তর: প্রদত্ত বাক্যটি তুলে (,) কমা দিতে হবে + Auxiliary Verb + Pronoun +?**

'**<u>Tag question</u>**' **গঠন করার নিয়ম:**

1. Auxiliary verb যুক্ত sentence কে Tag Question করতে হলে Auxiliary verb ব্যবহৃত হয়। মূল sentence টি positive হলে Tag question হবে Negative, আর মূল Sentence টি negative হলে Positive tag question যায়। যেমন:
   He is a teacher, <u>isn't he</u>? (সে একজন শিক্ষক, তাই না?)
   He is not a teacher, <u>is he</u>? (সে একজন শিক্ষক নন, তাই কি?)
   We are happy, <u>aren't we?</u> (আমরা সুখি, তাই কি?)

2. Auxiliary verb ছাড়া মূল verb যুক্ত sentence এর ক্ষেত্রে Tag question সময় present এর ক্ষেত্রে don't / doesn't এবং past এর ক্ষেত্রে didn't বসে। Person অনুযায়ী don't / doesn't বসে । যেমন:
   They play cricket, <u>don't they?</u> (তারা ক্রিকেট খেলে, তাই না?)
   He sings a song, <u>doesn't he?</u> (সে গান গায়, তাই না?)
   I ate rice, <u>didn't I?</u> (আমি ভাত খেয়েছিলাম, তাই না?)

3. Modal auxiliary verb যুক্ত sentence কে Tag করার ক্ষেত্রে Modal auxiliary ব্যবহার করতে হয়। যেমন:
   I will go to Cox,s Bazar, <u>won't I?</u> (আমি কক্সবাজার যাবো, তাই না?)
   They must go there, <u>mustn't they?</u> (তারা সেখানে যাবে, তাই না?)
   They must not go there, <u>must they?</u> ( তারা সেখানে যাবে না, তাই নয় কি?)
   We can do the work, <u>can't we?</u> (আমরা কাজটি করতে পারি, তাই না?)

4. Exclamatory Sentence কে Tag করার সময় sentence এর noun, tag এ pronoun রূপে বসে। যেমন:
   How handsome the boy is, <u>isn't he?</u> (কত সুদর্শন ছেলে, তাই না?)
   What a nice game it is, <u>isn't it?</u> (কি সুন্দর খেলা, তাই নয় কি?)
   **Note:** যদি exclamatory sentence এ subject ও verb না থাকে তাহলে tag করতে হবে isn't it ব্যবহার করে। যেমন: How funny, <u>isn't it</u>?

5. Imperative sentence এ order বা advice বুঝালে tag question এর সময় will/won't ব্যবহৃত হয়। যেমন:
   Don't tell a lie, will you? (মিথ্যা বলবেন/বলবে না, বলবে?)
   Close the door, won't you? (দরজা বন্ধ কর. তাই নয় কি?)

6. Imperative sentence যদি Let's দিয়ে শুরু হয় তাহলে Tag করার সময় shall we ব্যবহার করতে হবে। যেমন:
   Let's go there, shall we? (চলো সেখানে যাই, যাবে কি?)
   Let's play, shall we? (চলো খেলি, খেলবে কি?)

   Let him/let her/let them দিয়ে sentence শুরু হয় সেক্ষেত্রে tag question এ will you / wont you বসবে। যেমন:
   Let them play, will you? (তাদের খেলতে দাও, দেবে কি?)
   Let me do the work, will you / wont you?

** Verb দিয়ে যদি sentence টি হয় তাহলে tag করতে will you / wont you ব্যবহার করতে হয়।
   **Note:** কিন্তু বেশি উপযুক্ত won't যেমন:
   Close the door, will you / wont you?
   Go there, will you / wont you?
   Operate the computer, will you / wont you?

** Sentence টি যদি do not / never দিয়ে শুরু হয় তাহলে tag করার সময় positive এ করতে হবে will you. যেমন:
   Do not tell a lie, will you?
   Never help him, will you?

** Sentence এ Obj. হিসেবে you বসলে tag করার সময় don't I / we বসবে। যেমন:
   Thank you, don't I / we?
   Wish you happy birthday, don't I / we?

** Imperative sentence টি যদি please / kindly থাকে তাহলে tag করতে can you / will you হবে। যেমন:
   Please help me, will you?
   Kindly stay with me for an hour, will you / can you?

7. Need যদি modal auxiliary verb হিসেবে ব্যবহার করা হয় তাহলে tag করার সময় needn't হবে। যেমন:
   I need do the work, <u>needn't I</u>?
   He need fulfill his dreams, <u>needn't he</u>?

8. কোন Sentence এর Subject যদি everybody/somebody/anybody /everyone/someone/anyone/ nobody/none ইত্যাদি হয় তবে tag question এর subject হিসেবে এদের পরিবর্তে they বসে।
   Everybody reads books, <u>don't they?</u> (সবাই বই পড়ে, তাই না?)
   Everyone goes to school, <u>don't they?</u> (সবাই স্কুলে যায়, তাই না?)
   None can do the work, <u>can they?</u> (কেউ কাজ করতে পারে না, তারা কি পারে?)

9. Complex sentence (জটিল বাক্য) এ Tag question করার ক্ষেত্রে main/principal clause এর subject অনুযায়ী Tag question করতে হয়। যেমন:
   If you do the work, you will earn money, <u>won't you?</u>
   (তুমি যদি কাজ করো, তুমি অর্থ উপার্জন করবে, তাই না?)
   If you want money, I will give you, <u>wont I</u>?

10. কোন Sentence এ subject যদি all of us/some of us/everyone of us/most of us থাকে তবে Tag question এর সময় subject হিসেবে এদের পরিবর্তে we বসে। যেমন:
   All of us organized the party, <u>didn't we?</u>
   (আমরা সবাই পার্টি আয়োজন করেছি, তাই না?)
   Everyone of us can earn money, <u>can we?</u>
   (আমরা সবাই টাকা উপার্জন করতে পারি, আমরা পারি কি?)

11. As well as, along with, and not, together with, accompanied with, in addition to ইত্যাদি দ্বারা দুটি Subject যুক্ত হলে প্রথম subject অনুযায়ী tag question হয়। যেমন:
   <u>He</u> along with me has read the book, <u>hasn't he?</u>
   (তিনি আমার সাথে বইটি পড়েছেন, তাই না?)
   <u>The girl</u> as well as her sister is intelligent, <u>isn't she?</u>
   (মেয়েটির মত তার বোনও বুদ্ধিমতী, তাই না?)

12. কোন sentence এর subject যদি all of them/some of them/everyone of them/most of them থাকে, তবে tag question এর সময় subject হিসেবে they বসে। যেমন:
Most of them are students, aren't they?
(তাদের অধিকাংশই ছাত্র/ছাত্রী, তাই না?)
Everyone of them were not absent, were they?
(তাদের সবাই অনুপস্থিত ছিল না, ছিল কি?)

13. Not only.....but also, not...but, either...or, neither....nor এবং or দ্বারা দুটি subject যুক্ত হলে দ্বিতীয় subject অনুযায়ী tag question হবে। যেমন: Not only Rakib but also Shima is intelligent, isn't she? (শুধু রাকিব নয়, শিমাও বুদ্ধিমান, তাই না?)
Either Rumon Rakib is my friend, isn't he? (হয় রুমন রাকিব আমার বন্ধু, তাই না?)

14. Something, anything, nothing এ সকল subject হিসেবে ব্যবহৃত হলে tag question এর subject হিসেবে it বসে। যেমন:
Everything is possible, isn't it? (সবকিছু সম্ভব, তাই না?)
Nothing is impossible for me, isn't it? (আমার কাছে কোনকিছুই অসম্ভব না, তাই না?)

15. Tag question করার সময় subject হিসেবে this বা that থাকলে tag question এর subject 'it' হয় আর these ও those থাকলে they হয়। যেমন:
That is my book, isn't it? (এটা আমার বই, তাই না?)
These books are mine, aren't they? (এই বইগুলো আমার, তাই না?)
This book is mine, isn't it? (এই বই আমার, তাই না?)

16. বাক্যের শুরুতে Adjective এর আগে the বসলে tag question এর subject হিসেবে they বসে। যেমন:
The rich are always lead a happy life, aren't they?
(ধনীরা সবসময় সুখী জীবনযাপন করে, তাই না?)
The rich are not always happy, aren't they? (ধনীরা সবসময় সুখি জীবনযাপন করে না, তাই না?)

17. বাক্যে subject হিসেবে one থাকলে tag question এ subject one এর পরিবর্তে he বসে। যেমন: One cannot do the work, can he?
(একজন কাজ করতে পারে না, সে কি পারে?)

18. few, rarely, scarcely, hardly, nobody, seldom, never, no, none, barely, nowhere, neither, nothing এসকল negative শব্দ বাক্যে থাকলে tag question সবসময় 'হ্যাঁ' বোধক হবে।
I found him nowhere, did I?
He has few books, has he?
Nothing is impossible, isn't it?
Nobody can do it, can they?

19. little একটি negative word তাই tag করার সময় positive করতে হবে, এবং a little একটি positive word তাই tag করার সময় negative করতে হবে।
I know little about it, do I?
He is a little boy, isn't he?

20. A few থাকলে Tag negative করতে হবে।
I have a few friends, don't I?

21. Wish করা বোঝালে don't I **হবে**।
Good morning, don't I?
Thank you/ Happy birthday, don't I?

22. Allah, God, Creator হলে Tag question করতে Pronoun (He) হবে এবং Capital letter দিয়ে লিখতে হবে।
Allah is one, isn't He?

23. Goddess হলে Tag এর Pronoun (She) হবে এবং Capital letter দিয়ে লিখতে হবে।
Goddess can solve her, can't She?

## Tag Question Exercise:

**1.** They play cricket,……?

**2.** We are getting ready,…..?

**3.** Nobody is standing here,….?

**4.** None of them can do,…..?

**5.** Few of my friends are very lazy,……?

**6.** I should do the work,…..?

**7.** We must read comic books,……?

**8.** There are a lot of students,….?

**9.** Read attentively,….?

**10.** Barking dogs seldom bite,… ?

## Exercises

**Complete the tag:**

1. The boy was really lucky, ______?
2. I am late, ______?
3. Samiya has an exam tomorrow, ______?
4. She knows you, ______?
5. He never goes to school, ______?
6. Everybody likes a flower, ______?
7. Nobody phoned me, ______?
8. Turn the fan on, ______?
9. Let us go home, ______?
10. Let me do the work, ______?

# Chapter # 38: Questions Making এর প্রাথমিক আলোচনা

আমরা দৈনন্দিন কথা বলার সময় কথোপকথনে বিভিন্ন ধরণের প্রশ্ন করে থাকি, যা আমাদের আলোচনা বা conversation কে দীর্ঘ করে, প্রশ্ন আছে বলেই উত্তর তৈরী হয়, মজার ব্যাপার হলো আমরা কথা বলার সময় ৩/৪ ধরনের প্রশ্নের ব্যবহার করি, যেমন- তোমার আম্মু বললেন- আজ University যাবেনা? উত্তরে তুমি বললে হ্যাঁ (Yes) বা না (No) আর এই ধরনের প্রশ্নকে বলা হয় Yes / No Questions. ধর তুমি বললে 'No' মানে ভার্সিটিতে যাবেনা।

তখন তোমার আব্বু পাশে থেকে জিজ্ঞেস করল কেন যাবে না (Why will not you go?) তখন কিন্তু তুমি Yes বা No বলে উত্তর Complete করতে পারবে না। তখন কারণটা details এ বলতে হবে। ধর, উত্তরে বললে- I am sick, আর এই ধরনের প্রশ্নকে বলা হয় WH – Questions. ধর, আবার তোমার ছোট বোনকে উদ্দেশ্য করে বললে, Sabiha, I am sick, ain't I? মানে আমি অসুস্থ, না কি? সে প্রশ্নোত্তর দিল-হুম, ভাইয়ার আজ ভাল লাগছেনা, সকালে ঘুম থেকে যখন ডাক দিতে গিয়েছিলাম, তখনই বলেছিল, আর, এই ধরনের প্রশ্নকে বলা হয়, Tag Questions. আর তা শুনে তোমার আম্মু –উদ্বিগ্ন হয়ে প্রশ্ন করল. Can you tell me how are you feeling now? এই ধরনের প্রশ্নকে বলা হয় Embedded Question. আর উত্তর দিয়ে তুমি তোমার room-এ গিয়ে facebooking করা শুরু করে দিলে।

এতক্ষন আমরা মজা করে চার ধরনের Questions Framing
সম্পর্কে জানলাম নিচে।
**এই চার ধরনের প্রশ্ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হল,**

## Question এর কিছু বৈশিষ্ট্য:

প্রশ্নের বৈশিষ্ট্য ও উত্তরের ধরণের প্রেক্ষিতে প্রশ্ন দু-প্রকার।
যেমনঃ- (a) Yes/No Question.
(b) WH Question.

❖ WH Question এর উত্তর দেয়ার জন্যে নির্দিষ্ট তথ্য উল্লেখ করতে হয়।

❖ WH Question এর শুরুতে Who, Where, Why, When, How ইত্যাদি WH word থাকে এবং শেষে Sign of Question (?) থাকে।
❖ Yes/No Question এ প্রথমে Auxiliary Verb এবং শেষে Sign of Question থাকে।
❖ Yes/No Question এর উত্তর Yes/No দ্বারা সমাপ্ত করা যায়।

## Yes / No Type Question

যে সব প্রশ্নের উত্তর শুধু 'হ্যাঁ' বা 'না' দ্বারা দেওয়া যায় তাকে Yes-No Questions বলে।

**Yes-No Questions** করতে হলে সাধারণ Subject এর পূর্বে auxiliary verb (Be verb) am, is, are, was, were......., would, may, might ইত্যাদি) বসিয়ে গঠন করা হয়।

**Ex :** He has gone to America.
→ Has he gone to America?

Shovon is watching television.
→ Is Shovon watching television?

FR Tower was burning that time.
→ Was FR Tower burning that time?

She is a married woman.
→ Is she a married woman?

Our examination will start next Monday.
→ Will our examination start next Monday?

কিন্তু যেখানে auxiliary verb নেই, সেখানে Subject এর পূর্বে বিকল্প Auxiliary 'Do/Does' বসিয়ে Yes-no questions গঠন করা হয়।

**Ex :** They live in USA. → Do they live in USA?
He loves playing football. → Does he love playing football?

এছাড়া main verb be-ও Operator হিসেবে কাজ করতে পারে। ব্রিটিশ ইংরেজিতে main verb have প্রায়ই Operator হিসেবে কাজ করে। কিন্তু Informal English এ have..... got ব্যবহৃত হয়।

Ex : He was late in the office. → Was he late in the office?
Rabiul has a big building. →
{ Has Rabiul a big building?
{ Does Rabiul have a big building?

He has a bad headache. → { *Has he (got)a bad headache?*
{ *Does he have a bad headache?*

1. **<u>Structure</u>: Auxiliary verb+ subject+ extension?**

| Question | Answer |
|---|---|
| Is he student?<br>(সে কি একজন ছাত্র?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Are they late?<br>(তারা কি দেরি করছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Was she a driver?<br>(সে কি একজন চালক ছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Is Mina a teacher?<br>(মিনা কি একজন শিক্ষক?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Were they doctors?<br>(তারা কি চিকিৎসক ছিলেন?) | Yes/No.<br>হ্যাঁ/না |

2. **<u>Structure:</u> Auxiliary verb + subject + main verb + ing + extension?**

| Question | Answer |
|---|---|
| Am I doing this?<br>(আমি কি এটা করছি?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Is he going to school?<br>(সে কি বিদ্যালয়ে যাচ্ছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Are they trying to learn English?<br>(তারা কি ইংরেজি শিখতে চেষ্টা করছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Was Azmi reading the book?<br>(আজমী কি বইটি পড়ছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Were you sleeping yesterday?<br>(তুমি কি গতকাল ঘুমাচ্ছিলে?) | Yes/No.<br>হ্যাঁ/না |

✓ **<u>Have verb</u>** [have, has, had] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি।

যেমন:

1. **Structure: Auxiliary verb+ subject+ extension?**

| Question | Answer |
|---|---|
| Have you a pen?<br>(তোমার কি একটি কলম আছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Had he a house?<br>(তার কি একটি বাড়ি ছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Has Abdullah a bag?<br>(আব্দুল্লাহর কি একটি ব্যাগ আছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |

2. **Structure: Auxiliary verb+ subject+ v3+ extension?**

| Question | Answer |
|---|---|
| Have you driven a car?<br>(তুমি কি একটি গাড়ি চালিয়েছ?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Had he played a ball?<br>(সে কি একটি বল খেলেছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Has Abdullah read (v3) a book?<br>(আব্দুল্লাহ কি একটি বই পড়েছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |

✓ **<u>Modal auxiliary</u>** [Can, could, may, might, must, will, would, should] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি।

যেমন:

**Structure: Modal auxiliary verb+ subject+ v1+ extension?**

| Question | Answer |
|---|---|
| Can we go home now?<br>(আমরা কি এখন বাড়ি যেতে পারি?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Should Mina accept this offer?<br>(মিনার কি এই অফারটি গ্রহণ করা উচিত?) | Yes/No.<br>হ্যাঁ/না |

| May they open the door?<br>(তারা কি দরজাটি খুলবে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
|---|---|
| Should he take risk?<br>(তার কি ঝুঁকি নেওয়া উচিত?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Will you be alone?<br>(তুমি কি একা হবে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Would you mind taking this parcel?<br>(তুমি কি এই পার্সেলটি নিতে কিছু মনে করবে?) | Yes/No.<br>হ্যাঁ/না |

✓ **Do verb** [Do, does, did] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি। যেমন:

1. **Structure: Do verb+ subject+ verb($v_1$)+ extension?**

| Question | Answer |
|---|---|
| Does she cook noodles?<br>(সে কি নুডলস রান্না করে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Did he open the door?<br>(সে কি দরজাটি খুলেছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Do you know the place?<br>(তুমি কি জায়গাটি চিনো?) | Yes/No.<br>হ্যাঁ/না |

2. **Structure: Auxiliary verb+ subject+ verb(v1)+ing+ extension?**

| Question | Answer |
|---|---|
| Is Ratul playing?<br>(রাতুল কি খেলাধুলা করছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Were we speaking?<br>(আমরা কি কথা বলছিলাম?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Was he planning?<br>(সে কি পরিকল্পনা করছিল?) | Yes/No.<br>হ্যাঁ/না |
| Are they working?<br>(তারা কি কাজ করছে?) | Yes/No.<br>হ্যাঁ/না |

***আমরা অনেক সময় Confused হয়ে যাই প্রশ্নের ক্ষেত্রে কখন কোন be verb, do verb, এবং have verb ব্যবহার করবো, এজন্য প্রথমে subject এর person সম্পর্কে ধারণা থাকতে হবে। নিম্নে একটি চার্ট এর মাধ্যমে দেখানো হলো কোন প্রকার person ভিত্তি করে subject এর জন্য কোন be, do এবং have verb টি বসবে।

| W/H | Be verb | Have verb | Do verb | Subj. verb | Extension | ? |
|---|---|---|---|---|---|---|
| W / H | Am | Have | Do | I | ---------- | ? |
| | Was | Had | Did | I | ---------- | ? |
| | Are | Have | Do | We | ---------- | ? |
| | Were | Had | Did | We | ---------- | ? |
| | Are | Have | Do | You | ---------- | ? |
| | Were | Had | Did | You | ---------- | ? |
| | Is | Has | Does | He She | ---------- | ? |
| | Was | Had | Did | He She | ---------- | ? |
| | Is | Has | Does | Name | ---------- | ? |
| | Was | had | Did | Name | ---------- | ? |

## Who = কে বা কারা?

**Structure: Who+ verb+ extension?**

1. Who is a driver here? (এখানে কে একজন ড্রাইভার?)
   Ans: Latif Miah is a driver. (লতিফ মিয়া একজন ড্রাইভার)
2. Who was a student there? (সেখানে কে শিক্ষার্থী ছিল?)
   Ans: Kamrul Hasan was a student there.
   (কামরুল হাসান সেখানে একজন শিক্ষার্থী ছিলেন)
3. Who can play ball? (কে বল খেলতে পারে?)
   Ans: Noman can play ball. (নোমান বল খেলতে পারে)
4. Who were players in the field? (কারা মাঠে খেলোয়াড় ছিলেন?)
   Ans: Ratul, Sakib, Sakil and I were players in the field.
(রাতুল, সাকিব, শাকিল এবং আমি মাঠে খেলোয়াড় ছিলাম)

| Whom = কাকে/কাদেরকে? |
|---|
| **Structure: Whom+auxiliary verb+subject+ main verb+ extension?** |
| 1. Whom do you want to take for the picnic? (কাকে তুমি পিকনিকের জন্য নিতে চাও?)<br>Ans: I want to take my son for the picnic. (আমি আমার পুত্রকে পিকনিকের জন্য নিতে চাই)<br>2. Whom have they invited to the marriage ceremony? (কাদেরকে তারা বিবাহতে নিমন্ত্রণ জানিয়েছে?)<br>Ans: They have invited all of us. (তারা আমাদের সবাইকে নিমন্ত্রণ জানিয়েছে)<br>3. Whom did he offer? (কাকে সে প্রস্তাব দিয়েছিল?)<br>Ans: He offered his teachers to go for travelling to Cox's Bazar.<br>(সে তার শিক্ষকদের কক্সবাজারে ভ্রমণে যেতে প্রস্তাব করেছিল) |

| What = কী? |
|---|
| **Structure: What+ main verb+ extension?** |
| 1. What happened there? (সেখানে কী হলো?)<br>Ans: He broke the glass. (সে গ্লাসটি ভেঙ্গেছিল) |
| **Structure: What+ auxiliary verb + subject+ main verb+ extension?** |
| 1. What do you do? (তুমি কি করো?)<br>Ans: I am a student. (আমি একজন শিক্ষার্থী)<br>2. What did Rozina do? (রোজিনা কী করেছিল?)<br>Ans: Rozina finished the work. (রোজিনা কাজটি শেষ করেছিল)<br>3. What is your mother's name? (তোমার মায়ের নাম কি?)<br>Ans: My mother's name is Rubina Zaman.<br>(আমার মায়ের নাম রুবিনা জামান) |

| Structure: What+ noun + auxiliary verb+ subject+ main verb+ extension? |
|---|
| 1. What computer had he sold? (সে কী কম্পিউটার বিক্রি করিয়াছিল?)<br>Ans: He had sold Samsung computer. (সে স্যামসাং কম্পিউটার বিক্রি করিয়াছিল) |
| 2. What watch has he stolen? (সে কী ঘড়ি চুরি করেছে?)<br>Ans: He has stolen wrist watch. (সে হাত ঘড়ি চুরি করেছে) |

| Where = কোথায়? |
|---|
| **Structure: Where+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. Where has he done the work? (সে কোথায় কাজটি করেছে?)<br>Ans: He has done the work at his office. (সে অফিসে তার কাজটি করেছে) |
| 2. Where had they lived? (তারা কোথায় বসবাস করেছিল?)<br>Ans: They had lived at Mipur in Dhaka. (তারা ঢাকা মিরপুরে বসবাস করেছিল) |
| 3. Where did he go yesterday? (গতকাল সে কোথায় গিয়েছিল?)<br>Ans: He went to go to park yesterday. |

| When = কখন? |
|---|
| **Structure: When+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. When is he reading? (সে কখন পড়ছে?)<br>Ans: He is reading in the evening. (সে সন্ধ্যায় পড়ছে) |
| 2. When did the freedom fighters fight?<br>(মুক্তিযোদ্ধারা কখন যুদ্ধ করেছিল?)<br>Ans: The freedom fighters fought in 1971.<br>(মুক্তিযোদ্ধারা ১৯৭১ সালে যুদ্ধ করেছিল) |

| Why = কেন? |
|---|
| **Structure: Why+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. Why did he do the work? (সে কেন কাজটি করেছিল?)<br>Ans: He worked for livelihood.<br>(সে জীবিকার জন্য কাজটি করেছিল)<br>2. Why have we passed? (আমরা কেন কৃতকার্য হয়েছি?)<br>Ans: We have passed for our dignity.<br>(আমরা আমাদের মর্যাদার জন্য কৃতকার্য হয়েছি)<br>3. Why are you talking to him? (কেন তুমি তার সাথে কথা বলছো?)<br>Ans: I am talking to him to know about English Grammar. (আমি তার সাথে কথা বলছি ইংরেজি গ্রামার সম্পর্কে জানতে। ) |

| How = কিভাবে/কেমন করে? |
|---|
| **Structure: How + auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. How will you be happy? (তুমি কিভাবে সুখী হবে?)<br>Ans: I will be happy by satisfaction. (আমি সন্তুষ্টির মাধ্যমে সুখী হবো)<br>2. How have you been there? (তুমি সেখানে কিভাবে গিয়েছো?)<br>Ans: I have been there by bus. (আমি সেখানে বাসে গিয়েছি)<br>3. How many books do you have? (তোমার কতগুলো বই আছে?)<br>Ans: I have 20 books. (আমার ২০ টি বই আছে।) |

| How many = কতগুলো/কয়টি (সংখ্যা)? |
|---|
| **Structure: How many+ plural noun + auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. How many mobiles do you have? (তোমার কয়টি মোবাইল আছে?)<br>Ans: I have 2 mobiles. (আমার দুটি মোবাইল আছে)<br>2. How many classes did you finish?<br>(তুমি কতটি ক্লাস শেষ করেছিলে?)<br>Ans: I finished 5 classes. (আমি পাঁচটি ক্লাস শেষ করেছিলাম) |

| How much = কতটুকু/কি পরিমাণ? |
|---|
| **Structure: How much + auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. How much do you love me? (তুমি আমাকে কতটুকু ভালোবাস?)<br>Ans: I love you very much. (আমি তোমাকে খুব বেশি ভালোবাসি)<br>2. How much will you give me? (তুমি আমাকে কতটুকু দিবে?)<br>Ans: I will give you 2 K.G. (আমি তোমাকে ২ কেজি দিব) |
| **Structure: How much +uncountable noun+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. How much water will you give me? (কতটুকু পানি তুমি আমাকে দিবে?)<br>Ans: I will give you 2 bottles of water. (আমি তোমাকে দুই বোতল পানি দিব)<br>2. How much affection do you have? (তোমার কতটুকু মায়া/অনুরাগ আছে?)<br>Ans: I have much affection for you.<br>(আমার তোমার প্রতি অনেক অনুরাগ আছে) |

| How long = কতক্ষণ? |
|---|
| **Structure: How long+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. How long has Raju been speaking? (রাজু কতক্ষণ কথা বলছে?)<br>Ans: Raju has been speaking about an hour. (রাজু প্রায় এক ঘণ্টা যাবৎ কথা বলছিলাম)<br>2. How long have we been jogging? (আমরা কতক্ষণ জগিং করছি?)<br>Ans: We have been jogging about one and half an hour. (আমরা প্রায় দেড় ঘণ্টা যাবৎ জগিং করছি) |

| How far = কতদূর? |
|---|
| **Structure: How far+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. Dhaka is 130 kilometers away from Sirajganj. (ঢাকা সিরাজগঞ্জ থেকে ১৩০ কিলোমিটার দূরে।)<br>Ans: WH-Question: How far is Dhaka from Sirajganj? (ঢাকা সিরাজগঞ্জ থেকে কতদূর?) |

| How old = কত বয়স? |
|---|
| **Structure: How old+ auxiliary verb+ subject+ main verb+ extension?** |
| 1. Mr. Ala-uddin is fifty. (মি. আলাউদ্দিনের ৫০ বছর বয়স)<br>Ans: WH-Question: How old is Mr. Ala-uddin? (মি. আলাউদ্দিনের কত বয়স?) |

| What type of/ What kind of = কোন প্রকারের/কী ধরণের? |
|---|
| **Structure: What type of/ What kind of/ What sort of+ noun +verb+ subject+ extension?** |
| 1. What type of people are they? (তারা কোন ধরণের মানুষ?)<br>Ans: They are Muslim. (তারা মুসলিম) |

2. What kind of shirts are these? (এগুলো কোন প্রকারের জামা?)
   Ans: These are cotton based shirts.
   (এগুলো কটনের তৈরি জামা)
3. What sort of mangoes were those? (ঐগুলো কোন ধরনের আম?)
   Ans: Those were green mangoes. (ঐগুলো কাঁচা আম)

**Structure: What type of/ What kind of/ What sort of+ noun +auxiliary verb+ subject+ main verb+ extension?**

1. What type of books do you want?
   (কোন প্রকারের বই তুমি চাও?)
   Ans: I want novel. (আমি উপন্যাস চাই)
2. What kind of pianos can you play?
   (কোন ধরণের পিয়ানো তুমি বাজাতে পারো?)
   Ans: I can play American pianos.
   (আমি আমেরিকান পিয়ানো বাজাতে পারি)
3. What sort of business did he start?
   (সে কোন ধরণের ব্যবসা শুরু করেছিল?)
   Ans: He started online based book sell center.
   (সে অনলাইন ভিত্তিক বই বিক্রি চালু করেছিল)

## Embedded Sentence/Question

কোন Principal clause এর সাথে Subordinate Clause যুক্ত হয়ে পরোক্ষভাবে প্রশ্নবোধক বাক্য তৈরি করলে কিংবা কোন Subordinate Clause এর আগে Interrogative Sentence যুক্ত হয়ে প্রশ্নবোধক বাক্য গঠন করলে তাকে Embedded Sentence বলা হয়। এটি এক প্রকারের Complex Sentence।

**উদাহরণ থেকে বোঝা যাক:**

01. He knew who he was.
02. Did you know what the name of our grandpa is?
03. Can you tell me where he work?

উপরে উল্লিখিত, দুটো প্রশ্নের গঠন দু-ভাবে হয়েছে। প্রথমটি
(He knew who he was.) মূলত প্রথম অংশ (He knew) Principal clause এর সাথে দ্বিতীয় অংশ (Who he was) Subordinate clause যুক্ত হয়ে একটি Embedded Sentence হয়েছে।

এবার দ্বিতীয়টি দেখা যাক,
এখানে (Did you know what the name of our grandpa is?) এটির প্রথম অংশ (Did you know) Interrogative Sentence এবং দ্বিতীয় অংশ (What the name of our grandpa is) Subordinate clause যুক্ত হয়ে আরেকটি Embedded Sentence হয়েছে।

**Embedded Question এর মৌলিক কিছু বৈশিষ্ট্য:**

- Embedded Sentence এর দুটো অংশ থাকে। যেমন: প্রথম অংশে Principal clause / Interrogative clause এবং দ্বিতীয় অংশে Subordinate clause থাকে।

- Principal clause টি Interrogative Sentence হলে Embedded Sentence এর পরে Sign of Question (?) হবে।

- Principal clause টি Assertive sentence হলে Embedded Sentence এর পরে Full stop (.) হবে।

- Embedded Sentence এর দুটি clause ভিন্ন ভিন্ন অথবা একই Tense দিয়ে গঠন হতে পারে।

- Embedded Question বা Sentence টি Assertive sentence হবে নাকি Interrogative sentence হবে, তা নির্ভর করবে Principal clause এর উপর।

- Embedded Question বা Sentence এ Clause Marker হিসেবে Who, Whom, Why, When, What, How, Whose, Whose+ noun, What+ noun, How many, How often, How long, How much ইত্যাদি ব্যবহৃত হয়।

** Auxiliary verb + sub + main verb + cause marker + sub + auxiliary verb.

** এক নজরে Embedded Question এর উদাহরণ:

| Introductory Questions | Common Questions | Embedded Example |
|---|---|---|
| Do you know | When does the meeting start? | Do you know when the meeting starts? |
| Who knows | What is the answer? | Who knows what the answer is? |
| Do you think | Can he come tonight? | Do you think he can come tonight? |
| Could you tell me | Where is the restaurant? | Could you tell me where the restaurant is? |
| Would you mind telling me | What time is it? | Would you mind telling me what time it is? |

**Embedded Question বা Sentence এর গঠন তিনটি। যথা:**

1. **Assertive+ Wh word+ Assertive + (.)**

   **For example:**

   a. I understand what he is talking about.
   b. I do not like to know why he left.
   c. I can not understand what this is?

2. **Interrogative+ Wh word+ Assertive + (?)**

   a. Do you know where he is?
   b. Can you tell me what he wants?
   c. Do you know how this problem happened?

3. **Imperative+ Wh word+ Assertive+ (.)**

   a. Tell me where you are going.
   b. Describe it how you have done this.
   c. Tell me what sort of books you are reading.

# Chapter # 39: Parallelism

বাক্যে সমজাতীয় Parts of speech বা Phrase পাশাপাশি বসিয়ে সমতা বজায় রাখার নিয়মকে Parallelism বলে।

**লক্ষণীয়:**

১. ধারাবাহিক সমজাতীয় শব্দ ব্যবহার করে Parallelism করা হয়। যেমন-
   (i) প্রথমটি Noun দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Noun হবে।
   (ii) প্রথমটি Pronoun দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Pronoun হবে।
   (iii) প্রথমটি Adjective দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Adjective হবে।
   (iv) প্রথমটি Past দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Past হবে।
   (v) প্রথমটি Gerund দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Gerund হবে।
   (vi) প্রথমটি Comparative দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Compartive হবে।
   (vii) প্রথমটি Infinitive দিয়ে শুরু হলে তারপরের সবগুলো Infinitive হবে।

২. ধারাবাহিক সমজাতীয় Phrase ব্যবহার করে Parallelism করা হয়।
৩. Coordinating Conjunction (and, or, but, so, yet, nor, whereas etc.) এর আগে যে form বসবে পরেও সমজাতীয় form বসবে।
৪. Correlative Conjunction (not---bot, either--or, neither--nor, both---and, as---as, no less---than etc.) এর আগে ও পরে একই form বসে।
৫. Be Verb (am, is, are, become, was, were) এর আগে ও পরে অনুরূপ Parts of speech বসে।

**Example:**

**Rule-01: (i) 'Adjective' যুক্ত Parallel:**

**Incorrect**: Ratul a is good, talented and smartness boy.

**Correct** : Ratul is good, talented and **smart** boy.
(রাতুল একজন ভাল, প্রতিভাবান এবং স্মার্ট ছেলে)
[ব্যাখা: প্রথমটি good- adjective হওয়ায়, পরবর্তীগুলো talented এবং smart ও adjective হবে। লক্ষণীয় smartness হলো noun.]

**Incorrect** : Mr. Kabir is a young, enthusiastic and talent manager.
**Correct** : Mr. Kabir is a young, enthusiastic and talented **manager**.
(মিঃ কবির একজন যুবক, উদ্যমী এবং প্রতিভাবান ম্যানেজার)
[ব্যাখা: (i) নং দ্রষ্টব্য]

**Rule-02: 'Gerund' যুক্ত Parallel:**

**Incorrect** : Angel is playing game, listening music and watches Television.
**Correct** : Angel is playing game, listening music and watching Television.
(অ্যাঞ্জেল গেইম খেলছে, গান শুনছে এবং টেলিভিশন দেখছে)
[ব্যাখ্যা: প্রথমটি playing game (Gerund+Noun) হওয়ায় পরবর্তীগুলো একই form এ হয়েছে।]

**Rule-03: 'Be' যুক্ত Parallel:**

**Incorrect** : Playing Rugby is not similar play football.
**Correct** : Playing Rugby is not similar to playing football.
(রাঘবী খেলা ফুটবল খেলার মত নয়)
[ব্যাখ্যা: Playing Rugby হওয়ায় Parallel form এ playing football হয়েছে]

**Rule-04: (i) 'Than' যুক্ত Parallel:**

**Incorrect** : In admission test, to answer accurately is more important than to finishing quickly.
**Correct** : In admission test, to answer accurately is more important than to finish quickly.
(ভর্তি পরীক্ষায় দ্রুত শেষ করার চেয়ে সঠিকভাবে উত্তর দেয়া বেশী গুরুত্বপূর্ণ)

[ব্যাখ্যা: 'than' এর পূর্বে to answer accurately (to+v1+adverb) এমন গঠন হওয়ায় 'than' এর পরেও একই গঠন হবে ]

**Incorrect :** Suborna likes him more than I.
**Correct :** Suborna likes him more than **me**.
(সুবর্ণা তাকে আমার চেয়ে বেশী পছন্দ করে )
[ব্যাখা: 'more than' এর পূর্বে object হওয়ায় 'more than' এর পরেও object হবে]

**Rule-5: 'And' Coordinating Conjunction যুক্ত Parallel:**

**Incorrect :** The woman sat down silently and take her food.
**Correct :** The woman sat down silently and took her food.
(মহিলাটি নিরবে বসে তার খাবার খেলো)
[ব্যাখা: 'and' এর পূর্বের Clause টি past form এ হওয়ায় পরের Clause টিও অনুরূপ হবে ।]

**Rule-6: 'Or' Coordinating Conjunction যুক্ত Parallel:**

**Incorrect :** At the weekend Nazmul usually go playing or travel somewhere.
**Correct :** At the weekend Nazmul usually goes playing or travelling somewhere.
(সাপ্তাহিক ছুটির দিনে নাজমুল খেলতে যায় অথবা কোথাও ঘুড়তে যায়)
[ব্যাখা: 'or' এর আগের অংশ playing- Gerund হওয়ায় পরের অংশ travelling- Gerund হয়েছে ।]

**Rule-7: 'But' Coordinating Conjunction যুক্ত Parallel:**

**Incorrect :** Dipu failed to learn English many times but do not stop trying.
**Correct :** Dipu failed to learn English many times but did not stop trying.
(দিপু ইংরেজী শিখতে অনেক বার ব্যর্থ হয়েছিলো তবু চেষ্টা বন্ধ করে নাই)

[ব্যাখা: but এর পূর্বের clause এর main (failed) past form এর হওয়ায় পরের অংশ Negative করার সময় do not এর পরিবর্তে did not হয়েছে ।]

**Rule-8: 'So' এবং past tense যুক্ত Parallel:**

**Incorrect:** Anondo broke a phone so she buy another one.
**Correct :** Anondo broke a phone so she bought another one.(আনন্দ একটি ফোন ভেঙ্গেছিলো, তাই আরেকটি কিনলো)

[ব্যাখা: 'So' এর আগের Clause, past tense হওয়ায়, পরের Clause ও past tense হবে ।]

**Rule-9: Neither---nor যুক্ত Parallel:**

**Incorrect:** Mathin is neither punctual or official.
**Correct :** Mathin is neither punctual nor official.
(মাথিন হয় সময়নিষ্ঠ বা অফিসিয়াল নয়)
[ব্যাখ্যা: neither এর সাথে nor বসে ।]

**Rule-10: either---or যুক্ত Parallel:**

**Incorrect:** The players of Bangladesh cricket team either tired nor nervous.
**Correct :** The players of Bangladesh cricket team either tired or nervous.
(বাংলাদেশ ক্রিকেট দলের খেলোয়াড়রা হয় ক্লান্ত বা নার্ভাস)
[ব্যাখা: either এর সাথে or বসে ।]

**Rule-11: Phrase যুক্ত Parallel:**

**Incorrect:** Soyeb will wash the clothes, iron the shirts and cleaned the rooms.
**Correct :** Soyeb will wash the clothes, iron the shirts and clean the rooms.
(সোয়েব কাপড় ধৌত করবে, জামা ইস্ত্রি করবে,খাবার তৈরী করবে এবং রুমগুলো পরিষ্কার করবে)
[ব্যাখা: প্রথম phrase- wash the clothes (verb+the+ Plural noun) হওয়ায় পরবর্তীগুলোও সমপর্যায়ের হবে]

# Chapter # 40: Punctuation and Capitalization

বাক্যর অর্থকে সুস্পষ্ট করে বোঝানোর জন্য যে চিহ্ন গুলো ব্যবহার করা হয়, সেগুলোকে Punctuation marks বলে। যেমন: (, . ?) ইত্যাদি।
নিম্নে Punctuation marks গুলো সম্পর্কে আলোচনা করা হল।

1. **Full stop (.) :** একে period sign ও বলা হয়। সাধারণত একটি বাক্য শেষ করতে বাক্যের শেষে full stop (.) বসে। যেমন: I go there. She goes to school. Karim comes back. প্রভৃতি।
   a) কখনো কখনো শব্দকে সংক্ষিপ্ত করতে full stop (.) বসে । যেমন: M.A., B.B.A., M.B.B.S. etc.
   তবে Capital letter দিয়ে abbreviation হলে সাধারণত full stop বসে না। যেমন: UN, UNESCO, WFP
   b) ইন্টারনেট অথবা ই-মেইল এর ঠিকানা লিখতে এ ধরনের full stop কে সাধারণত 'dot'(ডট) বলে।
   c) দেশের নাম এবং পদবি সংক্ষিপ্ত রূপের ক্ষেত্রে full stop বসে। যেমন: The U.S.A. The U.A.E.

2. **Comma ( , ):** একে separator ও বলা হয়।তালিকাবদ্ধ শব্দসমূহের প্রত্যেকটির পর কমা বসে। শুধুমাত্র And এর পূর্বের শব্দটির পর কমা বসে না। যেমন: Milk, hot coffee, A bouquet of Rose, Red and Yellow flowers.

   a) Phrase ও Clause সমূহকে আলাদা করতে কমা বসে। যেমন:
   If you come, I will go. Come again, we will meet.

   b) বাক্যাংশ যেগুলো and, as, but, for, or প্রভৃতি Conjunction এর সাথে সম্পর্কিত এর পরে কমা বসে। যেমন: We had been playing cricket, but it rained.

c) Tag question কে sentence এর বাকি অংশ থেকে আলাদা করতে কমা বসে। যেমন: He is going to school, isn't he? She went out, didn't she?

d) কথোপকথনের লিখিত বিবরণে 'He said' এর আগে ও পরে কমা বসে। যেমন:
He said to me, read attentively. They said, go out.

e) Case in apposition, adjective clause বা phrase এর আগে ও পরে কমা বসিয়ে আলাদা করতে হয়। যেমন:
Mr Tarek, our friend, is honest with us. The computer, a wonderful invention, is helpful for life.

f) তারিখ লেখার ক্ষেত্রে যদি পাশাপাশি দুটি word অথবা number থাকে তাহলে কমা বসে। যেমন: My birthday is on January 25, 1996.
We got freedom on December 16, 1971.

g) Therefore, on the whole, for instance, however, by the way, in fine, after all, above all এ জাতীয় phrase গুলো বাক্যে প্রথমে বা মাঝে ব্যবহৃত হলে এ গুলোকে বাক্যের অন্য অংশ থেকে আলাদা করে দেখানোর জন্য কমা ব্যবহার করা হয়। যেমন: After all, we are friends. Therefore, I am going to bed.

h) Vocative Case বা সম্বোধন পদকে sentence থেকে আলাদা করতে কমা বসে। যেমন: Friends, let's go for a tour. Ratul, open the door.

i) চিঠির শেষে Yours faithfully, Yours sincerely, Yours ever ইত্যাদি closing এর পরে কমা বসে।

3. **Colon (:)** কতগুলো জিনিসের তালিকা শুরু করতে কোলন ব্যবহার করতে হয়। যেমন: We go by bus to see the secenario or take some foods at all.

   a) কোটেশন শুরু করার আগে কোলন ব্যহার করা হয়। যেমন:
   Einstein said: As Shakespeare writes:

   b) কোন কিছু উদাহরণ বা ব্যাখ্যার আগে কোলন বসে। for examples, as follows, such as, the following ইত্যাদি phrase গুলো পরে কোলন দিয়ে ব্যাখা শুরু হয়। যেমন: We will see so many places there, for example: hill track, sea, trees and natural place.

   c) সময় লেখার ক্ষেত্রে ঘন্টা বা মিনিটের মধ্যখানে কোলন বসে। যেমন:

   9:12am., 4:45pm. ইত্যাদি।

   d) Dialogue বা drama তে বক্তা ও তার উদ্ধৃতিকে পৃথক করতে কোলন বসে। যেমন:
   Rita: Where are you going?
   Raisa: I am going to school.

4. **Semicolon(;)** : Formal writing এর ক্ষেত্রে conjunction দ্বারা যুক্ত এমন দুটি clause কে আলাদা করতে সেমিকোলন ব্যবহার করা হয়। যেমন:
   I am here; you are over there. Tom reads English; his friend reads Chinese.

   - However, anyhow, nevertheless, nonetheless, anyway বাক্যের মাঝখানে থাকলে এদের আগে সেমিকোলন আর পরে কমা বসে। যেমনঃ
     Tom reads English; however, his friend reads Chinese.

5. **Question mark(?)** : সরাসরি প্রশ্নবোধক বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: Will you go there? What are you doing?

6. **Exclamation mark(!)** : যেসব Sentence বিস্ময়, দুঃখ, আনন্দ, ক্ষোভ কিংবা তীব্র আবেগ প্রকাশ করে তখন সেসব বাক্যের শেষে আশ্চর্যবোধক চিহ্ন বসে।

যেমনঃ That's great! You are too good!

- Alas, Hush, Hurrah, Oh, Hi, Yapp ইত্যাদি Interjection এর পরে Exclamation mark বসে।

  যেমনঃ Hurrah! We won the match. Oh! Shit.

7. **Apostrophe ( ' )** : S সহ ব্যবহৃত হয়ে কোন বস্তু বা ব্যক্তির উপর কারো অধিকার প্রকাশ পায় সে ক্ষেত্রে Apostrpohe বসে। যেমনঃ
Sharmin's pen, Rubel's sister.

   a) কোন শব্দের কিছু অংশ omit করতে ব্যবহার করা হয়। যেমনঃ
   She's (She is, she has), They'd (they had, they would)

   b) কখনো কখনো বর্ণ সংখ্যার plural করতে অথবা সংক্ষেপণে ব্যবহৃত হয়।
   যেমনঃ During 1990's।

   c) বাংলা উচ্চারণ অনুসারে Noun এর শেষে (রে, এর) বুঝাতে ইরেজীতে noun এর উপরে Apostrophe ব্যবহার করা হয়। যেমনঃ
   My mother's name is----. My sister's kitchen.

8. **Hyphen(-)** : Compound word এর বিভিন্ন অংশ যুক্ত করতে হাইফেন ব্যবহার করা হয়। যেমনঃ Sister-in-law. Hard-hearted. Brother-in-law.

   a) যদি কোন শব্দ একটি লাইনের শেষে সম্পূর্ণ না হয়, তবে সম্পূর্ণ লাইন বুঝাতে Hyphen ব্যবহৃত হয়। যেমনঃ
   Money can buy-
   Happiness. Health is-
   wealth.

b) কোন Prefix কিংবা নামের compound তৈরি করতে Hyphen বসে। যেমন:
Co-ordiantion, Semi-final, Vice-Principal.

c) Compound সংখ্যাগুলোকে কথায় লিখতে হাইফেন বসে। যেমন:
Thirty-three. Twenty-four. Ninety-nine.

9. **Dash ( – ):** কোন তাৎপর্যপূর্ণ বিরতি বুঝাতে ড্যাশ বসে। যেমন: You are poor but —honest. It depends on one thing —— trust.

- অনেকগুলো subject একত্রে বুঝাতে ড্যাশ ব্যবহৃত হয়। যেমন:
Pen, book, pencil goods —— all were purchased.

10. **Dots(...)** : কোটেশন লেখার ক্ষেত্রে বাদ পড়া শব্দের পরিবর্তে এবং

conversation এর শেষে ব্যবহৃত হয়। যেমন:
I was thinking about today......
I never drink...... when my friend offered a glass.

11. **Slash/oblique ( / )** : দুটি word এর একটির বিকল্প যদি অপরটি হয় তবে word দুটির মাঝে স্ল্যাশ ব্যবহৃত হয়। যেমন:
What do you like coffee/or tea?
Love/or affection.

- ইন্টারনেট অথবা ই-মেইল ঠিকানা লিখতে এর বিভিন্ন অংশকে আলাদা করতে ব্যবহৃত হয়। একে কখনো কখনো Forward slash ও বলা হয়। যেমন: http://www.wfp.com/hf/f.

12. **Quotation marks or Inverted comma (‘ ’ “ ”)** : শব্দ সমষ্টি ও বিরাম চিহ্নকে আবদ্ধ করতে ব্যবহৃত হয়। যেমন:
‘Why are you being angry’? she asked. ‘I will go there’, he replied.

a) প্রবন্ধ, বই, কবিতা নাটকের শিরোনামকে আবদ্ধ করতে।

যেমন: I was watching 'kids story.'

b) সংক্ষিপ্ত কোটেশন বা বক্তব্যকে আবদ্ধ করতে। যেমন:

There is a proverb: 'Oil your own machine.'

c) Narration এ সাধারণত দুটি অংশ থাকে তাকে প্রথমটি Reporting speech এবং দ্বিতীয়টি Reported speech, Reporting speech এর পরে কমা ব্যবহৃত হয় এবং Reported speech টিকে Inverted comma দ্বারা আবদ্ধ করতে হয়। যেমন:

He said to me, ''They will go on tour''.

She said to me, ''How could I use your mobile''.

**13. <u>Braket / Parentheses ( )</u>** : Reader কে কোন বিষয়ে অতিরিক্ত তথ্য প্রদানের জন্য ( ) ব্র্যাকেট ব্যবহার করা হয়। যেমন:

You will get the information (page-23). Mr.Rahman (MBBS) will visit our class.

a) ক্রমিক নম্বর দ্বারা তালিকাভুক্তকরণে সংখ্যা বা বর্ণ দ্বারা সারিবদ্ধ করতে সংখ্যা বা বর্ণের উভয় পাশে ব্র্যাকেট বসে। যেমন;

(1) our theme (2) will be on the stage, (3) is very quality-full.

**14. <u>Square braket [ ]</u>** : কোন একটি কোটেশনকে ব্যাকরণগতভাবে শুদ্ধ করার জন্য কোটেশনের মাঝে কোন অতিরিক্ত শব্দ সংযোজন করতে হলে শব্দটিকে square brakets দ্বারা আবদ্ধ করতে হয় । যেমন:

You can not take it [your money] with you. I appreciate it[the offer], but I can not accept.

## CAPITALIZATION

****** নামের প্রথম অক্ষর Capital letter এর হয়। যেমন: Rasel, Rima, Kobita, Konika etc.**

1. ইংরেজী কবিতার প্রতিটি লাইনের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন:
   Between you and me,
   I chose to be us
   Between my choices and your choices,
   I chose our choice.

2. প্রত্যেক sentence এর প্রথম অক্ষরটি সবসময় Capital letter হয়। যেমন:
   She is my teacher. English is my favourite subject.

3. ধর্মগ্রন্থ, দেশ এবং জাতির নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন: We are Muslim. Bangladesh is a beautiful country. We believe in the Holy Quran.

4. ব্যক্তি, স্থান, দেশ, নদ-নদী, সাগর,পাহাড়-পর্বত ইত্যাদি নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন: We are Canadian. My brother's name is Rohel. The Pacific Ocean, The Himalayas,

5. Allah/God এর পরিবর্তে যে Pronoun বসে তার প্রথম অক্ষর Capital letter হয়। যেমন: Allah, please save us. He never can do any wrong.

6. আমি প্রকাশ করতে সবসময় Capital letter হয়। যেমন:
   I love to play. I love to sing a song.

7. পত্রিকার নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন:
   The Daily Star, The Prothom Alo, The Inqilab.

8. উপাধী, ঐতিহাসিক নামের ক্ষেত্রে Capital letter হয়। যেমন:
   The Rebel Poet Kazi Nazrul Islam was born on 26$^{th}$ March. 21st February is the International Mother Language Day.

**9.** দিনের নাম, মাসের নাম, ঋতুর নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন:
The Autumn, The Winter. Faysal was born on Wednesday.

**10.** উদ্ধৃত বাক্যেও অর্থাৎ "Inverted comma" এর প্রথম অক্ষর Capital letter হয়। যেমন: He said to me, "Close the door."
She said to me, "Never tell a lie."

**11.** চিঠিপত্র Addressing এর ক্ষেত্রে প্রথম অক্ষর Capital letter হয়। যেমন:
My Dear friend, Respectable Sir, Honorable Teacher.

**12.** দিকের নামের প্রথম অক্ষর Capital letter হবে যদি নির্দিষ্ট কোন স্থানকে বোঝায়। যেমন:
We live in the East pole. There are no animals in the North.

**13.** বই, ম্যাগাজিন, নাটকের নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন:
The Animal Planet, The Kidnapped ইত্যাদি।

## Exercise

### Insert Punctuation and Capitalization:

1. Have you heard the news
2. Really I must say it doesn't work
3. Excuse we where is the hospital
4. What a wonder edifice it is
5. Good morning how can I help you
6. What can I do for you
7. Hurrah we have won the match
8. Oh my God how did it happen
9. Best of luck Sumi
10. Anyway well do better next year

# Chapter # 41: Inversion

Inversion অর্থ হলো উল্টো বা বিপরীত। যখন কোন Sentence এ স্বাভাবিক ধারাবাহিক (Subject+ Finite Verb) পরিবর্তিত হয়ে (Finite Verb+Subject) এরূপ গঠনে রূপান্তরিত হয় তখন তাকে Inversion of Verbs বলে।

সাধারণত প্রশ্ন করতে বা জোর প্রদান করতে বাক্যে Subject এর পূর্বে Verb ব্যবহৃত হয়।

**For example:**

- Normal: I seldom talk to her.
  Inversion: Seldom do I talk to her.
  (খুব কমই তার সাথে আমি কথা বলি)

**Rule-01. Inversion order of Negative Adverb:**

Structure: Negative Adverb+ Auxiliary Verb+ Subject+ Main Verb+ Extension. যেমন:

a) Normal: He has never committed such a heinous crime.
   Inversion: **Never** has he committed such a heinous crime.
   (সে এমন একটি জগণ্য অপরাধ কখনোই করেনি)

b) Normal: I have hardly gone the 5 star hotel.
   Inversion: **Hardly** have I gone the 5 star hotel.
   (আমি খুব একটা পাঁচ তারকা হোটেলে যাইনি)

c) Normal: I have never done it.
   Inversion: **Never** have I done it. (কখনোই করিনি আমি এটা)

d) Normal: I had never seen so many people in the concert.
   Inversion: **Never** had I seen so many people in the concert.
   (আমি কখনোই কনসার্টে এত লোক দেখিনি)

**Some negative Adverbs:** Never, Nowhere, Hardly, Rarely, Barely, Seldom, Scarcely, Few, Little ইত্যাদি

**Rule-2. Only+Preposition যুক্ত Inversion:**

Structure: উপরিউক্ত Inversion+ Auxiliary Verb+ Subject+ Main verb+ Extension. যেমন:

a) Only after entering the room did he realize that there was a person. (রুমে প্রবেশ করার পরই সে বুঝতে পারে সেখানে কোন মানুষ ছিল)
b) Only after doing H.S.C will Yuvi join Bangladesh army. (এইচ.এস.সি করার পরই যুবি বাংলাদেশ আর্মিতে যোগ দিবে)

**Rule-3. Preposition+No যুক্ত Inversion:**

Structure: Preposition + No+ Noun+ Auxiliary Verb+ Subject+ Main Verb+ Extension. যেমন:

In no way can we justify their defeat.
(কোন ভাবেই আমরা তাদের পরাজয় কে সমর্থন করতে পারিনা)
At no time did they win the match with them.
(কোন সময়ই তারা তাদের সাথে ম্যাচ জিততে পারেনি।)

**Rules-4. Only+ Adverb যুক্ত Inversion:**

Structure: Only+ Adverb+ Auxiliary Verb+ Subject+ Main Verb+ Ext. যেমন:

Only rarely does he go to a relative's house.
(খুব কমই সে আত্নীয়ের বাড়িতে যায়)
Only once did he read the book.
(শুধুমাত্র একবারই তিনি বইটি পড়েছিলেন)

**Rule-5. So+adj/adv/present participle যুক্ত Inversion:**

Structure: So+ Adjective/Adverb+ Auxiliary Verb+ Subject+ Main Verb+ Ext.

a) So quickly did he drive the car that he couldn't control?
(সে এতই দ্রুত গাড়িটি চালিয়ে ছিল যে, নিয়ন্ত্রণ করতে পারেননি)

b) So meaningful was his guideline that I was able to meet my goal.
(তার নির্দেশিকা এতটাই গুরুত্বপূর্ণ ছিল যে, আমি আমার লক্ষ্য পূরণ করতে পেরেছিলাম)

**Rule-6. Such যুক্ত Inversion:**

Structure: Such+ Auxiliary Verb+ Subject+ that+ Clause.
যেমনঃ

a) Such was his experience that he did the work perfectly.
(তার এমনই অভিজ্ঞতা ছিল যে, তিনি কাজটি নিঁখুতভাবে করেছিলেন।)

b) Such does he work hard that he doesn't fail any work.
(সে এমনই পরিশ্রমী যে, সে কোন কাজে ব্যর্থ হয়না।)

**Rule-7. Negative Adverb+ Clause/Phrase যুক্ত Inversion:**

Structure: Negative Adverb+ Clause/Phrase+ Auxiliary Verb+ Subject+ Main Verb+ Ext. যেমনঃ

a) Not until you say sorry will I not talk to you.
(যতক্ষণ না তুমি দুঃখিত বলো, আমি তোমার সাথে কথা বলবোনা।)

b) Not only knowing the grammar will you speak English, you have to practice.
(শুধু ব্যাকরণ জানলেই আপনি ইংরেজীতে কথা বলতে পারবেন না, আপনাকে অনুশীলন করতে হবে।)

c) Not a single day did he not miss to conduct a live class.
(সে একটা দিনও লাইভ ক্লাস মিস করেনি)

# Chapter # 42: Modifiers

যে সকল word বা phrase, noun-কে modify করে অর্থাৎ Noun বা Pronoun এর সঙ্গে একটি বিশেষ অর্থ যোগ করে তাদেরকে Modifiers বলে। Adjective এবং Adverb কে Modifier বলে। যেমন: She is an intelligent girl. The girl dancing in a show is perfect.
উপরের প্রথম sentence-টিতে 'intelligent' adjective-টি girl এর পূর্বে বসে এবং দ্বিতীয় sentence-টিতে 'dancing in a show'- এ phrase-টি 'girl' noun এর পরে বসে sentence- দুটিতে Noun কে modify করেছে।
Modifier দুই প্রকার। যথা-

1. Pre-modifier.
2. Post-modifier.

এই দুটো modifier ছাড়া আরও এক প্রকার modifier আছে যাকে Dangling modifier বলে।

## Pre-modifier

Pre-modifier শব্দের পূর্বে বসে। যে সকল শব্দ বা শব্দ সমষ্টি প্রধান Noun-এর পূর্বে বসে উক্ত Noun সম্পর্কে তথ্য দেয়, তাদেরকে Pre-modifier বলে। যেমন:

1. Tania is a <u>beautiful</u> girl.
2. She is an <u>honest</u> girl.

উপরের sentence-গুলোতে beautiful, honest যথাক্রমে girl এর পূর্বে বসে উক্ত noun কে modify করেছে। এদেরকে Pre-modifier বলে।
বিভিন্ন ধরনের modifier সম্পর্কে আলোচনা করা হল-

a) **<u>Adjective as pre-modifier:</u>** এক্ষেত্রে Adjective noun বা Noun phrase এর পূর্বে বসে Pre-modifier এর কাজ করে। Adjective এর এ ধরনের use কে Attributive বলে।
যেমন: Sonia is a <u>meritorious</u> girl.
উপরের sentence এ 'meritorious' adjective-টি 'girl' noun এর পূর্বে বসে Pre-modifier এর কাজ করেছে।

b) **<u>Compound as pre-modifier:</u>** অনেক সময় Compound Pre-modifier এর কাজ করে। Compound হলো একাধিক শব্দের সমন্বয় যা একটি single adjective বা একটি single noun এর কাজ করে।
যেমন: I love to make <u>home-made</u> food. এখানে 'home-made' pre-modifier হিসেবে কাজ করেছে।

c) **<u>Possessive as pre-modifier:</u>** Possessive (my, our, your, their, her, his) noun এর পূর্বে বসে pre-modifier হিসেবে ব্যবহৃত হয়। যেমন: <u>My</u> brother is a businessman. <u>Our</u> village is famous for river.

d) **<u>Emphasinging very as pre-modifier:</u>** The very man. এই sentence-টিতে 'very' adverb-টি 'man' noun এর পূর্বে বসে pre-modifier হয়েছে।

e) কখনও কখনও Present/Past participle adjective হিসেবে ব্যবহৃত হয়ে Pre-modifier এর কাজ করে। যেমন: I saw a <u>crying</u> girl.
I saw a <u>broken</u> chair. (Past, Present participle).

f) অনেক সময় Noun ও Noun কে modify করে। যখন দুটি Noun পাশাপাশি বসে, তখন প্রথম Noun টি দ্বিতীয় Noun কে modify করে বলে তা Adjective । যেমন:

The boy paid <u>train fare</u> last night. I met a <u>police</u> officer.
উপরের sentence গুলোতে পাশাপাশি দুটি noun 'train' এবং 'police' sentence-এ pre-modifier হিসেবে বসেছে।
উপরের Sentence- দুটিতে 'large এবং nice' 'book এবং rose' Noun এর pre-modifier এর কাজ করেছে।

## Post-modifier

Post অর্থ পরে। যে সকল শব্দ বা শব্দ সমষ্টি প্রধান Noun-এর পরে বসে উক্ত Noun সম্পর্কে তথ্য দেয়, তাদেরকে Post-modifier বলে। যেমন:
The pen on the table. The poor people of the society suffer most.

উক্ত Sentence-এ on the table এবং of the society 'noun' এর পরে বসে Post-modifier এর কাজ করেছে।

**আরো কিছু নিয়ম যেগুলো Post-modifier এর কাজ করে:**

g) Post-modifier হিসেবে Adjective থাকতে পারে। যেমন: She is ill. We made it decorative.

h) To+verb এর base form এর পরে অতিরিক্ত শব্দ বসিয়ে Infinite phrase গঠিত হয়। যেমন:
The work is very difficult to do. He made me crazy to escape this place.

i) কখনও কখনও Present/Past participle আবার Adjective হিসেবে ব্যবহৃত হয়ে Post-modifier এর কাজ করে। যেমন:
We saw the boy singing (Present participle).
The letter signed was rechecked (Past participle).

j) কখনও Adverb ও post-modifier হিসেবে ব্যবহৃত হয়। যেমন: Rita came here to take her book. The girl came slowly. এখানে 'here' এবং 'slowly' Rita এবং The girl' Noun এর পরে বসে post-modifier হিসেবে কাজ করেছে।

k) অনেক সময় Noun phrase / Noun প্রধান এর পরে বসে। যেমন: The house on the river is nice.

l) Relative Clause সবসময় Noun এর পরে বসে উক্ত Noun কে modify করে। যেমন:
He know the girl who is my friend.
I purchased a book which was a story book.

উপরোক্ত, Sentence গুলোতে Relative Clause 'who এবং which' Post-modifier হিসেবে ব্যবহার করা হয়েছে।

m) Appositive হিসেবে যখন দুটি Noun পাশাপাশি বসে একই ব্যক্তি বা বস্তুকে বুঝায় তখন দ্বিতীয় Noun টিকে প্রথম Noun টির সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করে। যেমন: Kazi Nazrul Islam, the national poet, of our country is a prominent person. Mr.Shawpon, the headmaster of Ideal College, is a good chairman.

## Dangling modifier

Dangling modifier হচ্ছে একটি বা একগুচ্ছ শব্দ যা বাক্যস্থিত অন্য শব্দকে অস্পষ্টভাবে modify করে। Dangling modifier সাধারণত sentence এর শুরুতে বসে, অন্যদিকে wrong word কে modify করে অথবা এমন একটা শব্দকে modify করে যা পরিপূর্ণ নয়। যেমন:
Finished the work, the movie will be telecast.

উপরের Sentence টিতে 'finished the work ' Phrase টি তার পরের clause টির Subject the movie কে modify করেছে তা উপরোক্ত, sentence-এ নেই। তাই 'finished the work' dangling modifier.
Wrong: Having finished the work, the movie will be telecast.
Correct: Having finished the work, I think the movie will be telecasted.

- **Dangling gerund: Cheering for the home team,** the game was running (wrong). উক্ত Sentence-এ cheering for the home team 'Noun' **game-** কে modify করেনি।
যাকে modify করেছে তার কোন উল্লেখ নেই sentence- টিতে।
Cheering for the home team, I show a banner (correct).

- **Dangling Infinitive:** To be well cooked, she must boiled mutton a half-hour (wrong)
To be well cooked, Mutton must be boiled a half hour (correct).

- **Dangling Prepositional:** As a student of accounting, a project or thesis is required (Incorrect). এখানে যাকে নির্দেশ করা হয়েছে তার কোন উল্লেখ নেই। As a student of accounting, I need to do a project or thesis (Correct).

- **Dangling Eliptical Clause:** When a little girl, my uncle took me to a circus (Incorrect). উক্ত Sentence-এ "girl" কাকে নির্দেশ করেছে তার উল্লেখ নেই। When a little girl, I was taken by my uncle to a circus (Correct).

## Exercise

**Identify Pre and Post Modifier:**

1. *I saw a girl carrying water.*
2. *He is an intelligent boy.*
3. *He paid his tuition fees.*
4. *He bought some Iron sheets.*
5. *He drank fresh mango juice.*
6. *Return/Back me the book.*
7. *The pen in the drawer is beautiful.*
8. *There is something new in his speech.*
9. *A rolling stone gather no moss.*
10. *A foolish man can do such a wrong.*

# Chapter # 43: Connectors/ Linkers

Connectors বা Linkers হলো মুলত Conjunction এদেরকে সংযুক্ত করতে ব্যবহার করা হয়।

<table>
<tr><th colspan="3">❖ ধারাবাহিকতা বোঝাতে</th></tr>
<tr><th>Linkers</th><th>Meaning</th><th>Example</th></tr>
<tr><td colspan="2">Firstly/ At first/ First of all/Initially = প্রথমত/শুরুতে/প্রাথমিকভাবে</td><td rowspan="10">Firstly, I get up early in the morning. Secondly, I finish my ablution. Then I take preparation for salah. Afterwards, I have breakfast. Lastly, I go to office.</td></tr>
<tr><td colspan="2">To begin with = কথা শুরুর আগে</td></tr>
<tr><td colspan="2">Secondly/ In the second = দ্বিতীয়ত</td></tr>
<tr><td colspan="2">Thirdly/ In the third place = তৃতীয়ত</td></tr>
<tr><td colspan="2">Meanwhile = ইতোমধ্যে/এর মধ্যে/ এই দিকে</td></tr>
<tr><td colspan="2">In the meantime = ইতোমধ্যে</td></tr>
<tr><td colspan="2">Then/ After that/ Next = তখন/তারপর/পরে</td></tr>
<tr><td colspan="2">Then = তারপর/এরপরে</td></tr>
<tr><td colspan="2">Afterwards = পরবর্তীতে/পরে/এরপর</td></tr>
<tr><td colspan="2">Lastly/ Finally/ At least/ Last of all = শেষে/সবশেষে/সর্বশেষ</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">❖ ফলাফল প্রকাশ করতে</th></tr>
<tr><td>That's why = এই কারণে/জন্য</td><td rowspan="7">I want to be a teacher. That's why; I'm preparing myself. As a result, I study daily. So, the condition of my study is better than before. Consequently, I am going to be a teacher in future.</td></tr>
<tr><td>As a result = যার ফলে/ফলাফল স্বরূপ</td></tr>
<tr><td>Consequently = ফলাফলস্বরূপ</td></tr>
<tr><td>So = সুতরাং/তাই</td></tr>
<tr><td>Therefore = তাই/সুতরাং</td></tr>
<tr><td>Hence = সুতরাং</td></tr>
<tr><td>As a consequence = ফলে/পরিণামে</td></tr>
</table>

| ❖ উদাহরণ দিতে ব্যবহৃত হয় | |
|---|---|
| Furthermore = তাছাড়া/অধিকন্তু | He wanted to do business. Further more, he is going to be a government official. He attended more job examinations last 6 months such as: NSI, BCS, Titas gas and so on. |
| Such as = যেমন/তেমনই | |
| For example = উদাহরণ স্বরূপ | |
| As like = যেমন | |
| For instance = উদাহরণ স্বরূপ | |
| As proof = প্রমাণ হিসেবে | |
| In particular = বিশেষত/নির্দিষ্টভাবে | |

| ❖ অতিরিক্ত তথ্য প্রকাশ করতে | | |
|---|---|---|
| **Linkers** | **Meaning** | **Example** |
| And/ As well as | = এবং | My cousin and I are going to join in a picnic as well as to enjoy our off-time in Cox's Bazar. Rozalin is different between Rocky and Shaoda. Moreover, Rozalin like to travel. Besides, she loves to read mysterious stories. We enjoyed not only the sea-beach but also many sights. In addition, We bought some home-essentials from the shop at the bank of the sea-beach. |
| Between.....and | = দুজনের মধ্যে | |
| Both.....and/more | = দুজনের মধ্যে/ আরোও | |
| Moreover/Besides | = তাছাড়া/অধিকন্তু | |
| Not only....but also | = শুধু এটা না...ওটাও | |
| As far as it goes | = এ ব্যাপারে যতটুকু বলা যায় | |
| As far as I am concerned | = আমার জানামতে/আমি যতটুকু জানি | |
| In addition/ additionally | = তাছাড়া/আরোও/অতিরিক্তভাবে | |
| In concluding | = সেই সঙ্গে | |

<table>
<tr><th colspan="2">❖ শর্ত প্রকাশ করতে</th></tr>
<tr><td>If = যদি</td><td rowspan="5">If you try to do something, you have to pay your full attention on your ambition. Unless you pay your attention about this, you can't able to reach the goal. So Firstly, set a goal and then achieve it forever.</td></tr>
<tr><td>Provided that = যদি</td></tr>
<tr><td>Though/ Although = যদিও/সত্ত্বেও</td></tr>
<tr><td>Unless = যদি না/যদিওনা</td></tr>
<tr><td>So long as = এই শর্তে যে</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">❖ বিরোধী/বিপরীত তথ্য প্রকাশ করতে</th></tr>
<tr><td>Otherwise = অন্যথায়</td><td rowspan="10">Though you are a student, You can think about your country, society and people. If you want to decorate our society's marginal people, you can do it. It's not also easy for you but is possible. On the other hand, all students should do something for the nation in spite of having many problems, because there is no one person who has no problems in this planet whereas we are living. However we all should do something for this world to ensure peace and humanity.</td></tr>
<tr><td>On the other hand = অপর অর্থে</td></tr>
<tr><td>In spite of = সত্ত্বেও</td></tr>
<tr><td>However = যাইহোক</td></tr>
<tr><td>Yet = তথাপি/তবুও</td></tr>
<tr><td>But = কিন্তু</td></tr>
<tr><td>In contrast = বিপরীতে</td></tr>
<tr><td>Instead of = পরিবর্তে/বদলে</td></tr>
<tr><td>On the contrary = অপরদিকে/বিপরীতে</td></tr>
<tr><td>In other words = অন্যকথায় বলতে গেলে</td></tr>
</table>

### ❖ নিশ্চয়তা প্রকাশ করতে

| Linkers | Meaning | Example |
|---|---|---|
| Of course = অবশ্যই | | Of course, We are going to attend our most-valuable ceremony "Get together". Undoubtedly, It's an important and enjoyable occasion. |
| Sure = অবশ্যই | | |
| Certainly = অবশ্যই/নিশ্চিতভাবে/ নিশ্চয়ই | | |
| Obviously = সুস্পষ্টভাবে | | |
| Undoubtedly = নিঃসন্দেহে | | |
| Indeed = প্রকৃতপক্ষে | | |

### ❖ কোন ঘটনার কারণ প্রকাশ করতে

| Linkers | Meaning | Example |
|---|---|---|
| Because/ Because of | কারণ/কারণে | Laila failed her last examination because of her negligence, the reason why she didn't pass in the examination. Due to her study-gap, she didn't attach herself in a very short time. But now, she wants to take challenge again to pass in the next examination. She is preparing herself. |
| The reason why | যে কারণে/কারণ | |
| As/ Since | যেহেতু | |
| Due to | কারণে | |
| As a result | ফলশ্রুতিতে/ফলে | |
| In that | কারণ/যেহেতু | |

### ❖ চূড়ান্ত এবং সর্বশেষ ফলাফল প্রকাশ করতে

| Linkers | Example |
|---|---|
| Lastly = অবশেষে/সর্বশেষে | Lastly, I finished my homework. In conclusion, I mentioned it to Mr.Azizul sir. To sum up, he told us to join on Sunday at school. At last, We are having our whole chapters of English book. |
| Finally = চূড়ান্তভাবে/পরিশেষ | |
| To sum up = এক কথায়/সারমর্ম | |
| In summery = সংক্ষেপে | |
| At last = সর্বশেষ | |
| In conclusion = উপসংহার | |
| To conclude = উপসংহার | |
| In closing = সর্বশেষে | |
| In the end = পরিশেষে/শেষে | |
| To summarize = সারসংক্ষেপে | |
| In brief/ Shortly = সংক্ষিপ্তভাবে | |

## More connectors/ Linkers

| | |
|---|---|
| Unfortunately (দূর্ভাগ্যবশত) | Above all (সর্বোপরি) |
| Once (একদা) | Gradually (ধীরে ধীরে/ক্রমাগত) |
| Sometimes (মাঝে মাঝে) | As long as (যতক্ষণ পর্যন্ত) |
| Until (যতক্ষণ পর্যন্ত না) | Without hesitation (বিনা দ্বিধায়) |
| As though (যেন / যেন মনে হয়) | Till (পর্যন্ত) |
| Even though (এমন যদিও হয়) | Surprisingly (আশ্চর্যজনকভাবে) |
| No sooner (হতে না হতেই) | Strangely enough (আশ্চর্যের ব্যাপার হলো) |
| Sooner or later (আজ না হোক কাল) | Truly speaking (সত্য বলতে কি!) |
| No more buts (আর কোন কিন্তু নয়) | Although I could, but (যদিও পারতাম , কিন্তু) |
| On the occasion of (উপলক্ষ্যে) | So long as (যদি না/এই শর্তে যে) |
| From a reliable source (বিশ্বস্ত সূত্রে) | This very man (এই লোকটিই) |
| As you know (যেমনটি আপনারা জানেন) | For good (চিরতরে) |
| On account of (জন্যে, কারণে) | Even if (এমনি যদিও) |
| Come to the point (মূল কথায় ফিরে আসো) | Often (প্রায়ই, মাঝে মাঝে) |
| That (যে,যা, যাতে,ফলে) | More (আরো, অধিকতর) |
| Say (ধরা যাক) | Which (যেটি,যা) |
| Incidentally (ঘটনাক্রমে) | As if (যেন) |
| Who (কে, যে, কাকে) | Although (যদিও, যাতে,সত্ত্বেও) |
| But (কিন্তু,তথাপি) | Similarly (অনুরূপভাবে, একইভাবে) |
| Even (এমনকি) | So that (যাতে,যেন) |
| Rather (বরং, চেয়ে) | While (যখন) |
| Indeed (প্রকৃতপক্ষে) | In fact (আসলে) |

| | |
|---|---|
| Usually (সাধারণত) | Furthermore (অধিকন্তু) |
| Only (শুধু, কেবল, একমাত্র) | Regrettably (দুঃখজনকভাবে) |
| Sincerely speaking (সত্যিকার ব্যাপার হলো) | On the whole (মোটামুটি) |
| But also (এমনি, এমনটিও) | Either (দুয়ের যে কোন একটি) |
| To be frank (খোলাখুলিভাবে বলা যায়) | Neither (দুয়ের কোনটি নয়) |
| Rather (বরং, চেয়ে) | In any event (যাই ঘটুক না কেন) |
| Nevertheless (তথাপি, তবুও,তারপরও) | Notably (লক্ষ্যণীয়ভাবে) |
| Lest (পাছে ভয় হয়) | In this regard (এ বিষয়ে) |
| Whether (কিনা, যদি) | As a matter of fact (বাস্তবিকপক্ষে, প্রকৃতপক্ষে) |
| Comparatively (অপেক্ষাকৃত) | Including (সেই সঙ্গে) |
| Generally (সাধারণভাবে) | Nonetheless (তবু) |
| To be honest (সত্যি বলতে) | In the same way/similarly (একইভাবে) |
| Come what may (যাই ঘটুক না কেন) | In this connection (এ বিষয়ে) |
| If you do care (যদি আপনি চান) | In assertion (অধিকন্তু, মোটের উপর) |
| Next to nothing (না বললেও চলে) | In fact (কার্যত/প্রকৃতপক্ষে) |
| For a while (কিছুক্ষণের জন্যে) | Actually (প্রকৃতপক্ষে) |
| In order to (উদ্দেশ্যে, জন্যে) | Naturally (স্বাভাবিকভাবে) |
| Suddenly (হঠাৎ) | Instead that (পরিবর্তে) |
| Luckily (ভাগ্যক্রমে) | Thus (এইভাবে) |
| Well/Basically/actually (প্রকৃতপক্ষে, সঠিকভাবে) | Thankfully (ধন্যবাদান্তে) |
| Particularly/most specially (বিশেষভাবে বলতে গেলে) | Anyhow (যে কোন উপায়ে) |
| That is to say (এটাই বলার/ এটাই বলবোধ) | Any way (যাই হোক না কেন) |

# Advanced Linkers

| Word | Meaning as Interrog -ative | Example | Meaning as Relative | Example |
|---|---|---|---|---|
| What | কি | What class do you read in? (তুমি কোন শ্রেণিতে পড়?) | যা | I pray for what you want. (আমি সে জিনিসের জন্যে প্রার্থনা করি, যা তুমি চাও।) |
| Which | কোনটি | Which book did he write? (কোন বইটি সে লিখেছিল?) | যেটি | He kept which was a doll. (সে যেটি রাখলো, তা ছিল একটি পুতুল।) |
| Who | কে | Who is your teacher? (তোমার শিক্ষক কে?) | যে | You know who loves you. (তুমি জান, যে তোমাকে ভালোবাসে।) |
| Whom | কাকে | Whom does she miss? (সে কাকে মনে করে?) | যাকে | I know her whom you give money. (আমি তাকে চিনি, যাকে তুমি টাকা দাও।) |
| When | কখন | When will we reach? (আমরা কখন পৌঁছাবো?) | যখন | She entered into exam hall when the exam starts. (সে পরিক্ষার হলে প্রবেশ করলো, যখন পরিক্ষা শুরু হয়।) |
| How | কিভাবে | How will it be easy? (এটা কিভাবে সহজ হবে?) | যেভাবে | He does the work how he believes. (সে কাজটি করে, যেভাবে সে বিশ্বাস করে।) |
| Where | কোথায় | Where are you working? (তুমি/তোমরা কোথায় কাজ করছো?) | যেখানে | I went to a distant place where Lisa lived. (আমি দূরের একটি জায়গায় গিয়েছিলাম, যেখানে লিসা বসবাস করতো।) |
| Whose | কার | Whose bag is this? (এটা কার থলে?) | যার | I forgot the name of him with whose I lived. (যার সাথে আমি থাকতাম, তার নাম ভুলে গেলাম) |
| Why | কেন | Why do you live here? (কেন তুমি এখানে বসবাস করো) | যেন | He acted why he is a real actor. (সে অভিনয় করলো, যেন সে একজন প্রকৃত অভিনেতা) |

# Exercise

**Use connectors:**

1. Mobile phone has become essential for everyday _______ it has become very popular.
2. _______it has created a number of problems.
3. It has _______advantages _________ disadvantages.
4. _________it helps to connect people.
5. ___________it helps to exchange information.
6. _______it can be used for various purposes.
7. _________it has few disadvantages.
8. _________its advantages are more than its disadvantages.
9. _______we have to careful about it.

# Chapter # 44: Moods

I go to college. I want to go to college. If I go to college, I will see her face.

উপরের Sentence গুলোতে একই verb 'go' বিভিন্নভাবে মনের ভাব প্রকাশ করেছে। মনের ভাব প্রকাশ করার জন্য verb এর এই রীতিকে Mood বা 'ভাব'বলে।

Mood চার প্রকার। এদের মধ্যে Finite Mood তিনটি এবং Infinite Mood একটি।

**Mood প্রধানত দুই প্রকার। যথা:**

1. Finite Mood.
2. Infinite Mood.

আবার Finite Mood তিন প্রকার। যথা:

1. Indicative Mood.
2. Imperative Mood.
3. Subjunctive Mood.

**Indicative Mood:** Verb-এর যে form কোন কিছুর বর্ণনা দেয়, প্রশ্ন করে অথবা মনের আবেগ প্রকাশ করে তাকে Indicative Mood বলে। এখানে দুইটি শব্দের উপর জোর দেওয়া হয় 'বর্ণনা ও প্রশ্ন' যেমন:

বর্ণনা অর্থে: I want to go to college. We will meet together. They sing a song. Rima will dance tomorrow. He plays football in the afternoon. বাক্যগুলো বর্ণনা অর্থে ব্যবহৃত হয়েছে।

প্রশ্ন অর্থে: Will we meet together? Do they sing a song? Do I go to college?Does he play football? Will Rima dance tomorrow? এখানে প্রধানত প্রশ্ন করা বুঝিয়েছে।

<u>সত্য,কাল্পনিক বা অনুমান প্রকাশ করতে:</u> If they come, I will go with them. If you were helpful, She might be happy. If he helps me, I will remember him.

**<u>Imperative Mood:</u>** আদেশ, উপদেশ, অনুরোধ, প্রার্থনা প্রকাশ করতে Verb এর যে Mood হয় তাকে Imperative mood বলে। আদেশ, উপদেশ, অনুরোধ, প্রার্থনা এর উপর গুরুত্ব দেওয়া হয়েছে। যেমন:

<u>আদেশ প্রকাশ করতে:</u> Stand up, Open the door, Switch on the fan, Do your work best ইত্যাদি।

<u>উপদেশ প্রদান অর্থে:</u> সাধারনত verb দিয়ে শুরু হয়। যেমন: Respect your senior. Obey your parents. Speak the truth. Always perform prayer.

<u>অনুরোধ অর্থে:</u> এই বাক্যের ক্ষেত্রে Please যুক্ত করা যেতে পারে। যেমন: Please, give me your pen. Please, help me to do this. Call me, please.

<u>প্রার্থনা প্রকাশ করতে:</u> May Allah give me strength. Help us to protect from this riot, God. May you live long.

Imperative mood হয় verb এর second person ব্যবহার করে Present Tense-এ। তখন 'you' উহ্য থাকে আর 'you' হচ্ছে Nominative Subject.যেমন: Do the work. এখানে you টা উহ্য আছে। অন্যদিকে First person এবং third person এর ক্ষেত্রে Imperative mood-এ 'Let' যুক্ত করতে হয়।

যেমন: Let me go there. Let them do the work. Let him read.

**<u>Absolute use of Imperative mood:</u>** Finite verb এর সাথে সম্পর্কহীনভাবে ব্যবহৃত হলে তখন তাকে Absolute বলা হয়। Imperative mood এ মাঝে মাঝে এর ব্যবহার দেখা যেতে পারে। যেমন: He reads more, say five hours. I will go there, suppose you will not be able to go. এখানে say, Suppose (Indicative mood) ধরে নিন, ধরা যাক অর্থে ব্যবহৃত হয়েছে।

**Subjunctive Mood:** এই Mood এর গুরুত্বপূর্ণ হলো অনিশ্চয়তা, সন্দেহ, শর্ত, ইচ্ছা, অনুরোধ, অনুমান, প্রার্থনা, উদ্দেশ্য ইত্যাদি। **If, though, lest, till, until** ইত্যাদি Conjunction দ্বারা Subjunctive mood প্রকাশ করা হয়। যেমনঃ

অনিশ্চয়তা বুঝাতেঃ She may be the MP. They may be the culprit. I may be there.

শর্ত বুঝাতেঃ If she comes, I will help him. If Tania reads, I will give her a gift.

ইচ্ছা বা প্রার্থনা বুঝাতেঃ May you get a good result. May you bless (প্রার্থনা বুঝাতে). I wish that you were a king.

উদ্দেশ্য অর্থেঃ He reads more so that he may get good marks. They work hard so that they may earn more money.

সন্দেহ অর্থেঃ Whether you do it or not, I will complete it. Trust me or not, I will shine in my life.

অবাস্তব বা অকল্পনীয় অর্থেঃ If যুক্ত clause এ Present Indefinite Tense এ সকল Person এর পর to be বসে এবং Past Indefinite Tense-এর ক্ষেত্রে সকল Person এর পর were বসে। যেমনঃ If he is good, he is the culprit. If I were a teacher, I would teach them.

**N:B:** If he writes a letter, I will reply. বাক্যটিতে write এর সাথে s যুক্ত করা হয়েছে। কারণ এখানে he হচ্ছে 3rd person singular number. যেহেতু verb টি Subjunctive mood সেক্ষেত্রে s যুক্ত না করলেও হত।
যেমনঃ If he write a letter, I will reply.

বর্তমানে অসম্ভব/ অবাস্তব কোন কিছু বুঝাতে Subjunctive mood এ As if/As though ব্যবহৃত হয়। As if এবং As though যুক্ত Sentence এর প্রথম অংশ Present Indefinite Tense হলে পরের অংশ Past Indefinite Tense হয় আর প্রথম অংশ Past Indefinite Tense হলে পরের অংশ Past perfect Tense হয়।
যেমনঃ He pretends as if he completed the assignment. He pretended as if he had completed the assignment.

<u>ইচ্ছা বা অভিপ্রায় অর্থেঃ</u> advise, ask, command, require, move, urge, propose, recommend, demand, insist, prefer, order, suggest, request উপরিউক্ত verb গুলো দ্বারা কর্তার ইচ্ছা প্রকাশ করা হয়। এদের পরে যদি কোন that clause থাকে তবে তার verb এর সাথে s/es/ing/ed যুক্ত হবে না।

যেমনঃ They proposed that he take(takes নয়) a book. I ordered that he receive the document of this university. He requested that she read(reads হবে না) a book.

**<u>N:B:</u>** It is time, it is high time দ্বারা কোন Sentence শুরু হলে এর পরের Subject এর পরের verb টি Past form হবে। যেমনঃ It is time they played. It is high time She went there.

**<u>Infinitive Mood:</u>** উপরের বর্ণিত Moods গুলো ব্যতিত আরো এক ধরনের Mood আছে যাকে Infinitive mood বলে। Verb এর পূর্বে to বসলে তাকে Infinitive mood বলে। যদিও আধুনিক English Grammar এটাকে mood বলে না, কারণ এটা শুধু অনির্দিষ্ট কাজকে বুঝায়।

# Chapter # 45: Subjunctive Word / Mood

কোন কিছু উচিত / উচিত না এরূপ বোঝাতে যখন একজন কর্তা অন্য কোন কর্তাকে কোন আদেশ উপদেশ, অনুরোধ ও বাধ্যতামূলক কাজ করানো ইত্যাদি অর্থে মনের ভাব প্রকাশ করে তখন এরূপ অবস্থাকে Subjunctive word বলে।

[**Note:** Subjunctive word গুলো that clause পূর্বে বসে এবং that যুক্ত clause এর পরে verb এর (base form) হবে।]

**For example**: She insists that they give her a receipt (Barons)
subjunctive word base form

The teacher suggested that her students write a composition on their experiences with MCB.
একটি সূত্রের মাধ্যমে এগুলো মনে রাখা যায়: Move Run On Side.
Subjunctive words গুলোর মধ্যে কিছু Verb, Noun এবং Adjective রয়েছে নিচে এগুলো নিয়ে আলোচনা করা হলে:

**Verb - subjunctive words গুলো হলো:**

| | | | | |
|---|---|---|---|---|
| Ask | Move | Advise | Insist | Recommend |
| Suggest | Command | Order | Request | Demand |
| Stipulate | Urge | Decree | Require | Propose |
| Respect | Prefer | Desire | | |

**Noun -Subjunctive words গুলো হলো:**

| | | |
|---|---|---|
| Requirement | Advice | Preference |
| Proposal | Suggestion | Necessity |
| Recommendation | Insistence | Demand |

**Adjective - subjunctive words গুলো হলো:**

| | | |
|---|---|---|
| Mandatory | Important | Advised |
| Essential | Urgent | Imperative |
| Necessary | Required | Suggested |
| Obligatory | Recommended | Proposed |
| Noticeable | | |

**Structure- 1:**

**Subjunctive word যুক্ত Sentence + that+ subject + verb এর base form+..........**

**Note: Verb এর base form বলতে বোঝানো হয় যে verb এর সাথে ing / ed/ s/es ... ব্যবহার করা হয় না।**

**Example:**

a) He insisted that I go there
b) The mentor suggested that his students write an essay on their experience with English Tharapy.
c) It is mandatory that I speak with Rahima.
d) He regretted not having followed his advisors recommendation that he drop the class.
e) The doctor suggested that Asik lose weight.

**Note-1:** Subjunctive words গুলো যে কোনো Tense অনুসারে বসতে পারে।

Note 2: That যুক্ত Sentence এ subject এর পরে (should) ব্যবহার হয় কিন্তু আধুনিক ইংরেজিতে এটির ব্যবহার হয় না তাই শুধু verb এর base form ব্যবহার করা হয়।

**Structure-2:**

**That যুক্ত sentence কে negative করার জন্য নিচের structure টি অনুসরণ করতে হবে।**

**Subjunctive word যুক্ত Sentence + that + sub + not + $V_1$+....**

My mother suggested that I not work hard the whole day.
Rayhan ordered that he not smoke.
The boss prefers that he not misbehave with clients.

**Structure 3:**

**Sentence এ যদি That না থাকে তাহলে নিচের structure অনুসরণ করতে হবে।**

**Subjunctive word +......+ to + $V_1$ +.......**

He advises me to go to market

It is essential to plan the road design

It is imperative to finish the work on time.

**Structure-4**

**Subjunctive word যুক্ত sentence + that + sub + be + $V_3$ +...**

I requested that the work be done.

Rumpa suggested that the boy be sent away to Rakib's house.

I moved that the school be broken up.

[Note: Passive করার ক্ষেত্রে উক্ত Structure অনুসরণ করা হয়।]

# Chapter # 46: Redundancy

Redundancy শব্দের অর্থ অপ্রয়োজনীয়তা, বাহুল্য দোষ । কোন বাক্যে অপ্রয়োজনীয় যেকোন শব্দের ব্যবহারকেই ইংরেজিতে Redundancy বলে।
Redundancy মূলত English Grammar এ 'Common Mistakes in English' এর আলোচ্য বিষয়।
Sentence এ সাধারণত Noun, Pronoun, Adjective, Verb, Adverb, Preposition, Phrase ইত্যাদির পুনরাবৃত্তি হয়ে থাকলে, Sentence শুদ্ধ করে গঠন করতে সে অংশটুকু বাদ দিতে হয়।

**প্রতিনিয়ত ব্যবহার করি এমন কয়েকটি Redundancy দেখে নেওয়া যাক:**

- আমরা অনেক সময় ক্রিকেট খেলার মাঠে বলি, "বলটা Catch ধর"। অথচ Catch এর বাংলা অর্থ হচ্ছে 'ধর'।
- কোন কিছু শুনতে বা বুঝতে না পারলে বলি, "Repeat again"। অথচ Repeat আর again দুটির অর্থ একই 'আবার'।
- শিক্ষক অনেক সময় বলে থাকেন, "জোড়ে জোড়ে Reading পড়"। কিন্তু আমরা জানি, Reading অর্থই 'পড়'।

**Redundancy দুইভাবে (২) হতে পারে :**

1. একই অর্থ প্রকাশ করে এমন একাধিক Word/Phrase এর পুনরাবৃত্তি।
2. কিছু Verb এর সাথে Preposition এর ব্যবহার।

**একই অর্থ প্রকাশ করে এমন একাধিক Word/Phrase এর পুনরাবৃত্তি :**

**1. Await**= wait for একই অর্থ (কারো জন্য বা কোন কিছুর জন্য অপেক্ষা করা)। তাই Await এর সাথে for ব্যবহৃত হয়না। Example:

Incorrect : I await for you.
Correct : I await you.
(আমি তোমার জন্য অপেক্ষা করি)

2. **Advance** = Go/Move forward একই অর্থ (সামনে এগিয়ে যাওয়া)। তাই Advance এর সাথে forward ব্যবহৃত হয়না। Example:

Incorrect : You will advance forward.
Correct : You will advance.
(তুমি সামনে অগ্রসর হবে)

3. **Again**=এর সাথে repeat ব্যবহৃত হবেনা। কারণ দুইটা একই অর্থ (পুনরায়, আবার)

Incorrect : Please, say again repeat.
Correct : Please, say again.
(দয়া করে পুনরায় বলুন)

4. **Any**= এর সাথে and all বসানো যাবেনা। কারণ এটা দ্বারা সঠিক অর্থ প্রকাশ পায়না। যেমনঃ

Incorrect : Any and all employees can do this.
Correct : Any employee can do this.
(যেকোন কর্মচারী এটা করতে পারে)

5. **Better=** Better ও Comparatively well এর অর্থ একই (তুলনামূলকভাবে ভাল)। তাই Better এর সাথে comparatively well বসেনা।

Incorrect : This house is comparatively well better than the hotel.
Correct : This house is better than the hotel.

6. **Conclusion=** Conclusion ও Final decision এর অর্থ একই (চূড়ান্ত ফলাফল/সিদ্ধান্ত)। তাই এর সাথে Final decision বসেনা।

Incorrect : This is the Conclusion of the final decision about the matter.
Correct : This is the final decision about the matter.

7. **Compete=** এর সাথে together ব্যবহৃত হয়না।

Incorrect : They started to compete together each other.
Correct : They started to compete with each other.

8. **Cousin**= এর সাথে Brother/Sister ব্যবহৃত হয়না।
Incorrect : We are cousin brother.
Correct : We are cousins.

9. **Discover**=এর সাথে New ব্যবহৃত হয়না।
Incorrect : He is trying to discover new something.
Correct : He is trying to discover something.

10. **Dictionary**= Dictionary ও Phrase book, word book একই অর্থবোধক। তাই Dictionary এর সাথে Phrase book, word book ব্যবহৃত হয়না।
Incorrect : I need a dictionary book.
Correct : I need a dictionary.

11. **Entire** = Entire ও Whole এর অর্থ একই (সমগ্র, সমস্ত)। তাই Entire এর সাথে Whole ব্যবহৃত হবেনা।
Incorrect : I am alone the whole entire of my life.
Correct : I am alone the entire of my life.
Or, I am alone in my entire life.

12. **Innovation**= এর অর্থ a new idea/method. সেজন্য Innovation এর সাথে new বসানো যাবেনা।
Incorrect : The Book is new innovation for reading.
Correct : The Book is an innovation for reading.

13. **Invention**= এর অর্থ New design/existence. তাই Inventionএর সাথে new শব্দটি বসেনা।
Incorrect : It is my only new invention.
Correct : It is my only invention.
Or,
Incorrect : Writing a book is my only new dream.
Correct : Writing a book is my only dream.

**14. Join** = Join ও stick together, fasten together সমজাতীয় অর্থবোধক (একসাথে যুক্ত করা)। তাই Join এরসাথে together বসেনা।

Incorrect : The 30th batch join together a company.

Correct : The 30th batch join a company.

**15. Lodging** = এর অর্থ Temporary housing, তাই lodging এর সাথে house এর ব্যবহার হয়না।

Incorrect : I came from lodging house.

Correct : I came from lodging.

**16. Nearly** = আর almost সমজাতীয় অর্থ (কাছাকাছি, পাশাপাশি, নিকটে)। তাই nearly এর সাথে almost ব্যবহৃত হবেনা।

Incorrect : Sabbir needs almost nearly tk. 5000.

Correct : Sabbir needs almost tk. 5000.

**17. Prefer** = মানেই কোন কিছু অগ্রাধিকার দেওয়া বুঝায়। তাই Prefer এর সাথে more, most কথাটা অপ্রযোজ্য। যেমন:

Incorrect : Do you prefer most coffee?

Correct : Do you prefer coffee?

**18. Prosper** = এর সাথে forward ব্যবহৃত হয়না।

Incorrect : May you prosper forward in life.

Correct : May you prosper in life.

**19. Period** = Preiod এবং time উভয়ই সময় বুঝায়। তাই period এর সাথে time বসেনা।

Incorrect : We stayed for a short period of time in the village.

Correct : We stayed for a short period in the village.

**20. Progress** = এর সাথে forward ব্যবহৃত হবেনা।

Incorrect : Progress forward is being made.

Correct : Progress is being made.

**21. Proceed** = এর সাথেও forward ব্যবহৃত হয়না।

Incorrect : You may not proceed forward to the bathroom.
Correct : You may not proceed to the bathroom.

**22. Revert** = Revert ও Go back এর অর্থ একই (ফিরে যাওয়া, ফিরিয়ে দেওয়া)।তাই Revert এর সাথে Go back বসে না।

Incorrect : Go back revert to school.
Correct : Go back to the school.

**23. Return** = Return ও Come back, Go back সমজাতীয় অর্থ (ফিরে আসা, ফিরে যাওয়া)। তাই Return এর সাথে back শব্দটি বসেনা।

Incorrect : They returned back from the village.
Correct : They returned from the village.

**24. Restore** = Restore ও Bring back একই অর্থবোধক (পূর্বাবস্থায় ফিরিয়ে আনা)। তাই এর সাথে back ব্যবহৃত হয়না।

Incorrect : Can you restore bring back my file?
Correct : Can you restore my file?

**25. Refer** = এর সাথে back অপ্রযোজ্য।

Incorrect : Please, refer back to page 10.
Correct : Please refer to page 10.

**26. Renew** = Renew ও again একই অর্থ প্রদান করে (পুনরায় বা আবার নবায়ন করা) তাই এর সাথে again ব্যবহৃত হয়না।

Incorrect : The building constructed renew again.
Correct : The building constructed renew.

**27. Reason** = এর সাথে because ব্যবহার করা অপ্রযোজ্য।

Incorrect : I didn't do this because the reason of her activities.
Correct : I didn't do this because of her activities.

**28. Repeat** = এর সাথে again ব্যবহৃত হয়না।

Incorrect : Please, repeat it again.

Correct : Please, repeat it.

**29. Same** = এর সাথে identical ব্যবহার করা যাবেনা।

Incorrect : This is the same identical place where I went.

Correct : This is the same place where I went.

**30. Sufficient** = এর সাথে enough ব্যবহার অপ্রযোজ্য।

Incorrect : He doesn't have enough sufficient balance.

Correct : He doesn't have enough balance.

**31. True** = এর সাথে fact দেওয়ার প্রয়োজন নাই। কেননা, True দ্বারা উক্ত ঘটনার কথাই বলা হয়।

Incorrect : Is this true fact?

Correct : Is this true?

**32. Twin** = এর অর্থ (জমজ বা জোড়ার একটি) । তাই এর সাথে two বসবে না। উদাহরণস্বরূপ:

Incorrect : One of twin two children born on 11th May to the same mother at the same time.

Correct : One of twin children born on 11th May to the same mother at the same time.

অথবা One of two very similar things. তাই twin এর সাথে two ব্যবহৃত হয়না। তবে together বসে।

**33. United** = এর সাথে together ব্যবহৃত হয়না।

Incorrect : We united together again.

Correct : We united again.

**এমন কিছু Verb আছে যাদের সাথে Preposition ব্যবহার করাও Redundancy সমস্যার মধ্যে পড়েঃ**

1. Incorrect : I would like to <u>discuss about</u> the matter.
   Correct : I would like to discuss the matter.
   (আমি বিষয়টি আলোচনা করতে চাই)

2. Incorrect : Tushar <u>resembles to</u> his father.
   Correct : Tushar resembles his father.
   (তুষার দেখতে তার বাবার মত)

3. Incorrect : Mr. Farukh has <u>resigned of</u> his post.
   Correct : Mr. Farukh has resigned his post.
   (মি. ফারুখ পদত্যাগ করেছেন)

4. Incorrect : Masud will meet <u>with</u> Mahfuz tomorrow.
   Correct : Masud will meet Mahfuz tomorrow.
   **Note:** [বিশেষ ঘটনা হলে meet এর সাথে with বসানো যাবে]
   (মাসুদ আগামীকাল মাহফুজের সাথে দেখা করবে)

5. Incorrect : Maisha <u>ordered for</u> a cup of coffee.
   Correct : Maisha ordered a cup of coffee
   (মাইশা এককাপ কফির অর্ডার দিলো)

6. Incorrect : After finishing my class, I will <u>go to home</u>.
   Correct : After finishing my class, I will go home.
   (আমার ক্লাস শেষ হবার পর, আমি বাড়ি যাবো)
   [**Note:** go এর পর home, abroad, overseas ইত্যাদি word থাকলে মাঝখানে to বসেনা।]

7. Incorrect : The walls of English Therapy have been painted in blue.
   Correct : The walls of English Therapy have been painted blue.
   (ইংলিশ থেরাপি'র দেয়ালগুলো নীল রং করা হয়েছে)

8. Incorrect : Arif has joined to the army in 2012.
   Correct : Arif has joined the army in 2012.
   (আরিফ ২০১২ সালে সেনাবাহিনীতে যোগদান করেছে)

9. Incorrect : The cat entered into the room.
   Correct : The cat entered the room.
   (বিড়ালটি কক্ষে প্রবেশ করেছিলো)

   **Note:** [চুক্তি বুঝালে Entered এর পর into বসানো যাবে]

**বি.দ্র:** ৬ নং ব্যতীত বাকী সব Verb গুলো Transitive Verb হওয়ায় এরপর Preposition বসে নাই। তবে Noun form এর পর Preposition বসে। যেমন:

- I would like discussion about the matter.
- The two sisters show resemblance to each other.

# Chapter # 47: Determiner

যে সকল word (শব্দ) noun এর পূর্বে বসে noun এর সংখ্যা, পরিমাণ, নির্দিষ্টতা, অর্নিদিষ্টতা ইত্যাদি নির্দেশ করে, তাকে determiner বা নির্দেশক বলে।

অজানা কথা: Determiner যেহেতু Noun কে modify করে সেহেতু Parts of speech এর adjective হিসেবে কাজ করে।

প্রকারভেদ: Determiner এর নির্দিষ্ট কোন প্রকারভেদ নেই। তবে একে তিনটি ভাগে ভাগ করা যেতে পারে। যথা:

(i) Pre-Determiner
(ii) Central-Determiner
(iii)Post-Determiner

**Note-1:** Predeterminers গুলো সাধারণত Central determiners এর পূর্বে বসে।

**Note-2:** দুই বা ততোধিক Predeterminers এক সাথে বাক্যে ব্যবহার করা যায় না কিন্তু কিছু ব্যতিক্রম রয়েছে। Two such, No such, All such, Many.
**Note-3:** Ordinal number এবং Cordinal number এক সাথে ১টি বাক্যে ব্যবহার হলে Ordinal number টি প্রথমে বসে।

## Determiner

| Pre-Determiner | Central-Determiner | Post-Determiner |
|---|---|---|
| a) **Fraction:** half,one-third, one-fourth. | a) **Article:** a, an, the. | a) **Cardinal:** One, two, three, four. |
| b) **Intensifier:** Such, just, quite, very. | b) **Possessive:** my, our, his, her, your, its, their, whose. | b) **Ordinal:** First, second, third. |
| c) **Multiplicative:** Once, twice, thrice. | c) **Demonstrative:** this, that, those, these. | c) **General Ordinals:** Next, last, prevoius. |
| | | d) **Quantifier:** Some, any, many, much, few, little, |

| Determiner | Indicates & Example |
|---|---|
| **Too many** | অত্যন্ত বেশি বোঝালে countable noun এর পূর্বে বসে। যেমন:**Too many** cooks spoil the broth. |
| **Too much** | অত্যন্ত বেশি বোঝালে uncountable noun এর পূর্বে বসে। যেমন: They spent **too much** time with us. |
| **A few** | অল্প কিছু সংখ্যক (some) countable noun এর পূর্বে বসে। যেমন: There are **a few** books on the table. |
| **The few** | অল্প যে ক'জন/ক'টি আছে তার সবগুলো/সবাই। countable noun এর পূর্বে বসে যেমন: He wanted to collect **the few** men power for next procedure. |
| **Few** | অল্প, নেই বললেই চলে (Countable noun এর পূর্বে বসে)। যেমন: They have got **few** cake on the table. |
| **Fewer** | Few এর comparative form (Countable Noun এর পূর্বে বসে)। যেমন: **Fewer** people got BPL tournament ticket for last match. |
| **Less** | Little এর Comparative form (Uncountable noun এর পূর্বে বসে)। যেমনঃ There is **less** juice in the glass. |
| **Little** | নেই বললেই চলে (Uncountable noun এর পূর্বে বসে)। যেমন: There was **little** time to finish my homework. |

| Determiner | Indicates & Example |
|---|---|
| **A little** | সামান্য পরিমাণ। uncountable noun এর পূর্বে বসে **যেমন:** There is **a little** milk in the refrigerator. |
| **The little** | সামান্য যেটুকু আছে তার সবটুকু (Uncountable noun এর পূর্বে বসে)। যেমন: **The little** money we had, the thief stole it. |
| **A lot of** | হ্যাঁ বোধক বাক্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়। countable এবং uncountable উভয়ের ক্ষেত্রে বসে। যেমন: **A lot of** people died of Corona-virus. |
| **Lots of** | There are **lots of** foods wasted. |
| **Many** | Countable Noun এর পূর্বে বসে। যেমন: **Many** people went to see the concert. |
| **Much** | খুব, বেশি (Uncountable Noun এর পূর্বে বসে)। যেমন: We have **much** time to go there. |
| **Some** | অনির্দিষ্ট সংখ্যক পরিমাণ ব্যক্তি বা বস্তু বোঝায় (Both Countable and uncountable এর পূর্বে বসে)। **যেমন: I** need **some** money for registration. |
| **Any** | অনির্দিষ্ট সংখ্যক ব্যক্তি বা বস্তু বোঝায়। যেমন: Have you got **any** pen? (Uncountable + Countable এর পূর্বে বসে) |

বি:দ্র: Negative এবং Interrogative বাক্যে Any ব্যবহৃত হয় এবং Affirmative বাক্যে Some ব্যবহার করা হয়।

যেমন: Do you have **any** money? (Interrogative)

I don't have **any** money. (Negative)

I have **some** money. (Affirmative)

# Chapter # 48: Auxiliary Verbs & Modals

## Topic: Auxiliary Verb

**To Be**: am/is/are/was/were/be/being/been যখন এদের নিজস্ব অর্থ **হয়, হই, হও, ছিল, ছিলে, ছিলেন** ইত্যাদি অর্থ প্রকাশ করে তখন তা Main Verb হয়। আর যখন এদের নিজস্ব অর্থ প্রকাশ করে না তখন এরা Auxiliary Verb হিসেবে বসে। অর্থাৎ [To Be Verb গুলো Auxi.Verb/Main verb/ Modal phrase হিসেবে ব্যবহৃত হয়।]
যেমন:

❖ Auxiliary Verb হিসেবে যখন To Be Verb ব্যবহৃত হয়।
I **am** playing football. এখানে, am হলো Auxiliary Verb.
He **is** going to market. এখানে, is হলো Auxiliary Verb.
We **are** swimming. এখানে, are হলো Auxiliary Verb.
I **was** reading a book. এখানে, was হলো Auxiliary Verb.
You **were** teaching. এখানে, were হলো Auxiliary Verb.

❖ Main Verb হিসেবে যখন To Be Verb ব্যবহৃত হয়।
You **are** a student. এখানে, are হলো Main Verb.
I **am** a teacher. এখানে, am হলো Main Verb.
He **is** a doctor. এখানে, is হলো Main Verb.
She **was** a tailor. এখানে, was হলো Main Verb.
You **were** a driver. এখানে, were হলো Main Verb.
**Be** happy. এখানে, be হলো Main Verb.

**To Do:** do/does/did/doing/done. যখন এর অর্থ **করি, করে, করেছিল** হয় তখন Main Verb হিসেবে ব্যবহৃত হবে। কিন্তু যখন এদের অর্থ প্রকাশ করবে না তখন Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হবে।
[To Do Verb গুলো Auxi.Verb/main verb হিসেবে ব্যবহৃত হয়।]
যেমন:

❖ Auxiliary Verb হিসেবে যখন To Do Verb ব্যবহৃত হয়।
**Do** you know me? এখানে, do হলো Auxiliary Verb.
**Does** he go? এখানে, does হলো Auxiliary Verb.
**Did** he finish the work? এখানে, did হলো Auxiliary Verb.

❖ Main Verb হিসেবে যখন To Do Verb ব্যবহৃত হয়।
I **do** the work. এখানে, do হলো Main Verb.
He **does** the work. এখানে, does হলো Main Verb.
You **did** the work. এখানে, did হলো Main Verb.
[**N.B:** এই Auxi.Verb গুলো শুধুমাত্র Present ও Past Indefinite/ Simple Tense এ Interrogative ও Negative বাক্য তৈরিতে ব্যবহৃত হয়।]

**To Have:** Have/Has/Had/ এর অর্থ যখন আছে, ছিল বুঝায় তখন Main Verb কিন্তু যখন অর্থ প্রকাশ করবে না তখন Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হয় এবং Have/Has/Had এর পরে $v_3$ হবে।
[To Have Verb গুলো Auxi.Verb, main verb ও Modal phrase হিসেবে ব্যবহৃত হয়।]
যেমন:

❖ Auxiliary Verb হিসেবে যখন To Have Verb ব্যবহৃত হয়।
He **has** done the work. এখানে, has হলো Auxiliary Verb.
You **have** played well. এখানে, have হলো Auxiliary Verb.
Rana **had** taken the book. এখানে, had হলো Auxiliary Verb.

❖ Main Verb হিসেবে যখন To Have Verb ব্যবহৃত হয়।
I **have** a mobile phone. এখানে, have হলো Main Verb.
He **has** a car. এখানে, has হলো Main Verb.
You **had** a computer. এখানে, had হলো Main Verb.

## Topic: Auxiliary Verb

## Modals

**Can/Could/Shall/Should/Will/Would/May/Might/Must/Ought to.**

**Example:**
I can speak English. (আমি ইংরেজিতে কথা বলতে পারি)
I shall do the work. (আমি কাজটি করবো)
You could take suggestion about this matter.
(আপনি এই বিষয়ে পরামর্শ নিতে পারতেন)

He should learn English. (তার ইংরেজি শেখা উচিত)

We will go. (আমরা যাব)

I would like to say something about myself.
(আমি আমার সম্পর্কে কিছু বলতে চাই)

It may rain today. (আজ হয়তো বৃষ্টি হবে)

I must do the work. (আমি অবশ্যই কাজটি করবো)

He might go. (তিনি যেতে পারেন)

You ought to know. (তোমার জানা উচিত)

## Semi Modals

**Need / Dare.**

**Example:**

I dare do the work. (আমি কাজটি করতে সাহস করি)

I need come here. (আমার এখানে আসা প্রয়োজন)

## Modal Phrases

**Am to/ is to/ are to/ was to/ were to/ have to/ has to/ had to/ will have to.**

**Example:**

I am to go. (আমাকে যেতে হয়)

We are to go. (আমাদেরকে যেতে হয়)

She is to go. (তাকে যেতে হয়)

I was to go. (আমাকে যেতে হয়েছিল)

We were to go. (আমাদেরকে যেতে হয়েছিল)

He has to go. (তাকে যেতে হবে)

I have to go now. (আমাকে এখন যেতে হবে)

I had to go. (আমাকে যেতে হতো)

I will have to go. (আমাকে যেতেই হবে বা যেতে হবেই)

# More Modals

**Used to / be supposed to.**

**Example:**
I used to do exercise. (আমি নিয়মিত ব্যায়াম করতাম)
He was supposed to explain. (তার ব্যাখ্যা দেয়ার কথা ছিল)

পরবর্তী Lesson গুলোতে আমরা Modals এর বিস্তারিত শিখবো।

## Topic: Modals এর বৈশিষ্ট্যসমূহ:

01. Modals এর শাব্দিক অর্থ নির্দিষ্ট হলেও ভাবার্থ অবস্থাভেদে আলাদা হতে পারে।
যেমন: I could speak English. (আমি ইংরেজি বলতে পারতাম)
Could you please drive slowly? (আপনি কি দয়া করে আস্তে চালাবেন?)

02. Modals কখনোই মূল Verb হিসেবে ব্যবহৃত হবে না।
যেমন: I can it. বাক্যটি সঠিক নয়।
I can do it. (আমি এটা করতে পারি) বাক্যটি সঠিক।

03. Modal verbs এর পরে সবসময় Verb এর Base form/ $v_1$ হবে কিন্তু কখনো $v_2$, $v_3$ হবে না এবং ঐ (মূল Verb এর সাথে কখনোই s/es/ies/ing যুক্ত হবে না। )যেমন: He can play (সে খেলতে পারে)

04. Modal verbs দ্বারা সবসময় ভদ্রতা সূচক প্রশ্ন করা হয়।
যেমন: May I come in sir? (আমি কি ভিতরে আসতে পারি স্যার?)

05. Modal verbs দ্বারা এমন কিছু Expressions প্রকাশ করা যায়, যা Tense দিয়ে প্রকাশ করা যায় না। যেমনঃ I used to play cricket. (আমি নিয়মিত ক্রিকেট খেলতাম)

06. Modal verbs সাধারণত Action verb, To be verb এবং To have verb এর Main Form এর সাথে যুক্ত হয়। যেমন:

- Modals+ action verb হবে। যেমন: Rafi can **go** there. (রাফি সেখানে যেতে পারে)
- Modals+ be হবে। যেমন: He can **be** a doctor. (সে একজন ডাক্তার হতে পারে)
- Modals এর পরে [am, is, are, was, were] হবে না। তবে এর base form হিসেবে be বসবে।
- Modals +have হবে। [has, had হবে না।] যেমন: He could have done the work. (সে কাজটি করতে পারতো)

**বি:দ্র:** Modal verbs এর বৈশিষ্ট্যগুলো মনে রাখলে এ জাতীয় বাক্য চিনতে ও ব্যবহার করতে আপনার জন্য সহজ হবে।

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০১)

**Can এর ব্যবহার :**

➤ **Ability (ক্ষমতা, সামর্থ্য) বুঝাতে ব্যবহৃত হয়।**

**Structure: Subject+can+$V_1$+Object.** যেমন:

= I can speak English. (আমি ইংরেজিতে কথা বলতে পারি)

= You can do the work. (তুমি কাজটি করতে পারো)

= They can play well. (তারা ভালো খেলতে পারে)

= She can cook well. (সে ভালো রান্না করতে পারে)

➤ **Request (অনুরোধ বোঝাতে) ব্যবহৃত হয়।** যেমন:

= Can you give me a glass of water?
(তুমি কি আমাকে এক গ্লাস পানি দিতে পারো?)

= Can I get your mobile for few minutes?
(আমি কি আপনার মোবাইল কয়েক মিনিটের জন্য পেতে পারি?)

➤ **Permission (অনুমতি বোঝাতে) ব্যবহৃত হয়।** যেমন:

= Can I use your laptop?
(আমি কি আপনার ল্যাপটপটি ব্যবহার করতে পারি?)

= You can use my laptop.
(তুমি আমার ল্যাপটপটি ব্যবহার করতে পারো)

➢ **Suggestion (পরামর্শ) বোঝাতে ব্যবহৃত হয়। যেমনঃ**

= You can watch all the videos of our channel.

(তুমি আমাদের চ্যানেলের সবগুলো ভিডিও দেখতে পারো)

= You can practice English regularly.

(তুমি নিয়মিত ইংরেজি অনুশীলন করতে পারো)

➢ **দক্ষতা বোঝাতে ব্যবহৃত হয়। যেমনঃ**

= I can draw picture. (আমি ছবি আঁকতে পারি)

➢ **Can+ be হলে অর্থ হবে, 'হতে পারা' [Subject+ can+ be+ object] যেমনঃ**

He can be a doctor. (সে একজন ডাক্তার হতে পারে)

➢ **Can+ have হলে অর্থ হবে, 'থাকতে পারা' [Subject+ can+ have+ object] যেমনঃ**

I can have a bike. (আমার একটি বাইক থাকতে পারে)

➢ **Can+ not but+ $v_1$/Can not+help+$v_1$+ing এমন Structure এর হলে এর অর্থ হবে, 'না করে পারি না' [Subject+ can+ not but+$v_1$+ object]**

যেমনঃ Salehin cannot but play football. (সালেহীন ফুটবল না খেলে পারে না)

I cannot help going there. (আমি সেখানে না যেয়ে পারি না)

➢ **Can+ not let+ objective +$v_1$ এমন Structure এর হলে এর অর্থ হবে, 'করতে দিতে পারি না' [Subject+ can+ not let+ object+$v_1$]**

। যেমনঃ

Robi cannot let the child play in the sun.

(রবি শিশুটিকে রোদে খেলতে দিতে পারে না)

I cannot let you go. (আমি তোমাকে যেতে দিতে পারি না)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০২)

### Could এর ব্যবহার:

- **Past ability (অতীতের সক্ষমতা) বুঝাতে ব্যবহৃত হয়।**
  **Structure: Subject+ could+$v_1$+Object.**
  যেমন:-
  = He could play football. (সে ফুটবল খেলতে পারতো)
  = She could draw picture. (সে ছবি আঁকতে পারতো)
  = They could play well. (তারা ভালো খেলতে পারতো)

- **Polite request (অনুরোধ বোঝাতে) ব্যবহৃত হয়।**
  **[Structure: Could+subject+$v_1$+object]**
  = Could I use your car, please?
  (অনুগ্রহপূর্বক, আমি কি আপনার গাড়িটি ব্যবহার করতে পারি?)

- **Permission** (অনুমতি বোঝাতে) ব্যবহৃত হয়।
  = Could I get your pen? (আমি কি আপনার কলমটি পেতে পারি?)
  = Could you help me to make this?
  (তুমি কি আমাকে এটা তৈরি করতে সাহায্য করবে?)

- **Could+ be হলে অর্থ হবে, 'হতে পারতো/হতে পারতাম' এমন অর্থ প্রকাশ করতে [Subject+could+be+object] যেমন:**
  He could be a doctor. (সে একজন ডাক্তার হতে পারতো)

- **Could+ have হলে অর্থ হবে, 'থাকতে পারতো' এমন অর্থ প্রকাশ করতে [Subject+could+have+object] যেমন:**
  I could have a bike. (আমার একটি বাইক থাকতে পারতো)

- **Could+ not but+ $v_1$ হলে অর্থ হবে, 'না করে পারলাম না' এমন অর্থ প্রকাশ করতে [Subject+could+not but+ $v_1$+object]** । যেমন:-
  Rupa could not but stay home. (রুপা বাসায় অবস্থান না করে পারলো না)
  I could not but do the work. (আমি কাজটি না করে পারলাম না)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৩)

**May এর ব্যবহার:**

➢ **সম্ভাবনা বুঝাতে May ব্যবহৃত হয়।**

**Structure: Subject+may+$V_1$+Object.**

যেমন:

= It may rain today.(আজ বৃষ্টি হতে পারে)

= He may come tomorrow.(সে আগামীকাল আসতে পারে)

= Tanni may pass in the exam. (তন্নি পরীক্ষায় কৃতকার্য হতে পারে)

= They may win the match. (তারা খেলায় জয়লাভ করতে পারে)

➢ **অনুমতি চাইতে May বসে।**

**Structure: May+subject+$V_1$+Object+?**

যেমন:

= May I come in, sir? (আমি কি ভেতরে আসতে পারি, স্যার।)

= May I help you? (আমি কি তোমাকে সাহায্য করতে পারি?)

= May I start a charity camp here?

(আমি কি এখানে একটি দরিদ্র সহায়তা ক্যাম্প চালু করতে পারি?)

➢ **প্রার্থনা করতে আমরা May ব্যবহার করি।**

**যেমন:**

= May Allah recover you soon.

(অতি শীঘ্রই আল্লাহ আপনাকে আরোগ্য দান করবেন)

= May God bless you. (ঈশ্বর তোমার মঙ্গল করুক)

➢ **ইচ্ছা প্রকাশ (প্রার্থনা বোঝাচ্ছে) করতে আমরা May ব্যবহার করি।**

= May you live long! (তুমি দীর্ঘজীবী হও!)

= May you be happy. (তুমি সুখি হও)

➢ **May+ be হলে অর্থ হবে, 'হতে পারে' এমন সম্ভাবনা বোঝাতে**

**[Subject+may+be+object]** যেমন:

He may be a doctor. (হতে পারে সে একজন ডাক্তার)

➢ **May+ have হলে অর্থ হবে, 'থাকতে পারে' এমন সম্ভাবনা বোঝাতে**
**[Subject+may+have+object]** যেমন:
He may have a bike. (সম্ভবত তার একটি বাইক থাকতে পারে)

➢ **May+ have+ $V_3$ হলে, 'সম্ভবত করেছে' এমন অর্থ প্রকাশ করবে**
**[Subject+may+have+$v_3$+object]** । যেমন:
Roza may have done the work. (রোজা সম্ভবত কাজটি করেছে)

➢ **'সম্ভবত করছে' এমন অর্থ হলে,**
**[subject + may be + $v_1$ + ing + object]**
**যেমন:** He may be going. (সে সম্ভবত যাচ্ছে)
**[may be + subject + be verb + $v_1$ + ing + object]**
**যেমন:** May be he is going. (সম্ভবত সে যাচ্ছে)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৪)

**Might এর ব্যবহার:**

➢ **কম সম্ভাবনা বুঝাতে Might ব্যবহৃত হয়।**
যেমন: = It might rain tomorrow. (আগামীকাল বৃষ্টি হতেও পারে)
= They might join my live class at 10 pm.
(তারা রাত দশটায় আমার লাইভ ক্লাসে অংশগ্রহণ করতেও পারে)

➢ **Conditional বাক্যে Might এর ব্যবহার।**
যেমন: = If I met him, I might get his number.
(আমি যদি তার সাথে সাক্ষাত করতাম, তাহলে তার নাম্বার পেতাম)
= If you watched the movie, you might learn something.
(তুমি যদি সিনেমাটি দেখতে, তুমি কিছু শিখতে পারতে)
= If they joined my course, they might speak English.
(তারা যদি আমার কোর্সে যোগদান করতো, তারা ইংরেজিতে কথা বলতে পারতো)

[**Note:** Conditional Sentence সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের এই বইয়ের Conditional অংশ দেখে আসতে পারেন।]

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৫)

**Should এর ব্যবহার:**

➢ উপদেশ ও দায়িত্ব বুঝাতে **Should** ব্যবহৃত হয়।

**Structure: Subject+ should+ $v_1$+ Object.** যেমন:

= You should learn English.
(তোমার ইংরেজি শেখা উচিত)

= You should know how to drive.
(তোমার জানা উচিৎ কিভাবে গাড়ি চালাতে হয়)

= He should know about graphics.
(তার গ্রাফিক্স সম্পর্কে জানা উচিৎ)

= We should obey our teachers.
(আমাদের শিক্ষকদেরকে সম্মান করা উচিত)

= He should follow his seniors.
(তার উচিত তার বয়োজেষ্ঠদের অনুকরণ করা)

= They should pay attention to their parents.
(তাদের বাবা-মার প্রতি মনোযোগ দেওয়া উচিত)

= She should recite the Holy Quran.
(তার পবিত্র কোরআন তেলাওয়াত করা উচিত)

➢ **কিছু করা উচিত ছিল এমন বোঝাতে [Should+ have+ $v_3$] ব্যবহৃত হয়। যেমন:**

= You should have subscribed our channel.
(তোমার আমাদের চ্যানেলটি সাবস্ক্রাইব করা উচিত ছিল)

= We should have watched all the video lessons.
(আমাদের সব ভিডিও লেসনসগুলো দেখা উচিত ছিল)

➢ **'হওয়া' উচিত এমন অর্থে [Should+be] ব্যবহৃত হয় । যেমন:**

= You should be polite/ honest/ regular/ productive.
(তোমার ভদ্র/সৎ/নিয়মিত/কার্যকরী হওয়া উচিত)

= They should be more conscious/ energetic/ active.
(তাদের আরোও বেশি সচেতন/শক্তিশালী/সক্রিয় হওয়া উচিত)

➢ **Should+have** বা "থাকা উচিত" এমন অর্থ প্রকাশ করতে। যেমনঃ

= You should have family education.

(তোমার পারিবারিক শিক্ষা থাকা উচিত।)

➢ **Should+subject+$v_1$+sign of question(?)** বা, "অনুমতি" বোঝাতে ব্যবহৃত হবে। যেমনঃ = Should I go?

(আমার কি যাওয়া উচিত?)

= Should I learn English? (আমার কি ইংরেজি শেখা উচিত?)

➢ **Should+be+$V_1$+ing** বা "করতে থাকা উচিত" এমন অর্থ প্রকাশ করতে।

= You should be doing the work.

(তোমার কাজটি করতে থাকা উচিত)

= I should be practicing.

(আমার চর্চা করতে থাকা উচিত)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৬)

**Will এর ব্যবহার :**

➢ অনুরোধ বুঝাতে **Will** ব্যবহৃত হয়। যেমনঃ

= Will you go with me, please?

(তুমি কি দয়া করে আমার সাথে যাবে?)

= Will you please speak slowly?

(আপনি কি দয়া করে আস্তে কথা বলবেন?)

➢ ইচ্ছা বুঝাতে **Will** ব্যবহৃত হয়। যেমনঃ

= I will buy a blue car.

(আমি একটি নীল রঙের গাড়ি কিনবো)

= I will build a mosque in my village.

(আমি আমার গ্রামে একটি মসজিদ বানাবো)

➢ **আদেশ বুঝাতে Will ব্যবহৃত হয়। যেমন:**
= You will stop smoking.
(তুমি ধুমপান করা বন্ধ করবে)
= You will go there tomorrow.
(তুমি আগামীকাল সেখানে যাবে)

➢ **দৃঢ় প্রতিশ্রুতি বুঝাতে Will ব্যবহৃত হয়। যেমন:**
= I will do the work anyhow.
(আমি যেকোনভাবে কাজটি করবো)
= I will learn English at any cost.
(আমি যে কোন মূল্যে ইংরেজি শিখবো)

➢ **ভবিষৎদ্বাণী ও অনুমান বুঝাতে Will ব্যবহৃত হয়। যেমন:**
= I think you will be able to speak English.
(আমি মনে করি তুমি ইংরেজিতে কথা বলতে সক্ষম হবে)
= I think he will pass the exam.
(আমি মনে করি সে পরিক্ষাটিতে কৃতকার্য হবে)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৭)

### Would এর ব্যবহার :

➢ **কোনকিছু পূর্বে অনিয়মিতভাবে করতাম এমন বোঝালে, Subject+ would+ $v_1$+ object. যেমন:**
= I would play cricket. (আমি ক্রিকেট খেলতাম)
[বি:দ্র: **Would+$v_1$ মূলত Conditional Sentence এ ব্যবহৃত হয়।**]

➢ Polite request বুঝাতে **Would ব্যবহৃত হয়।** যেমন:
= Would you give me your pen, please?
(আপনি দয়া করে কি আপনার কলমটি দিবেন?)

➢ **invitation (নিমন্ত্রণ) বুঝাতে Would ব্যবহৃত হয়।** যেমন:
= Would you visit English Therapy?
(তুমি কি ইংলিশ থেরাপি পরিদর্শন করবে?)

➢ **Offer বুঝাতে Would ব্যবহৃত হয়।** যেমন:
= Would you like to take a cup of coffee?
(তুমি কি এককাপ কফি খেতে চাও?)

➢ **Preference(অধিকতর পছন্দ) বুঝাতে Would rather ব্যবহৃত হয়।**
যেমন:
= I would rather prefer coffee to tea.
(আমি চায়ের চেয়ে কফি বেশি পছন্দ করি)
= He would rather die than beg.
(সে মরবে কিন্তু ভিক্ষা করবে না)

➢ **Would+be বা "হতাম" অর্থ প্রকাশ করবে। যেমন:**
= I would be a teacher. (আমি একজন শিক্ষক হতাম।)

➢ **Would+have বা 'থাকতো' অর্থ প্রকাশ করবে। যেমন:**
= Fahim would have a bike. (ফাহিমের একটি বাইক থাকতো।)

➢ **Subject+ would like to+$v_1$ এর অর্থ হবে, "করতে চাওয়া"** যেমন: =
I would like to go to Germany for higher study.
(আমি উচ্চশিক্ষার জন্য জার্মানিতে যেতে চাই।)

➢ **Would you mind+$V_1$+ing এর অর্থ হবে, "কিছু মনে না করলে"**
**যেমন:** = Would you mind answering this question?
(কিছু মনে না করলে এই প্রশ্নটির উত্তর দিতে পারবেন?)

➢ **Would rather/had better+v1 এর অর্থ হবে, "বরং করাই ভালো"**
**যেমন:** = You would rather join the army.
(তোমার বরং সেনাবাহিনীতে যোগদান করাই ভালো।)
= He had better study more for good job.
(তার বরং ভালো চাকরী পাওয়ার জন্যে বেশি পড়াই ভালো।)

[বি:দ্র: **Would+have+$v_3$ মূলত Conditional Sentence** এ ব্যবহৃত হয়।]

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৮)

**Must এর ব্যবহার:**

- বাধ্যবাধকতা বুঝাতে **Must ব্যবহৃত হয়**। যেমন:

  = We must obey our parents.

  (আমাদের অবশ্যই পিতা-মাতাকে মান্য করতে হবে)

- **দৃঢ় সংকল্প বুঝাতে Must ব্যবহৃত হয়। যেমন:**

  = I must do this. (আমি অবশ্যই এটা করবো)

  = You must watch all the videos.

  (তুমি অবশ্যই সব ভিডিও দেখবে)

- **নিশ্চয়তা বুঝাতে Must+be বা 'অবশ্যই হবে' এই অর্থে ব্যবহৃত হয়।**

  যেমন: = It must be good. (এটা অবশ্যই ভালো হবে)

- **Must+have+object এর অর্থ হবে, 'অবশ্যই থাকবে'। যেমন:**

  = I must have a car.

  **(আমার অবশ্যই একটি গাড়ি থাকতে হবে)**

- **Must+have+$v_3$ এর অর্থ হবে, 'অবশ্যই থাকবে'। যেমন:**

  = You must have done the work.

  **(তুমি অবশ্যই কাজটি করে থাকবে)**

[N.B: বক্তা অতীতে অবশ্যই কোন কাজ করে থাকবে]

- **নৈতিক বাধ্যবাধকতা বুঝাতে Ought to ব্যবহার করা হয়। যেমন:**

  = We ought to love our neighbors.

  (আমাদের প্রতিবেশীদের ভালোবাসা উচিত)

  = You ought to follow the traffic rules.

  (তোমার ট্রাফিক আইন অনুসরণ করা উচিত)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:০৯)

### Used to এর ব্যবহার:

➢ **অতীতকালের অভ্যাস বুঝাতে Used to ব্যবহৃত হয়।**

**Structure: Subject+used to+$v_1$+Object.**

যেমন:

= I used to swim in the pond.
(আমি পুকুরে সাঁতার কাটতাম)

= I used to play cricket.
(আমি ক্রিকেট খেলতাম)

= He used to live in America.
(সে আমেরিকায় বসবাস করতো)

➢ **বর্তমানকালের অভ্যস্ত বুঝাতে be (am / is / are) Used to ব্যবহৃত হয়।**

**Structure: Subject+be verb+used to+v1+ing+Object.**

যেমন:

= I am used to teaching English.
(আমি ইংরেজি শিক্ষা দিতে অভ্যস্ত)

= We are used to making videos.
(আমরা ভিডিও বানাতে অভ্যস্ত)

=He is used to doing digital marketing.
(সে ডিজিটাল মার্কেটিং করতে অভ্যস্ত)

=You are used to playing cricket.
(তুমি ক্রিকেট খেলায় অভ্যস্ত)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:১০)

### Need ও Dare এর ব্যবহার:

➢ **প্রয়োজন বুঝাতে Need ব্যবহৃত হয়।**

যেমন:

= You need practice English.
(তোমার ইংরেজি চর্চা করা প্রয়োজন)

= I need buy a macbook.
(আমার একটি ম্যাকবুক কেনা প্রয়োজন)

- **Need to be+ $v_3$ এমন হলে, অর্থ হবে,"করা দরকার"। যেমন:**

= The works need to be finished.

(কাজগুলো শেষ করা দরকার)

- **Need not+ have+$v_3$ এমন হলে, অর্থ হবে, "না করলেও চলতো"। যেমন:**

= He needs not have done the work.

(সে কাজটি না করলেও চলতো)

=You need not have gone there.

(তোমার সেখানে না গেলেও চলতো)

- **সাহস বুঝাতে dare** ব্যবহৃত হয়।

যেমন:

= I dare go there.

(আমি সেখানে যেতে সাহস করি)

= You dare take the risk.

(তুমি ঝুঁকি নিতে সাহস করো)

= How dare you say that?

(তুমি কীভাবে ওটা বলার সাহস পাও?/ তুমি কোন সাহসে ওটা বলো?)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল: (পর্ব:১১)

- **Sub+ be verb+ supposed to+ $v_1$ +object.**

[**"কথা আছে বা সম্ভবনা আছে"**এমন অর্থ বোঝাতে ব্যবহৃত হয়] **যেমন:**

= I am supposed to teach English.

(আমার ইংরেজি শিক্ষা দেওয়ার কথা)

= I am supposed to learn English.

(আমার ইংরেজি শেখার কথা)

= You are supposed to watch all the video lessons.

(তোমার সব ভিডিও লেসনগুলো দেখার কথা)

- **Sub+ was/were+ supposed to+ $v_1$+object.**

  [**"কথা ছিলবা সম্ভবনা ছিল"**এমন অর্থ বোঝাতে ব্যবহৃত হয়] **যেমনঃ**

  = They were supposed to come here.

  (তাদের এখানে আসার কথা ছিল)

  = I was supposed to do my homework

  (আমার বাড়ির কাজ করার কথা ছিল)

- **Sub+ modal phrase +$V_1$+object. যেমনঃ**

  I am to go market. (আমার মার্কেট যেতে হয়)

  I am to play football. (আমার ফুটবল খেলতে হয়)

  You are to do the work. (তোমার কাজটি করতে হয়)

  You were to do the work. (তোমার কাজটি করতে হতো)

  I have to do the work. (আমাকে কাজটি করতে হবে)

  He has to do the work. (তাকে কাজটি করতে হবে)

  We had to do the work. (আমাদেরকে কাজটি করতে হয়েছিল)

  You will have to do the work. (তোমাকে কাজটি করতে হবেই/করতেই হবে)

[বিঃদ্রঃ Modal phrase গুলো হলো am to/ is to/ are to/ was to/ were to/ has to/ have to/ had to/ will have to. এগুলোর পরে $V_1$ হবে ।]

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:১২)

**Let's learn at a glance!**

Modals এরপরে Action verb বসিয়ে বাক্য তৈরি।

**Structure: Sub+modals+$v_1$+obj.**

| Subject | Modals | Verb | Object |
|---|---|---|---|
| I | can | do | |
| We | could | go | |
| You(s) | may | run | |
| You(p) | might | cook | |
| They | shall | drive | |
| He | should | take | |
| She | will | teach | object |
| It | would | speak | |
| Ariful | must | draw | |
| My boss | ought to | swim | |
| | used to | drink | |
| | need | call | |
| | dare | | |

**Example:**

I can speak English. (আমি ইংরেজিতে কথা বলতে পারি)
You may go to market. (তুমি বাজারে যেতে পার)
You might drive a car. (তুমি গাড়ী চালাতে পার)
They shall swim in the pond. (তারা পুকুরে সাঁতার কাটবে)
She should speak English. (তার ইংরেজিতে কথা বলা উচিত)
Arif will call me. (আরিফ আমাকে ডাকবে)
She must go to market. (সে অবশ্যই বাজারে যাবে)
Nuha used to swim. (নুহা সাঁতার কাটতো)
They need drink water. (তাদের পানি পান করা প্রয়োজন)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:১৩)

Let's learn negative of modals at a glance!

**Structure: Sub+ modals+ not+ $v_1$+ object.**

| Subject | Modals | Not | Verb | Object |
|---|---|---|---|---|
| | can | | do | |
| | could | | go | |
| I | may | | run | |
| we | might | | cook | |
| You(s) | shall | | drive | |
| You(p) | should | | take | |
| They | will | not | teach | object |
| He | would | | speak | |
| She | must | | draw | |
| It | ought to | | read | |
| Ariful | used to | | swim | |
| My boss | supposed to | | drink | |
| | need | | call | |
| | dare | | | |

**Example:**

I can't learn English. (আমি ইংরেজি শিখতে পারি না)

We may not go to the market. (আমরা হয়তো বাজারে যাব না)

You might not drive the car. (তুমি হয়তো গাড়ী চালাতে পারতে না)

He should not speak English. (তার ইংরেজিতে কথা বলা উচিত না)

Arif will not call me. (আরিফ আমাকে ডাকবে না)

She must not practice. (সে অবশ্যই চর্চা করবে না)

Nuha used not to swim. (নুহা সাঁতার কাটতো না)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব:১৪)

Let's learn at a glance!
Modals এরপরে 'Be' বসিয়ে বাক্য তৈরি।

**Structure: Sub+ modals+ be+ obj.**

| Subject | Modals | Verb | Object |
|---|---|---|---|
| I | | | a student |
| we | can | | a doctor |
| You(s) | could | | a good |
| You(p) | may | | person |
| They | might | | a manager |
| He | shall | be | an actor |
| She | should | | an engineer |
| It | will | | person |
| Porosh | would | | polite |
| My ..... | must | | first |
| " | need | | regular |
| " | dare | | student |
| | | | careless |

**Example:**
I can be an engineer. (আমি একজন প্রকৌশলী হতে পারি)
He could be a doctor. (সে একজন চিকিৎসক হতে পারতো)
You may be an actor. (তুমি হয়তো একজন অভিনেতা হতে পার)
They might be polite. (তারা হয়তোবা ভদ্র হলেও হতে পারে)
She will be first. (সে প্রথম হবে)
My cousin should be regular.
(আমার চাচাতো ভাইয়ের নিয়মিত হওয়া উচিত)
Porosh must be a manager.
(পরশকে অবশ্যই একজন ব্যবস্থাপক হতে হবে)

## Topic: Modals দিয়ে বাক্য তৈরির কৌশল (পর্ব-১৫)

## Modals

Modals এরপরে Have বসিয়ে বাক্য তৈরি।

**Structure: Sub+modals+have+obj.**

| Subject | Modals | Verb | Object |
|---|---|---|---|
| I<br>We<br>You(s)<br>You(p)<br>They<br>He<br>She<br>It<br>Porosh<br>My..... | can<br>could<br>may<br>might<br>should<br>will<br>must<br>shall<br>would | have | a macbook<br>a blue car<br>a house<br>a smart phone<br>an i-phone<br>an industry<br>honesty<br>loyalty |

**Example:**

01. I can have a house. (আমার একটি বাড়ি থাকতে পারে)
02. We could have an industry.
(আমাদের একটি শিল্প-প্রতিষ্ঠান থাকতে পারতো)
03. They may have a blue car. (তাদের একটি নীল গাড়ি থাকতে পারে)
04. Porosh must have honesty. (পরশের অবশ্যই সততা থাকবে)
05. I will have loyalty to my teacher.
(আমার শিক্ষকের প্রতি আমার আনুগত্য থাকবে)
06. He may have a macbook. (তার একটি ম্যাকবুক থাকতে পারে)
07. She might have an i-phone.
(তার একটি আইফোন থাকলেও থাকতে পারে)
08. Karima should have a beautiful mind.
(কারিমার একটি সুন্দর মন থাকা উচিত)
09. Man should have loyalty. (মানুষের আনুগত্য থাকা উচিত)

# Chapter # 49:
# Common Mistakes in English Grammar

## Topic-1: Using the wrong preposition.

1. **Angry with** (রাগান্বিত/ ক্রুদ্ধ/ রুষ্ট), **against** নয়।
   Wrong : Sohel was angry against Rahul.
   Correct: Sohel was angry with Rahul.

2. **Arrive** (পৌঁছানো) **at, to** নয়।
   Wrong: Lima arrived to the hostel at night.
   Correct: Lima arrived at the hostel at night.

3. **Ashamed** (লজ্জিত) **of, from** নয়।
   Wrong: Liza's now ashamed from his conduct.
   Correct: Liza's now ashamed of his conduct.

4. **Believe** (আস্থা/ বিশ্বাস থাকা) **in, to** নয়।
   Wrong: Every Muslim believes to Allah.
   Correct: Every Muslim believes in Allah.

5. **Careful of, with or about** (যত্নবান/ মনোযোগী), **for** নয়।
   Wrong: Shimu's very careful for her health.
   Correct: Shimu's very careful of/ about her health.

6. **Confidence in** (আস্থা/ আত্মবিশ্বাস), **to** নয়।
   Wrong: He has great confidence to me.
   Correct: He has great confidence in me.

7. **Congratulate on** (অভিনন্দন জানানো), **for** নয়।
   Wrong: He congratulates me for my success.
   Correct: He congratulates me on my success.

8. **Dressed in** (পরিহিত), **with** নয়।
   Wrong: The baby was dressed with red.
   Correct: The baby was dressed in red.

9. **Different from (ভিন্নরকম/ পৃথক), than নয়।**
   Wrong: Sharmin's book is different than Susmita's.
   Correct: Sharmin's book is different from Susmita's.

10. **Exception to (বহির্ভূত), of নয়।**
   Wrong: That was an exception of the constitution.
   Correct: That was an exception to the constitution.

11. **Guilty of (দোষী/ অপরাধী), for নয়।**
   Wrong: Ershad Sikder was found guilty for murder.
   Correct: Ershad Sikder was found guilty of murder.

12. **Independent of (স্বাবলম্বী/ স্বাধীন), from নয়।**
   Wrong: We got independent from Pakistan.
   Correct: We got independent of Pakistan.

13. **Married to (বিবাহিত), with নয়।**
   Wrong: Sumona was married with a business man.
   Correct: Sumona was married to a business man.

14. **Opposite to (উল্টো দিকে/ বিপরীতে/ মুখোমুখি/ সম্মুখবর্তী), from নয়।**
   Wrong: English Therapy is opposite from Mirpur Stadium.
   Correct: English Therapy is opposite to Mirpur Stadium.

15. **Proud of (মর্যাদাবান হওয়া/ গর্বিত), for নয়।**
   Wrong: I feel proud for my father.
   Correct: I feel proud of my father.

16. **Sit at a desk (ডেস্কে বসা) ইত্যাদি, on a desk নয়।**
   Wrong: I was sittting on my desk.
   Correct: I was sittting at my desk.

17. **Succeed in (কৃতকার্য/ সফল হওয়া), at নয়।**
   Wrong: I hope you'll succeed at this exam.
   Correct: I hope you'll succeed in your exam.

## Topic-2: Misuse of the Infinitive

18. **Fond of (পছন্দ করা/ আসক্ত হওয়া) + verb এর সাথে ing.**
Wrong: Awaskuruni is always fond to eat.
Correct: Awaskuruni is always fond of eating.

19. **Avoid (পরিহার করা/ এড়িয়ে চলা)+ verb এর সাথে ing.**
Wrong: He can't avoid to make mistakes.
Correct: He can't avoid making mistakes.

20. **Enjoy (আনন্দ লাভ করা/ উপভোগ)+ verb এর সাথে ing.**
Wrong: Mashrafi enjoys to play cricket.
Correct: Mashrafi enjoys playing cricket.

21. **Mind (আপত্তি করা/ কিছু মনে করা)+ verb এর সাথে ing.**
Wrong: Could you mind to give the phone?
Correct: Could you mind giving the phone.

22. **Stop (ব্যাহত করা/ থামিয়ে দেওয়া) এর পরে verb এর সাথে ing.**
Wrong: Abir has almost stopped to study.
Correct: Abir has almost stopped studying.

23. **Busy (ব্যস্ত হওয়া)+ verb এর সাথে ing.**
Wrong: Alif was busy to play badminton.
Correct: Alif was busy playing badminton.

24. **Have difficulty in (অসুবিধা/ সমস্যা থাকা) + verb এর সাথে ing.**
Wrong: I have no difficulty to achieve it.
Correct: I have no difficulty in achieving it.

25. **Have the pleasure of (আনন্দিত হওয়া/ থাকা) + verb এর সাথে ing.**
Wrong: Samir had the pleasure to meet Shamima.
Correct: Samir had the pleasure of meeting Shamima.

## Use of the wrong Tense

26. **Did-** এর পরে **to** ব্যতীত **infinitive-** এর পরিবর্তে **past tense** ব্যবহার জনিত ভুল:
    Wrong: Did Abir went to office yesterday?
    Correct: Did Abir go to office yesterday?

27. **Can, must** ইত্যাদির পরে **to** ব্যতীত **infinitive** এর পরিবর্তে **3rd person singular** ব্যবহার জনিত ভুল:
    Wrong: Nashmi can draws picture.
    Correct: Nashmi can draw picture.

28. **Tense** এর ব্যবহারজনিত ভুল:
    Wrong: Musabbir asked me what they are doing.
    Correct: Musabbir asked me what they were doing.

29. **Subordinate clause-** এ **shall, will/ `ll-** এর পরিবর্তে **should** বা **would/ d** ব্যবহৃত হয়।
    Wrong: My uncle said that he will/'ll come next month.
    Correct: My uncle said that he would/'d come next month.

30. **Subordinate clause-** এ **could** এর পরিবর্তে **can** ব্যবহার জনিত ভুল।
    Wrong: Asif thought he can drive the car.
    Correct: Asif thought he could drive the car.

31. **Past tense-** এর পরিবর্তে **Present Perfect** ব্যবহার জনিত ভুল:
    Wrong: I have seen him go to market.
    Correct: I saw him go to market.

32. **Present continuous-** এর পরিবর্তে **simple present** ব্যবহার জনিত ভুল:
    Wrong: Two political leaders quarrel.
    Correct: Two political leaders are quarreling.

33. **Gender- এর বিভ্রান্তি:**
Wrong: The computer is on, please shut down him.
Correct: The computer is on, please shut it down.

34. **জড়বস্তুর জন্য Possessive form ব্যবহার করে:**
Wrong: His laptop's video is open.
Correct: The video of his laptop is open.

35. **Himself বা themselves এদের পরিবর্তে himself বা theirselves ব্যবহার জনিত ভুল:**
Wrong: They failed in the exam and hurt theirselves.
Correct: They failed in the exam and hurt themselves.

36. **Everything এর পরে what বা which ব্যবহার জনিত ভুল:**
Wrong: Teacher saw everything which (or what) they did.
Correct: Teacher saw everything that they did.

37. **Who এবং whom.**
Wrong: I saw a man whom was very braver.
Correct: I saw a man who was very brave.

38. **Same as বা same that এর পরে ভুল relative ব্যবহার জনিত ভুল:**
Wrong: Hafizur bought the same mobile that me.
Correct: Hafizur bought the same mobile as me.

39. **Which এর পরিবর্তে who? বা what? ব্যবহার জনিত ভুল:**
Wrong: Who one do you prefer?
Correct: Which one do you prefer?

40. **Another এর পরিবর্তে one other ব্যবহার জনিত ভুল:**
Wrong: Please show her one other dress.
Correct: Please show her another dress.

41. **As usual- এর পরিবর্তে as usually ব্যবহার জনিত ভুল:**
Wrong: As usually, Nuruzzaman left his phone at restaurant.
Correct: As usual, Nuruzzaman left his phone at restaurant.

42. **Whether- এর পরিবর্তে if ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: Ayesa Asked Khadiza if she was cooking.
Correct: Ayesa Asked Khadiza whether she was cooking.

43. **The country- এর পরিবর্তে a country ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: We are staying in a country.
Correct: We are staying in the country.

44. **I like এর পরিবর্তে likes me ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: The ice-cream likes me very much.
orrect: I like the ice-cream very much.

45. **Either-এর পরিবর্তে negative sentence-এ also বা too ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: Tahsin has not done also (or too).
Correct: Tahsin has not done either.

46. **Or এর পরিবর্তে negative sentence এ and ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: I do not like jackfruit and apple.
Correct: I do not like jackfruit or apple.

47. **Before বা when এর পরিবর্তে till ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: Fatema had done the homework till teacher came.
Correct: Fatema had done the homework before teacher came.

48. **Conduct এর পরিবর্তে take এর ব্যবহার জনিত ভুলঃ**
Wrong: Mr. Saiful Islam takes live classes daily at 10 pm.
Correct: Mr. Saiful Islam conducts live classes daily at 10 pm.

49. **To be busy, to have work নয়।**
Wrong: Hosne-Ara have much work this afternoon.
Correct: Hosne-Ara is very busy this afternoon.

50. **On foot, with the feet নয়।**
Wrong: Khadiza comes to English Therapy with the feet.
Correct: Khadiza comes to English Therapy on foot.

51. একটি নির্দিষ্ট স্থান বোঝাতে **Scene** বসে কিন্তু একটি দেশের সামগ্রিক সৌন্দর্যের বর্ণনা করতে **Scenery** বসে। যেমন:
Wrong: The scene of Bangladesh is beautiful.
Correct: The scenery of Bangladesh is beautiful.

52. **Happy, satisfied, disgusted** ইত্যাদির পরে **Preposition** হিসেবে **with** বসে। যেমন:
Wrong: Anas is happy to Tuktuki.
Correct: Anas is happy with Tuktuki.

53. **Listen** ও **Hear** এর অর্থগত ভিন্নতা রয়েছে। **Listen** অর্থ কোনকিছু মনোযোগসহ শ্রবণ করা কিন্তু, **Hear** অর্থ কোনকিছু শ্রবণ করা। যেমন:-
Wrong: Mr. Nazmul is hearing Justin Trudeau's speech.
Correct: Mr. Nazmul is Listening to Justin Trudeau's speech.

54. দুইয়ের মধ্যে বোঝাতে **Between** এবং দুইয়ের অধিক কোন কিছুর মধ্যে বোঝাতে **Among** ব্যবহৃত হয়। যেমন:
Wrong: Distribute these books among two students.
Correct: Distribute these books between two students.
Wrong: Distribute these books between seven students.
Correct: Distribute these books among seven students.

55. **Customs** শব্দটি কোন জাতির অভ্যাস/প্রথাকে বোঝাতে ব্যবহৃত হয় এবং **Habits** কোন ব্যক্তির অভ্যাস বোঝাতে ব্যবহৃত হয়। যেমন:
Wrong: Mehedi has good customs.
Correct: Mehedi has good habits.
Wrong: The Italian have good habits.
Correct: The Italians have good customs.

56. **High** বস্তুবাচক জিনিসের ক্ষেত্রে যেমন: তরুলতা, গাছ-পালা, পাহাড়-পর্বত ইত্যাদি। অন্যদিকে **Tall** ব্যবহৃত হয় ব্যক্তিবাচকের ক্ষেত্রে। যদিও দুটোর অর্থ একইরকম।
Wrong: Shahin is 5 feet high.
Correct: Shahin is 5 feet tall.
Wrong: Burj Khalifa Tower is 830m tall.
Correct: Burj Khalifa Tower is 830m high.

57. উদ্দেশ্য বোঝাতে সাধারণত **Gerund** না বসে **Infinitive** বসে। যেমন:
Wrong: Masum came here for getting the opportunity.
Correct: Masum came here to get the opportunity.

58. অধিকাংশ বোঝাতে **Most** ব্যবহৃত হবে, **More** বসবে না। যেমন:
Wrong: The more people are taken in covid-19 vaccine.
Correct: Most of the people have taken covid-19 vaccine.

59. দু'য়ের মধ্যে একটি বোঝাতে **Either** বসে, তিন বা তার বেশির মধ্যে থেকে একটি বোঝাতে **Any** বসে। যেমন:
Wrong: Any of these two t-shirts is nice.
Correct: Either of these two t-shirt is nice.
Wrong: Either of these five dolls is nice.
Correct: Any of these six dolls is nice.

60. ভোজের নাম **(Breakfast, lunch, dinner)** এর আগে **The** বসানো উচিত নয়। যেমন:
Wrong: Mahi has the dinner.
Correct: Mahi has dinner.

61. **Fish** শব্দটি খাদ্য হিসেবে ব্যবহৃত হলে **Singular** হিসেবে বসবে কিন্তু নির্দিষ্ট সংখ্যার ক্ষেত্রে **Plural** হবে। যেমন:
Wrong: I am eating fishes for dinner.
Correct: I am eating fish for dinner.
Wrong: The fish-seller sold 15 fish.
Correct: The fish-seller sold 15 fishes.

62. রোগব্যাধির নামের আগেও **The** বসে না। যেমন:
Wrong: The covid-19 is not a normal disease.
Correct: Covid-19 is not a normal disease.

63. **Thousand, Hundred** এর আগে **Definite article (a, an)** বসে। যেমন:
Wrong: Hundred years of celebration is called centennial/centenary.
Correct: A hundred years of celebration is called centennial/centenary.

64. **Discover** অর্থ আবিষ্কার করা এবং **Invent** অর্থও আবিষ্কার করা কিন্তু এখানে মৌলিক একটা পার্থক্য হলো **Discover** ঐ ক্ষেত্রে বসে যে বস্তুর আগ থেকেই অস্তিত্ব ছিল তা আবিষ্কার করা কিন্তু **Invent** ঐ বস্তুকে আবিষ্কার করাকে বলা হয় যার অস্তিত্ব আগে থেকে ছিল না। যেমন:
Wrong: America was invented by Columbus.
Correct: America was discovered by Columbus.
Wrong: Radio was discovered by Guglielmo Marconi.
Correct: Radio was invented by Guglielmo Marconi.

65. পুরুষের ক্ষেত্রে **Suit** এবং মহিলাদের ক্ষেত্রে **Dress** শব্দ ব্যবহৃত হবে। যেমন:
Wrong: Rajon bought a new dress.
Correct: Rajon bought a new suit.
Wrong: Rima bought a new suit.
Correct: Rima bought a new dress.

66. একই সাথে কর্তা নিজে ও অন্য কাউকে বোঝাতে যখন কোন বাক্য ব্যবহার করে তখন অন্য ব্যক্তিকে শুরুতে এবং তারপর কর্তার নিজেকে উল্লেখ করতে হয়। যেমন:
Wrong: I and my father are going to Canada.
Correct: My father and I are going to Canada.

67. **Difficult, hard, easy** প্রভৃতি **Adjective** গুলোর পরে সাধারণত **v1** বসাতে হয়। যেমন:-
Wrong: It is difficult to passed in the exam.
Correct: It is difficult to pass in the exam.

68. **Exchange for** অর্থ বিনিময় করা, পরিবর্তন করা, বদল করা। সচরাচর **Exchange** এর পরে **for** বসবে। যেমন:
Wrong: She exchanged her blue dress by red one.
Correct: She exchanged her blue dress for the red one.

69. বাক্যের মধ্যে **Number (one, two etc)** থাকলে **Number** এর মাঝে **Conjunction** হিসেবে **Or** বসে। যেমন:
Wrong: Ruma will take two, three sets of dresses.
Correct: Ruma will take two or three sets of dresses.

70. ব্যক্তির ক্ষেত্রে **Who, whose, whom** বসে এবং ইতর প্রাণী বা প্রাণী বোঝাতে **Which/That** বসে। যেমন:
Wrong: I have a daughter which is in class 5.
Correct: I have a daughter who is in class 5.
Wrong: I have a cat who is clever.
Correct: I have a cat which is clever.

71. কোন পেশা যদি দীর্ঘস্থায়ী হয় তবে সেক্ষেত্রে **Present Indefinite Tense** ব্যবহৃত হয়। যেমন:
Wrong: He is working as a driver.
Correct: He works as a driver.

72. অনুরোধকৃত কোনকিছু নেয়া থেকে বিরত থাকা বোঝাতে **Refuse** ব্যবহৃত হয় কিন্তু কোনকিছুকে সত্য বলে স্বীকার না করার ক্ষেত্রে **Deny** ব্যবহৃত হয়। যেমন:
Wrong: She denied the proposal.
Correct: She refused the proposal.

73. একটি ইংরেজি বাক্যে একাধিক **Negative** কথা ব্যবহৃত হতে পারবে না। যেমন:
Wrong: Robin didn't come here never.
Correct: Robin didn't come here or
Correct: Robin never came here.

74. ইংরেজি বাক্যে **One time, Two times, Three times** এমন ব্যবহৃত হয় না কিন্তু **Four times, Five times** হবে। এক্ষেত্রে **Once, twice, thrice** এমন ব্যবহৃত হবে। যেমন:
Wrong: He came here one time.
Correct: He came here once.

75. **Different** এরপর **than** বসবে না, **from** বসবে। যেমন:
Wrong: Her choice is different than yours.
Correct: Her choice is different from yours.

76. **Last** এবং **Latest** ব্যবহারে আমরা প্রায়ই ভুল করে থাকি। **Last** শব্দের অর্থ 'সর্বশেষ' এবং **Latest** অর্থ 'হালনাগাদ'। যেমন:
Wrong: This is the last news from CNN.
Correct: This is the latest news from CNN.
[Note: News কখনোই সর্বশেষ হয় না, বরং হালনাগাদ হয়...কারণ নিউজ ধারাবাহিকভাবে চলমান থাকে।]

77. যখন দুটোর বেশি দেশ, স্থান বা বস্তুর মাঝে তুলনা বোঝাবে তখন **Superlative degree** হবে। যেমন:
Wrong: Delhi is the large city in India.
Correct: Delhi is the largest city in India.

78. **Centre** দ্বারা একটি নির্দিষ্ট অবস্থান বিন্দুকে বোঝায়, পক্ষান্তরে **Middle** দ্বারা কেন্দ্রের পাশে যে কোন অনির্দিষ্ট স্থানকে বোঝায়, ঠিক কেন্দ্রকেই বোঝায় না। যেমন:
Wrong: The dot is the middle of the circle.
Correct: The dot is the centre of the circle.

79. **Return** এবং **Back** দুটো শব্দের অর্থই ফিরে আসা। কিন্তু অনেকের মধ্যে **Return back** একত্রে ব্যবহারে প্রবণতা আছে, যা ভুল। যেমন:
Wrong: Rafa had returned back to her office.
Correct: Rafa had returned to her office.

80. **Similar** এরপর **to** বসে, **with** বসবে না। যেমন:
Wrong: Your bag is similar with mine.
Correct: Your bag is similar to mine.

81. **To be verb** এরপরে বসা **Pronoun** টি **Objective case** না হয়ে **Nominative case** হবে। যেমন:
Wrong: It is me who am your friend.
Correct: It is I who am your friend.

82. অকৃতকার্য বোঝাতে **Fail in** বসে, **Fail from** নয়। যেমন:
Wrong: Rozalin failed from Mathematics last exam.
Correct: Rozalin failed in Mathematics last exam.

83. **Jealous** এরপরে **Appropriate Preposition** হিসেবে **of** বসবে, **from** বসবে না। যেমন:
Wrong: You are very jealous from him.
Correct: You are very jealous of him.

84. কোন স্থানের উদ্দেশ্যে যাত্রা করা বোঝাতে **leave to** না বসে, **leave for** বসবে। যেমন
Wrong: He is leaving to Chittagong.
Correct: He is leaving for Chittagong.

85. **Opposite** অর্থ যখন বিপরীত দিকে অবস্থিত বা উল্টোদিকে অবস্থিত এমন বোঝায়, তখন এরপর **to** বসে, **from** বসে না। যেমন:
Wrong: This building is opposite from the shop.
Correct: This building is opposite to the shop.

86. বাক্যে একটি **Negative word** ব্যবহৃত হলে **and** না বসে, **or** বসবে। যেমন:
Wrong: I don't like apple and pineapple, I want watermelon.
Correct: I don't like apple or pineapple, I want watermelon.

